NAVA-PRAVEŚIKĀ

OR

A TREATISE ON SANSKRIT GRAMMAR

PARTS II. & III.

নবপ্রবেশিকা

সংস্কৃত-শিক্ষোপযোগি ব্যাকরণ।

দ্বিতীয় ও তৃতীয় খণ্ড।

চুচুড়া ফ্রিচর্চ্চ ইনষ্টিটিউশনের প্রধান পণ্ডিত

শ্রীচন্দ্রনাথ কবিভূষণ

প্রণীত।

কলিকাতা

২৪, গিরিশ-বিদ্যারত্নস্ লেন,

গিরিশ-বিদ্যারত্ন যন্ত্রে

শ্রীশশিভূষণ ভট্টাচার্য্য দ্বারা মুদ্রিত

ও শ্রীহরিশচন্দ্র কবিরত্ন দ্বারা প্রকাশিত।

১৮৮৯।

মূল্য—১৲ এক টাকা।

অনুক্রমণিকা।

নবপ্রবেশিকার প্রথম খণ্ড প্রণয়ন করিয়া দৈবদুর্বিপাক-বশতঃ অপর খণ্ড প্রণয়নে এপর্য্যন্ত বিরত ছিলাম। কয়েক-জন বন্ধু ও ছাত্রবৃন্দের প্রবর্ত্তনাপরতন্ত্র হইয়া সম্প্রতি দ্বিতীয় ও তৃতীয় খণ্ড প্রণয়নে প্রবৃত্ত হইলাম।

সংস্কৃত ভাষায় রচনা বা অনুবাদ ব্যাকরণজ্ঞানসাপেক্ষ, সুতরাং ব্যাকরণে উত্তমরূপে ব্যুৎপত্তি না জন্মিলে কেহ কখন উক্ত ভাষায় রচনা বা অনুবাদ করণে পারগ হয়েন না।

অধুনা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় যে সকল প্রশ্ন নয়নগোচর হয়, ব্যাকরণজ্ঞান ব্যতীত সে সকল প্রশ্নের সদুত্তর প্রদান একান্ত অসম্ভব; অতএব উত্তমরূপে ব্যাকরণ-শিক্ষা অতীব প্রয়োজনীয়।

অধিক পরিমাণে শব্দ, ধাতু, প্রত্যয় ও কারকাদি শিক্ষা করিলে উক্ত বিষয়ে অনেক সুবিধা হয়। এই বিবেচনায় এই পুস্তকের প্রথম [illegible] অনেকগুলি শব্দ, দ্বিতীয় খণ্ডে অনেক-গুলি ধাতু, তৃতীয় খণ্ডে অনেকগুলি কৃৎপ্রত্যয় বর্ণিত হইয়াছে, এবং চতুর্থ খণ্ডে স্ত্রীত্য কারকাদি বর্ণিত হইবে।

লট্, বিধিলিঙ্, লোট্, লঙ্, এই চারি বিভক্তিতে গণভেদে ধাতুর ভিন্ন ভিন্ন রূপ হয; তজ্জন্য অগ্রে এই চারি বিভক্তিতে এক এক গণীয় ধাতু এক এক স্থানে বর্ণন করিয়া অন্যান্য বিভক্তিতে গণভেদ না করিয়া কার্য্যভেদে শ্রেণীবদ্ধ করত সর্ব্বগণীয় ধাতু একত্র বর্ণন করিয়াছি। প্রায়ই প্রত্যেক ধাতুর গণ ও এক একটী উদাহরণ প্রদর্শিত হইয়াছে। ইহাতে সুকু-

মারমতি বালকবৃন্দের কিঞ্চিন্মাত্র উপকার হইলে শ্রম সফল জ্ঞান করিব।

প্রথম খণ্ডে যে সকল সূত্র বর্ণিত হইয়াছে, তাহাদের অনেকের সাহায্যে ধাতুপ্রকরণের অনেক পদ সিদ্ধ হইবে। পদসাধনের সুবিধার জন্য প্রথম খণ্ডে পদের মধ্যে মধ্যে যেরূপ সূত্রসংখ্যা লিখিয়াছি, ইহাতেও সেইরূপ লিখিলাম। বহুসূত্রসাধ্য পদগুলির মধ্যে স্থানের অভাব জন্য সমস্ত সূত্রের সংখ্যা লিখিতে পারিলাম না।

যে যে স্থানে তারকার ন্যায় (* ষ্টার) চিহ্ন আছে, সে সকল স্থান সাধারণ ছাত্রের পাঠ্য নহে। যাহারা অধিক শিক্ষা করিতে ইচ্ছুক, তাহাদের সমস্ত অধ্যেতব্য।

"অত্র যৎ স্খলিতং স্যান্মে প্রমাদেন ভ্রমেণ বা।
যাচেঽহং প্রাঞ্জলির্ভূত্বা সন্তঃ সংশোধয়ন্তু তৎ॥" ইতি

শ্রীচন্দ্রনাথ গুপ্ত।

নবপ্রবেশিকা ব্যাকরণ সম্বন্ধে

মত।

এডুকেশন গেজেট।

তাং ১২ই মাঘ, ইং ২৫শে জানুয়ারি ১৮৮৪।

নবপ্রবেশিকা (সংস্কৃত শিক্ষোপযোগী ব্যাকরণ, ১ম খণ্ড) চুঁচুড়া ফ্রি চর্চ্চ ইনষ্টিটিউশনের প্রধান পণ্ডিত শ্রীচন্দ্রনাথ কবি-ভূষণ প্রণীত। ইহাতে বর্ণবিবেক, সন্ধি, ণত্ববিধি, ষত্ববিধি ও সুবন্তপ্রকরণ লিখিত হইয়াছে। সন্ধি ও সুবন্তপ্রকরণ বিস্তৃত-ভাবে লিখিত হইয়াছে। অনেক উদাহরণ দিয়া সূত্রগুলির সমর্থন করা হইয়াছে। ইহাতে যে যে শব্দের রূপ করা হইয়াছে, সে সমস্তের অর্থ, সন্ধির মধ্যেও দুরূহ শব্দগুলির অর্থ লিখিয়া দেওয়া হইয়াছে। এতদ্ভিন্ন অনেক টীকা টিপ্পনী দ্বারা অভিধেয় বিষয়ের বিশদতা সম্পাদন করা হইয়াছে। ফলতঃ পুস্তকখানি সংস্কৃতশিক্ষার্থীদিগের পক্ষে অতি উপাদেয় হইয়াছে।

বঙ্গবাসী।

সন ১২৯০ সাল ৬ই বৈশাখ, ইং ১৮ই এপ্রেল।

নবপ্রবেশিকা প্রথম খণ্ড। শ্রীযুক্ত চন্দ্রনাথ কবিভূষণ প্রণীত। মূল্য ॥৵০। গিরিশ বিদ্যারত্ন যন্ত্রে মুদ্রিত। এখানি বাঙ্গালা ভাষায় সংস্কৃত ব্যাকরণ। প্রথম যাঁহারা সংস্কৃত শিখিতে আরম্ভ করেন, তাঁহাদের পক্ষে পুস্তকখানি বেশ উপযোগী।

ইহাতে বর্ণপ্রকরণ হইতে অব্যয় শব্দের রূপ পর্য্যন্ত আছে। ইহার স্থত্রগুলি সরল ভাষায় লিখিত হইয়াছে এবং স্থন্দররূপে সাজান হইয়াছে।

সূচিপত্র।

দ্বিতীয় খণ্ড।

তৃতীয় খণ্ড—কৃৎপ্রকরণ।

শুদ্ধিপত্র।

দ্বিতীয় খণ্ড।

পৃষ্ঠ	পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১	১৫	৩৮৪	৪২৭
২৩	১৭	০	(৩৬৮ সূত্রের নোট)—পরবর্ণের অভাবেও গ হইয়া থাকে। যথা, নিজ্ + দিপ্ = অনেনেক্, অনেনেগ্।
৩২	৬।৭	(ক্ত্বাচ্) উশিত্বা	•
৩৭	১	ভবতি	ভবন্তি
৭৫	১৮	(৩৮৪)	(৩৪৮)
৯১	১৬	(৩৫৫)	(৩৫৪)
১০৩	৩	ঋষির্বশিষ্ট-স্ত্রিনক্ষাত্বগ্নি-মজুহোৎ	ঋষির্বশিষ্ঠ-স্ত্রিনক্ষ্যামগ্নি-মজুহোৎ
১১০	১৩	(৪৯২)	(৩৮৯।৩৮৬)
১১১	৬	(৩৩৩)	(৩৪৯)
১১২	২১	ঐষতাম্	ঐবৃতাম্
১১৫	২১	নিজ্, বিজ্,	নিজ্, বিচ্, বিজ,
১১৮	২২	(৪৬৪।৪৬১)	(৪৯০।৪৯১)
১৩০	১৮	(৫০৫)	(৫০১)
১৩৫	১	শকৌ৯স্নু শক্তৌ	শকৌ৯ন শক্তৌ
১৪৮	১৮	কৌটিলে	কৌটিল্যে
১৫০	৫	(৪৯১।৪৯২)	(৫১৬।৩৭৪।৩৪৬)
১৫০	৬	(৫২৩)	(৫১৬)
১৫৪	১২	(৫১৯)	(৫১৩)
১৫৫	৮	(৫১৯)	(৫১৫)
১৫৬	৮	(৩৭৩)	(৩৭৫।৩৭৩)
১৬১	১৯	(৫২৪)	(৫২০)

পৃষ্ঠ	পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১৮০	৫	কুহয়তি	কুহয়তে
১৯২	১	(৬৭৬)	(৬৭৫)
১৯২	৮	(৫৭৭)	(৫৭২)
১৯৯	৩	বৃদ্ধি হয় না।	বৃদ্ধি হয় না। যথা, অপক্ত।
২০৬	২১	বয়নম্।	বয়নম্, অজনম্।
২০৯	৩	(৫১৭)	(৫৫৪)
২১০	৮	মৃজ	মৃজ্
২১৩	২০	ন্	ন
২১৬	১৮	অথ্যত	অথ্যতাম্
২২৪	১৭	অকুষৎ, অকোষীৎ	অকুসৎ, অকোষীৎ
২২৮	২০	অলিক্ষত	অলিক্ষত }
২২৮	২১	অলীঢ়	অলীঢ় }
২৩২	১৫	(৬৪৮|৩৮০,৩৯০|৬২৮)	(৬৪৩|৩৮৩|৩৮৬|৩৮৯|৬২৪)
২৩২	২২	৬১১|	৬৪৪|
২৩৪	১৪	অচুচুরম্	অচূচুরম্
২৩৫	১০	(৪২২)	(৪১৮)
২৩৬	১৭	(৫৭২)	(৫৬৮)
২৩৭	৮	(৩৩৯|৩৯৩|৩৮৩)	(৩৮৩|৩৩৯|৩৯৩)
২৪০	১৮	(৬৬২)	(৬৫৮)
২৪২	১৬	৬৫৪)	৬৫০)
২৪৪	১১	(৪৬০|৪৬১)	(৪৬০)
২৪৪	১১	|৪৬১)	|৪৬১
২৪৪	১৫	(৪৬৫|৪৬১)	(৪৬১)
২৪৯	২১	(৩৭০|৫০)	০
২৪৯	২২	(৬৭২)	(৬৭২|৩৭০|৫০)
২৫১	৪	জজ্ঞাথে (৫৭৭)	জজ্ঞাথে
২৫১	৪	জজ্ঞিঢ্বে	জজ্ঞিঢ্বে (৫৭৭)
২৫১	৮	(৫৯৯)	(৫৬৯)
২৫১	১৭	(৮৯৮)	(৬৭৬)
২৫৪	৩	|৩৯০)	(৩৮৬)
২৫৪	৯	বিব্যাধ (৪০২),	বিব্যাধ
২৫৪	৯	বিবিধত্বুঃ	বিবিধত্বুঃ (৪০২)

পৃষ্ঠ	পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
২৫৪	১০	(৫৭৩)	(৫৬৯)।
২৫৯	১৬	দরিদ্রাঙ্ককার (৪৪৬),	দরিদ্রাঙ্ককার,
২৫৯	১৭	দদরিদ্র	দদরিদ্র (৪৪৬)
২৬৫	১৪	(৫৫৬)	(৫৬৬)
২৭০	২১	(৬১০)	(৬১০)
২৭২	১১	(৫৫৪)	(৫৫৩)
২৭৩	৫	(৬০৯)	(৬০৫)
২৭৩	১৬	(৫৮৮)	(৫৮৯)
২৭৬	২১	(৫৬৪)	(৫৪২)
২৮১	২৪	(৮৬৩)	(৮৬২)
২৮৩	১৫	(৩২২)	•
২৮৪	১১	(৩২২)	•
২৮৫	২১	(৭১৩)	(৭১২)
২৮৬	১	নূ	ন্ূ
২৮৬	৫	হ্ব	হ্বে
২৮৬	১০	(৬৪৯)	(৬৪৫
২৯০	৫	(৫৫৮)	•
২৯১	৭	(৬৯৬)	(৬৯২)
২৯২	১০	(৩৫।	(৩৩৮।
২৯৩	২১	(৭১৪।৭৩৭)	(৭৩৩)
২৯৪	৬	(৭১৩।	(৭১২।
২৯৪	৯	(৩১৯।৩৩৯।৫৪১)	(৫৪১।৩৩৯),
২৯৪	১২	জুনাবয়িষতি।	জুনাবয়িষতি, হ্বে+ ণ্ডি+সন্—জুহাবয়িষতি (৪১১), শ্বি+ণ্ডি + সন্—শুশাবয়িষতি (৪১১), শিশ্বায়য়িষতি। (ইহা ৭৯২ সংখ্যক সূত্রের উদাহরণে লিখিত হইয়াছে।)
২৯৪	১৫	(৩১৯।৭৪৫)	(৭৪৫)
২৯৪	১৮।১৯	হ্বে ও শ্বি ধাতুর উদাহরণ ২২ পঙ্‌ক্তিতে সুপ্তাবয়িষতি এই উদাহরণের পরে হইবে।	

পৃষ্ঠ	পঙ্ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
২৯৬	১৭	সিচ—সেসিচ্যতে	বি + সিচ—বিসেসি চ্যতে,
৩০০	৪	অবোভুবীৎ	অবোভুবীৎ (২)
৩০০	৮	(৮২৫।	(৮১৭।
৩০১	১	(৬৭২)	(৬৭৫)
৩০৩	৬	(৩০৭)	(৩১৪)
৩০৬	১৪	।৯৩২)	।৮৩২)
৩০৬	২০।২১	উত্তর ক্য	উত্তর বিহিত ক্য
৩০৮	২০	(৮৪৬)	(৮৪৮।৮৪৯।৮৪৬),
৩১৮	১৪	বিষিষেব	বিষিষেবে
৩২৯	৮	(৬৩৮)	(৬০৮)
৩৪১	২১	সুস্মর্ষতে	সুস্মূর্ষতে
৩৪৬	৯	স্তুয়তে	স্তূয়তে
৩৪৭	১৭	(৭৫৬।৭৫৩)	(৭৫৬)
৩৪৮	৭	অভোজি	অভোজি,
৩৫০	২১	৬৫১।	৬৫৭।
৩৫৪	১	।৩৬৭)	।৩৬৮)
৩৬৮	২১	(৯১৬)	(৯১০)
৩৭২	১০	কর্ম্মবাচ্যে	কর্ম্মবাচ্যে—

তৃতীয় খণ্ড।

কৃৎপ্রকরণ।

পৃষ্ঠ	পঙ্ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৪	২২	রামঃ	বামঃ
১৩	১৮	রোচ্যতে	রোচতে
১৬	৩	গতং	গতঃ
১৭	১৭	আনতে	আনীতে
১৭	২১	ক্রমেণ বহবঃ সুতা উৎপন্নাঃ	ক্রমেণ বহুন্যপত্যান্যুৎপন্নানি
১৮	১২	ভুঞ্জীত।	ভুঞ্জীত ?।

পৃষ্ঠ	পঙ্‌ক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১৯	২২	ক্ত পরে	ক্তে পরে
২০	৯	(সব)	(সিব)
২২	৬	(মস্)	(মস্জ)
২৫	৭	সমর্ণঃ	সমর্ণঃ
২৫	৮	স্বর্ণঃ	স্বর্ণঃ
২৫	৮	ব্যর্ণঃ	ব্যর্ণঃ
২৫	১৫	(৪১০ ১১৫৬|১১৭০)	(৪১০|১১৫৬)
২৭	১০	(১১৭৬)	০
২৮	৬	ক্রুচ্	ক্রুচ্
২৯	১৪	নিব্বাণ,	নির্ব্বাণ,
৩৬	১১	লপ্সতে	লপ্স্যতে
৪১	১৪	(১৩১)	(১২৩১)
৪১	১৭	ক্বশিত্বা	বৃশিত্বা
৪২	৫	(১১৮৯)	(১১৮৮)
৪৪	২৪	আক্রম্য	সংক্রম্য
৪৫	১০	নিরীক্ষ,	নিরীক্ষ্য,
৪৭	১৫	চম্ম	চর্ম্ম
৪৯	৪	(৪৫০)	(৪৪৬)
৪৯	১৪	খল	খলঃ
৫৬	৪	(১২৮৪)	(১২৮৫)
৬০	৫	(১৩৬৯)	(১৩০৯)
৬৪	২০	(১১৭৪)	০
৭০	১৮	(৩৬৯),	(৩৬৯|১২০১),
৭৯	১৬	(১১৮৯)	(১১৮৮)
৭৯	১৯	(৪০৯|৮৯৬)	(৪০৩|১৭০)
৮৪	৯	(১৪১২)	(১৪১১)

আকারাদি ইতের ফল।

ইৎ		ইতের ফল
আ	ইৎ হইলে,	ক্ত ক্তবতুপ্রত্যয় পরে ধাতুর উত্তর ইম্ (ইট্) হয় না। কিন্তু ভাববাচ্যে ও ক্রিয়ারম্ভ অর্থে বিকল্পে।
ই	”	ধাতুর উপান্ত্য স্বরের পরে ন্ হয়।
ঈ	”	ক্ত ক্তবতু পরে ইম্ (ইট্) হয় না।
উ	”	ক্ত্বাচ্ পরে বিকল্পে ইম্ (ইট্) হয়।
ঊ	”	নির্দিষ্ট প্রত্যয় পরে বিকল্পে ইম্ (ইট্) হয়।
ঋ	”	লুঙ্ বিভক্তিতে ঞির উত্তর বিহিত অঙ্ পরে হ্রস্ব হয় না।
৯	”	লুঙের পরস্মৈপদে ধাতুর উত্তর ঙ হয়।
ইর্	”	লুঙের পরস্মৈপদে ধাতুর উত্তর বিকল্পে ঙ হয়।
এ	”	লুঙ্ বিভক্তিতে বৃদ্ধি হয় না।
ঐ	”	ধাতু যজাদি-গণভুক্ত বলিয়া পরিচিত হয়।
ও	”	ক্ত ক্তবতু প্রত্যয়ের ত স্থানে ন হয়।
ঔ	”	ধাতু অনিম্ (অনিট্) হয়।
ক	”	ধাতু—চুরাদিগণীয় জানা যায়।
কি	”	” বিকল্পে চুরাদিগণীয় ” ”
গ	”	” ক্র্যাদিগণীয় ” ”
গি	”	” ক্র্যাদির অন্তর্গত প্বাদিগণভুক্ত ” ”
ঘ	”	” রুদাদিগণভুক্ত ” ”
ঙ	”	” আত্মনেপদী ” ”
জ	”	” জ্বলাদিগণভুক্ত (ইহা পূর্ব্বাচার্য্যসম্মত)
ঞ	”	” উভয়পদী জানা যায়।
ঞি	”	ধাতুর উত্তর বর্ত্তমানে ক্তপ্রত্যয় হয়।
টু	”	” ” ভাববাচ্যে অথুপ্রত্যয় হয়।
ডু	”	” ” ত্রিমক্প্রত্যয় হয়।
ত্	”	ধাতু অদন্ত চুরাদিগণীয় জানা যায়।

ইৎ			ইতের ফল		
দ	ইৎ হইলে,		তনাদিগণীয়	ধাতু	জানা যায়।
ধ	,,	,,	রুধাদিগণীয়	,,	,,
ন	,,	,,	স্বাদিগণীয়	,,	,,
প	,,	,,	মুচাদিগণভুক্ত	,,	,,
ভ	,,	,,	শমাদিগণভুক্ত	,,	,,
ম	,,	,,	ঘটাদিগণভুক্ত	,,	,,
মি	,,	,,	বিকল্পে ঘটাদিগণভুক্ত	,,	,,
য	,,	,,	দিবাদিগণীয়	,,	,,
ল	,,	,,	অদাদিগণীয়	,,	,,
লি	,,	,,	হ্বাদিগণীয়	,,	,,
লু	,,	,,	অদাদির অন্তর্গত স্বপাদিগণভুক্ত	,,	,,
ব	,,	,,	বৃতাদিগণভুক্ত	,,	,,
শ	,,	,,	তুদাদিগণীয়	,,	,,
শি	,,	,,	তুদাদির অন্তর্গত কুটাদিগণভুক্ত	,,	,,
ষ	,,	,,	ভাববাচ্যে ঙপ্রত্যয় হয়	,,	,,
ক্ষ	,,	,,	জক্ষাদিগণভুক্ত	,,	,,

সাঙ্কেতিক শব্দ।

সঙ্কেত		সঙ্কেতার্থ
অক	. .	অকর্ম্মক
সক	. .	সকর্ম্মক
দ্বিক	. .	দ্বিকর্ম্মক
প	. .	পরস্মৈপদী
আ	. .	আত্মনেপদী
উভয়	. .	উভয়পদী

নবপ্রবেশিকা।

সংজ্ঞাবিধান।

ধাতু (১)।

৩০১। ক্রিয়ার মূল প্রকৃতিকে ধাতু বলে। যথা, ভূ, পদ, পচ ইত্যাদি।

ধাতু দ্বিবিধ; প্রকৃত ও অপ্রকৃত। ইহা প্রথম খণ্ডে উক্ত হইয়াছে।

প্রকৃত ধাতু সকল দশবিধ। যথা—ভ্বাদি, অদাদি, হ্বাদি, দিবাদি, স্বাদি, তুদাদি, রুধাদি, তনাদি, ক্র্যাদি, চুরাদি। ইহাদের এক এক ভাগকে গণ বলে।

"ভ্বাদ্যদাদী জুহোত্যাদির্দিবাদিঃ স্বাদিরেব চ।
তুদাদিশ্চ রুধাদিশ্চ তনক্র্যাদিচুরাদয়ঃ॥" ইতি প্রাঞ্চঃ।

অপ্রকৃত ধাতু সকল ষড়্‌বিধ। যথা—আয়ন্ত, ঈয়ঙন্ত (২), সনন্ত, ণ্যন্ত, যঙন্ত, নামধাতু।

---

(১) ধাতুঃ—দধাতি নানার্থং ধারয়তীত্যর্থে ধা+তুন্ প্রত্যয়।

(২) ৪২১,৪২৩,৩৮৪,৭০৭,৭৯৩,—এই সকল সূত্র দেখ।

৩০২। পূর্ব্বোক্ত দ্বিবিধ ধাতুর মধ্যে কতকগুলি অকর্ম্মক (১), কতকগুলি সকর্ম্মক, কতকগুলি দ্বিকর্ম্মক।

ক্রিয়া (Verb)।

৩০৩। ধাতুর অর্থকে ক্রিয়া বলে।

অকর্ম্মক ক্রিয়া (Intransitive verbs)।

অকর্ম্মক ধাতু হইতে যে সকল ক্রিয়া উৎপন্ন হয়, তাহা- দিগকে অকর্ম্মক ক্রিয়া বলে। যথা, শেতে।

সকর্ম্মক ক্রিয়া (Transitive verbs)।

সকর্ম্মক ধাতু হইতে যে সকল ক্রিয়া উৎপন্ন হয়, তাহা- দিগকে সকর্ম্মক ক্রিয়া বলে। যথা, অন্নং ভুঙ্‌ক্তে।

দ্বিকর্ম্মক ক্রিয়া (Verbs with two objects)।

দ্বিকর্ম্মক ধাতু হইতে যে সকল ক্রিয়া উৎপন্ন হয়, তাহা- দিগকে দ্বিকর্ম্মক ক্রিয়া বলে। যথা, গুরুং শাস্ত্রং জিজ্ঞাসতে।

---

(১) অকর্ম্মকাস্তু—"সত্তাজীবনদর্পভীতিশয়নক্রীড়ানিবাসক্ষয়া-
ব্যক্তিধ্বাননভোগতিস্থিতিজবালজ্জাপ্রমোদোদয়ে।
উন্মাদে চ পলায়নভ্রমণয়োঃ খ্যাতৌ ক্ষরে খোটনে
মোহে ধাবনযুদ্ধশুদ্ধিদহনে শান্তৌ প্লুতৌ মজ্জনে॥
দীপ্তৌ জাগরশোষবক্রগমনোৎসাহে স্মৃতৌ সংশয়ে
গ্লানৌ মন্দগতৌ চ নৃত্যপতনে চেষ্টাক্রুধো রোদনে।
বৃদ্ধৌ হাবকৃতৌ চ সিদ্ধিবিরতৌ হর্ষোপবেশে বলে
কম্পোদ্বেগনিমেষসঙ্গযতনস্বেদে ধবোঽকর্ম্মকাঃ॥" ইতি প্রাহুঃ।

তিবাদি (অথবা ত্যাদি) বিভক্তি।

৩০৪। ধাতুর উত্তর যে এক শত অশীতি বিভক্তির প্রয়োগ হয়, তাহাদিগকে তিবাদি বিভক্তি বলে।

৩০৫। তিবাদি বিভক্তি দশ অংশে বিভক্ত।

উহাদের নাম ;

১	লট্		In the Present tense.
২	বিধিলিঙ্	,,	Potential mood.
৩	লোট্	,,	Imperative mood.
৪	লঙ্	,,	First preterite or Imperfect tense.
৫	লুঙ্	,,	Third preterite, Indefinite preterite, or Aorist.
৬	লিট্	,,	Second preterite or perfect tense.
৭	আশীর্লিঙ্	,,	Benedictive mood.
৮	লুট্	,,	First or Definite future.
৯	লৃট্	,,	Second or Indefinite future.
১০	লঙ	..	Conditional mood.

এস্থলে সামান্যতঃ বিভক্তির ব্যবহার নির্দ্দিষ্ট হইল। ইহার বিশেষ বিবরণ বিভক্তি-নির্ণয়ে দ্রষ্টব্য।

৩০৬। ইহাদের প্রত্যেকের অষ্টাদশ আকৃতি আছে। তন্মধ্যে প্রথম নয়টী পরস্মৈপদ, শেষ নয়টী আত্মনেপদ।

৩০৭। পরস্মৈপদ ও আত্মনেপদ, উভয়ই তিন তিনটীতে বিভক্ত হইয়া প্রথম, মধ্যম, ও উত্তম পুরুষের (১) ক্রিয়াতে প্রযুক্ত হয়।

বিভক্তির আকৃতি।

১। লট্—পরস্মৈপদ।

	Singular একবচন,	Dual দ্বিবচন,	Plural বহুবচন
প্রথম পুরুষ (Third person)	তিপ্	তস্	অন্তি
মধ্যম পুরুষ (Second person)	সিপ্	থস্	থ
উত্তম পুরুষ (First person)	মিপ্	বস্	মস্

আত্মনেপদ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তে	আতে	অন্তে
মধ্যম পুরুষ	সে	আথে	ধ্বে
উত্তম পুরুষ	এ	বহে	মহে

(১) অস্মদ্ শব্দে উত্তম পুরুষ, যুষ্মদ্ শব্দে মধ্যম পুরুষ, এবং এই দুই ভিন্ন সকল শব্দেই প্রথম পুরুষ বুঝায়।

২। বিধিলিঙ্—পরস্মৈপদ। ৮/০

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	যাৎ	যাতাম্	যুস্
মধ্যম পুরুষ	যাস্	যাতম্	যাত
উত্তম পুরুষ	যাম্	যাব	যাম

আত্মনেপদ। ৮/০

প্রথম পুরুষ	ঈত	ঈয়াতাম্	ঈরন্
মধ্যম পুরুষ	ঈথাস্	ঈয়াথাম্	ঈধ্বম্
উত্তম পুরুষ	ঈয়	ঈবহি	ঈমহি

৩। লোট্—পরস্মৈপদ। ৮/০

প্রথম পুরুষ	তুপ্	তাম্	অন্তু
মধ্যম পুরুষ	হি	তম্	ত
উত্তম পুরুষ	আনিপ্	আবপ্	আমপ্

আত্মনেপদ। ৮/০

প্রথম পুরুষ	তাম্	আতাম্	অন্তাম্
মধ্যম পুরুষ	স্ব	আথাম্	ধ্বম্
উত্তম পুরুষ	ঐপ্	আবহৈপ্	আমহৈপ্

৪। লঙ্—পরস্মৈপদ। ৵

প্রথম পুরুষ	দিপ্	তাম্	অন্
মধ্যম পুরুষ	সিপ্	তম্	ত
উত্তম পুরুষ	অম্প্	ব	ম

আত্মনেপদ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ত	আতাম্	অন্ত
মধ্যম পুরুষ	থাস্	আথাম্	ধ্বম্
উত্তম পুরুষ	ই	বহি	মহি

৫। লুঙ্—পরস্মৈপদ।

প্রথম পুরুষ	দি	তাম্	অন্
মধ্যম পুরুষ	সি	তম্	ত
উত্তম পুরুষ	অম্	ব	ম

আত্মনেপদ।

প্রথম পুরুষ	তন্	আতাম্	অন্ত
মধ্যম পুরুষ	থাস্	আথাম্	ধ্বম্
উত্তম পুরুষ	ই	বহি	মহি

৬। লিট্—পরস্মৈপদ।

প্রথম পুরুষ	ণপ্	অতুস্	উস্
মধ্যম পুরুষ	থপ্	অথুস্	অ
উত্তম পুরুষ	ণপ্	ব	ম

আত্মনেপদ।

প্রথম পুরুষ	এ	আতে	ইরে
মধ্যম পুরুষ	সে	আথে	ধ্বে
উত্তম পুরুষ	এ	বহে	মহে

৭। আশীর্লিঙ্—পরস্মৈপদ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	যাৎ	যাস্তাম্	যাসুস্
মধ্যম পুরুষ	যাস	যাস্তম্	যাস্ত
উত্তম পুরুষ	যাসম্	যাস্ব	যাস্ম

আত্মনেপদ।

প্রথম পুরুষ	সীষ্ট	সীয়াস্তাম্	সীরন্
মধ্যম পুরুষ	সীষ্ঠাস্	সীয়াস্থাম্	সীধ্বম্
উত্তম পুরুষ	সীয়	সীবহি	সীমহি

৮। লুট্—পরস্মৈপদ।

প্রথম পুরুষ	তা	তারৌ	তারস্
মধ্যম পুরুষ	তাসি	তাস্থস্	তাস্থ
উত্তম পুরুষ	তাস্মি	তাস্বস্	তাস্মস্

আত্মনেপদ।

প্রথম পুরুষ	তা	তারৌ	তারস্
মধ্যম পুরুষ	তাসে	তাসাথে	তাধ্বে
উত্তম পুরুষ	তাহে	তাস্বহে	তাস্মহে

৯। লৃট্—পরস্মৈপদ।

প্রথম পুরুষ	স্যতি	স্যতস্	স্যন্তি
মধ্যম পুরুষ	স্যসি	স্যথস্	স্যথ
উত্তম পুরুষ	স্যামি	স্যাবস্	স্যামস্

আত্মনেপদ।

প্রথম পুরুষ	স্যতে	স্যেতে	স্যন্তে
মধ্যম পুরুষ	স্যসে	স্যেথে	স্যধ্বে
উত্তম পুরুষ	স্যে	স্যাবহে	স্যামহে

১০। লৃঙ্—পরস্মৈপদ।

প্রথম পুরুষ	স্যৎ	স্যতাম্	স্যন্
মধ্যম পুরুষ	স্যস্	স্যতম্	স্যত
উত্তম পুরুষ	স্যম্	স্যাব	স্যাম

আত্মনেপদ।

প্রথম পুরুষ	স্যত	স্যেতাম্	স্যন্ত
মধ্যম পুরুষ	স্যথাস্	স্যেথাম্	স্যধ্বম্
উত্তম পুরুষ	স্যে	স্যাবহি	স্যামহি

৩০৮। ধাতুর উত্তর বিভক্তির প্রয়োগ করিলে প, মূর্দ্ধন্য ণ, তনের দন্ত্য ন যায়, এবং লঙ্ লুঙের দি সির ইকারও যায়। ইহাকে ইৎ বলে। যথা, তিপের প্ যায়, তি থাকে। ণপের ণ্, প্ যায়, অ থাকে। দিপের ই, প্ যায়, দ্ থাকে ইত্যাদি।

ঙিৎ।

৩০৯। যাহা হইতে ঙ যায়, তাহাকে ঙিৎ বলে। যথা, ঙ, অঙ্ প্রভৃতির অ, ইত্যাদি।

ঙিৎ-সংজ্ঞা।

৩১০। অপিৎ (১) লট্ প্রভৃতি পাঁচ বিভক্তি এবং অপিৎ শিৎপ্রত্যয়ের (২) ঙিৎ সংজ্ঞা হয় (৩)। যথা, তস্, অন্তি, থস্, এবং শতৃ, শান ইত্যাদি।

কিৎ।

৩১১। যাহা হইতে ক যায়, তাহাকে কিৎ বলে। যথা, কিপ্রত্যয়ের ই, কপ্রত্যয়ের অ, ইত্যাদি।

কিৎ-সংজ্ঞা।

৩১২। অপিৎ লিট্ বিভক্তির এবং আশীর্লিঙের পরস্মৈপদের কিৎ সংজ্ঞা হয়। যথা, অতুস্, উস্, এ, আতে, যাৎ, যাস্তাম্ ইত্যাদি।

৩১৩। ভ্রস্জ ধাতুর উত্তর লিট্ বিভক্তির কিৎ-সংজ্ঞা হয় না (৪)।

---

(১) অপিৎ—যাহা হইতে প যায় না। যথা, তস্ ইত্যাদি।

(২) শিৎ—যাহা হইতে শ যায়। যথা, শতৃ ইত্যাদি।

(৩) ঙিৎপ্রত্যয় পরে যে সকল কার্য্য নিষিদ্ধ বা বিহিত, ঙিৎসংজ্ঞাতেও সেই সমস্ত কার্য্য নিষিদ্ধ ও বিহিত হয়। যথা, অভূৎ; এস্থলে লুঙের ঙিৎসংজ্ঞা হওয়ায় গুণের নিষেধ হইল।

(৪) ভ্রস্জ ধাতুর উত্তর লিট্ বিভক্তির কিত্বের অভাবজন্য উহা গুণ-সাধন-যোগ্য হওয়ায় ভ্রস্জ স্থানে ভর্জ্জ হয় (৬৬৬ সূত্র দেখ)।

৩১৪। ধাতুর উত্তর আয়, ঈয়ঙ্, সন্, ণিচ্, যঙ্; এবং শব্দের উত্তর কাম্যক্,য প্রভৃতি কতকগুলি প্রত্যয় করিলে ধাতু-সংজ্ঞা হয়। যথা, গুপ + আয় = গোপায় ধাতু, কিত + সন্ = চিকিৎস ধাতু ইত্যাদি।

দ্বিরুক্ত ধাতু (বা অভ্যস্ত ধাতু)।

৩১৫। ধাতু দুইবার উক্ত হইলে, তাহাকে দ্বিরুক্ত ধাতু বলে। যথা, গম ধাতুর দ্বিত্ব হইলে গমগম হয়।

৩১৬। দ্বিরুক্ত ধাতুর প্রথম অংশকে পূর্ব্বভাগ, শেষাংশকে পরভাগ বলে।

৩১৭। ধাতুর একবার দ্বিত্ব হইলে, পুনর্ব্বার দ্বিত্ব হয় না। যথা, চিকিৎসিতুমিচ্ছতীত্যর্থে সনি—চিকিৎসিষতি।

৩১৮। স্বরবর্ণ পরে স্বর-কার্য্যের সম্ভাবনা থাকিলে অগ্রে দ্বিত্ব হয় (১)। যথা, জুহবতি।

---

(১) কখন কখন স্বরকার্য্য হইলে পশ্চাৎ দ্বিত্ব হয়। যথা, অরিরিষতি (ঋ + সন্ প্রত্যয়ে ইম্ হইলে অগ্রে গুণ, পশ্চাৎ দ্বিত্ব দৃষ্ট হইতেছে)। এবং দিব + সন্ = দুদ্যূষতি, ইত্যাদি।

দ্বিরুক্ত সংজ্ঞা (অথবা অভ্যস্ত সংজ্ঞা)।

৩১৯। লট্ প্রভৃতি চারি বিভক্তি ও শতৃ প্রত্যয় পরে জক্ষ, জাগৃ, দরিদ্রা, চকাস, শাস এই পাঁচ ধাতুর দ্বিরুক্ত সংজ্ঞা হয় (১)।

লঘু ও গুরু।

৩২০। হ্রস্ব স্বরকে লঘু এবং দীর্ঘ স্বরকে গুরু বলে।

গুরু-সংজ্ঞা।

৩২১। সংযুক্ত বর্ণ পরে হ্রস্ব স্বর গুরু বলিয়া গণ্য হয়। যথা, নিন্দতি, অনিনিন্দৎ।

ষোপদেশ ও ণোপদেশ।

৩২২। যে যে ধাতু গণপাঠকালে মূর্দ্ধন্য-ষকারাদি পঠিত হয়, তাহাদিগকে ষোপদেশ ধাতু এবং যাহারা মূর্দ্ধন্য-ণকারাদি পঠিত হয়, তাহাদিগকে ণোপদেশ ধাতু বলে। (এই স্থানে তাহাদের নির্দ্দেশ করা যাইতেছে)।

ষোপদেশ ধাতু।

৩২৩। যদি দন্ত্য-সকারাদি ধাতুর সকা-

---

(১) দ্বিরুক্ত সংজ্ঞা হইলে ধাতু দুইবার উক্ত হয় না। দ্বিরুক্ত সংজ্ঞার ফল—অন্তঃানে অত্; অনের স্থানে উস্ ইত্যাদি। যথা, জক্ষ+অন্তি=জক্ষতি, জক্ষ+অন্=অজক্ষুঃ।

রের পরে দন্ত্যবর্ণ অথবা স্বরবর্ণ থাকে, তাহা হইলে ঐ সকারাদি ধাতুকে ষোপদেশ ধাতু বলে। যথা, ষ্ঠা গতিনিবৃত্তৌ, ষিধু গত্যাম্, ষন্জৌ সঙ্গে ইত্যাদি।

৩২৪। স্বক্ক, স্বিদ, স্বদ, স্বন্জ (১), স্মিঙ ধাতুর সকারের পরে দন্ত্যবর্ণ বা স্বরবর্ণ না থাকিলেও উহারা ষোপদেশ ধাতু বলিয়া পরিগণিত হয়। যথা, ষ্বক্ক গত্যাম্, ষ্বন্জৌ আলিঙ্গনে।

৩২৫। সৃ, সৃ, স্ত্যৈ, স্তক, সেক, সীক, সৃপ, সৃ, সৃজ, সান্ত্ব ধাতুর ষোপদেশত্ব হয় না (২)।

ণোপদেশ ধাতু।

৩২৬। যদি নকারাদি ধাতুর নকারের পরে দন্ত্যবর্ণ বা স্বরবর্ণ থাকে, তাহা হইলে ঐ

---

(১) স্বক্কাদি ধাতু বর্গীয়-বকার-যুক্ত। সুতরাং উহারা দন্ত্যবর্ণ-যুক্ত নহে। 'উদ্দুটৌ যত্র বিদোতে যো বঃ প্রত্যয়সন্ধিজঃ।
অন্তঃস্থং তং বিজানীয়াৎ তদন্যো বর্গ্য উচ্যতে॥' ইতি প্রাঞ্চঃ।

(২) গণপাঠকালে সৃ প্রভৃতি ধাতুর সকারের পরে দন্ত্যবর্ণ বা স্বরবর্ণ থাকিলেও উহারা মূর্দ্ধন্যষকারাদি পঠিত হয় না, ইহা পূর্ব্বাচার্য্য সম্মত।

নকারাদি ধাতুকে ণোপদেশ ধাতু বলে। যথা, ণদ শব্দে, ণিদি কুৎসায়াম্, ইত্যাদি।

৩২৭। নৃৎ, নর্দ্দ, নাথ, নাধ, নন্দ, নক্ক, নৄ, নট ধাতুর ণোপদেশত্ব হয় না।

৩২৮। ভ্বাদি প্রভৃতি দশগণাত্মক ধাতুর আদিতে মূর্দ্ধন্য ষ বা ণ থাকিলে প্রয়োগকালে তাহাদের স্থানে দন্ত্য স এবং ন হয় (১), ষ্ট্যৈ, ষ্বক্ক, ষ্ঠিব ধাতুর হয় না। যথা, মূর্দ্ধন্যষকারাদি ষিধ ধাতু প্রয়োগকালে দন্ত্যসকারাদি সিধ হইবে, এবং মূর্দ্ধন্যণকারাদি ণিন্দ ধাতু প্রয়োগ-কালে দন্ত্যনকারাদি নিন্দ হইবে। এইরূপ সর্ব্বত্র।

সংজ্ঞা সমাপ্ত।

কর্ত্তৃবাচ্য (Active Voice).

৩২৯। যাহাতে কর্ত্তা, প্রত্যয়ের বাচ্য (২) হয়, তাহাকে কর্ত্তৃবাচ্য বলে।

৩৩০। কর্ত্তৃবাচ্যে ঙইৎ, ঞইৎ ভিন্ন

---

(১) কৃত স, ও কৃত ন করাই এই সূত্রের উদ্দেশ্য। কারণ কৃত স এবং কৃত ন না হইলে ষত্ব বা ণত্ব হইতে পারে না।

(২) বাচ্য—অভিধেয়, উল্লেখ্য।

ধাতুর উত্তর পরস্মৈপদ (১) হয়। যথা, ভূ সত্তায়াম্—ভবতি।

৩৩১। কর্ত্তৃবাচ্যে ঙিৎ ধাতুর উত্তর আত্মনেপদ (২) হয়। যথা, এধ ঙ বৃদ্ধৌ—এধতে।

৩৩২। কর্ত্তৃবাচ্যে ঞিৎ ধাতুর উত্তর উভয়পদ হয়। যথা, নীঞ প্রাপণে—নয়তি বা নয়তে।

৩৩৩। কর্ত্তৃবাচ্যে আয়প্রত্যয়ান্ত ধাতুর উত্তর উভয়পদ হয়। যথা, পণায়তি, পণায়তে (৪২১)।

৩৩৪। কর্ত্তৃবাচ্যে সন্ এবং স্বার্থে ঞি প্রত্যয় করিলে, পরস্মৈপদী ধাতুর উত্তর পরস্মৈপদ, আত্মনেপদী ধাতুর উত্তর আত্মনেপদ, উভয়পদী ধাতুর উত্তর উভয়পদ হয়। যথা,

---

(১) পরস্মৈপদ—উভয়পদী ধাতুর উত্তর পরোদ্দেশে ক্রিয়াফল বুঝাইবার জন্য তিপ্ প্রভৃতি যে নয়টী বিভক্তির প্রয়োগ হয়, তাহাদিগকে পরস্মৈপদ বলে। যথা, পুরোধা যজতি (পুরোহিতো যজমানস্য হিতসাধনার্থং দেবানর্চ্চয়তি)।

(২) আত্মোদ্দেশে ক্রিয়াফল বুঝাইবার জন্য তে প্রভৃতি যে নয়টী বিভক্তির প্রয়োগ হয়, তাহাদিগকে আত্মনেপদ বলে। যথা, বিপ্রো-যজতে (বিপ্র আত্মনো হিতার্থং দেবান্ পূজয়তি)। এইরূপ সর্ব্বত্র।

সন্—(স্থা) তিষ্ঠাসতি ; (তিজ্) তিতিক্ষতে ; (পচ্) পিপক্ষতি, পিপক্ষতে। স্বার্থে ণিচ্—গণয়তি ; কাময়তে ; ভৎর্সয়তি, ভৎর্সয়তে।

কর্ত্তৃবাচ্যে কর্ত্তায় প্রথমা এবং কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয়। (ইহা কারকে দ্রষ্টব্য)।

৩৩৫। কর্ত্তৃবাচ্যে কর্ত্তা যে পুরুষ, ক্রিয়াপদে সেই পুরুষের বিভক্তি হয়। যথা, স গচ্ছতি, ত্বং গচ্ছসি, অহং গচ্ছামি।

৩৩৬। কর্ত্তৃবাচ্যে কর্ত্তৃপদের একত্ব, দ্বিত্ব, বহুত্বানুসারে ক্রিয়াপদে একবচন, দ্বিবচন, বহুবচন হয় (১)।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	স কম্পতে,	তৌ কম্পেতে,	তে কম্পন্তে
মধ্যম পুরুষ	ত্বং কম্পসে,	যুবাং কম্পেথে,	যূয়ং কম্পধ্বে
উত্তম পুরুষ	অহং কম্পে,	আবাং কম্পাবহে,	বয়ং কম্পামহে

৩৩৭। কর্ত্তৃবাচ্যে লট্ প্রভৃতি চারি বিভক্তি ও ণিচ্ প্রত্যয় পরে ধাতুর উত্তর শপ্ হয়, (অ থাকে)। যথা, নম্+তিপ্=নমতি।

---

(১) একবচনে এক জনের ক্রিয়া বুঝায়, দ্বিবচনে দুই জনের ক্রিয়া বুঝায়, বহুবচনে অনেকের ক্রিয়া বুঝায়।

সাধারণ সূত্র।

৩৩৮। ঙিৎ কিৎ ভিন্ন প্রত্যয় পরে ধাতুর অন্ত্যস্বর এবং উপান্ত্য (১) লঘু স্বরের গুণ হয়। যথা, (জি) জয়তি, (নী) নয়তি, (দ্রু) দ্রবতি, (ভূ) ভবতি, (হৃ) হরতি, (তৄ) তরতি, (চিত) চেততি, (চ্যুত) চ্যোততি, (কৃষ) কর্ষতি, (কৢপ) কল্পতে (৪২৯), ইত্যাদি।

ঙিৎ পরে—দ্রু+তস্=দ্রুতঃ। কিৎ পরে—নী+ক্ত= নীতঃ, ইত্যাদি।

৩৩৯। ঞিৎ ণিৎ প্রত্যয় পরে অন্ত্যস্বর বা উপান্ত্য অকারের বৃদ্ধি হয়। যথা, (কৃ+ঞি) কারয়তি, (চল+ঞি) চালয়তি, (নী+ণক) নায়কঃ, (পচ+ণক) পাচকঃ, ইত্যাদি।

৩৪০। ধাতুর উত্তর বিহিত অকার বা একার পরে (২) পূর্ব্ববর্ত্তী অকারের লোপ হয় (৩)। যথা, (নম+অন্তি) নমন্তি, (ভজ+এ) ভজে।

---

(১) অন্ত্যবর্ণের পূর্ব্ববর্ণকে উপান্ত্য বলে (২ সূত্র দেখ)।

(২) ধাতুর উত্তর বিহিত না হইলে হয় না। যথা, শশ+অঙ্কঃ= শশাঙ্কঃ, কৃষ্ণ+একত্বম্=কৃষ্ণৈকত্বম্।

(৩) এই সূত্র দ্বারা অকারের লোপ হইলে অকারের স্থানিবত্ত্ব থাকে, তজ্জন্য ৩৫৪ ও ৩৫৫ সূত্র দ্বারা অন্ত স্থানে অৎ হয় না। যথা, এধন্তে, ভবন্তে, চিকীর্ষন্তি, বাব্রজ্যন্তে, ইত্যাদি।

৩৪১। বিভক্তির ম ব পরে পূর্ব্ববর্ত্তী অকার আকার হয়। যথা, (নম + মি) নমামি, (নম + বস্) নমাবঃ।

৩৪২। অকারের পর, বিভক্তির আদিস্থিত আত্, আথ্ ভাগের আকারের স্থানে ইকার হয়। যথা, (সহ + আতে) সহেতে, (সহ + আথে) সহেথে, (সহ + আথাম্) সহেথাম্, ইত্যাদি।

৩৪৩। অকারের পরস্থিত বিধিলিঙের যা স্থানে ই, যুস্ স্থানে ইয়ুস্, এবং যাম্ স্থানে ইয়ম্ হয়। যথা, পচেৎ, পচেয়ুঃ, পচেয়ম্।

৩৪৪। অকারের পরস্থিত হি-বিভক্তির লোপ হয়। যথা, ক্রীড়, পচ ইত্যাদি।

৩৪৫। পঞ্চম ভিন্ন বর্গীয়বর্ণ বা উষ্মবর্ণের পরস্থিত হি স্থানে ধি হয়। যথা, (অদ্ + হি) অদ্ধি।

৩৪৬। একবর্গীয় তিন বর্ণ মিলিত হইলে মধ্যম বর্ণের লোপ হয়। যথা, রুন্ধ্ + হি = রুন্ধি (৩৪৫)।

৩৪৭। লঙ্, লুঙ্, লৃঙ্ বিভক্তিতে ধাতুর আদিতে অ হয়, মা এবং মাস্ম শব্দের যোগে হয় না। যথা, অতিষ্ঠৎ, অস্থাৎ, অস্থাস্যৎ।

মা ও মাস্ম যোগে—মা ভূচ্ছোকঃ, দুঃখং মাস্ম ভবৎ।

[কোন কোন পণ্ডিত বলেন, মাঙ্(১) একটী স্বতন্ত্র অব্যয় শব্দ আছে, তাহার যোগে ধাতুর আদিতে অ হয়। যথা,

"মা নিষাদ প্রতিষ্ঠাং ত্বমগমঃ শাশ্বতীঃ সমাঃ।
যৎ ক্রৌঞ্চমিথুনাদেকমবধীঃ কামমোহিতম্॥"]

৩৪৮। লঙ্ লুঙ্ লৃঙ্ বিভক্তিতে, স্বরবর্ণাদি-ধাতুর আদ্য স্বরের বৃদ্ধি হয় (২), মা ও মাস্ম শব্দের যোগে হয় না। যথা, (ইষ) ঐচ্ছৎ, (উক্ষ) ঔক্ষৎ, (ঋ) আর্চ্ছৎ (৪১৭) ইত্যাদি।

৩৪৯। পদের অন্তে স্থিত বর্গীয় তৃতীয় ও চতুর্থ বর্ণের স্থানে তদ্বর্গের প্রথম বর্ণ হয়। যথা, অজয়দ্—অজয়ৎ। অরুণধ্—অরুণৎ।

৩৫০। ব্যঞ্জনবর্ণের পরস্থিত লঙের দিপ্ ও

---

(১) দুর্গাদাসস্তু—মাঙ ইতি ঙানুবন্ধঃ শব্দোঽপ্যস্তি, তেন যোগে অনাগমঃ স্যাদেব, ন তু ম্মা-যোগে।

(২) ধাতুর আদ্য ব্যঞ্জনবর্ণের পরিবর্ত্তে স্বরবর্ণ হইলেও বৃদ্ধি হয়। যথা, (বশ + লঙের অন্) ঔশন্ (৪০৩)।

সিপের লোপ হয়। যথা, (জাগৃ) অজাগঃ (৩৪৭। ৩৩৮)।

৩৫১। দিপ্ সিপের লোপ হইলে, ধাতুর অন্ত্য শ্, ষ্, ঢ্ স্থানে ট বা ড হয়। যথা, (বশ+দিপ্) অবট্, অবড়্; (দ্বিষ+দিপ্) অদ্বেট্, অদ্বেড়্; (লিহ [ঢ়]+দিপ্) অলেট্, অলেড়্।

৩৫২। দিপের লোপ হইলে ধাতুর অন্ত্য দন্ত্য স স্থানে ৎ হয়, সিপের লোপ হইলে বিকল্পে। যথা, (চকাস্+দিপ্) অচকাৎ, (চকাস্+সিপ্) অচকাৎ, অচকাঃ।

৩৫৩। সিপের লোপ হইলে ধাতুর অন্ত্য দ্, ধ্ স্থানে বিকল্পে র্ হয়। যথা, (বিদ+সিপ্) অবেঃ, অবেৎ; (রুধ+সিপ্) অরুণঃ, অরুণৎ (৩৫০)।

৩৫৪। অকারভিন্ন বর্ণের পরস্থিত আত্মনেপদের অন্ত এই ভাগ স্থানে অত্ হয়। যথা, (ঈশ+অন্তে) ঈশতে; অন্যত্র—এধন্তে।

৩৫৫। দ্বিরুক্ত ধাতুর পরস্থিত অন্ত্ এই ভাগ স্থানে অত্ হয়; অকারের পর হইলে

হয় না (১)। যথা, (জক্ষ+অন্তি) জক্ষতি (৩৷৯)। অকারের পর যথা—জিঘাংসন্তি।

৩৫৬। দ্বিরুক্ত ধাতুর পরস্থিত লঙের অন্‌স্থানে উস্‌ হয়, ভূধাতুর উত্তর হয় না (২)। যথা, (জক্ষ+অন্‌) অজক্ষুঃ।

৩৫৭। অন্‌স্থানে জাত উস্‌ পরে, দ্বিরুক্ত ধাতুর অন্ত্যস্বরের গুণ হয়। যথা, (জাগৃ+অন্‌) অজাগরুঃ।

৩৫৮। প্রয়োগকালে হ্রস্ব-ইকারেৎ ধাতুর উপান্ত্য স্বরের পর ন্‌ হয়। যথা, (ণিদি কুৎসায়াম্‌) নিদধাতু প্রয়োগকালে নিন্দ ধাতু হয়।

৩৫৯। অগুণ প্রত্যয় পরে (৩) ব্যঞ্জনবর্ণান্ত ধাতুর উপান্ত্য নকারের লোপ হয়।

---

(১) ৩৪০ সূত্র দ্বারা অকারের লোপ হইলে তাহার স্থানিবত্ত্ব থাকে, তজ্জন্য অকারের বর্ত্তমানতা-জ্ঞান হয়; সুতরাং সনন্ত ও যঙন্ত ধাতু দ্বিরুক্ত হইলেও উহাদের উত্তর বিহিত অন্ত্‌ স্থানে অৎ হয় না। যথা, চিকীর্ষন্তি, যাব্রজ ন্তে। "অস্মাকন্ত পরাং পীড়াং চিকীর্ষন্তি পুরে জনাঃ"।

(২) ভূ+যঙ্লুক্—অবোভুবন্‌।

(৩) অগুণ অনিম্‌ সন্‌ পরে হয় না। যথা, (ভন্‌জ+সন্‌) বিভঙ্ক্ষতি, (রন্‌জ+সন্‌) রিরঙ্ক্ষতি ইত্যাদি।

হ্রস্ব-ইকারেৎ ধাতু এবং পূজার্থ অন্‌চ ধাতুর হয় না। যথা, (মন্থ+তি) মথ্নাতি (৫৩৩)।

ইকারেৎ ধাতু—(শঙ্ক+লিটের এ)—শশঙ্কে।

পূজার্থ অন্‌চ ধাতু—(আশীর্লিঙ্) অঞ্চ্যাৎ। গমনার্থে—অচ্যাৎ।

৩৬০। শ পরে ধাতুর অন্ত্য হ্রস্ব ঋ স্থানে রিয়্ হয়। যথা, (মৃ+তে) ম্রিয়তে, (কৃ+শ প্রত্যয়) ক্রিয়া।

৩৬১। অগুণ প্রত্যয় পরে ধাতুর অন্ত্য দীর্ঘ ৠ স্থানে ইর্ হয়, ঐ ৠ ওষ্ঠ্যবর্ণের পর থাকিলে উর্ হয়। যথা, (কৄ) কিরতি, সঙ্কীর্ণঃ; (পৄ+ক্ত) পূর্ত্তঃ (২০৯)।

৩৬২। অগুণ স্বরবর্ণ পরে ধাতুর অন্ত্য ই, ঈ স্থানে ইয়্, এবং উ, ঊ স্থানে উব্ হয়। যথা, (অধি+ই+আতে) অধীয়াতে, (হ্রী+অন্তি=জিহ্রী+অন্তি) জিহ্রিয়তি (৩৫৫); (স্তু) স্তুবন্তি, (ব্রূ) ব্রুবন্তি।

৩৬৩। অগুণ স্বরবর্ণ পরে একাধিকস্বর-

যুক্ত (১) ধাতুর অন্ত্য ই, ঈ স্থানে য্ হয়; ই, ঈ, সংযুক্ত বর্ণে মিলিত থাকিলে হয় না। যথা, (দীধী+আতে) দীধ্যাতে। (সংযুক্ত বর্ণে মিলিত ঈ – জিহ্রী+অন্তি) জিহ্রিয়তি (৩৫৫।৩৬২)।

৩৬৪। অগুণ ত, থ পরে বন ও তনাদি-গণীয় ধাতুর অন্ত্য ন, ণ এই দুই বর্ণের লোপ হয়। যথা, (বন্+ত্বা) বত্বা, (ক্ষণ+ক্ত) ক্ষতঃ।

(তন+ক্ত)—ততম, (তন+লুঙের থাস্)—অতথাঃ।

৩৬৫। অগুণ ত, থ, ধ, স পরে অনিম্ (২) ধাতুর অন্ত্য ন্, ম্, এই দুই বর্ণের লোপ হয় (৩)। যথা, (হন+তস্) হতঃ, (হন+থস্) হথঃ, (আ+হন+ধ্বে) আহধ্বে, (আ+হন+সে) আহসে; (গম+ক্ত) গতঃ, (গম্+ক্ত্বা) গত্বা ইত্যাদি।

---

(১) একস্বর ধাতু দ্বিরুক্ত হইয়া একাধিক স্বর-যুক্ত হইলেও ই, ঈ স্থানে য্ হয়। যথা, (শী+লিটের এ) শিশ্যে।

(২) উকারেৎ অনিম্ না হইলে হয় না। যথা, আক্রান্তঃ, ক্ষান্তঃ, শান্তঃ ইত্যাদি।

(৩) যঙন্তের পুনর্ব্বার ধাতুত্বের বিধানজন্য (৩১৪ সূত্র দেখ) যঙ্লুকে অনিম্ ধাতুত্বের অভাব হইলেও হয়। যথা, (হন+যঙ্লুক্+তস্) জঙ্ঘতঃ (৮১১।৩৯৭)।

৩৬৬। অপিৎ (১) ত, থ, স পরে খন, জন, সন ধাতুর ন্ স্থানে আ হয়, অগুণ য পরে বিকল্পে। যথা, (ক্ত)—খাতঃ, জাতঃ, সাতঃ।

(সন্ ধাতু + লুঙের থাস্) অসাথাঃ (৬১৭), (সন ধাতু + সন্) সিষাসতি (৯৪)।

ব্যবধানে হয় না—সিসনিষতি (৭৭৪।৯০৫)।

য় পরে—(আশীর্লিঙ্)—খায়াৎ, খন্যাৎ।

(কর্ম্মণি)—খায়তে, খন্যতে। (ভাবে)—জায়তে, জন্যতে।

অগুণ য না হইলে হয় না। যথা, (জন + ঘ্যণ্) জন্যঃ (১০৯৩)।

৩৬৭। ত, থ (২), স পরে পঞ্চমভিন্ন বর্গীয় বর্ণের স্থানে স্বীয় বর্গের প্রথম বর্ণ হয়; চতুর্থ বর্ণ পরে তৃতীয় বর্ণ হয়। যথা, (অদ্ + তিপ) অত্তি; (অদ্ + থস্) অত্থঃ; (অদ্ + সিপ্)—অৎসি, (রুধ্ + স্যতি) রোৎস্যতি।

৩৬৮। ত, থ, স পরে থাকিলে বা পর বর্ণের অভাব হইলে ধাতুর অন্ত্য চ্, জ্ স্থানে ক্, এবং ধ পরে থাকিলে গ্ হয়। যথা, (বচ্ + তিপ্)

---

(১) পিৎ ত, থ, স পরে হয় না। যথা, (সন্ + যঙ্লুক্ = সংসন্ + তিপ্) সংসন্তি, (সিপ্) সংসংসি; (খন) চঙ্খন্তি, চঙ্খংসি।

(২) ত, থ স্থানে ধ হইবার সম্ভাবনা থাকিলে প্রথম বর্ণ হয় না। যথা, (বুধ + ক্ত) বুদ্ধঃ (৩৭৪); বুত্তঃ হইবে না।

বক্তি, (বচ+থস্) বক্থঃ, (বচ্+সিপ্) বক্ষি (৯৪), (বচ+দিপ্) অবক্ (৩৫০), (বচ+হি) বগ্ধি (৩৪৫), (ভুজ+স্যতে) ভোক্ষ্যতে।

৩৬৯। ত, থ, ধ পরে মৃজ, সৃজ, যজ, ভ্রস্জ, রাজ ধাতুর জ স্থানে ষ হয়। যথা, (মৃজ + ক্ত) মৃষ্টঃ (৫০), (সৃজ+ক্ত) সৃষ্টঃ ইত্যাদি।

৩৭০। ত, থ, ধ পরে ছ ও তালব্য শ্ স্থানে মূর্দ্ধন্য ষ্ হয় (১)। যথা, (প্রচ্ছ + ক্ত) পৃষ্টঃ, (৪০৬) (প্র + বিশ্ + ক্ত) প্রবিষ্টঃ।

৩৭১। ধ পরে মূর্দ্ধন্য ষ্ স্থানে ড্ হয়। যথা, (দ্বিষ + হি) দ্বিড্ঢি, (৩৪৫।৭৮)।

৩৭২। ধ পরে বিকল্পে দন্ত্য সকারের লোপ হয়; পক্ষান্তরে ঐ স্ স্থানে দ্ হয়। যথা, (আস্+ধ্বে) আধ্বে, আদ্ধ্বে।

৩৭৩। স বর্ত্তমানে, ছ, ঢ়্, শ্, ষ্ স্থানে ক্ হয়। যথা, (প্রছ্ + স্যতি) প্রক্ষ্যতি, (বশ+ সিপ্) বক্ষি, (দ্বিষ + সিপ্) দ্বেক্ষি।

---

(১) অন্য বর্ণ ব্যবধানে হয় না। যথা, ঈশ + ধ্বে = ঈশিধ্বে।

৩৭৪। বর্গীয় চতুর্থ বর্ণের পর(১) ত কিংবা থ থাকিলে, ঐ দুই বর্ণের স্থানে ধ হয়। যথা, (ক্রুধ্ + ক্ত) ক্রুদ্ধঃ (৩৬৭)।

৩৭৫। ত, থ, ধ, স পরে থাকিলে অথবা পর বর্ণের অভাব হইলে, ধাতুর অন্ত্য হ্ স্থানে ঢ্ হয়; ধাতু দকারাদি হইলে ঘ হয়। যথা, (লিহ+তস্ বা থস্) (৩৭৪) লীঢ়ঃ (৪৮|৫২), (লোট্—হি) লীঢ়ি (৩৪৫), (লৃট্-স্যতি) (৩৭৬) লেক্ষ্যতি; (দুহ+তিপ্) দোগ্ধি (৩৭৪|৩৬৭)।

৩৭৬। ত, থ, ধ, স পরে মুহ প্রভৃতি (২) ধাতুর অন্ত্য বর্ণের স্থানে বিকল্পে ঘ্ হয়। যথা, মুগ্ধঃ, মূঢ়ঃ ইত্যাদি।

৩৭৭। স কিংবা ধ্ব পরে থাকিলে অথবা পরবর্ণের অভাব হইলে বর্গীয় চতুর্থ বর্ণের পূর্ব্বস্থিত তৃতীয় বর্ণের স্থানে স্বীয় বর্গের চতুর্থ বর্ণ হয়। যথা, (বুধ+স্যতে) ভোৎস্যতে, (দুহ+

---

(১) ধাঞ ধাতুর ধকারের পর ত, থ থাকিলে ধ হয় না। যথা, (ধা+তে) ধত্তে, (থস্) ধথঃ (৩৬৭)।

(২) মুহ প্রভৃতি ধাতু—মুহ, দ্রুহ, স্নুহ, স্নিহ, নশ।

সিপ্) ধোক্ষি, (দুহ+ধ্বে) ধুগ্ধ্বে, (দুহ+দিপ্) অধোক্ (৩৪৭।৩৩৮।৩৫০।৩৭৫।৩৪৯)।

ধকারে ব যুক্ত না থাকিলে হয় না। যথা, (দুহ+তিপ্) দোগ্ধি; (ধোগ্ধি হইবে না)।

৩৭৮। স পরে (১) ধাতুর অন্তেস্থিত স্ স্থানে ৎ হয়। যথা, (বস+স্যতি) বৎস্যতি, (ঘস+স্যতি) ঘৎস্যতি।

৩৭৯। শিৎ-ভিন্ন প্রত্যয় পরে, ধাতুর অন্ত্য এ, ঐ, ও স্থানে আ হয়। যথা, (দে ধাতু) দাস্যতি, (গৈ) গাস্যতি, (সো) সাস্যতি।

৩৮০। শিৎ-ভিন্ন প্রত্যয় পরে, ব্যঞ্জনবর্ণের পরস্থিত ধাতুসম্বন্ধীয় অকার ও যকারের লোপ হয় (২)। যথা, (গণ+ঞি+তিপ্) গণয়তি।

---

(১) লট্ লোট্ লঙের স পরে হয় না। যথা, (বসঙ্ ল আচ্ছাদনে)—বস+সে=বস্সে।

(২) কখন অ, কখন য্, কখন উভয় বর্ণের লোপ হয়। যথা, গণয়তি (এস্থলে অ-লোপ)। মব্য বন্ধে—(মব্য+যঙলুক্=মংমব্য+বিধিলিঙের যাৎ)=মংমব্যাৎ (এস্থলে য্-লোপ)। (সদ+যঙ্=সাসদ্য+লৃট্ স্যতে)=সাসদিষ্যতে (এস্থলে অগ্রে অ-লোপ, পশ্চাৎ য্-লোপ)।

ব্যঞ্জন বর্ণের পরে না থাকিলে হয় না। যথা, (ভূ+যঙ্)=বোভূয+(লুট্) তা=বোভূয়িতা। আশীর্লিঙের য ভিন্ন প্রত্যয় পরে কাম্যক্

৩৮১। য-ভিন্ন ব্যঞ্জন বর্ণ পরে, যকার ও বকারের লোপ হয়। যথা, (ক্ষায়+লুঙের তন্) অক্ষাস্ত (৫৭৩)। (দিব+যঙ্লুক্=দেদিব+তিপ্)=দেদেতি (৭৯৪।৩৩৮)।

৩৮২। আলু, ইষ্ণু, আয্য, অন্ত, ইত্নু, আম্, ইম্, শিৎ, এই কয়েকটী ভিন্ন প্রত্যয় পরে ঞির লোপ হয়। যথা, (নন্দি+অন) নন্দনঃ, (রন্জি+অন) রঞ্জনঃ।

আলুপ্রভৃতি প্রত্যয় পরে হয় না। যথা, (স্পৃহ+ঞি+আলু) স্পৃহয়ালুঃ, (কৃ+ঞি+ইষ্ণু) কারয়িষ্ণুঃ ইত্যাদি।

৩৮৩। লিট্ ও অঙ্ পরে ধাতুর দ্বিত্ব হয় (১)। যথা, নুনাব (৩৩৯)।

৩৮৪। সনন্ত ও যঙন্ত ধাতুর দ্বিত্ব হয়। যথা, নুনূষতি (নু+সন্+তিপ্), (যঙ্)—নোনূয়তে।

প্রত্যয়ান্ত ধাতুর হয় না। যথা, (লুঙ্) অপুত্রকাম্যীৎ, (অপ্রত্যয়ে) পুত্রকাম্যা। আশীর্লিঙে হয়; যথা, পুত্রকাম্যাৎ।

(১) দ্বিরুক্ত ধাতুর কার্য্য সকল বর্ণনা করিতে হইলে কোন্ কোন্ স্থানে দ্বিত্ব হয়, তাহা অগ্রে বলা আবশ্যক। তজ্জন্য এই দুইটী সূত্র সাধারণ সূত্রে বিন্যস্ত হইল।

৩৮৫। দ্বিরুক্ত ধাতুর পূর্ব্বভাগের আদ্য-স্বরের পরস্থিত যাবতীয় বর্ণের লোপ হয়। যথা, বিবেশ=(বিশ+ণপ্)।

৩৮৬। দ্বিরুক্ত ধাতুর পূর্ব্বভাগের দীর্ঘ স্বর হ্রস্ব হয়। যথা, (নী) নিন্যে (৩৬৩)।

৩৮৭। দ্বিরুক্ত ধাতুর পূর্ব্বভাগের ঋ, ৠ, ৯ স্থানে অ হয়। যথা (কৃ, কৄ) চকার, (কৢপ) চকৢপে (৪২৯)।

৩৮৮। দ্বিরুক্ত ধাতুর পূর্ব্বভাগের ক খ স্থানে চ এবং গ, ঘ, হ স্থানে জ হয়। যথা, চুকোপ, চখাদ, জগাম, জঘাস, জহাস।

৩৮৯। দ্বিরুক্ত ধাতুর পূর্ব্বভাগে বর্গীয় দ্বিতীয় বর্ণ থাকিলে প্রথম বর্ণ হয়, চতুর্থ বর্ণ থাকিলে তৃতীয় বর্ণ হয়। যথা, (ছিদ) চিচ্ছেদ (৭৪), (ভুজ) বুভুজে।

৩৯০। দ্বিরুক্ত ধাতুর পূর্ব্বভাগে স্ক, স্খ, শ্চ, ষ্ট, ষ্ঠ, স্ত, স্থ, স্প, স্ফ এইরূপ সংযুক্ত বর্ণ থাকিলে আদ্য বর্ণের, এবং অন্যবিধ সংযুক্ত বর্ণ থাকিলে অন্ত্য বর্ণের, লোপ হয়। যথা,

(স্কন্দ) চস্কন্দ, (স্খল) চস্খাল, (শ্চুত) চুশ্চোত, (ষ্ট্যৈ) টষ্ট্যৌ (৩৭৯), (ষ্ঠিব) টিষ্ঠেব, (স্তু) তুষ্টাব, (স্থা) তস্থৌ, (স্পর্দ্ধ) পস্পর্দ্ধে, (স্ফুট) পুস্ফোট। অন্যবিধসংযুক্তবর্ণ—(চ্যুত) চুচ্যোত, (শ্লিষ) শিশ্লেষ ইত্যাদি।

৩৯১। দ্বিরুক্ত ষ্ঠিব ধাতুর পূর্ব্বভাগের ঠ স্থানে বিকল্পে ত হয়। যথা—(লিট্) তিষ্ঠেব, টিষ্ঠেব (৩৮৯)।

(সন্) তিষ্ঠেবিষতি, টিষ্ঠেবিষতি। (যঙ্) তেষ্ঠীব্যতে, টেষ্ঠীব্যতে (৭৯৪।২০৯)।

৩৯২। দ্বিরুক্ত দ্যুত ধাতুর পূর্ব্বভাগের উ স্থানে ই হয়। যথা, (লিট্) দিদ্যুতে।

(সন্) দিদ্যোতিষতে। (যঙ্) দেদ্যুত্যতে (৭৯৪)।

৩৯৩। অসমান স্বরবর্ণ পরে দ্বিরুক্ত ধাতুর পূর্ব্বভাগের ই স্থানে ইয়্, উ স্থানে উব্ হয়। যথা, (ইষ্) ইয়েষ (৩৩৮), (উখ) উবোখ।

৩৯৪। যে সকল ধাতুর আদ্যন্তে স্বরবর্ণ থাকে, তাহাদের আদ্য বর্ণের দ্বিত্ব হয় না। যথা,

(অট + সন্ + তিপ্) অটিটিষতি, (উখ + সন্ + তিপ্) উচিখিষতি, ইত্যাদি।

৩৯৫। যে সকল ধাতুর আদ্যন্তে স্বরবর্ণ থাকে, তাহাদের সংযুক্তবর্ণের আদিস্থিত ন, ব, দ, র এই চারি বর্ণের দ্বিত্ব হয় না (১)। যথা—(উন্দ + সন + তিপ্) উন্দিদিষতি, (উব্জ) উব্জিজিষতি, (অদ্‌ড) অড্ডিডিষতি (৪৮), (অর্চ্চ) অর্চ্চিচিষতি।

৩৯৬। দ্বিরুক্ত হি ধাতুর পর ভাগের হ্ স্থানে ঘ্ হয়, অঙ্ পরে হয় না। যথা, (লিট্) জিঘায়, (সন্) জিঘীষতি (৭৫৩), (যঙ্) জেঘীয়তে।

অঙ্ পরে—অজীহয়ৎ = (হি + ঞি + দি)।

৩৯৭। দ্বিরুক্ত হন ধাতুর পর ভাগের হ্ স্থানে ঘ হয়। যথা, জঘান, জঘনিথ।

(সন্) জিঘাংসতি, (৭৪৮।৭৫৪)। (যঙ্) জঙ্ঘন্যতে (৮১১)।

৩৯৮। ঞিৎ ণিৎ পরে হন ধাতুর স্থানে ঘাত্ হয়; ণপ্, ইণ্, ইঞ্ (২) পরে হয় না। যথা,

---

(১) ঐ চারি বর্ণের অন্তে য থাকিলে দ্বিত্ব হয়। যথা—ঋ (ধাতু) + যঙ্ = অরার্য্যতে।

(২) ইঞ্‌কে মুগ্ধবোধে মিণ্ বলে।

(হন+ণিচ্) ঘাতয়তি, (উকঞ্) ঘাতুকঃ, (ঘঞ্) ঘাতঃ, (ণক্) ঘাতকঃ, (ণিন্) আত্মঘাতী, (ঘ্যণ্) ঘাত্যঃ।

(ণপ্) জঘান। (ইণ্) অঘানি (১০০৯।৩৩৯।১০১৩।৫৯১)। (ইঞ্) অঘানিষাতাম্ (১০১২।১০১৩)।

৩৯৯। ণিচ্ ণিৎ অস্ (১) ভিন্ন প্রত্যয় পরে ব্যচ ধাতুর স্থানে বিচ্ হয়। যথা, (লট্) বিচতি, (আশীর্লিঙ্)—বিচ্যাৎ।

(ক্ত) বিচিতঃ, (ক্ত্বাচ্) বিচিত্বা।

৪০০। ঙিৎ পরে জ্যাধাতুর স্থানে জি হয়। যথা, (লট্) জিনাতি, (শতৃ) জিনন্।

৪০১। ক্তি-ভিন্ন কিৎ পরে জ্যা ধাতুর স্থানে জী হয় (২)। যথা, (আশীর্লিঙ্) জীয়াৎ।

(ক্ত) জীনঃ, (ক্ত্বাচ্)—জীত্বা, (ক্তি) জ্যানিঃ (১৩৯৭)।

৪০২। ঙিৎ কিৎ পরে ব্যধ ধাতুর স্থানে বিধ্ হয়। যথা, (লট্) বিধ্যতি, (আশীর্লিঙ্) বিধ্যাৎ।

---

(১) ণিচ্ ণিৎ অস্ পরে হয় না। যথা, (ণি) ব্যাচয়তি, (ণক) ব্যাচকঃ, (অস্) উরুব্যাচাঃ (উরুং মহান্তং বিচতি, অর্থ প্রেতাদি)।

(২) দীর্ঘ ঈকার যুক্ত জী।

(শতৃ) বিধ্যন্। (যঙ্) বেবিধ্যতে। (ক্ত) বিদ্ধঃ। (ক্ত্বাচ্) বিদ্ধা।

৪০৩। যঙ্-ভিন্ন ঙিৎ এবং ক্ত্বাচ্-ভিন্ন (১) কিৎ পরে বশ ধাতুর স্থানে উশ্ হয়। যথা, (অন্তি) উশন্তি।

(শতৃ) উশন্, (ক্ত) উশিতঃ, (ক্তি) উষ্টিঃ (৩৭০), (ক্ত্বাচ্) উশিত্বা, (যপ্) প্রোশ্য।

৪০৪। ঙিৎ কিৎ পরে গ্রহ স্থানে গৃহ্ হয়। যথা, (লট্) গৃহ্লাতি, (আশীর্লিঙ্) গৃহ্যাৎ।

(শতৃ) গৃহ্নন্, (ক্ত) গৃহীতঃ, (ক্ত্বাচ্) গৃহীত্বা, (যপ্) সংগৃহ্য।

৪০৫। ঙিৎ এবং লিট্ ও ক্ত্বাচ্ ভিন্ন কিৎ পরে ব্রস্চ্ ধাতুর স্থানে বৃস্চ হয়। যথা, (লট্)—বৃশ্চতি।

(শতৃ) বৃশ্চন্, (যঙ্) বরীবৃশ্চ্যতে (৮১৫)। (আশীর্লিঙ্) বৃশ্চ্যাৎ, (ক্ত) বৃক্ণঃ (১১৫৫), (যপ্) (সংবৃশ্চ্য)।

(লিট্) বব্রশ্চতুঃ, (ক্ত্বাচ) ব্রশ্চিত্বা।

৪০৬। নঙ্ প্রত্যয় (১৩৯১) ভিন্ন ঙিৎ এবং লিট্ ভিন্ন কিৎ পরে প্রচ্ছ ধাতুর স্থানে পৃচ্ছ,

(১) ক্ত্বাচ্ স্থানে যপ্ হইলে উশ্ হয়।

ভ্রস্‌জ ধাতুর স্থানে ভৃস্‌জ হয়। যথা, (লট্‌) পৃচ্ছতি (৭৪ সূত্র), ভৃজ্জতি (৫১)।

(শতৃ) পৃচ্ছন্‌, ভৃজ্জন্‌; (যঙ্‌) পরীপৃচ্ছ্যতে, বরীভৃজ্জ্যতে (৮১৯); (আশীর্লিঙ্‌) পৃচ্ছ্যাৎ, ভৃজ্জ্যাৎ; (ক্ত) পৃষ্টঃ (৩৭০), ভৃষ্টঃ (৩৬৯), (ক্ত্বাচ্‌) পৃষ্ট্বা, ভৃষ্ট্বা; (যপ্‌) আপৃচ্ছ্য, সংভৃজ্জ্য। নঙ্‌ প্রত্যয় পরে—প্রশ্নঃ (১৩৯১।১৩৯২)।

৪০৭। লিট্‌-ভিন্ন কিৎ পরে, বে ধাতুর স্থানে উ এবং ব্যে ধাতুর স্থানে বী হয়। যথা, (ক্ত) উতঃ, বীতঃ; (ক্তি) উতিঃ, বীতিঃ; (ক্ত্বাচ্‌) উত্বা, বীত্বা।

৪০৮। কিৎ পরে যজ্‌ ধাতুর স্থানে ইজ্‌ হয়। যথা, (আশীর্লিঙ্‌) ইজ্যাৎ।

(ক্ত) ইষ্টঃ (৩৬৯), (ক্তি) ইষ্টিঃ, (ক্ত্বাচ্‌) ইষ্ট্বা, (যপ্‌) সমিজ্য, (ক্যপ্‌) ইজ্যা (১৩৯৮)।

৪০৯। কিৎ পরে বচ (১), বদ (২), বপ, স্বপ, বস (৩), বহ ধাতুর অকারের সহিত ব স্থানে উ হয়। যথা, (আশীর্লিঙ্‌), উচ্যাৎ, উদ্যাৎ, উপ্যাৎ, সুপ্যাৎ, উষ্যাৎ, উহ্যাৎ।

---

(১) অদাদিগণীয় বচ ধাতু। (২) অন্তঃস্থবকারাদি বদ। (৩) ভ্বাদিগণীয় বস।

(ক্ত)—উক্তঃ, উদিতঃ, উপ্তঃ, সুপ্তঃ, উষিতঃ (১১৯০), উঢ়ঃ (৩৭৫।৩৭৪।৪৮।৫২)।

(ক্তি) উক্তিঃ, উদিতিঃ, উপ্তিঃ, সুপ্তিঃ, উষ্টিঃ, উঢ়িঃ।

(ক্ত্বাচ্) উক্ত্বা, উদিত্বা, উপ্ত্বা, সুপ্ত্বা, উষিত্বা, উঢ়্বা।

(যপ্) প্রোচ্য, প্রোদ্য, সমুপ্য, সংসুপ্য, অধ্যুষ্য, সমুহ্য।

৪১০। লিট্ ভিন্ন কিৎ পরে হ্বে ধাতুর স্থানে হু, শ্বি ধাতুর স্থানে শূ (১) হয়। যথা, (আশীর্লিঙ্) হূয়াৎ, শূয়াৎ।

(ক্ত)—হূতঃ, শূনঃ (১১৭০)। (ক্তি) হূতিঃ, শূতিঃ।

(ক্ত্বাচ্) হূত্বা (১), (যপ্) আহূয়, সংশূয়।

৪১১। দ্বিরুক্ত হ্বে ধাতুর স্বরযুক্ত ব স্থানে উ হয়, শ্বি ধাতুর (২) বিকল্পে। যথা,—(লিট্) হ্বে—জুহাব, শ্বি—শুশাব, শিশ্বায়।

(সন্) হ্বে—জুহূষতি। (যঙ্) হ্বে—জোহূয়তে, শ্বি—শোশূয়তে, শেশ্বীয়তে। (হ্বে+ণিচ্+লুঙের দি)—অজূহবৎ। (শ্বি+ণিচ্+লুঙের দি) অশূশবৎ, অশিশ্বয়ৎ। (হ্বে+ণিচ্+সন্+তিপ্) জুহাবয়িষতি।

সাধারণ সূত্র সমাপ্ত। (৩)

(১) ক্ত্বাচ্ পরে শ্বি ধাতুর স্থানে শূ হয় না। যথা, শ্বয়িত্বা।

(২) সন্ পরে দ্বিত্ব হইলে শ্বিধাতুর ব স্থানে উ হয় না। যথা, শ্বি+সন্=শিশ্বয়িষতি। কিন্তু ণিচের উত্তর বিহিত সন্ পরে দ্বিত্ব হইলে উ হয়। যথা, শ্বি+ণিচ্+সন্+তিপ্=শুশাবয়িষতি, শিশ্বায়য়িষতি।

(৩) এতদ্ভিন্ন যে সকল সাধারণ সূত্র আছে, সেগুলি স্থলবিশেষে সন্নিবেশিত হইয়াছে।

ভ্বাদি।

ভূ প্রভৃতি কতকগুলি ধাতুকে ভ্বাদি বলে।

ভূ সত্তায়াম্ (অর্থ—বিদ্যমানতা, উৎপত্তি)।

লট্। ✓

	Singular একবচন	Dual দ্বিবচন	Plural বহুবচন
প্রথম পুরুষ (Third person)	ভবতি	ভবতঃ	ভবন্তি
মধ্যম পুরুষ (Second person)	ভবসি	ভবথঃ	ভবথ
উত্তম পুরুষ (First person)	ভবামি	ভবাবঃ	ভবামঃ

বিধিলিঙ্। ✓

প্রথম পুরুষ	ভবেৎ	ভবেতাম্	ভবেয়ুঃ
মধ্যম পুরুষ	ভবেঃ	ভবেতম্	ভবেত
উত্তম পুরুষ	ভবেয়ম্	ভবেব	ভবেম

"ভবেৎ স্বপররাষ্ট্রাণাং কার্য্যাকার্য্যাবলোকনে।
চার (১) চক্ষুর্মহীভর্ত্তুর্যস্য নাস্ত্যন্ধ এব সঃ॥"

লোট্।

প্রথম পুরুষ	ভবতু	ভবতাম্	ভবন্তু
মধ্যম পুরুষ	ভব	ভবতম্	ভবত
উত্তম পুরুষ	ভবানি	ভবাব	ভবাম

"ভবতু তাবদ্ বুদ্ধেরুপশমঃ।"

---

(১) চর এব চারঃ।

লঙ্।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অভবৎ	অভবতাম্	অভবন্
মধ্যম পুরুষ	অভবঃ (৯৮ সূত্র)	অভবতম্	অভবত
উত্তম পুরুষ	অভবম্	অভবাব	অভবাম

"অমুষ্যামরণ্যাম্ভাং সর্ব্বপ্রাণিভয়ঙ্করঃ সিংহস্য নাদঃ সমভবৎ।"

"কদাপি নৈতৎ সম্ভবত্যত্র।" (১)

"যো ন দর্শয়তে তেজঃ ক্ষত্রিয়ঃ কাল আগতে। (২)
সর্ব্বভূতানি তং পার্থ সদা পরিভবন্ত্যত" ॥" (৩)

"অত্রৈবারণ্যে কঞ্চিৎ কালমবস্থায় আরণ্যসুখমনুভবন্তু(৪) ভবন্তঃ।" "ধীমানেব শাস্ত্রার্থমবগন্তুং প্রভবতি (৫)।"

৪১২। প্রাপ্তি অর্থ বুঝাইলে কর্ত্তৃবাচ্যে ভূধাতুর উত্তর উভয় পদ হয়। যথা, ধীরোধনং ভবতি বা ভবতে প্রাপ্নোতীত্যর্থঃ। সম্পদো হি

---

(১) অনেকস্থলে সম্পূর্ব্বক ভূ ধাতুর অর্থ সম্ভব হওয়া।

(২) তেজঃ—ক্রোধম্। কালে আগতে—তেজোদর্শনস্থাবসরে উপস্থিতে।

(৩) উত পার্থ—হে যুধিষ্ঠির। পরিভবন্তি—পরাজয়ন্তে। অভি, পরা, পরি পূর্ব্বক ভূ ধাতুর অর্থ পরাজয় করা।

(৪) অনুপূর্ব্বক ভূধাতুর অর্থ অনুভব করা।

(৫) প্রপূর্ব্বক ভূ ধাতুর অর্থ সমর্থ হওয়া, প্রভু হওয়া, প্রচুর হওয়া।

পাত্রং (১) ভবতি বা ভবন্তে—প্রাপ্নুবন্তীত্যর্থঃ (২)।

প্রাপ্ত্যর্থে ভূধাতুর পরস্মৈপদ পূর্ব্ববৎ।
আত্মনেপদ নিম্নে প্রদর্শিত হইতেছে।

লট্—আত্মনেপদ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ভবতে	ভবেতে (৩৪২)	ভবন্তে (৩৪০)
মধ্যম পুরুষ	ভবসে	ভবেথে	ভবধ্বে
উত্তম পুরুষ	ভবে	ভবাবহে (৩৪১)	ভবামহে

বিধিলিঙ্—আত্মনেপদ।

প্রথম পুরুষ	ভবেত	ভবেয়াতাম্	ভবেরন্
মধ্যম পুরুষ	ভবেথাঃ	ভবেয়াথাম্	ভবেধ্বম্
উত্তম পুরুষ	ভবেয়	ভবেবহি	ভবেমহি

(১) পাত্রং—গুণশালিনম্।

(২) ভূধাতোঃ প্রাপ্ত্যর্থে প্রমাণম্—
"ইত্যুক্ত্বা স যযৌ বিপ্রো রাজা চাসীদ্ভয়াতুরঃ।
কান্দিগ্‌ভূতোঽধমো নিঃস্বো নৃশংসেন ধনার্দ্দিতঃ॥"

অস্যার্থঃ। স বিপ্রঃ বিশ্বামিত্রঃ ইতি (পূর্ব্বোক্তং বচঃ) উক্ত্বা কথয়িত্বা যযৌ গতবান্; নিঃস্বঃ নির্ধনস্তথাপি নৃশংসেন নির্দ্দয়েন বিশ্বামিত্রেণ ধনার্দ্দিতঃ (ধনম্ অর্দ্দিতঃ যাচিতঃ) রাজা চ ভয়াতুরঃ শাপভয়েন ব্যাকুলচিত্তঃ সন্ কান্দিগ্‌ভূতঃ কাং দিশং ভূতঃ প্রাপ্তঃ (নিপাতনাৎ অলুক্‌সমাসঃ) হতাশভূতঃ ইত্যর্থঃ অতএব অধমঃ নিকৃষ্টঃ আসীৎ।

লোট্—আত্মনেপদ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ভবতাম্	ভবেতাম্(৩৪২)	ভবন্তাম্
মধ্যম পুরুষ	ভবস্ব	ভবেথাম্	ভবধ্বম্
উত্তম পুরুষ	ভবৈ	ভবাবহৈ	ভবামহৈ

লঙ্—আত্মনেপদ।

প্রথম পুরুষ	অভবত	অভবেতাম্	অভবন্ত
মধ্যম পুরুষ	অভবথাঃ	অভবেথাম্	অভবধ্বম্
উত্তম পুরুষ	অভবে	অভবাবহি	অভবামহি

৪১৩। প্রয়োগকর্ত্তার ইচ্ছানুসারে তিবাদ্যন্ত ক্রিয়াপদের অন্ত্য স্বর ও তৎপ্রভৃতি বর্ণের পূর্ব্বে অক্ হয়। যথা, ভবতকি, ভবতকঃ ইত্যাদি।

৪১৪। কর্তৃবাচ্যে শিৎ প্রত্যয় পরে, ঘ্রাধাতুর স্থানে জিঘ্র্, দা-ন ধাতুর স্থানে যচ্ছ্, ধ্মা ধাতুর স্থানে ধম্ হয়। যথা, জিঘ্রতি, যচ্ছতি, ধমতি।

ঘ্রা গন্ধোপাদানে (সক, অর্থ—গন্ধ গ্রহণ করা)।

লট্।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	জিঘ্রতি	জিঘ্রতঃ	জিঘ্রন্তি
মধ্যম পুরুষ	জিঘ্রসি	জিঘ্রথঃ	জিঘ্রথ
উত্তম পুরুষ	জিঘ্রামি	জিঘ্রাবঃ	জিঘ্রামঃ
বিধিলিঙ্ ১ম পু.	জিঘ্রেৎ	জিঘ্রেতাম্	জিঘ্রেয়ুঃ
লোট্ ,,	জিঘ্রতু	জিঘ্রতাম্	জিঘ্রন্তু (হি)জিঘ্র
লঙ্ ,,	অজিঘ্রৎ	অজিঘ্রতাম্	অজিঘ্রন্

জিঘ্রতি কুসুমগুচ্ছং বিলাসী।

দা-ন দানে (সক, অর্থ—দান করা)।

লট্।

প্রথম পুরুষ	যচ্ছতি	যচ্ছতঃ	যচ্ছন্তি
মধ্যম পুরুষ	যচ্ছসি	যচ্ছথঃ	যচ্ছথ
উত্তম পুরুষ	যচ্ছামি	যচ্ছাবঃ	যচ্ছামঃ
বিধিলিঙ্ ১ম পু.	যচ্ছেৎ	যচ্ছেতাম্	যচ্ছেয়ুঃ
লোট্ ,,	যচ্ছতু	যচ্ছতাম্	যচ্ছন্তু, (হি)যচ্ছ
লঙ্ ,,	অযচ্ছৎ	অযচ্ছতাম্	অযচ্ছন্

জামদগ্ন্যঃ কশ্যপায় বসুন্ধরামযচ্ছৎ।

ধ্মা শব্দাগ্নিসংযোগয়োঃ।

ধ্মাধাতু, সক, প, অর্থ—শব্দকরিয়া বাজান, এবং অগ্নি সংযোগ করা (অর্থাৎ তাওয়ান)।

ধমতি। ধমেৎ। ধমতু। অধমৎ।

শঙ্খং ধমতি বিপ্রঃ। স্বর্ণং ধমতি স্বর্ণকারঃ।

৪১৫। কর্ত্তৃবাচ্যে শিৎ প্রত্যয় পরে, পা ধাতুর স্থানে পিব্, ম্না ধাতুর স্থানে মন্, স্থা ধাতুর স্থানে তিষ্ঠ্ হয়। যথা, পিবতি, মনতি, তিষ্ঠতি।

পা পানে (সক, অর্থ—পান করা)।

লট্	পিবতি	পিবতঃ	পিবন্তি
বিধিলিঙ্	পিবেৎ	পিবেতাম্	পিবেয়ুঃ
লোট্	পিবতু	পিবতাম্	পিবন্তু
লঙ্	অপিবৎ	অপিবতাম্	অপিবন্

নিদাঘে প্রাণিনঃ সদা পয়ঃ পিবন্তি।

ম্নাভ্যাসে (সক, অর্থ—অভ্যাস করা)।

মনতি। মনেৎ। মনতু। অমনৎ।

যদি শৈশবে পাঠং মনেয়ুস্তদা যাবজ্জীবং সুখং প্রাপ্নুয়ুঃ।

ষ্ঠা গতিনিবৃত্তৌ।

স্থা ধাতু (১), অক, প, অর্থ—স্থিতি করা (২)।

---

(১) "নিমিত্তস্যাভাবে নৈমিত্তিকস্যাপ্যভাব ইতি ন্যায়াৎ ষ্ঠাধাতোমূর্দ্ধন্য-ষকারস্য দন্ত্যত্বে ঠকারস্য থকারঃ"।

(২) প্রতিপূর্ব্বক স্থা—প্রতিষ্ঠা (সংস্থাপনম্)। প্রমাণ যথা—

লট্।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তিষ্ঠতি (৩২৮)	তিষ্ঠতঃ	তিষ্ঠন্তি
মধ্যম পুরুষ	তিষ্ঠসি	তিষ্ঠথঃ	তিষ্ঠথ
উত্তম পুরুষ	তিষ্ঠামি	তিষ্ঠাবঃ	তিষ্ঠামঃ
বিধিলিঙ্ ১ম পু.	তিষ্ঠেৎ	তিষ্ঠেতাম্	তিষ্ঠেয়ুঃ
লোট্ ,,	তিষ্ঠতু	তিষ্ঠতাম্	তিষ্ঠন্তু,(হি)তিষ্ঠ
লঙ্ ,,	অতিষ্ঠৎ	অতিষ্ঠতাম্	অতিষ্ঠন্

চলত্যেকেন পাদেন তিষ্ঠত্যেকেন বুদ্ধিমান্।

হিমাদ্রের্যজ্ঞাঙ্গযোনিত্বমবেক্ষ্য প্রজাপতিঃ স্বয়মেব শৈলাধিপত্যম্ অন্বতিষ্ঠৎ (১) (চকার, দদাবিত্যর্থঃ)।

ক্ষি ক্ষয়ৈশ্বর্য্যয়োঃ।

ক্ষি ধাতু, অক, প, অর্থ—ক্ষীণ হওয়া এবং প্রভুত্ব করা।

সকর্ম্মক, ক্ষয় পাওয়ান।

লট্—ক্ষয়তি, ক্ষয়তঃ, ক্ষয়ন্তি।

অসিতপক্ষে নিশাকরঃ প্রতিদিনং ক্ষয়তি।

ক্ষয়তি ভূপতিঃ স্বরাষ্ট্রে (প্রভুত্বং করোতি)।

রিপুকুলং ক্ষয়তি রাজা—(নাশয়তি)।

"কীটোঽপি সুমনঃসঙ্গাদারোহতি সতাং শিরঃ।
অশ্মাপি যাতি দেবত্বং মহদ্ভিঃ সুপ্রতিষ্ঠিতঃ॥"
পরি+স্থা=বেষ্টনম্। তে সমন্তাৎ পরিতস্থুঃ (বেষ্টিতবন্তঃ)।

(১) অনু+স্থা=অনুষ্ঠানম্ (করণম্)।

৪১৬। জিধাতুর উত্তর তুপের স্থানে তিপ্ এবং অন্তুর স্থানে অন্তি হয় (১)। যথা, জি + তুপ্—জয়তি, জি + অন্তু—জয়ন্তি।

জি জয়ে (সক, অর্থ—জয় করা। অক, অর্থ—সর্ব্বোৎকৃষ্টরূপে অবস্থিতি করা)।

লট্	জয়তি	জয়তঃ	জয়ন্তি
বিধিলিঙ্	জয়েৎ	জয়েতাম্	জয়েয়ুঃ
লোট্	জয়তি (৪১৬)	জয়তাম্	জয়ন্তি (৪১৬)
লঙ্	অজয়ৎ	অজয়তাম্	অজয়ন্

জয়তীন্দ্রিয়াণি ধীমান্। ঈশ্বরো জয়তি (উৎকর্ষেণ বর্ত্ততে)। জয়তি রঘুবংশতিলকঃ। জয়ন্তি যমুনাকূলে রহঃ কেলয়ঃ (২)।

শ্রিঞ সেবায়াম্ (৩)।

লট্ পরস্মৈপদ—শ্রয়তি, শ্রয়তঃ, শ্রয়ন্তি।

আত্মনেপদ—শ্রয়তে।

শ্রয়তি জনকং সুতঃ। রাজানমাশ্রয়তি বিপন্নঃ। তরুরয়ং ক্রমেণোচ্ছ্রয়তি (উন্নতো ভবতি, বর্দ্ধতে ইত্যর্থঃ)।

---

(১) জেস্তুবস্তোস্তিবন্তি, ইতি প্রাঞ্চঃ।

(২) এস্থলে লোটের তুপ্ এবং অন্তু বিভক্তিতে জয়তু ও জয়ন্তু না হইয়া জয়তি ও জয়ন্তি হইয়াছে।

(৩) উৎ + শ্রি = উচ্ছ্রায়ঃ। প্র + শ্রি = প্রশ্রয়ঃ (বিনয়ঃ), সপ্রশ্রয়ম্ (সবিনয়ম্) উবাচ।

ষ্মিঙ স্মিতে (অক, অর্থ—ঈষৎ হাস্য করা)।

লট্	স্ময়তে	স্ময়েতে	স্ময়ন্তে (১২৮)
বিধিলিঙ্	স্ময়েত	স্ময়েয়াতাম্	স্ময়েরন্
লোট্	স্ময়তাম্	স্ময়েতাম্	স্ময়ন্তাম্
লঙ্	অস্ময়ত	অস্ময়েতাম্	অস্ময়ন্ত

স্ময়তে কামিনী। তবাদ্ভুতবচসা বিস্ময়েঽহম্ (১)।

নীঞ প্রাপণে (দ্বিক, অর্থ—পাওয়ান)।

লট্—নয়তি, নয়তঃ নয়ন্তি। নয়তে, নয়েতে, নয়ন্তে।

বিধিলিঙ্—নয়েৎ, নয়েতাম্, নয়েয়ুঃ। নয়েত, নয়েয়াতাম, নয়েরন্।

লোট্—নয়তু, নয়তাম্, নয়ন্তু। নয়তাম্, নয়েতাম্, নয়ন্তাম্।

লঙ্—অনয়ৎ, অনয়তাম্, অনয়ন্। অনয়ত, অনয়েতাম্, অনয়ন্ত।

রাজমার্গস্থিতমিমমন্ধং গৃহং নয়।

সারথে! রথং সসজ্জমানয় (২)।

কঃ কুত্র ভোঃ, দুর্বৃত্তমিমং মৎসকাশাদপনয় (৩)।

কিমিদম্? ঝটিতি নির্ণয় (৪), নোচেদ্বিপদাপতিষ্যতি।

ভোঃ প্রসীদ তাবদহমনুনয়ামি (৫) তে।

---

(১) বি + স্মি = বিস্ময়াপন্ন হওয়া।

(২) আ + নী = আনয়নকরা। (৩) অপ + নী = দূরীকরণ।

(৪) নির্ + নী = নিশ্চয়করণ। (৫) অনু + নী = অনুনয়করণ।

রাঘবো হরশরাসনং ভঙ্ক্‌ত্বা জানকীং পর্য্যণয়ৎ (১)।

দণ্ডমুন্নয়তে (২) (উৎক্ষিপতি)।

মাণবকমুপনয়তে (৩) (যজ্ঞোপবীতং দত্ত্বা সংস্করোতি)।

ঋ গতৌ।

৪১৭। শিৎ প্রত্যয় পরে কর্ত্তৃবাচ্যে ঋ ধাতুর স্থানে ঋচ্ছ হয়। যথা, (লট্) ঋচ্ছতি; (লঙ্)—আর্চ্ছৎ।

ব্রহ্মহা শবরযোনিমৃচ্ছতি (প্রাপ্নোতি)।

ভৃঞ ভরণে (সক, অর্থ—ধারণ ও পোষণ)।

লট্—ভরতি, ভরতঃ, ভরন্তি। ভরতে, ভরেতে, ভরন্তে।

কেবলমাত্মোদরং ভরন্ত্যৌদরিকঃ।

"দরিদ্রান্ ভর কৌন্তেয় মা প্রযচ্ছেশ্বরে ধনম্।

ব্যাধিতস্যৌষধং পথ্যং নীরুজস্য কিমৌষধৈঃ॥"

হৃঞ হরণে।

লট্—হরতি, হরতঃ, হরন্তি। হরতে, হরেতে, হরন্তে।

বিধিলিঙ্—হরেৎ, হরেতাম্, হরেয়ুঃ। হরেত, হরেয়াতাম্, হরেরন্।

---

(১) পরি+নী=পরিণয়, বিবাহ। (২) উৎ+নী=উত্তোলন।

(৩) উপ+নী=উপনয়ন দেওয়া।

লোট্—হরতু, হরতাম্, হরন্তু। হরতাম্, হরেতাম্, হরন্তাম্।
লঙ্—অহরৎ, অহরতাম্, অহরন্। অহরত, অহরেতাম্, অহরন্ত।

পরধনং হরতি তস্করঃ। পরস্বং মাপহরেৎ। সহি শত্রূনপি ন প্রহরতি (১)। কালঃ সর্ব্বান্ সংহরতি (২)। পঞ্চানাং তীর্থানাং পুণ্যসলিলান্যাহরত (৩)। বিহরধ্বম্ (৪) বৃক্ষবাটিকায়ামপরাহ্ণে।

"তত্ত্বং চিন্তয় সততং চিত্তে, পরিহর (৫) চিন্তাং নশ্বরবিত্তে।
ক্ষণমিহ সজ্জনসঙ্গতিরেকা ভবতি ভবার্ণবতরণে নৌকা॥"

তৄ প্লবনতরণয়োঃ।

তৄ ধাতু, (অক, প, অর্থ—জলে ভাসিয়া যাওয়া।
সকর্ম্মক—পার হইয়া যাওয়া)।

তরতি। তরেৎ। তরতু। অতরৎ।

বারিধৌ সদা নক্রাদয়স্তরন্তি (ভাসন্তে)। গোপ্যো যমুনামতরন্। রথাদবতরতি (৬) নরেন্দ্রঃ। "বিতরতি (৭) গুরুঃ প্রাজ্ঞে বিদ্যাং যথৈব তথা জড়ে"।

---

(১) প্র+হৃ=প্রহার। (২) সম্+হৃ=সংহার।
(৩) আ+হৃ=আহরণ (আনয়ন)। (৪) বি+হৃ=বিহার।
(৫) পরি+হৃ=পরিত্যাগ। (৬) অব+তৄ=অবতরণ (নামা)।
(৭) বি+তৄ=বিতরণ (দান)।

শঙ্কিঙ ত্রাসশঙ্কয়োঃ।

শন্ক ধাতু (৩৫৮), অক, আ, অর্থ—ভীত হওয়া। সকর্ম্মক—আশঙ্কা করা (অর্থাৎ সংশয়ারোপ করা)।

লট্—শঙ্কতে। বিধিলিঙ্—শঙ্কেত। লোট্—শঙ্কতাম্। লঙ্—অশঙ্কত।

ভীমঃ কস্মান্ন শঙ্কতে স্ম। অনিষ্টমাশঙ্কতে ভীরুঃ।

পচঞৌ পাকে।

লট্—পচতি, পচতঃ, পচন্তি। পচতে, পচেতে, পচন্তে।

বিধিলিঙ্—পচেৎ, পচেতাম্, পচেয়ুঃ। পচেত, পচেয়াতাম্, পচেরন্।

লোট্—পচতু, পচতাম্ পচন্তু, (হি) পচ। পচতাম্, পচেতাম্, পচন্তাম্।

লঙ্—অপচৎ, অপচতাম্, অপচন্। অপচত, অপচেতাম্, অপচন্ত।

সূদাঃ (পাচকাঃ) প্রশস্তং পানভোজনং পচন্তি বা পচন্তে।

"দিবসস্যাষ্টমে ভাগে শাকং পচতি যো নরঃ।
অঋণী চাপ্রবাসী চ, স বারিচর! মোদতে॥"

টু. ডু, যাচৃ ঞ যাচনে (দ্বিক, অর্থ—যাচ্ঞা করা)।

লট্—যাচতি, যাচতঃ, যাচন্তি। যাচতে, যাচেতে, যাচন্তে।

বিধিলিঙ্—যাচেৎ, যাচেতাম্, যাচেয়ুঃ। যাচেত, যাচেয়াতাম্, যাচেরন্।

লোট্—যাচতু, যাচতাম্, যাচন্তু। যাচস্ব, যাচেথাম্, যাচধ্বম্।

লঙ্—অযাচৎ, অযাচতাম্, অযাচন্। অযাচত, অযাচেতাম্, অযাচন্ত।

"মহতাং তাবন্মহিমা যাবন্ন যাচতে কিমপি।
বলিমখযাচনসময়ে শ্রীপতিরপি বামনোঽভূৎ॥"

শুচ শোকে (১) (অক, অর্থ—শোক করা। সক, লক্ষ্য করিয়া শোক করা)।

লট্—শোচতি, শোচতঃ, শোচন্তি।

পুত্রকলত্রবিয়োগবিধুরঃ শোচতি।

"ইদঞ্চ শয়নং দৃষ্ট্বা যচ্চাসীৎ তে পুরাতনম্ (২)।
শোচামি ত্বাং মহারাজ! দুঃখানর্হং সুখোচিতম্॥"

গর্জ্জ শব্দে।

লট্—গর্জ্জতি, গর্জ্জতঃ, গর্জ্জন্তি।

"গর্জ্জ গর্জ্জ ক্ষণং মূঢ়! মধু যাবৎ পিবাম্যহম্।
ময়া ত্বয়ি হতেঽত্রৈব গর্জ্জিষ্যন্ত্যাশু দেবতাঃ॥"

৪১৮। ক্ষমার্থে তিজ্ ধাতুর উত্তর সন্ হয়, (স থাকে)।

---

(১) দিবাদিগণীয় শুচ ধাতুর অর্থ শুচি হওয়া। শুচ্যতি, শুচ্যতে। প্রায়শ্চিত্তং বিধায় শুচ্যতি পাতকী।

(২) তৎ সংস্মৃত্য, উভয়োরন্তরং বিচার্য্য ইত্যর্থঃ।

৪১৯। স্বার্থে সন্ পরে ইম্ হয় না।

তিজঙ্ ক্ষমানিশানয়োঃ (অর্থ—সহ্য করা ও তীক্ষ্ণ করা।)

(ক্ষমার্থে) লট্—তিতিক্ষতে (৩৬৮।৯৪।৩৮৪।৩৮৫।৩৩৭।৩৪০), তিতিক্ষেতে (৩৪২), তিতিক্ষন্তে।

তিতিক্ষতে দুঃখং তপস্বী।

ন খলু তেজস্বী কদাপ্যপমানং তিতিক্ষতে।

(নিশানার্থে) লট্—তেজতে, তেজেতে, তেজন্তে।

যজ্ঞে পশুং ছেত্তুং কর্ম্মকারস্তেজতে খড়্গাম্ (তীক্ষ্ণং করোতীত্যর্থঃ)।

ভজ ঞৌ ভাগসেবয়োঃ।

লট্ পরস্মৈপদ—ভজতি, ভজতঃ, ভজন্তি। আত্মনেপদ—ভজতে, ভজেতে, ভজন্তে।

বিভজন্তি পৈতৃকং ধনং দায়াদাঃ।

সাধবঃ সদা পরমেশং ভজন্তে।

৪২০। শপ্ পরে রন্জ, ষন্জ, ম্রন্জ, দন্শ ধাতুর ন-লোপ হয়। যথা, রজতি।

রন্জোঞ রাগে (১) (অক, অর্থ—অনুরক্ত হওয়া, বা রঙ-যুক্ত হওয়া।

লট্ পরস্মৈপদ—রজতি, রজতঃ, রজন্তি।

আত্মনেপদ—রজতে, রজেতে, রজন্তে।

---

(১) দিবাদিগণীয় রন্জ (অট্) রজ্যতি, রজ্যতে (৩৮৯)।

শাস্ত্রেষু রজতে (অনুরক্তো ভবতি) ধীমান্।
রজতি বস্ত্রং কষায়েণ (রক্তং ভবতি)।

ষন্জো সঙ্গে (অক, অর্থ—আসক্ত হওয়া)।

লট্—সজতি, সজতঃ, সজন্তি।
সজতি বেদেষু সুধীঃ।

ষন্জো আলিঙ্গে। (সক, অর্থ—কোলাকুলি করা)।
লট্—স্বজতে, স্বজেতে, স্বজন্তে।
বাহুভ্যাং স্বজতে মিত্রম্।

ঘটঙ চেষ্টাসংঘটনয়োঃ।

লট্—ঘটতে, ঘটেতে, ঘটন্তে।
সংকর্ত্তুং ঘটতে (চেষ্টতে)। মনুজানাং সদা বিপৎ ঘটতে (ভবতি)।

ক্রীড়্ খেলে।

লট্—ক্রীড়তি, ক্রীড়তঃ, ক্রীড়ন্তি।
দিনযামিন্যৌ সায়ংপ্রাতঃ শিশিরবসন্তৌ পুনরায়াতঃ(১)।
কালঃ ক্রীড়তি গচ্ছত্যায়ুস্তদপি ন মুঞ্চত্যাশাবায়ুঃ (২)॥

৮৪২৯। শিৎ প্রত্যয় হইবার সম্ভাবনা থাকিলে পণ, পন, ধূপ, রক্ষার্থ গুপ ধাতুর উত্তর আয় হয় নিত্য, অন্যত্র বিকল্পে (৩)।

---

(১) আ+যা+তস্।　(২) আশাবায়ুর্মানবং ন মুঞ্চতি।
(৩) অন্যত্র (শিদ্ভিন্ন প্রত্যয় স্থলে) যথা, অপণায়িষ্ট, অপণিষ্ট।

পণঙ স্তুতৌ, ব্যবহারে চ (অর্থ—স্তব এবং ক্রয়বিক্রয় করা)।

লট্—পরস্মৈপদ (৩৩৩)—পণায়তি, পণায়তঃ। আত্মনেপদ—
  পণায়ন্তে, পণায়েতে।

  ঈশ্বরং সদৈব পণায়ন্তে বিপন্নঃ (স্তৌতি)।

এইরূপ পন।

৪২২। ব্যবহারার্থে পণ ধাতুর উত্তর বিকল্পে আয়্ হয়। যথা, (লট্)—পণায়তে, পণতে ইত্যাদি।

বিপণ্যাং ব্যবসায়িনো বিবিধানি বস্তূনি পণায়ন্তে বা পণন্তে।

৪২৩। ণিৎ প্রত্যয়ের সম্ভাবনা থাকিলে ঋত ধাতুর উত্তর ঈয়ঙ্ হয়, অন্যত্র বিকল্পে। (১)

ঋত স্পর্দ্ধনপ্রভুত্বয়োঃ।

লট্—ঋতীয়তে, ঋতীয়েতে, ঋতীয়ন্তে।

শিশুপালো গোবিন্দমবলোক্য ঋতীয়তে স্ম (স্পর্দ্ধতে স্ম)।

ঋতীয়তে নৃপতিঃ স্বরাষ্ট্রে (প্রভুত্বং করোতি)।

৪২৪। রোগপ্রতীকার বা সন্দেহ অর্থে কিত ধাতুর উত্তর সন্ হয়। যথা, চিকিৎসতি (৩৮৪।৩৮৫।৩৮৮।৩৩৭।৩৪০)।

---

(১) ঈয়ঙের ঙ ইৎ জন্য গুণনিষেধ এবং আত্মনেপদ হয়।

কিত্ রোগাপনয়নে, সংশয়ে, নিবাসে চ।

কিত্ ধাতু, সক, প, অর্থ—রোগপ্রতীকারচেষ্টা, সন্দেহ; অকর্ম্মক—বাস করা।

লট্—চিকিৎসতি, চিকিৎসতঃ, চিকিৎসন্তি।

রোগাপনয়নার্থে—ভিষগৌষধৈ রোগিনং চিকিৎসতি।

সংশয়ার্থে—বিচিকিৎসতি চরং রাজা (সংশেতে, সন্দেহং করোতীত্যর্থঃ)।

বাসার্থে—কেতাতি পর্ণশালায়াং তপস্বী (নিবসতীত্যর্থঃ)।

যতীঙ যত্নে।

লট্—যততে, যতেতে, যতন্তে।

মুনির্মোক্ষায় যততে।

বৃতুঙঌ বর্ত্তনে।

লট্—বর্ত্ততে, বর্ত্তেতে, বর্ত্তন্তে।

অধুনাপি মহারাজ আস্থানমণ্ডপে (সভাগৃহে) নরপতি-সহস্রমধ্যবর্ত্তী বর্ত্ততে।

অর্দ্দ পীড়া-গতি-যাচনে।

সক, অর্থ—পীড়ন করা, গমন করা; দ্বিক, অর্থ—যাচ্ঞা করা।

লট্—অর্দ্দতি, অর্দ্দতঃ, অর্দ্দন্তি।

খলঃ সাধুনর্দ্দতি (পীড়য়তি)। শিশবো রাজমার্গম্ অর্দ্দন্তি (গচ্ছন্তি)। ভিক্ষু রাজানং ধনমর্দ্দতি (যাচতে)।

ণিদি কুৎসায়াম্।

লট্—নিন্দতি, নিন্দতঃ, নিন্দন্তি (৩১৮)।

সর্ব্বে খলং নিন্দন্তি। কথমীশ্বরং নিন্দাস দুরাত্মন্!

মুদঙ হর্ষে। ✓

লট্—মোদতে, মোদেতে, মোদন্তে।

"ঈদৃশং দুঃখমানীয় মোদতে (হৃষ্যতি) পাপপূরুষঃ।"

বদিঙ স্তুতি-বন্দনে। ✓

বন্দ ধাতু, সক, আ, অর্থ—স্তব ও প্রণাম করা।

লট্—বন্দতে, বন্দেতে, বন্দন্তে।

পুণ্যবন্তঃ প্রতিদিনং ত্রিঃ খলু দেবানভ্যর্চ্চ্য বন্দন্তে (স্তুবন্তি)। গুরো! ত্বামভিবন্দে (প্রণমামি)।

✓ ৪২৫। শপ্ হইবার সম্ভাবনা থাকিলে শদ ধাতুর উত্তর আত্মনেপদ হয় (১)।*

✓ ৪২৬। শিৎ প্রত্যয় পরে কর্ত্তৃবাচ্যে শদ স্থানে শীয়্ এবং সদ স্থানে সীদ্ হয়। যথা, শীয়তে, সীদতি।

শদৌ৯ পতনে গত্যাম্। ✓

লট্—শীয়তে, শীয়েতে, শীয়ন্তে।

বৃক্ষাৎ ফলানি শীয়ন্তে।

---

(১) অন্যত্র পরস্মৈপদ। যথা, শদ+লুঙ্+দি=অশদৎ।

* এই সূত্র আত্মনেপদবিধানের অন্তর্নিবিষ্ট হইবার যোগ্য হইলেও শদ, সদ এই দুইটীর প্রভেদ দেখাইবার জন্য এই স্থলে বর্ণিত হইল।

সদ৯ বিষাদে গতৌ। ✓

১৬ ষিধু গত্যাম্—অসেধীৎ (৩২৮), অসেধিষ্টাম্।
ষিধু যৌ নিদ্ধে (নিষ্পন্ন হওয়া)—অসৈৎসীৎ, অসৈদ্ধাম্।

১৭ মান (বিচারার্থে)—অমীমাংসিষ্ট (৪২৭)।
মান (পূজার্থে)—দেবমমানিষ্ট (পূজিতবান্)।

১৮ গুপ (নিন্দার্থে)—অজুগুপ্সিষ্ট (৪২৭)।
গুপ (অপহ্নবার্থে)—পরস্বনগোপিষ্ট দুর্জনঃ।

১৯ অশূ ঙ ন ব্যাপ্তিসংহত্যোঃ—আশিষ্ট (৫৪২) আষ্ট (৩৭০), আশিষাতাম্ আক্ষাতাম্ (৩৭৩), আশিষত আক্ষত।
অশগ ভোজনে—আশীৎ, আশিষ্টাম্।

২০ দন্শৌ দংশনে—অদাঙ্ক্ষীৎ (৫৯৫।৩৭৩), অদাংষ্টাম্(৩৭০), অদাঙ্ক্ষুঃ।

২১ অক্ষূ ব্যাপ্তৌ—আক্ষীৎ (৫৪২) আক্ষীৎ (১৮২।৩৭৩।৯৪), আক্ষিষ্টাম্ আষ্টাম্ (৫৯৩।১৮২।৫০), আক্ষিষুঃ আক্ষুঃ।

২২ তক্ষূন তক্ষে (কাষ্ঠাদি পরিষ্কার করা)—অতক্ষীৎ, অতক্ষীৎ। অক্ষ ধাতুর তুল্য।

২৩ উক্ষ সেচনে—ঔক্ষীৎ, ঔক্ষিষ্টাম্।

লিট্।

লিট্ বিভক্তিতে ধাতুর দ্বিত্ব হয়।

৬৫০। আকারান্ত ধাতুর পরস্থিত ণপের স্থানে ঔ হয়। যথা, দদৌ (৩৮৩।৩৮৬)।

৬৫১। লিট্ বিভক্তিতে ধাতুর অন্ত্য আকারের লোপ হয়, থপ্ পরে ইম্ না হইলে হয় না। যথা, দদতুঃ; দদিথ (৫৭২), দদাথ।

পা পানে।

	একবচন	দ্বিবচন	বহুবচন্
প্রথম পুরুষ	পপৌ	পপতুঃ	পপুঃ
মধ্যম পুরুষ	পপিথ, পপাথ(৫৬৮)	পপথুঃ	পপ
উত্তম পুরুষ	পপৌ	পপিব	পপিম

স্থা (প্রথম) তস্থৌ তস্থতুঃ তস্থুঃ
(মধ্যম) তস্থিথ, তস্থাথ

দরিদ্রা ভিন্ন সমস্ত আকারান্ত ধাতু এইরূপ।

৬৫২। অপিৎ লিট্ বিভক্তিতে দ্বিরুক্ত ইন্ ধাতুর পূর্ব্ব-ভাগ দীর্ঘ হয়। যথা, ঈয়তুঃ (৩৮৩।৪৪৯)।

ইন্ ল গতৌ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ইয়ায়(৩৩৯।৩৯৩।৩৮৩)	ঈয়তুঃ(৩৮৩।৪৪৯।৩৮৩)	ঈয়ুঃ
মধ্যম পুরুষ	ইয়য়িথ, ইয়েথ (৫৬৮)	ঈয়থুঃ	ঈয়
উত্তম পুরুষ	ইয়ায়	ঈয়িব	ঈয়িম

৬৫৩। লিট্ বিভক্তিতে অধ্যয়নার্থ ই ধাতুর স্থানে গা হয়। যথা, অধিজগে (৮৫৩।৩৮৩।৩৮৬।৩৮৮।৬৫১)।

অধীঙ্ অধ্যয়নে।

প্রথম পুরুষ	অধিজগে	অধিজগাতে	অধিজগিরে
মধ্যম পুরুষ	অধিজগিষে(৫৬৭)	অধিজগাথে(৫৭৭)	অধিজগিঢ্বে
উত্তম পুরুষ	অধিজগে	অধিজগিবহে	অধিজগিমহে

৬৫৪। লিট্ বিভক্তিতে চি ধাতুর স্থানে বিকল্পে কি হয়।

চিঞ্ চয়নে।

পরস্মৈপদ	চিকায় / চিচায়	চিক্যতুঃ / চিচ্যতুঃ	চিক্যুঃ(৩৬৩) / চিচ্যুঃ

৬৫৫। লিট্ বিভক্তিতে জি ধাতুর স্থানে গি হয়।

জি জয়ে।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	জিগায় (৩৮৮)	জিগ্যতুঃ(৩৬৩)	জিগ্যুঃ
মধ্যম পুরুষ	জিগয়িথ, জিগেথ, (৫৬৮)	জিগ্যথুঃ	জিগ্য
উত্তম পুরুষ	জিগায়	জিগ্যিব (৫৬৭)	জিগ্যিম

হিন বর্দ্ধনে গতৌ—জিঘায়, জিঘ্যতুঃ, জিঘ্যুঃ, জিঘয়িথ (৫৬৮), জিঘেথ।

৬৫৬। লিট্ বিভক্তিতে দী ধাতুর উত্তর গা হয় (১) (য থাকে)।

ওদী ঙ য ক্ষয়ে—দিদীয়ে, দিদীয়াতে, দিদীয়িরে, দিদীয়িষে।

নীঞ প্রাপণে—নিনায়, নিন্যতুঃ (৩৬৩), নিন্যুঃ, নিনয়িথ, নিনেথ (৫৬৮)।

দ্রু গতৌ, দ্রুট্বো নোপতাপে।

প্রথম পুরুষ	দুদাব	দুদ্রুবতুঃ (৩৬২)	দুদ্রুবুঃ
মধ্যম পুরুষ	দুদ্রবিথ, দুদ্রোথ, (৫৬৮)	দুদ্রুবথুঃ	দুদ্রুব
উত্তম পুরুষ	দুদাব	দুদ্রুবিব (৫৬৭)	দুদ্রুবিম

স্নু প্রভৃতি কতকগুলি উকারান্ত অনিম্ ধাতু দ্রুধাতুর তুল্য।

ষ্ণু ল স্তুতৌ—নুনাব, নুনুবতুঃ, নুনুবুঃ, নুনবিথ (২) (৫৪১), নুনুবিব (৫৪১)।

যু. রু, ক্ষু, ক্ষ্ণু ধাতু নু ধাতুর তুল্য।

---

(১) ঙিৎপ্রযুক্ত গুণ হয় না।

(২) নুধাতু অনিম্ নহে, তজ্জন্য থপ্ পরে বিকল্পে ইম্ হইল না।

স্নুল ক্ষরণে (স্নু ধাতু)—সুষ্ণাব, সুষ্ণুবতুঃ, সুষ্ণুবুঃ, সুষ্ণুবিথ।

শ্রু ন শ্রুতৌ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	শুশ্রাব	শুশ্রুবতুঃ	শুশ্রুবুঃ
মধ্যম পুরুষ	শুশ্রোথ (৬৫৭)	শুশ্রুবথুঃ	শুশ্রুব
উত্তম পুরুষ	শুশ্রাব	শুশ্রুব (৬৫৭)	শুশ্রুম

দ্রু, স্রু, স্তু ধাতু শ্রু ধাতুর তুল্য।

৬৫৭। লিট্ বিভক্তিতে দ্বিরুক্ত ভূ ধাতুর পূর্ব্বভাগের উ স্থানে অ হয়, কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে বিকল্পে।

ভূ সত্তায়াম্।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	বভূব (৩৮৯।৬১২)	বভূবতুঃ	বভূবুঃ
মধ্যম পুরুষ	বভূবিথ	বভূবথুঃ	বভূব
উত্তম পুরুষ	বভূব	বভূবিব	বভূবিম

অদাদিগণীয় অস্ ধাতু ভূ ধাতুর তুল্য (৬১৩ সূত্র দেখ)।

ডু কৃঞ্ করণে।

পরস্মৈপদ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	চকার (৩৩৯)	চক্রতুঃ	চক্রুঃ
মধ্যম পুরুষ	চকর্থ (৫৭২)	চক্রথুঃ	চক্র
উত্তম পুরুষ	চকার	চকৃব (৬৫৭)	চকৃম

আত্মনেপদ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	চক্রে	চক্রাতে	চক্রিরে
মধ্যম পুরুষ	চকৃষে(৫৬৭)	চক্রাথে	চকৃঢ্বে
উত্তম পুরুষ	চক্রে	চকৃবহে	চকৃমহে

সৃধাতু কৃধাতুর তুল্য।

হৃঞ হরণে।

প্রথম পুরুষ	জহার	জহ্রতুঃ	জহ্রুঃ
মধ্যম পুরুষ	জহর্থ (৫৭২)	জহ্রথুঃ	জহ্র
উত্তম পুরুষ	জহার	জহ্রিব(৫৬৭)	জহ্রিম

আত্মনেপদ জহ্রিষে (৫৬৭), জহ্রিঢ্বে(৫৭৮), জহ্রিধ্বে জহ্রিবহে জহ্রিমহে। অবশিষ্ট সুগম।

৬৫৮। ণপ্ ভিন্ন লিট্ বিভক্তিতে ঋ এবং সংযোগাদি হ্রস্ব ঋকারান্ত ধাতুর গুণ হয়। যথা, আরতুঃ, সস্মরতুঃ।

ঋ ধাতু—আর, আরতুঃ, আরিথ (৫৭২), আরিব। অবশিষ্ট সুগম।

স্মৃ স্মৃতৌ।

প্রথম পুরুষ	সস্মার	সস্মরতুঃ(৬৬২)	সস্মরুঃ
মধ্যম পুরুষ	সস্মর্থ(৫৭২)	সস্মরথুঃ	সস্মর
উত্তম পুরুষ	সস্মার	সস্মরিব(৫৬৭)	সস্মরিম

স্তৃ, হ্বৃ প্রভৃতি সংযোগাদি ঋকারান্ত ধাতু স্মৃধাতুর তুল্য।

স্বৃধাতু—সস্বার, সস্বরতুঃ (৬৫৮), সস্বরিথ (৫৪২) সস্বর্থ, সস্বরিব (৬৫৮) সস্বর্ব, সস্বরিম, সস্বর্ম। অবশিষ্ট সুগম।

বৃ ধাতু।

প্রথম পুরুষ	ববার	বব্রতুঃ	বব্রুঃ
মধ্যম পুরুষ	ববরিথ(৫৭২)	বব্রথুঃ	বব্র
উত্তম পুরুষ	ববার	ববৃব	ববৃম

আত্মনেপদ—বব্রে, ববৃষে, ববৃঢ্বে (৫৬৭।৫৭৭), ববৃবহে, ববৃমহে।

৬৫৯। ণপ্ ভিন্ন লিট্ বিভক্তিতে দীর্ঘ ঋকারান্ত ধাতুর গুণ হয়। যথা, চকরতুঃ।

কৄ—চকার, চকরতুঃ, চকরুঃ, চকরিথ, চকরথুঃ, চকর, চকার, চকরিব, চকরিম।

৬৬০। অপিৎ লিট্ বিভক্তিতে দৄ, পৄ, শৄ ধাতুর বিকল্পে হ্রস্ব হয়।

দৄ য গি বিদারে (বিদীর্ণ হওয়া) (১)।

দদার; দদ্রতুঃ, দদরতুঃ (৬৫৯); দদ্রুঃ, দদরুঃ; দদরিথ।

পৄ ও শৄ ধাতু দৄ ধাতুর তুল্য।

৬৬১। লিট্ বিভক্তিতে দ্বিরুক্ত দে ধাতুর স্থানে দিগি হয়। যথা, দিগ্যে, দিগ্যাতে, দিগ্যিরে, দিগিষে।

৬৬২। লিটের পরস্মৈপদের একবচনে দ্বিরুক্ত বেঞ ধাতুর স্থানে বিকল্পে উবয্ হয়। যথা, উবায়, ববৌ (৬৫০)।

৬৬৩। পরস্মৈপদের একবচন ভিন্ন লিট্ বিভক্তিতে দ্বিরুক্ত বেঞ ধাতুর স্থানে বিকল্পে উব্ এবং উয্ হয়। যথা, উবতুঃ, উয়তুঃ, ববতুঃ (৬৫১)।

---

(১) মহাকবিপ্রয়োগে দৄ ধাতুর উত্তর আত্মনেপদও দৃষ্ট হয়। যথা, হৃদয়ং বিদদ্রে (ইতি রঘুঃ)।

বেঞ স্যূতৌ (অর্থ বস্ত্রাদি বোনা)।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	উবায়৬৬২, ববৌ (৬৫০)	উবতুঃ, উয়তুঃ (৬৬৩), ববতুঃ	উবুঃ, উয়ুঃ, ববুঃ
মধ্যম পুরুষ	উবয়িথ(৫৪১), ববিথ, ববাথ(৫৬৮)	উবথুঃ, উয়থুঃ, ববথুঃ	উব, উয়, বব
উত্তম পুরুষ	উবায়, ববৌ	উবিব, উয়িব(৫৪১), ববিব(৫৬৭)	উবিম, উয়িম, ববিম

আত্মনেপদ—উবে, উয়ে, ববে ইত্যাদি।

৬৬৪। লিট্ বিভক্তিতে, য-যুক্ত ব্যেঞ ধাতুর এ স্থানে আ হয় না। যথা, বিব্যায়, বিব্যয়িথ।

৬৬৫। অপিৎ লিট্ বিভক্তি পরে দ্বিরুক্ত ব্যেঞ ধাতুর পরভাগের একারের বিকল্পে লোপ হয়। যথা, বিব্যতুঃ, বিব্যয়তুঃ ; বিব্যে, বিব্যয়ে।*

গৈ গানে।

জগৌ (৩৭৯।৬৫৪), জগতুঃ, জগুঃ, জগিথ জগাথ (৫৬৮)।

ক্ষৈ, গ্লৈ, দৈ, ধ্যৈ, ছো, দো, শো ধাতু গৈ ধাতুর তুল্য।

প্রচ্ছো শ জ্ঞীপ্সে।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	পপ্রচ্ছ	পপ্রচ্ছতুঃ	পপ্রচ্ছুঃ
মধ্যম পুরুষ	পপ্রচ্ছিথ(৫৬৯), পপ্রষ্ঠ(৩৭০)	পপ্রচ্ছথুঃ	পপ্রচ্ছ
উত্তম পুরুষ	পপ্রচ্ছ	পপ্রচ্ছিব (৫৬৭)	পপ্রচ্ছিম

৬৬৬। গুণসাধন প্রত্যয় পরে ভ্রস্‌জ ধাতুর স্থানে বিকল্পে ভর্জ হয় (১)।

ভ্রস্‌জো ঞ শ পাকে।

প্রথম পুরুষ বভর্জ্জ, বভ্রজ্জ (৫১) ; বভর্জ্জতুঃ(৩১৩), বভ্রজ্জতুঃ ;
বভর্জ্জুঃ, বভ্রজ্জুঃ।

মধ্যম পুরুষ বভর্জ্জিথ, বভ্রজ্জিথ ; বভর্ষ্ঠ, বভ্রষ্ঠ (৩৬৯।১৮২)।

আত্মনেপদ—বভর্জ্জে, বভ্রজ্জে।

টু মস্‌জো শ মজ্জনে।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	মমজ্জ(৫১)	মমজ্জতুঃ	মমজ্জুঃ
মধ্যম পুরুষ	মমজ্জিথ(৫৬৯),মমঙ্ক্থ(৫৯৬।৩৬৮)	মমজ্জথুঃ	মমজ্জ
উত্তম পুরুষ	মমজ্জ(৫৬৭)	মমজ্জিব	মমজ্জিম

সৃজো শ সর্গে।

প্রথম পুরুষ	সসর্জ(৩৮৭)	সসৃজতুঃ	সসৃজুঃ
মধ্যম পুরুষ	সসর্জিথ(৫৭০),সস্রষ্ঠ(৫৯৭।৩৬৯)	সসৃজথুঃ	সসৃজ
উত্তম পুরুষ	সসর্জ	সসৃজিব(৫৬৭)	সসৃজিম

দৃশিরৌ প্রেক্ষণে।

প্রথম পুরুষ	দদর্শ	দদৃশতুঃ	দদৃশুঃ
মধ্যম পুরুষ	দদর্শিথ(৫৭০),দদ্রষ্ঠ(৫৯৭।৩৭০)	দদৃশথুঃ	দদৃশ
উত্তম পুরুষ	দদর্শ	দদৃশিব (৫৬৭)	দদৃশিম

---

(১) লট্‌, লোট্‌, লঙ্‌, লুঙ্‌ বিভক্তিতে হয় না ইতি বোপদেব। কিন্তু সিদ্ধান্তকৌমুদীমতে লুঙ্‌ বিভক্তিতে ভর্জ হয়। যথা, অভার্ক্ষীৎ, অভ্রাক্ষীৎ।

শৌ বিশ প্রবেশে—বিবেশ, বিবিশতুঃ, বিবিশুঃ, বিবেশিথ (৫৬৭)।

৬৬৭। লিট্ ও যঙ্ পরে প্যায় ধাতুর স্থানে পী হয়। ও প্যায়ীঙ বৃদ্ধৌ—পিপ্যে, পিপ্যাতে, পিপ্যিরে, পিপ্যিষে।

ব্রস্চু শ ছেদে।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	বব্রশ্চ(৬২)	বব্রশ্চতুঃ	বব্রশ্চুঃ
মধ্যম পুরুষ	বব্রশ্চিথ(৫৪২),বব্রষ্ঠ(৬১০।১৮২)	বব্রশ্চথুঃ	বব্রশ্চ
উত্তম পুরুষ	বব্রশ্চ	বব্রশ্চিব,বব্রশ্চ্ব	বব্রশ্চিম,বব্রশ্চ্ম

মৃজলষ শুদ্ধৌ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	মমার্জ(৪৬০।৪৬১)	মমার্জতুঃ, মমৃজতুঃ	মমার্জুঃ, মমৃজুঃ
মধ্যম পুরুষ	মমার্জিথ, মমার্ষ্ঠ(৫৪২।৩৬৯)	মমার্জথুঃ, মমৃজথুঃ	মমার্জ, মমৃজ
উত্তম পুরুষ	মমার্জ	মমার্জিব (৪৬৫ ৪৬১), মমৃজিব, মমৃজ্ব	মমার্জিম, মমৃজিম,মমৃজ্ম

* কৢপূঙ৯ কল্পনে।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	চকৢপে	চকৢপাতে	চকৢপিরে
মধ্যম পুরুষ	চকৢপিষে, চকৢপ্সে (৫৪২)	চকৢপাথে	চকৢপিঢ্বে(৫৭৭), চকৢব্ধে(৩৬৭)
উত্তম পুরুষ	চকৢপে	চকৢপিবহে, চকৢপ্বহে	চকৢপিমহে, চকৢপ্মহে*

৬৬৮। ম, ব পরে ধাতুর অন্ত্য ম্ স্থানে ন্ হয়। যথা, (ক্ষম + লিট্ মহে) চক্ষণ্মহে (৯১)।

ক্ষমূঙ মর্ষে (ক্ষমাকরা)।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	চক্ষমে	চক্ষমাতে	চক্ষমিরে
মধ্যম পুরুষ	চক্ষমিষে(৫৪২), চক্ষংসে(৫৫)	চক্ষমাথে	চক্ষমিঢ্বে, চক্ষন্ধে
উত্তম পুরুষ	চক্ষমে	চক্ষমিবহে(৫৪২), চক্ষণ্বহে(৬৬৮।৯১)	চক্ষমিমহে, চক্ষণ্মহে

* গুহূঞ্ সংবৃতৌ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	জুগূহ(৪৪২)	জুগুহতুঃ	জুগুহুঃ
মধ্যম পুরুষ	জুগূহিথ(৫৪২।৩৩৮।৪৪২), জুগোঢ় (৩৭৫।৩৭৪।৪৮।৫২)	জুগুহথুঃ	জুগুহ
উত্তম পুরুষ	জুগূহ	জুগুহিব, জুগুহ্ব	জুগুহিম, জুগুহ্ম

আত্মনেপদ, মধ্যমপুরুষ, জুগুহিষে, জুঘুক্ষে (৩৭৫।৩৭৭।৩৭৩।৯৪)*

দুহোঁঞ্ল দোহনে।

প্রথম পুরুষ	দুদোহ	দুদুহতুঃ	দুদুহুঃ
মধ্যম পুরুষ	দুদোহিথ(৫৬৭)	দুদুহথুঃ	দুদুহ

অবশিষ্ট সুগম। দিহ এবং মিহ ধাতু দুহ ধাতুর তুল্য।

মূহ্যঌ বৈচিত্তে।

প্রথম পুরুষ	মুমোহ	মুমুহতুঃ	মুমুহুঃ
মধ্যম পুরুষ	মুমোহিথ(৫৪২), মুমোগ্ধ(৩৭৬।৩৭৪।৩৬৭), মুমোঢ়(৩৭৫।৩৭৪।৪৮)	মুমুহথুঃ	মুমুহ

উত্তম পুরুষ	মুমোহ(৫৪২)	মুমুহিব, মুমুহ্ব	মুমুহিম, মুমুহ্ম

এইরূপ দ্রুহ্যাঁ জিঘাংসে।

* ষ্ণিহ্যাঁ প্রীতৌ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সিষ্ণেহ	সিষ্ণিহতুঃ	সিষ্ণিহুঃ
মধ্যম পুরুষ	সিষ্ণেহিথ, সিষ্ণেগ্ধ(৩৭৬।৩৭৪।৩৬৭), সিষ্ণেঢ়(৩৭৫।৩৭৪।৪৮)	সিষ্ণিহথুঃ	সিষ্ণিহ
উত্তম পুরুষ	সিষ্ণেহ (৫৪২)	সিষ্ণিহিব, সিষ্ণিহ্ব	সিষ্ণিহিম, সিষ্ণিহ্ম

ষ্ণুহ ধাতু (ষ্ণুহ্যাঁ উদ্গারে) ষ্ণিহ ধাতুর তুল্য।

তৃপ্যাঁ প্রীণনে।

প্রথম পুরুষ	ততর্প	ততৃপতুঃ	ততৃপুঃ
মধ্যম পুরুষ	ততর্পিথ(৫৪২), তত্রপ্থ(৬৩৯), ততর্প্থ	ততৃপথুঃ	ততৃপ
উত্তম পুরুষ	ততর্প	ততৃপিব, ততৃপ্ব	ততৃপিম, ততৃপ্ম

এইরূপ দৃপ্যাঁ হর্ষগর্ব্বয়োঃ।

মৃশোঁশ মৃশি। স্পৃশোঁশ স্পৃশি। কৃষোঁ বিলেখনে।

মমর্শ, মমৃশতুঃ, মমৃশুঃ, মমর্শিথ (৫৬৭)	পস্পর্শ, পস্পৃশতুঃ, পস্পৃশুঃ, পস্পর্শিথ	চকর্ষ, চকৃষতুঃ, চকৃষুঃ, চকর্ষিথ

৬৬৯। অপিৎ লিট্ অথবা থপ্ বিহিত ইম্ পরে দ্বিরুক্ত তৄ, ফল, ভজ, ত্রপ, শ্রথ, গ্রথ, দম্ভ ধাতুর পূর্ব্ব ভাগের লোপ এবং পর ভাগের অকারের স্থানে একার হয়।

তৄ প্লবনতরণয়োঃ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ততার (৩৩৯)	তেরতুঃ(৬৫৯।৬৬৯)	তেরুঃ
মধ্যম পুরুষ	তেরিথ	তেরথুঃ	তের
উত্তম পুরুষ	ততার	তেরিব(৬৫৯)	তেরিম

ফলধাতু—পফাল (৩৩৯), ফেলতুঃ, ফেলুঃ, ফেলিথ।

ভজোঞ ভাগসেবয়োঃ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	বভাজ	ভেজতুঃ	ভেজুঃ
মধ্যম পুরুষ	ভেজিথ (৫৬৯), বভক্থ (৩৬৮)	ভেজথুঃ	ভেজ
উত্তম পুরুষ	বভাজ	ভেজিব(৫৬৭)	ভেজিম

আত্মনেপদ—ভেজে, ভেজাতে, ভেজিরে, ভেজিষে।

ত্রপূষঙ লজ্জায়াম্।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ত্রেপে	ত্রেপাতে	ত্রেপিরে
মধ্যম পুরুষ	ত্রেপিষে(৫৪২), ত্রেপ্সে(৬৬৯)	ত্রেপাথে	ত্রেপিঢ্বে (৫৭৭), ত্রেব্ধে (৩৬৭)
উত্তম পুরুষ	ত্রেপে	ত্রেপিবহে, ত্রেপ্বহে	ত্রেপিমহে, ত্রেপ্মহে

* শ্রথ বধে—শশ্রাথ, শ্রেথতুঃ, শ্রেথুঃ, শ্রেথিথ।

৬৭০। ণপ্ভিন্ন লিট্ বিভক্তিতে শ্রন্থ, গ্রন্থ, দন্ভ ধাতুর বিকল্পে নকারের লোপ হয়।

শ্রন্থগ মোক্ষে—শশ্রন্থ, শ্রেথতুঃ (৬৬৯) শশ্রন্থতুঃ, শ্রেথিথ শশ্রন্থিথ। গ্রন্থ ও দন্ভ ধাতু এইরূপ।*

৬৭১। সংযোগশূন্য যে সকল অকারমাত্রস্বরযুক্ত ধাতুর আদ্যন্তে ব্যঞ্জনবর্ণ থাকে, অপিৎ লিট্ অথবা থপ্‌বিহিত ইম্ পরে তাহাদের পূর্ব্বভাগের লোপ এবং পরভাগের অকারের স্থানে একার হয়।

বদ স্থৈর্য্যে (১)।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ববাদ	বেদতুঃ	বেদুঃ
মধ্যম পুরুষ	বেদিথ	বেদথুঃ	বেদ
উত্তম পুরুষ	ববাদ	বেদিব	বেদিম

পত, নদ, চম, শম, চর, চল, দল, যস প্রভৃতি ধাতু বদ ধাতুর তুল্য।

শকোৢ নু শক্তৌ (সমর্থ হওয়া)।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	শশাক(৩৩৯)	শেকতুঃ	শেকুঃ
মধ্যম পুরুষ	শেকিথ(৫৬৯), শশক্থ(৬৭১)	শেকথুঃ	শেক
উত্তম পুরুষ	শশাক	শেকিব(৫৬৭)	শেকিম

(১) এই বদ ধাতু বর্গীয় বকারযুক্ত। লট্—বদতি বেগবান্ বায়ুঃ (স্থিরতাং প্রাপ্নোতীত্যর্থঃ)।

ণমো শব্দ(১)নত্যোঃ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ননাম	নেমতুঃ	নেমুঃ
মধ্যম পুরুষ	নেমিথ, ননন্থ	নেমথুঃ	নেম
উত্তম পুরুষ	ননাম	নেমিব	নেমিম

পচ (উভয়পদী), শদ, সদ, তপ, শপ, যম, দহ, নহ (উভয়পদী) প্রভৃতি ধাতু নম ধাতুর তুল্য।

লভ—লেভে, লেভাতে, লেভিরে, লেভিষে।

যত, পদ, মন, রভ, রম, সহ প্রভৃতি আত্মনেপদী ধাতু লভ ধাতুর তুল্য।

*রধ্য্৯ পাকহিংসয়োঃ।

প্রথম পুরুষ	ররন্ধ(৬২১)	ররন্ধতুঃ	ররন্ধুঃ
মধ্যম পুরুষ	ররন্ধিথ, ররদ্ধ (৩৭৫।৩৬৭)	ররন্ধথুঃ	ররন্ধ
উত্তম পুরুষ	ররন্ধ	ররন্ধিব (৫৪২), রেধ্ব (৬৭১)	ররন্ধিম, রেধ্ম*

৬৭২। ত, থ, স পরে নশ ধাতুর উপান্ত্য স্বরের পর ন্ হয়। (২)

নশ৯য্ নাশে।

ননাশ	নেশতুঃ	নেশুঃ
নেশিথ (৫৪২।৬৭১), ননঙ্ষ্ঠ (৩৭৬।৩৭৪।৩৬৭), ননংষ্ঠ (৬৭২)	নেশথুঃ (৩৭০।৫০)	নেশ

(১) শব্দার্থে প্রায় ব্যবহার হয় না।

(২) ব্যবধান থাকিলে হয় না। যথা, নেশিথ।

ননাশ	নেশিব(৫৪২), নেশ্ব	নেশিম, নেশ্ম

*৬৭৩। শশ, দদ, ও অন্তঃস্থ বকারাদি ধাতুর পূর্ব্ব-ভাগের লোপ এবং পরভাগের অকারের স্থানে একার হয় না।

শশ প্লুতগতৌ—শশাশ, শশশতুঃ, শশশুঃ, শশশিথ।

দদঙ দানে—দদদে, দদদাতে, দদদিরে, দদদিষে।

বজ গতৌ—ববাজ, ববজতুঃ, ববজুঃ, ববজিথ।

বসঙল আচ্ছাদনে—ববসে, ববসাতে, ববসিরে, ববসিষে।*

৬৭৪। সংযোগশূন্য অকারমাত্রস্বরযুক্ত যে সকল ধাতুর পূর্ব্বভাগ পরিবর্ত্তনশীল, তাহাদের আদ্যন্তে ব্যঞ্জনবর্ণ থাকিলেও পূর্ব্বভাগের লোপ ও পরভাগের অকারের স্থানে একার হয় না।

থদ স্থৈর্য্যে বধে চ—চথাদ(৩৩৯)(১) চথদতুঃ, চথদুঃ, চথদিথ।

গদ ভাষে—জগাদ, জগদতু, জগদুঃ, জগদিথ।

৬৭৫। ঙভিন্ন অগুণ স্বরবর্ণ পরে খন, জন, হন, গম, ঘন ধাতুর অকারের লোপ হয়। যথা, চখ্নতুঃ।

খনুঞ বিদারে।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	চখান(৩৩৯)	চখ্নতুঃ	চখ্নুঃ
মধ্যম পুরুষ	চখনিথ	চখ্নথুঃ	চখ্ন
উত্তম পুরুষ	চখান	চখ্নিব	চখ্নিম
আত্মনেপদ—চখ্নে		চখ্নাতে	চখ্নিরে

(১) বোপদেব, উত্তম পুরুষের একবচনে বিকল্পে বৃদ্ধি করিয়া দুই পদ সিদ্ধ করেন। যথা, চখাদ, চখদ। এইরূপ সর্ব্বত্র।

জনীম্যণ্ড জনৌ। X

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	জজ্ঞে(৪৭)	জজ্ঞাতে	জজ্ঞিরে
মধ্যম পুরুষ	জজ্ঞিষে(৫৪১)	জজ্ঞাথে(৫৭৭)	জজ্ঞিঢ্বে
উত্তম পুরুষ	জজ্ঞে	জজ্ঞিবহে	জজ্ঞিমহে

হনলৌ বধে গত্যাম্।

প্রথম পুরুষ	জঘান(৩৯৭)	জঘ্নতুঃ(৬৭৫।৩৯৭)	জঘ্নুঃ
মধ্যম পুরুষ	জঘনিথ, জঘন্থ(৫৯৯)	জঘ্নথুঃ	জঘ্ন
উত্তম পুরুষ	জঘান(৫৬৭)	জঘ্নিব	জঘ্নিম

গমৌঌ গতৌ।

প্রথম পুরুষ	জগাম	জগ্মতুঃ(৬৭৫)	জগ্মুঃ
মধ্যম পুরুষ	জগমিথ,(৫৬৯)জগন্থ	জগ্মথুঃ	জগ্ম
উত্তম পুরুষ	জগাম(৫৬৭)	জগ্মিব	জগ্মিম

৬৭৬। লিট্ বিভক্তিতে অদ ধাতুর স্থানে বিকল্পে ঘস্ হয়। যথা, জঘাস (৩৩৯) আদ।

অদ্‌লৌ ভক্ষণে।

প্রথমপুরুষ	জঘাস(৮৯৮), আদ	জক্ষতুঃ৩৮৩।৩৮৫।৩৮৮।৬৭৫।৩৬৭ আদতুঃ	জক্ষুঃ, আদুঃ
মধ্যম পুরুষ	জঘসিথ, আদিথ(৫৬৭)	জক্ষথুঃ, আদথুঃ	জক্ষ, আদ
উত্তম পুরুষ	জঘাস, আদ	জক্ষিব(৫৬৭), আদিব	জক্ষিম, আদিম

৬৭৭। যে সকল ধাতুর গুণ অথবা নকারলোপ হইলে

আদ্যন্তে অসংযুক্ত ব্যঞ্জনবর্ণ ঘটে, তাহাদের পূর্ব্বভাগের লোপ ও পরভাগের অকারের স্থানে একার হয় না। যথা, (দৄ) দদরতুঃ (৬৫৯)।

৬৭৮। অপিৎ লিট্ বিভক্তি পরে, ব্যঞ্জনবর্ণান্ত ধাতুর উপান্ত্য নকারের বিকল্পে লোপ হয়। যথা, মমথতুঃ,মমন্থতুঃ। সন্‌জৌ সঙ্গে—সসঞ্জ; সসজতুঃ,সসঞ্জতুঃ; সসঞ্জিথ(৫৬৯) সসঙ্ক্থ।

দন্‌শ প্রভৃতি ধাতু এইপ্রকার।

* হ্রস্ব-ইকারেৎ ধাতুর ন-লোপ হয় না (৩৫৯ সূত্র দেখ)। নিদি কুৎসায়াম্—নিনিন্দ, নিনিন্দতুঃ, নিনিন্দুঃ। বদিঙ স্তুতিবন্দনে—ববন্দে, ববন্দাতে, ববন্দিরে। কুন্থ, হিন্স প্রভৃতি ইকারেৎ ধাতু এইরূপ। *

৬৭৯। অপিৎ লিট্ অথবা থপ্‌বিহিত ইম্ পরে দ্বিরুক্ত জৄ, বম, ভ্রম, ত্রস, ফণ, স্বন ধাতুর বিকল্পে পূর্ব্বভাগের লোপ এবং পরভাগের অকারের স্থানে একার হয়। যথা, জেরতুঃ জজরতুঃ (৬৫৯), জেরিথ জজরিথ। বেমতুঃ ববমতুঃ, বেমিথ ববমিথ।

ত্রস প্রভৃতি ধাতু বম ধাতুর তুল্য।

৬৮০। অপিৎ লিট্ অথবা থপ্‌বিহিত ইম্ পরে দ্বিরুক্ত রাজ, ভ্রাজ, ভ্রাশ, ভ্লাশ (১) এবং হিংসার্থ রাধ ধাতুর বিকল্পে পূর্ব্বভাগের লোপ এবং পরভাগের আকারের স্থানে একার হয়। যথা, রাজ—রেজতুঃ ররাজতুঃ, রেজিথ ররাজিথ। আত্মনেপদ—রেজে ররাজে। ভ্রাজ—ভ্রেজে বভ্রাজে ইত্যাদি।

---

(১) দন্ত্যসকারান্ত ভ্রাস, ভ্লাস ধাতুও গ্রাহ্য।

রাধো হিংসে—ররাধ, রেধতুঃ (৬৮০) ররাধতুঃ, রেধিথ ররাধিথ (৫৬৭)। দণ্ডেন সর্পং রেধুঃ (জঘ্নুঃ), আরাধনার্থে—তপস্বিনো দেবমাররাধুঃ।

৬৮১। যে সকল অকারাদি ধাতুর অন্তে সংযুক্তবর্ণ থাকে, লিট্ বিভক্তিতে তাহাদের পূর্ব্বভাগের স্থানে আন্ হয়। যথা, অর্চ্চ—আনর্চ্চ; আনর্চ্চে। অন্চ—আনঞ্চ। অর্দ্দ আনর্দ্দ। অক্ষূ ব্যাপ্তৌ—আনক্ষ; আনক্ষিথ, আনষ্ঠ (১৮২।৫০)। অন্জূধ ঞি গতিম্রক্ষণব্যক্তিষু—আনঞ্জ; আনঞ্জিথ, আনঙ্ক্থ।

৬৮২। লিট্ বিভক্তিতে অশ ধাতু (১) এবং হ্রস্ব ঋকারাদি ধাতুর (২) পূর্ব্বভাগের স্থানে আন্ হয়।

অশূঙ্ ব্যাপ্তিসংহত্যোঃ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	আনশে	আনশাতে	আনশিরে
মধ্যম পুরুষ	আনশিষে, আনক্ষে(৩৭৩)	আনশাথে,	আনশিঢ্বে, আনড্ঢ্বে(৩৭০।৩৭১)
উত্তম পুরুষ	আনশে	আনশিবহে, আনশ্বহে	আনশিমহে, আনশ্মহে

৬৮৩। লিট্ বিভক্তিতে ঋচ্ছ ধাতুর গুণ হয়।

ঋচ্ছশ গতৌ—আনর্চ্ছ, আনর্চ্ছতুঃ, আনর্চ্ছুঃ।

ঋঞ্জঙ্ গতিস্থৈর্য্যয়োঃ—আনৃঞ্জে, আনৃঞ্জাতে।

---

(১) স্বাদিগণীয় অশ্।

(২) কেবল ঋ ধাতুর হয় না। যথা, আরতুঃ।

৬৮৪। লিট্ বিভক্তিতে আন্ছ ধাতুর পূর্ব্বভাগের স্থানে বিকল্পে আন্ হয়। যথা, আছি আয়ামে—আনাঞ্ছ (৩৫৮), আঞ্ছ; আনাঞ্ছতুঃ, আঞ্ছতুঃ (৩৮৫।৩৯০)। দ্যুতঙৎ দীপ্তৌ—দিদ্যুতে (৩৯২), দিদ্যুতিষে, দিদ্যুতিঢ্বে (৫৭৭)।

৬৮৫। লিট্ বিভক্তিতে, দ্বিরুক্ত ব্যথ, ব্যচ, জ্যা, ব্যধ ধাতুর পূর্ব্বভাগের অকার ইকার হয়। যথা, ব্যথ—বিব্যথে, বিব্যথাতে। ব্যচ—বিব্যাচ, বিবিচতুঃ (৩৯৯), বিবিচিথ (৫৮৯)(১)। জ্যা—জিজ্যৌ, জিজ্যতুঃ (৬৫১), জিজ্যিথ জিজ্যাথ (৫৬৮)। ব্যধ—বিব্যাধ (৪০১), বিবিধতুঃ, বিব্যধিথ বিব্যদ্ধ (৫৭৩)।

৬৮৬। লিট্ বিভক্তিতে দ্বিরুক্ত যজ ধাতুর পূর্ব্ব ভাগের স্থানে ই হয়। যথা, ইয়াজ (৩৫৯)।

যজোঞ দেবার্চ্চায়াম্।

পরস্মৈপদ—ইয়াজ, ঈজতুঃ (৪০৮), ইয়জিথ ইয়ষ্ঠ (৩৬৯)। আত্মনেপদ—ঈজে (৬৮৬।৪০৮), ঈজাতে, ঈজিরে।

গ্রহঞ গাদানে।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	জগ্রাহ (৩৮৩।৩৮৫।৩৯০।৩৮৮।৩৩৯)	জগৃহতুঃ (৪০৪)	জগৃহুঃ
মধ্যম পুরুষ	জগ্রহিথ	জগৃহথুঃ	জগৃহ
উত্তম পুরুষ	জগ্রাহ	জগৃহিব	জগৃহিম

আত্মনেপদ—জগৃহে, জগৃহিষে, জগৃহিঢ্বে জগৃহিধ্বে (৫৭৮)।

---

(১) বিব্যচিথ ইত্যন্যে।

৬৮৭। লিট্ বিভক্তিতে দ্বিরুক্ত বচ (১), বদ (২), বপ, স্বপ, বশ, বস (৩), বহ ধাতুর পূর্ব্বভাগের স্বরযুক্ত ব স্থানে উ হয়। যথা, উবাচ ইত্যাদি।

বচলৌ বাচি।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	উবাচ(৫৩৯)	উচতুঃ (৪০৯)	ঊচুঃ
মধ্যম পুরুষ	উবচিথ,উবক্থ(৫৬৯)	উচথুঃ	উচ
উত্তম পুরুষ	উবাচ	উচিব(৫৬৭)	উচিম

ব্রূ ধাতু বচ ধাতুর তুল্য (৬২৭)।

বদ কথনে (২)।

প্রথম পুরুষ	উবাদ	উদতুঃ (৪০৯)	উদুঃ
মধ্যম পুরুষ	উবদিথ (৫৪১)	উদথুঃ	উদ
উত্তম পুরুষ	উবাদ	উদিব	উদিম

বপোঁঞ লোমচ্ছেদে তন্তুবীজয়োর্ব্বপনে চ।

প্রথম পুরুষ	উবাপ	উপতুঃ(৪০৯)	উপুঃ
মধ্যম পুরুষ	উবপিথ, উবপ্থ(৫৬৯)	উপথুঃ	উপ
উত্তম পুরুষ	উবাপ	উপিব (৫৬৭)	উপিম

---

(১) অদাদিগণীয় বচ। (২) অন্তঃস্থ-বকারাদি বদ।
(৩) ভ্বাদিগণীয় বস।

স্বপো ষ্বু স্বপনে।

প্রথম পুরুষ	সুষ্বাপ	সুষুপতুঃ (৪০৯)	সুষুপুঃ
মধ্যম পুরুষ	সুষ্বপিথ, সুষ্বপ্থ (৫৬৯)	সুষুপথুঃ	সুষুপ
উত্তম পুরুষ	সুষ্বাপ	সুষুপিব (৫৬৭)	সুষুপিম

বশল কান্তৌ—উবাশ, উশতুঃ (৪০৩), উশুঃ, উবশিথ।

ঐ বসৌ নিবাসে।

প্রথম পুরুষ	উবাস	ঊষতুঃ	ঊষুঃ
মধ্যম পুরুষ	উবসিথ, উবস্থ	ঊষথুঃ	ঊষ
উত্তম পুরুষ	উবাস	ঊষিব (৫৬৭)	ঊষিম

বহ ঞৌ প্রাপণে।

পরস্মৈপদ।

প্রথম পুরুষ	উবাহ	ঊহতুঃ	ঊহুঃ
মধ্যম পুরুষ	উবহিথ, উবোঢ় (৩৭৫।৫৯৯)	ঊহথুঃ	ঊহ
উত্তম পুরুষ	উবাহ	ঊহিব (৫৬৭)	ঊহিম

আত্মনেপদ।

প্রথম পুরুষ	ঊহে	ঊহাতে	ঊহিরে
মধ্যম পুরুষ	ঊহিষে	ঊহাথে	ঊহিঢ্বে (৫৭৮), ঊহিধ্বে
উত্তম পুরুষ	ঊহে	ঊহিবহে	ঊহিমহে

হ্বে ঞৈ আহ্বানে স্পর্দ্ধায়াঞ্চ।

পরস্মৈপদ।

প্রথম পুরুষ	জুহাব (৪১১)	জুহুবতুঃ (৩৬২)	জুহুবুঃ
মধ্যম পুরুষ	জুহবিথ, জুহোথ (৫৬৮)	জুহুবথুঃ	জুহুব
উত্তম পুরুষ	জুহাব	জুহুবিব (৫৬৭)	জুহুবিম

আত্মনেপদ।

প্রথম পুরুষ	জুহুবে	জুহুবাতে	জুহুবিরে
মধ্যম পুরুষ	জুহুবিষে(৫৬৭)	জুহুবাথে	জুহুবিঢ্বে(৫৭৮), জুহুবিধ্বে
উত্তম পুরুষ	জুহুবে	জুহুবিবহে	জুহুবিমহে

টুৈ ও শ্বি গতিবৃদ্ধ্যোঃ।

প্রথম পুরুষ	শুশাব(৪১১), শিশ্বায়	শুশুবতুঃ(৩৬১), শিশ্বয়তুঃ	শুশুবুঃ, শিশ্বিয়ুঃ
মধ্যম পুরুষ	শুশবিথ, শিশ্বয়িথ	শুশুবথুঃ, শিশ্বিয়থুঃ	শুশুব, শিশ্বিয়
উত্তম পুরুষ	শুশাব, শিশ্বায়	শুশুবিব, শিশ্বিয়িব	শুশুবিম, শিশ্বিয়িম

৬৮৮। ঋচ্ছ এবং ঊর্ণু ভিন্ন যে সকল ধাতুর আদিতে ঈ প্রভৃতি গুরু স্বর থাকে, লিট্ বিভক্তিতে তাহাদের উত্তর আম্ হয়(১)।

৬৮৯। লিট্ বিভক্তিতে আমন্ত ধাতুর উত্তর ক্রমে ভূ, অস্ (২), কৃ ধাতুর প্রয়োগ হয় (৩)। যথা, ইন্দাম্বভূব, ইন্দামাস, ইন্দাঞ্চকার।

(১) আম্ হইবার সম্ভাবনা থাকিলে মূল ধাতুর দ্বিত্ব হয় না। কিন্তু আমের উত্তর ভূ, অস্, কৃ প্রয়োগ করিলে, তাহাদের দ্বিত্ব হয়।

(২) ভূ এবং অস্ উভয় ধাতুর প্রয়োগ বিধান হেতু অস্ ধাতুর স্থানে ভূ আদেশ হয় না। তাহা হইলে অস্প্রয়োগ ব্যর্থ হয়।

(৩) কখন কখন উপসর্গের সহিতও কৃ প্রয়োগ হয়। যথা, উক্ষাম্প্রচক্রুঃ।

৬৯০। কর্ত্তৃবাচ্যে, আমন্ত আত্মনেপদী ধাতুর উত্তর ভূ, অস্ প্রয়োগ করিলে, আত্মনেপদের স্থানে যথাক্রমে পরস্মৈপদ হয় (১)। যথা, ঈক্ষাম্বভূব, ঈক্ষামাস।

৬৯১। কর্ত্তৃবাচ্যে আমন্ত ধাতুর উত্তর কৃ প্রয়োগ করিলে মূল ধাতু পরস্মৈপদী হইলে পরস্মৈপদ, আত্মনেপদী হইলে আত্মনেপদ, উভয়পদী হইলে উভয়পদ হয়। যথা, ইন্ধাঞ্চকার; ঈক্ষাঞ্চক্রে; ইন্ধাম্বভূব, ইন্ধামাস, ইন্ধাঞ্চক্রে। এজ, ঈড়, এধ (২), ঈশ, ঈক্ষ, ঈহ, ঊহ প্রভৃতি আত্মনেপদী ধাতু ইন্ধধাতুর তুল্য।

* ঋচ্ছ ও ঊর্ণু ধাতুর আদিতে গুরু স্বর থাকিলেও আম্ হয় না। (৬৮৮ সূত্র দেখ।)

৬৯২। গুণসাধনযোগ্য ইম্ পরে ঊর্ণু ধাতুর বিকল্পে গুণ হয়। যথা, ঊর্ণুনবিথ, ঊর্ণুনুবিথ (৩৯৪।৩৯২।৩১৮।৩৬২)। ঊর্ণুধাতু পরস্মৈপদ—ঊর্ণুনাব(৩৩৯) ঊর্ণুনুবতুঃ ৩৬২) ঊর্ণুনুবুঃ আত্মনেপদ— ঊর্ণুনুবে ঊর্ণুনুবাতে ঊর্ণুনুবিরে*

৬৯৩। লিট্ বিভক্তিতে অয়, দয়, আস, এবং একাধিক স্বরযুক্ত ধাতুর উত্তর আম্ হয়। যথা, অয়াম্বভূব, অয়ামাস, অয়াঞ্চক্রে (৬৯১)। দয় ও আস ধাতু এইরূপ।

দীধী—দীধ্যাম্বভূব (৪৫০), দীধ্যামাস, দীধ্যাঞ্চক্রে।

চকাস—চকাসাম্বভূব, চকাসামাস, চকাসাঞ্চকার।

---

(১) ব্যতিহারে বা কর্ম্মবাচ্যে বা ভাববাচ্যে পরস্মৈপদ হয় না। যথা, ঈহাম্ব্যতিবভূবে ছাত্রঃ। ঈক্ষামাসে ঈক্ষাম্বভূবে চন্দ্রো জনেন।

(২) কোন কোন আচার্য্যের মতে এধ প্রভৃতি ধাতুর উত্তর কেবল কৃ ধাতুর প্রয়োগ হয়।

৬৯৪। লিট্ বিভক্তিতে প্রত্যয়ান্ত ধাতুর উত্তর আম্ হয়।

রোগাপনয়ন ও সংশয়ার্থে কিত ধাতু—চিকিৎসাম্বভূব (৪২৪), চিকিৎসামাস, চিকিৎসাঞ্চকার।

নিন্দার্থে বধ ধাতু—বীভৎসাম্বভূব (৪২৮), বীভৎসামাস, বীভৎসাঞ্চক্রে।

রক্ষার্থ গুপ—গোপায়াম্বভূব (৪২১), গোপায়ামাস, গোপায়াঞ্চকার, জুগোপ। এইরূপ ধূপ।

নিন্দার্থ গুপ—জুগুপ্সাম্বভূব (৪২৭), জুগুপ্সামাস, জুগুপ্সাঞ্চক্রে।

চুর—চোরয়াম্বভূব, চোরয়ামাস, চোরয়াঞ্চকার, চুচোর।

আ + কৃ—আকারয়াম্বভূব (৬৯০), আকারয়ামাস, আকারয়াঞ্চক্রে।

স্ব (নামধাতু) (১)—স্বাম্বভূব, স্বামাস, স্বাঞ্চকার।

সমস্ত প্রত্যয়ান্ত ধাতু এইরূপ।

৬৯৫। লিট্ বিভক্তিতে দরিদ্রা, জাগৃ, কাশ, উষ, কাস ধাতুর উত্তর বিকল্পে আম্ হয়।

দরিদ্রা—দরিদ্রাম্বভূব, দরিদ্রামাস, দরিদ্রাঞ্চকার (৪৪৬), দদরিদ্র (দদরিদ্রৌ ইতি কেচিৎ)।

৬৯৬। জাগৃ ধাতুর গুণ হয় (২), ণপ্, ইণ্ ও ঙিৎ পরে হয় না।

---

(১) স্ব (শব্দ) + ক্বি = স্ব ধাতু (৮৩৫)।

(২) ৩৩৮ সূত্র দ্বারা জাগৃ ধাতুর গুণপ্রাপ্তির সম্ভাবনা থাকিলেও স্থলবিশেষে অগুণ প্রত্যয় পরে গুণ, এবং ঞি, ঘঞ্ প্রভৃতি প্রত্যয় পরে বৃদ্ধির পরিবর্ত্তে গুণপ্রাপ্তির জন্য পৃথক্ বিধি হইল। যথা, (যক্) জাগর্য্যতে, (ঞি) জাগরয়তি, (ঘঞ্) জাগরঃ, ইত্যাদি; (ণপ্) জজাগার; (ইণ্) অজাগারি; (ঙিৎ) জাগৃতঃ (৩১০)।

জাগৃ—জাগরাম্বভূব, জাগরামাস, জাগরাঞ্চকার, জজাগার
জাগরাম্বভূবতুঃ, জাগরামাসতুঃ,জাগরাঞ্চক্রতুঃ,জজাগরতুঃ
কাশাদি ধাতু এইরূপ।

৬৯৭। লিট্ বিভক্তিতে অদাদিগণীয় বিদ ধাতুর উত্তর বিকল্পে আম্ হয়, গুণ হয় না। যথা, বিদ ল জ্ঞানে—বিদাম্বভূব, বিদামাস, বিদাঞ্চকার, বিবেদ।

৬৯৮। লিট্ বিভক্তিতে ভী, হ্রী, হু, ভৃ ধাতুর উত্তর বিকল্পে আম্ হয়, আম্ পরে এই সকল ধাতুর দ্বিত্ব হয়।
ভী—বিভয়াম্বভূব, বিভয়ামাস, বিভয়াঞ্চকার, বিভায়।
হ্রী—জিহ্রয়াম্বভূব, জিহ্রয়ামাস, জিহ্রয়াঞ্চকার, জিহ্রায়।
হু—জুহবাম্বভূব, জুহবামাস, জুহবাঞ্চকার, জুহাব।
ভৃ—বিভরাম্বভূব, বিভরামাস, বিভরাঞ্চকার, বভার।

লিট্ সমাপ্ত।

* অতিরিক্ত লিট্ বিভক্তির উদাহরণ।

১ শ্রিঞ সেবায়াম্—শিশ্রায়, শিশ্রিয়তুঃ, শিশ্রয়িথ।
২ ডু ক্রী ঞ দ্রব্যবিপর্য্যয়ে—চিক্রায়, চিক্রিয়তুঃ, চিক্রয়িথ চিক্রেথ (৫৬৮)।
৩ ডু মি ঞ ন ক্ষেপে, বা মী ঞ গ বধে—মমৌ, মিম্যতুঃ, মমিথ মমাথ (৬০৪)।
৪ শী ঙ ল শয়নে—শিশ্যে, শিশ্যাতে, শিশ্যিরে, শিশ্যিষে।
৫ ঢৌক্ঙ গত্যাম্—ডুঢৌকে, ডুঢৌকাতে, ডুঢৌকিরে, ডুঢৌকিষে।

৬ লোকৃঙ দর্শনে—লুলোকে, লুলোকাতে, লুলোকিরে, লুলোকিষে ।

৭ উথ গতৌ—উবোথ (৩৯৩), উথতুঃ ।

৮ মুচৌ ঞ ৯ শ প মোক্ষে—মুমোচ, মুমুচতুঃ, মুমুচুঃ, মুমোচিথ ।

আত্মনেপদ—মুমুচে, মুমুচাতে, মুমুচিরে, মুমুচিষে ।

৯ ষিচৌ ঞ শ প সেচনে—সিষেচ, সিষিচতুঃ, সিষিচুঃ, সিষেচিথ ।

আত্মনেপদ—সিষিচে, সিষিচাতে, সিষিচিরে, সিষিচিষে ।

১০ রুচ ঙ ৯ প্রীতিপ্রকাশয়োঃ—রুরুচে, রুরুচাতে, রুরুচিরে, রুরুচিষে ।

১১ অজ গতৌ—বিবায় (৬০৫), বিবয়িথ (৫৬৮), বিবেথ, আজিথ ।

১২ ভুজ ধৌ ভক্ষণে (ভোজনার্থে আত্মনেপদ)—বুভুজে, বুভুজাতে, বুভুজিষে ।

ভুজ(পালনার্থে পরস্মৈপদ)—বুভোজ,বুভুজতুঃ,বুভোজিথ ।

১৩ যুজিধৌ ঞ যুজৌ (যুক্ত করা)—যুযোজ, যুযুজতুঃ, যুযোজিথ ।

আত্মনেপদ—যুযুজে, যুযুজাতে, যুযুজিষে ।

১৪ রুজো শৌ ভঙ্গে—রুরোজ, রুরুজতুঃ, রুরোজিথ ।

১৫ কুট শি কৌটিল্যে—চুকোট, চুকুটতুঃ, চুকুটুঃ, চুকুটিথ (৫৮৯) । ক্রুট, স্ফুট, লুঠ, স্ফুর প্রভৃতি কুটাদি ধাতু কুট ধাতুর তুল্য ।

১৬ চ্যুতির্ ক্ষরণে—চুচ্যোত, চুচ্যুততুঃ, চুচ্যোতিথ ।

১৭ কৃতী শ প ছিদি—চকর্ত্ত, চকৃততুঃ, চকর্ত্তিথ।

১৮ কৄত ক সংশব্দে—কীর্ত্তয়াম্বভূব, কীর্ত্তয়ামাস, কীর্ত্তয়াঞ্চকার।

১৯ নৃত্য নর্ত্তনে—ননর্ত্ত, ননৃততুঃ, ননর্ত্তিথ।

২০ বৃত ঙ ন বর্ত্তনে—ববৃতে, ববৃতাতে, ববৃতিষে।

২১ ছিদিধৌ ঞ ছেদনে—চিচ্ছেদ, চিচ্ছিদতুঃ, চিচ্ছেদিথ।

২২ ভিদিধৌ ঞ বিদারণে—বিভেদ, বিভিদতুঃ, বিভেদিথ।

২৩ তুদৌ ঞ শ ব্যথে—তুতোদ, তুতুদতুঃ, তুতোদিথ।

আত্মনেপদ—তুতুদে, তুতুদাতে, তুতুদিষে।

২৪ রুদির্ ল রোদনে—রুরোদ, রুরুদতুঃ, রুরোদিথ।

২৫ বদি ঙ স্তুতিবন্দনে (বন্দ ধাতু)—ববন্দে, ববন্দাতে, ববন্দিষে।

২৬ ক্রুধো ন কোপে—চুক্রোধ, চুক্রুধতুঃ, চুক্রোধিথ।

২৭ রুধিধৌ ঞ রোধে—রুরোধ, রুরুধতুঃ, রুরোধিথ।

আত্মনেপদ—রুরুধে, রুরুধাতে, রুরুধিষে।

২৮ বুধ্যো ঙ বোধনে—বুবুধে, বুবুধাতে, বুবুধিষে।

২৯ আপ্ ন নৌ প্রাপণে—আপ, আপতুঃ, আপিথ।

৩০ ক্ষিপ শৌ ঞ ক্ষেপে—চিক্ষেপ, চিক্ষিপতুঃ, চিক্ষেপিথ।

আত্মনেপদ—চিক্ষিপে, চিক্ষিপাতে, চিক্ষিপিষে।

৩১ কুপ্য ইঁ কোপে—চুকোপ, চুকুপতুঃ, চুকোপিথ।

৩২ ঞি লিপৌ ঞ শ প লেপে—লিলেপ, লিলিপতুঃ, লিলেপিথ।

আত্মনেপদ—লিলিপে, লিলিপাতে, লিলিপিষে।

৩৩ দীপীঙ্য দীপনে—দিদীপে, দিদীপাতে, দিদীপিষে।

৩৪ সৃপ্লৌ ন গতৌ—সসর্প, সসৃপতুঃ, সসর্পিথ।

৩৫ শুভ ঙ ৯ দীপ্তৌ—শুশুভে, শুশুভাতে, শুশুভিরে।

৩৬ কমুঙ কান্তৌ—কাময়াঞ্চক্রে (৪৩১), চকমে।

৩৭ ক্রমু পাদবিক্ষেপে—চক্রাম, চক্রমতুঃ, চক্রমিথ।

৩৮ স্ফায়ীঙ বৃদ্ধৌ—পস্ফায়ে, (লিট্-সে) পস্ফায়িষে পস্ফাসে (৫৪২।৩৮১)।

৩৯ ষ্ঠিবু নিবসনে—তিষ্ঠেব (৩৮৫।৩৯০।৩৯১), টিষ্ঠেব (৩৮৯)।

৪০ সেবৃঙ সেবায়াম্—সিষেবে, সিষেবাতে, সিষেবিষে।

৪১ দিশ শৌ প্রাতিসর্জনে—দিদেশ, দিদিশতুঃ, দিদেশিথ।

৪২ ইষু শ বাঞ্ছায়াম্—ইয়েষ, ঈষতুঃ, ইয়েষিথ।

৪৩ চক্ষ ঙ ল কথনে—চকশে, চখ্যৌ (৮২৫।৬৫১), চচক্ষে।

৪৪ নিক্ষ চুম্বনে—নিনিক্ষ, নিনিক্ষতুঃ, নিনিক্ষুঃ।

৪৫ রক্ষ পালনে—ররক্ষ, ররক্ষতুঃ, ররক্ষুঃ।

৪৬ পুষ্যৌ ৯ পুষ্টৌ—পুপোষ, পুপুষতুঃ, পুপোষিথ।

৪৭ ভাষ ঙ কথনে—বভাষে, বভাষাতে, বভাষিবে।

৪৮ শ্লিষ্যৌ ৯ শ্লেষে—শিশ্লেষ, শিশ্লিষতুঃ, শিশ্লেষিথ।

৪৯ শাস ক্ষু শাসনে—শশাস, শশাসতুঃ, শশাসুঃ।

আশীর্লিঙ্।

ভা ল দীপ্তৌ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ভায়াৎ	ভায়াস্তাম্	ভায়াসুঃ
মধ্যম পুরুষ	ভায়াঃ	ভায়াস্তম্	ভায়াস্ত
উত্তম পুরুষ	ভায়াসম্	ভায়াস্ব	ভায়াস্ম

যা, রা, লা, বা প্রভৃতি আকারান্ত ধাতু ভা ধাতুর তুল্য।

৬৯৯। আশীর্লিঙের য পরে দা (১), ধা, পা (২), মা, স্থা, হাক, গৈ, সো ধাতুর আকার একার হয়।

দা ধাতু—দেয়াৎ দেয়াস্তাম্ দেয়াসুঃ

ধা, পা প্রভৃতি ধাতু দা ধাতুর তুল্য।

৭০০। দরিদ্রা, স্থা ভিন্ন যে সকল আকারান্ত ধাতুর আদিতে সংযুক্ত বর্ণ থাকে, আশীর্লিঙের য পরে তাহাদের আকার বিকল্পে একার হয়।

দ্রা ধাতু—দ্রেয়াৎ, দ্রায়াৎ } দ্রেয়াস্তাম্, দ্রায়াস্তাম্ } দ্রেয়াসুঃ, দ্রায়াসুঃ

খ্যা, জ্ঞা, দ্রা, ধ্মা, প্সা, ম্না, শ্রা, স্না প্রভৃতি সংযোগাদি আকারান্ত ধাতু দ্রা ধাতুর তুল্য।

দরিদ্রা ধাতু—দরিদ্র্যাৎ (৪৪৬) দরিদ্র্যাস্তাম্ দরিদ্র্যাসুঃ

স্থা ধাতু— স্থেয়াৎ (৬৯৯) স্থেয়াস্তাম্ স্থেয়াসুঃ

৭০১। আশীর্লিঙের য পরে, ধাতুর অন্ত্য ইকার উকার দীর্ঘ হয়। যথা, ক্ষি—ক্ষীয়াৎ, নু—নূয়াৎ, শ্রু—শ্রূয়াৎ।

৭০২। উপসর্গ পূর্ব্বে থাকিলে, আশীর্লিঙের য পরে ইন্ ধাতুর দীর্ঘ হয় না। যথা, অন্বিয়াৎ।

ভূ—ভূয়াৎ, ভূয়াস্তাম্, ভূয়াসুঃ।

৭০৩। আশীর্লিঙের য পরে, ধাতুর অন্ত্য হ্রস্ব ঋ স্থানে রি হয়, দীর্ঘ হয় না। যথা, ক্রিয়াৎ, ভ্রিয়াৎ।

---

(১) প-ইৎ দা ধাতুর হয় না। যথা, দৈপ ধাতু—দায়াৎ।

(২) ভ্বাদিগণীয় পা ধাতু।

জাগৃ ও ঋ ধাতু ভিন্ন সংযোগশূন্য হ্রস্ব ঋকারান্ত ধাতু এইপ্রকার। জাগৃ—জাগর্য্যাৎ (৬৯৬)।

৭০৪। আশীর্লিঙের য পরে, স্কৃ ভিন্ন সংযোগাদি হ্রস্ব-ঋকারান্ত ধাতু ও ঋ ধাতুর গুণ হয়। যথা, স্মৃ—স্মর্য্যাৎ, ঋ—অর্য্যাৎ। সম্ + কৃ—সংস্ক্রিয়াৎ (৭০৩।৫২৫)।

৭০৫। আশীর্লিঙের আত্মনেপদে অনিম্ (১) ধাতুর অন্ত্য ঋ ৠ এবং উপান্ত্য স্বরের গুণ হয় না। যথা, কৃ—কৃষীষ্ট, কৄ—কীর্ষীষ্ট, ভুজ—ভুক্ষীষ্ট, ইত্যাদি।

৭০৬। আশীর্লিঙে হন ধাতুর স্থানে বধ হয়। যথা, হন—বধ্যাৎ।

আশীর্লিঙ্ সমাপ্ত।

অতিরিক্ত আশীর্লিঙ্।

বৃ—ব্রিয়াৎ (৭০৩); আত্মনেপদ—বরিষীষ্ট (৫৪৭), বৃষীষ্ট (৭০৫)। স্তৃ—স্তর্য্যাৎ (৭০৪); আত্মনেপদ—স্তরিষীষ্ট (৫৫৬), স্তৃষীষ্ট (৭০৫)। কৄ—কীর্য্যাৎ (৬৬১।২০৯); আত্মনেপদ—করিষীষ্ট (৫৪৭), কীর্ষীষ্ট (৭০৫)। পৄ—পূর্য্যাৎ (৬৬১।২০৯)। সিচ—সিচ্যাৎ; আত্মনেপদ—সিক্ষীষ্ট (৭০৫।৩৬৮)। ভিদ—ভিদ্যাৎ; আত্মনেপদ—ভিৎসীষ্ট (৭০৫।৩৬৭)। বুধ—ভুৎসীষ্ট (৩৭৭।৩৬৭)। যুধ—যুৎসীষ্ট। দিশ—দিশ্যাৎ; আত্মনেপদ—দিক্ষীষ্ট। দুহ—দুহ্যাৎ; আত্মনেপদ—ধুক্ষীষ্ট (৭০৫।৩৭৫।৩৭৭।৩৬৭)।

(১) ইমের বিকল্পপক্ষে অনিম্ হইলেও গ্রাহ্য।

লুট্, লৃট্, লৃঙ্।

গদ ভাষে।

লুট্।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	গদিতা (৫৪১)	গদিতারৌ	গদিতারঃ
মধ্যম পুরুষ	গদিতাসি	গদিতাস্থঃ	গদিতাস্থ
উত্তম পুরুষ	গদিতাস্মি	গদিতাস্বঃ	গদিতাস্মঃ

লৃট্।

প্রথম পুরুষ	গদিষ্যতি	গদিষ্যতঃ	গদিষ্যন্তি
মধ্যম পুরুষ	গদিষ্যসি	গদিষ্যথঃ	গদিষ্যথ
উত্তম পুরুষ	গদিষ্যামি	গদিষ্যাবঃ	গদিষ্যামঃ

লৃঙ্।

প্রথম পুরুষ	অগদিষ্যৎ	অগদিষ্যতাম্	অগদিষ্যন্
মধ্যম পুরুষ	অগদিষ্যঃ	অগদিষ্যতম্	অগদিষ্যত
উত্তম পুরুষ	অগদিষ্যম্	অগদিষ্যাব	অগদিষ্যাম

(উভয়পদী—রাজ), ব্রজ, কট, পত, গ্রন্থ, মন্থ, শ্রন্থ, অর্দ, খদ, নদ, বদ, (উভয়পদী—ক্ষণ, খন, তন, সন), স্বন, লপ, ক্রম, ক্লম, চম, ভ্রম, বম, শম, দল, ফল, বশ, শশ, ভ্রন্শ, (আত্মনেপদী—কাশ, ভ্রাশ, ভাষ, কাস, ভাস, ভ্রাস), চকাস, ত্রস, শাস, হস প্রভৃতি ধাতু গদ ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লুট্	লৃঙ্
(অদাদিগণীয়)বিদ(১)	বেদিতা	বেদিষ্যতি	অবেদিষ্যৎ

চিত, সিধ, দিব, সিব, ষ্ঠিব প্রভৃতি ধাতু এই বিদ ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লুট্	লৃঙ্
দ্যুত	দ্যোতিতা	দ্যোতিষ্যতে	অদ্যোতিষ্যত
বৃত	বর্ত্তিতা	বর্ত্তিষ্যতে	অবর্ত্তিষ্যত
গ্রহ	গ্রহীতা (৫৮৪)	গ্রহীষ্যতি	অগ্রহীষ্যৎ
আত্মনেপদ—	গ্রহীতা	গ্রহীষ্যতে	অগ্রহীষ্যত
কথ	কথয়িতা	কথয়িষ্যতি	অকথয়িষ্যৎ

সমস্ত চুরাদিগণীয় ধাতু এবং ণ্যন্ত ধাতু কথ ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লুট্	লৃঙ্
স্না	স্নাতা (৫৫০)	স্নাস্যতি	অস্নাস্যৎ

দরিদ্রা ভিন্ন সমস্ত আকারান্ত ধাতু স্না ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লুট্	লৃঙ্
দরিদ্রা	দরিদ্রিতা (৪৪৩)	দরিদ্রিষ্যতি	অদরিদ্রিষ্যৎ
ই	এতা (৫৫১)	এষ্যতি	ঐষ্যৎ (৩৪৮)
অধি+ই	অধ্যেতা	অধ্যেষ্যতে	অধ্যগীষ্যত, অধ্যৈষ্যত
জি	জেতা	জেষ্যতি	অজেষ্যৎ

শ্রি, শ্বি ভিন্ন একস্বর হ্রস্ব-ইকারান্ত ধাতু জি ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লুট্	লৃঙ্
শ্রি	শ্রয়িতা	শ্রয়িষ্যতি	অশ্রয়িষ্যৎ
নী	নেতা (৫৫২)	নেষ্যতি	অনেষ্যৎ

ডী, শী ভিন্ন সমুদায় একস্বর দীর্ঘ-ঈকারান্ত ধাতু নীধাতুর তুল্য।

(১) দিবাদি ও রুধাদিগণীয় বিদ ধাতু আত্মনেপদী অনিম্; লুট্— বেত্তা; লৃট্—বেৎস্যতে। তুদাদিগণীয় বিদ ধাতু অনিম্ উভয়পদী— দি ।। দিগণীয় বিদ ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লৃট্	লঙ্
শী	শয়িতা	শয়িষ্যতে	অশয়িষ্যত
শ্রু	শ্রোতা(৫৫৩)	শ্রোষ্যতি	অশ্রোষ্যৎ

হু, সু, যু, রু, স্নু, নু, ক্ষু, ক্ষ্ণু ভিন্ন একস্বর হ্রস্ব-উকারান্ত ধাতু শ্রু ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লৃট্	লঙ্
যু	যবিতা	যবিষ্যতি	অযবিষ্যৎ
ভূ	ভবিতা	ভবিষ্যতি	অভবিষ্যৎ

অধিকাংশ দীর্ঘ-উকারান্ত ধাতু ভূ ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লৃট্	লঙ্
দীর্ঘ-উকারান্ত তুদাদিগণীয় নূ	নুবিতা(৫৮৯।৩৬২)	নুবিষ্যতি	অনুবিষ্যৎ
কৃ	কর্ত্তা (৫৫৪)	করিষ্যতি	অকরিষ্যৎ

আত্মনেপদ এইপ্রকার।

জাগৃ, বৃ, স্বৃ ভিন্ন সমুদায় হ্রস্ব ঋকারান্ত ধাতু কৃ ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লৃট্	লঙ্
জাগৃ	জাগরিতা	জাগরিষ্যতি	অজাগরিষ্যৎ
বৃ	বরীতা(৬০৯), বরিতা	বরীষ্যতি, বরিষ্যতি	অবরীষ্যৎ, অবরিষ্যৎ

আত্মনেপদ এইরূপ।

ধাতু	লুট্	লৃট্	লঙ্
তৄ	তরীতা, তরিতা	তরীষ্যতি, তরিষ্যতি	অতরীষ্যৎ, অতরিষ্যৎ

কৄ, জৄ, দৄ, স্তৄ প্রভৃতি দীর্ঘ-ঋকারান্ত ধাতু তৄ ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লৃট্	লঙ্
পচ	পক্তা(৫৫৫।৩৬৮)	পক্ষ্যতি	অপক্ষ্যৎ

বচ্ প্রভৃতি অনিম্ চান্ত ধাতু পচ ধাতুর তুল্য।

ব্রূ ধাতুর স্থানে বচ হয় (৬২৭), সুতরাং উহা বচ ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লৃট্	লৃঙ্
প্রছ	প্রষ্টা (৩৭০)	প্রক্ষ্যতি (৩৭৩)	অপ্রক্ষ্যৎ
ত্যজ	ত্যক্তা (৩৬৮)	ত্যক্ষ্যতি	অত্যক্ষ্যৎ
ভন্জ	ভঙ্ক্তা	ভঙ্ক্ষ্যতি	অভঙ্ক্ষ্যৎ

রন্জ, সন্জ প্রভৃতি ধাতু ভন্জ ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লৃট্	লৃঙ্
মস্জ	মঙ্ক্তা (৫৯৬।৩৬৮)	মঙ্ক্ষ্যতি	অমঙ্ক্ষ্যৎ
ভ্রস্জ	ভর্ষ্টা (৯৬৬), ভ্রষ্টা (১৮২।৩৬৯)	ভর্ক্ষ্যতি(৩৬৮), ভ্রক্ষ্যতি	অভর্ক্ষ্যৎ, অভ্রক্ষ্যৎ
সৃজ	স্রষ্টা	স্রক্ষ্যতি	অস্রক্ষ্যৎ
বুধ	বোদ্ধা	ভোৎস্যতে (৩৭৭)	অভোৎস্যত
মন	মন্তা	মংস্যতে	অমংস্যত
হন	হন্তা	হনিষ্যতি (৫৬২)	অহনিষ্যৎ
আপ	আপ্তা	আপ্স্যতি	আপ্স্যৎ
তপ	তপ্তা	তপ্স্যতি	অতপ্স্যৎ

বপ, শপ, স্বপ ধাতু তপ ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লৃট্	লৃঙ্
লভ	লব্ধা (৩৭৪, ৩৬৭)	লপ্স্যতে (৩৬৭)	অলপ্স্যত

রভ ধাতু লভ ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লৃট্	লৃঙ্
গম	গন্তা	গমিষ্যতি(৫৬৩)	অগমিষ্যৎ
রম	রন্তা	রংস্যতে	অরংস্যত
সৃপ	স্রপ্তা (৬৩৯), সর্প্তা	স্রপ্স্যতি, সর্প্স্যতি	অস্রপ্স্যৎ, অসর্প্স্যৎ
স্পৃশ	স্প্রষ্টা (৬৩৯), স্পর্ষ্টা	স্প্রক্ষ্যতি, স্পর্ক্ষ্যতি	অস্প্রক্ষ্যৎ, অস্পর্ক্ষ্যৎ

মৃশ ও কৃষ ধাতু স্পৃশ ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লৃট্	লৃঙ্
দৃশ	দ্রষ্টা (৫৯৭)	দ্রক্ষ্যতি	অদ্রক্ষ্যৎ
বিশ	বেষ্টা	বেক্ষ্যতি (৩৭৩)	অবেক্ষ্যৎ
(ভ্বাদিগণীয়)বস	বস্তা	বৎস্যতি (৩৭৮)	অবৎস্যৎ
দহ	দগ্ধা(৩৭৫।৩৭৪।১৬৭)	ধক্ষ্যতি(৩৭৫।১৭৭।৩৬৭)	অধক্ষ্যৎ
দুহ	দোগ্ধা	ধোক্ষ্যতি	অধোক্ষ্যৎ
বহ	বোঢ়া (৩৭৫।৩৭৪।৪৮।৫৯৯)	বক্ষ্যতি(৩৭৫।৩৭৩)	অবক্ষ্যৎ
স্তু	স্তবিতা,স্তোতা(৫৭১)	স্তোষ্যতি	অস্তোষ্যৎ
শুচ	শোচিতা,শোক্তা(৫৪৮)	শোচিষ্যতি	অশোচিষ্যৎ
(অদাদিগণীয়)বস	বসিতা,বস্তা	বসিষ্যতে	অবসিষ্যত
সহ	সহিতা, সোঢ়া (৩৭৫।৩৭৪।৪৮।৫৯৯।৫২)	সহিষ্যতে	অসহিষ্যত
নৃত	নর্ত্তিতা(৫৪১)	নর্ত্তিষ্যতি(৫৪৯), নর্ৎস্যতি	অনর্ত্তিষ্যৎ, অনর্ৎস্যৎ
অদাদিগণীয় হ্রস্বউকারান্ত নু	নবিতা(৫৪৬), নোতা	নবিষ্যতি, নোষ্যতি	অনবিষ্যৎ, অনোষ্যৎ

ক্ষু (৫৬৪), ক্ষ্ণু, স্নু (৫৬৫) ধাতু নু ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লৃট্	লৃঙ্
দীর্ঘ-উকারান্ত সূ	সবিতা(৫৪৩), সোতা	সবিষ্যতে, সোষ্যতে	অসবিষ্যত, অসোষ্যত
ব্রস্চ	ব্রশ্চিতা, ব্রষ্টা(১৮২।৩১০)	ব্রশ্চিষ্যতি, ব্রক্ষ্যতি(৩৬৮)	অব্রশ্চিষ্যৎ, অব্রক্ষ্যৎ
মৃজ	মার্জ্জিতা(৪৬০), মার্ষ্টা(৩৬৯)	মার্জ্জিষ্যতি, মার্ক্ষ্যতি	অমার্জ্জিষ্যৎ, অমার্ক্ষ্যৎ
কৃপ	কল্পিতা(৪২৯), কল্প্তা	কল্পিষ্যতে, কল্প্স্যতে	অকল্পিষ্যত, অকল্প্স্যত

ধাতু	লুট্	লৃট্	লৃঙ্
গুপ (রক্ষার্থে)	গোপায়িতা (৪২১) গোপিতা (৫৪২), গোপ্তা	গোপায়িষ্যতি গোপিষ্যতি, গোপ্স্যতি	অগোপায়িষ্যৎ অগোপিষ্যৎ, অগোপ্স্যৎ
গুপ (কুৎসার্থে)	জুগুপ্সিতা	জুগুপ্সিষ্যতে	অজুগুপ্সিষ্যত
গুপ (গোপনার্থে)	গোপিতা	গোপিষ্যতে	অগোপিষ্যত
তৃপ	তর্পিতা (৫৪২), ত্রপ্তা, তর্প্তা (৬৩৯)	তর্পিষ্যতি, ত্রপ্স্যতি, তর্প্স্যতি	অতর্পিষ্যৎ, অত্রপ্স্যৎ, অতর্প্স্যৎ

এইরূপ দৃপ।

ধাতু	লুট্	লৃট্	লৃঙ্
স্ফায়	স্ফায়িতা (৫৪৪). স্ফাতা (৩৮১)	স্ফায়িষ্যতে, স্ফাস্যতে	অস্ফায়িষ্যত, অস্ফাস্যত

চায় ও প্যায় ধাতু স্ফায় ধাতুর তুল্য।

ধাতু	লুট্	লৃট্	লৃঙ্
নশ	নশিতা, নঙ্ক্তা (৬৭২।৩৭৬।৩৭৪।৩৬৭), নংষ্টা (৩৭০)	নশিষ্যতি, নঙ্ক্ষ্যতি (৩৬৭)	অনশিষ্যৎ, অনঙ্ক্ষ্যৎ
গাহ	গাহিতা, গাঢ়া (৩৭৫।৩৭৪।৪৮।৫২)	গাহিষ্যতে, ঘাক্ষ্যতে (৩৭৭।৩৭৩)	অগাহিষ্যত, অঘাক্ষ্যত
গুহ	গূহিতা (৪৪২) গোঢ়া	গূহিষ্যতি. ঘোক্ষ্যতি	অগূহিষ্যৎ, অঘোক্ষ্যৎ
মুহ	মোহিতা, মোগ্ধা, মোঢ়া (৩৩৮ ৩৭৬।৩৭৪।৩৬৭)	মোহিষ্যতি, মোক্ষ্যতি	অমোহিষ্যৎ অমোক্ষ্যৎ

স্নিহ ও স্নুহ ধাতু এইরূপ। লুট্, লৃট্, লৃঙ্ সমাপ্ত।

* অতিরিক্ত লুট্, লৃট্, লৃঙ্।

ধাতু	লুট্	লৃট্	লৃঙ্
১ (স্বাদি) মি, (ক্র্যাদি) মী	মাতা (৬০৪)	মাস্যতি	অমাসাৎ
আত্মনেপদও এইরূপে সাধ্য।			
২ দীধী	দীধিতা(৪৫১)	দীধিষ্যতে	অদীধিষ্যত
৩ ঊর্ণু	ঊর্ণবিতা, ঊর্ণুবিতা	ঊর্ণবিষ্যতি, ঊর্ণুবিষ্যতি	ঔর্ণবিষ্যৎ, ঔর্ণুবিষ্যৎ
৪ (অদাদি) তু	তবিতা(৫৭১), তোতা	তোষ্যতি	অতোষ্যৎ
৫ (স্বাদি) ধু	ধোতা(৫৫৪)	ধোষ্যতি	অধোষ্যৎ
৬ (ক্র্যাদি) ধূ	ধবিতা(৫৪৩), ধোতা	ধবিষ্যতি, ধোষ্যতি	অধবিষ্যৎ, অধোষ্যৎ
৭ ভৃ	ভরিতা(৫৭১), ভর্ত্তা	ভরিষ্যতি(৫৬১)	অভরিষ্যৎ
৮ দে	দাতা(৩৭৯)	দাস্যতে	অদাস্যত
৯ ব্যে	ব্যাতা(৩৭৯)	ব্যাস্যতি	অব্যাস্যৎ
১০ গৈ	গাতা	গাস্যতি	অগাস্যৎ
১১ ত্রৈ	ত্রাতা	ত্রাস্যতে	অত্রাস্যত
১২ সো	সাতা	সাস্যতি	অসাস্যৎ
১৩ শক	শক্তা(১)	শক্ষ্যতি	অশক্ষ্যৎ
১৪ শন্ক	শঙ্কিতা	শঙ্কিষ্যতে	অশঙ্কিষ্যত
১৫ উখ	ওখিতা	ওখিষ্যতি	ঔখিষ্যৎ
১৬ মুচ	মোক্তা(৩৬৮)	মোক্ষ্যতি	অমোক্ষ্যৎ

(১) বোপদেবমতে—শকধাতু বেম্। তন্মতে—শকিতা, শক্তা।

ধাতু	লুট্	লৃট্	লৃঙ্
১৭ বিচ	বেক্তা	বেক্ষ্যতি	অবেক্ষ্যৎ
১৮ সিচ	সেক্তা (৩২৮)	সেক্ষ্যতি	অসেক্ষ্যৎ
১৯ রুচ	রোচিতা	রোচিষ্যতে	অরোচিষ্যত
২০ অজ	বেতা(৬০৯), অজিতা	বেষ্যতি, অজিষ্যতি	অবেষ্যৎ, আজিষ্যৎ
২১ অন্জ	অঞ্জিতা, অঙ্ক্তা	অঞ্জিষ্যতি, অঙ্ক্ষ্যতি	আঞ্জিষ্যৎ, আঙ্ক্ষ্যৎ
২২ কূজ	কূজিতা	কূজিষ্যতি	অকূজিষ্যৎ
২৩ তিজ(ক্ষমার্থে)	তিতিক্ষিতা	তিতিক্ষিষ্যতে	অতিতিক্ষিষ্যত
তিজ(নিশানার্থে)	তেজিতা	তেজিষ্যতে	অতেজিষ্যত
২৪ ভজ	ভক্তা	ভক্ষ্যতি	অভক্ষ্যৎ
২৫ ভুজ(ভক্ষণার্থে)	ভোক্তা	ভোক্ষ্যতে	অভোক্ষ্যত
ভুজ(পালনার্থে)	ভোক্তা	ভোক্ষ্যতি	অভোক্ষ্যৎ
২৬ যজ	যষ্টা(৩৬৯)	যক্ষ্যতি(৩৬৮)	অযক্ষ্যৎ
২৭ কুট	কুটিতা(১৮৮)	কুটিষ্যতি	অকুটিষ্যৎ
২৮ পণ	পণায়িতা(৪২২), পণিতা	পণায়িষ্যতে, পণিষ্যতে	অপণায়িষ্যত, অপণিষ্যত
২৯ কিত(রোগাপনয়ন ও সংশয়ার্থে)	চিকিৎসিতা	চিকিৎসিষ্যতি	
কিত(নিবাসার্থে)	কেতিতা	কেতিষ্যতি	
৩০ কৃত	কর্ত্তিতা	কর্ত্তিষ্যতি, কর্ৎস্যতি(৫৪৯)	
৩১ চিত	চেতিতা	চেতিষ্যতি	অচেতিষ্যৎ
৩২ চ্যুত	চ্যোতিতা	চ্যোতিষ্যতি	অচ্যোতিষ্যৎ

	ধাতু	লুট্	লৃট্	লৃঙ্
৩৩	ব্যথ	ব্যথিতা	ব্যথিষ্যতে	অব্যথিষ্যত
৩৪	অদ	অত্তা	অৎস্যতি	আৎস্যৎ
৩৫	ইন্দ	ইন্দিতা	ইন্দিষ্যতি	ঐন্দিষ্যৎ
৩৬	ছিদ	ছেত্তা(৩৬৭)	ছেৎস্যতি	অচ্ছেৎস্যৎ
৩৭	তুদ	তোত্তা	তোৎস্যতি	অতোৎস্যৎ
৩৮	নিন্দ	নিন্দিতা	নিন্দিষ্যতি	অনিন্দিষ্যৎ
৩৯	পদ	পত্তা	পৎস্যতে	অপৎস্যত
৪০	রুদ	রোদিতা	রোদিষ্যতি	অরোদিষ্যৎ
৪১	শদ	শত্তা(৩৬৭)	শৎস্যতি	অশৎস্যৎ
৪২	সদ	সত্তা	সৎস্যতি	অসৎস্যৎ
৪৩	স্কন্দ	স্কন্তা(৩৪৬)	স্কন্ৎস্যতি(৩৬৭)	অস্কন্ৎস্যৎ
৪৪	স্যন্দ	স্যন্দিতা(৫৪১), স্যন্তা(৩৪৬)	স্যন্দিষ্যতে, স্যন্ৎস্যতে	
৪৫	বধ	বীভৎসিতা(৪২৭)	বীভৎসিষ্যতে	
	বধ	বধিতা	বধিষ্যতি	অবধিষ্যৎ
৪৬	রধ	রধিতা, রদ্ধা(৩৭৪।৩৬৭)	রধিষ্যতি, রৎস্যতি	অরধিষ্যৎ, অরৎস্যৎ
৪৭	রাধ	রাদ্ধা	রাৎস্যতি	অরাৎস্যৎ
৪৮	রুধ	রোদ্ধা	রোৎস্যতি	অরোৎস্যৎ
৪৯	ব্যধ	ব্যদ্ধা	ব্যৎস্যতি	অব্যৎস্যৎ
৫০	জন	জনিতা	জনিষ্যতে	অজনিষ্যত

৫১ দান(আর্জবার্থে) দীদাংসিতা দীদাংসিষ্যতি(৪২৭)

দান(ছেদনার্থে) দানিতা দানিষ্যতি

	ধাতু	লুট্	লৃট্	লৃঙ্
৫২	মান(বিচারার্থে)	মীমাংসিতা(৪২৭)	মীমাংসিষ্যতে	অমীমাংসিষ্যত
	মান(বিচারভিন্নার্থে)	মানিতা	মানিষ্যতে	অমানিষ্যত
৫৩	শান	শীশাংসিতা(৪২৭)	শীশাংসিষ্যতি	অশীশাংসিষ্যৎ
৫৪	কুপ	কোপিতা	কোপিষ্যতি	অকোপিষ্যৎ
৫৫	ক্ষিপ	ক্ষেপ্তা	ক্ষেপ্স্যতি	অক্ষেপ্স্যৎ
৫৬	ত্রপ	ত্রপিতা (৫৪২), ত্রপ্তা	ত্রপিষ্যতে, ত্রপ্স্যতে	অত্রপিষ্যত, অত্রপ্স্যত
৫৭	দীপ	দীপিতা	দীপিষ্যতে	অদীপিষ্যত
৫৮	ধূপ	ধূপায়িতা(৪২১), ধূপিতা	ধূপায়িষ্যতি, ধূপিষ্যতি	অধূপায়িষ্যৎ, অধূপিষ্যৎ
৫৯	লিপ	লেপ্তা	লেপ্স্যতি	অলেপ্স্যৎ
৬০	লুভ	লোভিতা(৫৪৮), লোব্ধা(৩৭৪।৩৬৭)	লোভিষ্যতি	অলোভিষ্যৎ
৬১	শুভ	শোভিতা	শোভিষ্যতে	অশোভিষ্যত
৬২	কম	কাময়িতা(৪৩১), কমিতা	কাময়িষ্যতে, কমিষ্যতে	অকাময়িষ্যত, অকমিষ্যত
৬৩	ত্বর	ত্বরিতা	ত্বরিষ্যতে	অত্বরিষ্যত
৬৪	দিব	দেবিতা	দেবিষ্যতি	অদেবিষ্যৎ
৬৫	সেব	সেবিতা	সেবিষ্যতে	অসেবিষ্যত
৬৬	অশ(ক্র্যাদি)	অশিতা(৫৪৮), অষ্টা	অশিষ্যতি	আশিষ্যৎ
	অশ(স্বাদি)	অশিতা(৫৪২), অষ্টা	অশিষ্যতে, অক্ষ্যতে (৩৭৩)	আশিষ্যত, আক্ষ্যত

	ধাতু	লুট্	লৃট্	লৃঙ্
৬৭	দন্‌শ	দংষ্টা (৩৭০)	দঙ্ক্ষ্যতি (৩৭৩)	অদঙ্ক্ষ্যৎ
৬৮	দিশ	দেষ্টা	দেক্ষ্যতি	অদেক্ষ্যৎ
৬৯	ভ্রাশ	ভ্রাশিতা	ভ্রাশিষ্যতে	অভ্রাশিষ্যত
৭০	অক্ষ	অক্ষিতা (৫৪২), অষ্টা (১৮২।৩৪৮)	অক্ষিষ্যতি, অক্ষ্যতি (৩৭৩)	আক্ষিষ্যৎ, আক্ষ্যৎ
৭১	ইষ	এষিতা (৫৪৮), এষ্টা	এষিষ্যতি	ঐষিষ্যৎ (৩৪৮)
৭২	উক্ষ	উক্ষিতা	উক্ষিষ্যতি	ঔক্ষিষ্যৎ
৭৩	ত্বিষ	ত্বেষ্টা	ত্বেক্ষ্যতি	অত্বেক্ষ্যৎ
৭৪	দ্বিষ	দ্বেষ্টা	দ্বেক্ষ্যতি (৩৭৩)	অদ্বেক্ষ্যৎ
৭৫	পুষ	পোষ্টা	পোক্ষ্যতি	অপোক্ষ্যৎ
৭৬	শুষ	শোষ্টা	শোক্ষ্যতি	অশোক্ষ্যৎ
৭৭	শ্লিষ	শ্লেষ্টা	শ্লেক্ষ্যতি	অশ্লেক্ষ্যৎ
৭৮	হৃষ	হর্ষিতা	হর্ষিষ্যতি	অহর্ষিষ্যৎ
৭৯	ধ্বন্স	ধ্বংসিতা	ধ্বংসিষ্যতে	অধ্বংসিষ্যৎ
৮০	শন্স	শংসিতা	শংসিষ্যতি	অশংসিষ্যৎ
৮১	স্রন্স	স্রংসিতা	স্রংসিষ্যতে	অস্রংসিষ্যত
৮২	হস	হসিতা	হসিষ্যতি	অহসিষ্যৎ
৮৩	হিন্স	হিংসিতা	হিংসিষ্যতি	অহিংসিষ্যৎ
৮৪	তৃহ	তর্হিতা (৫৪৬), তর্ঢা (৩৭৫।৩৭৪।৪৮।৫২)	তর্হিষ্যতি, তর্ক্ষ্যতি (৩৭২)	অতর্হিষ্যৎ, অতর্ক্ষ্যৎ (৩৭৩)
৮৫	দিহ	দেগ্ধা	ধেক্ষ্যতি (৩৭৫)	অধেক্ষ্যৎ (৩৬৭)

ধাতু	লুট্	লৃট্	লৃঙ্
৮৬ দ্রুহ	দ্রোহিতা, দ্রোগ্ধা(৩৭৬।৩৭৪।৩৬৭), দ্রোঢ়া	দ্রোহিষ্যতি, ধ্রোক্ষ্যতি	অদ্রোহিষ্যৎ, অধ্রোক্ষ্যৎ
৮৭ নহ	নদ্ধা(৩৭৪।৩৬৭)	নৎস্যতি	অনৎস্যৎ
৮৮ মিহ	মেঢ়া	মেক্ষ্যতি	অমেক্ষ্যৎ
৮৯ রুহ	রোঢ়া	রোক্ষ্যতি	অরোক্ষ্যৎ
৯০ লিহ	লেঢ়া	লেক্ষ্যতি	অলেক্ষ্যৎ

ণ্যন্ত বা ণিজন্ত (Causative Verbs)।

৭০৭। প্রেরণার্থে (১) ধাতুর উত্তর ণিঁ (২) হয়। ই থাকে। যথা, কুর্ব্বন্তং প্রেরয়তীত্যর্থে—কারয়তি।

কারি ধাতু লট্।

পরস্মৈপদ	কারয়তি	কারয়তঃ	কারয়ন্তি
আত্মনেপদ	কারয়তে	কারয়েতে	কারয়ন্তে

লট্ প্রভৃতি চারি বিভক্তিতে ভ্বাদিগণীয় ধাতুর ন্যায় সাধ্য। হন—ঘাতয়তি (১৯৮), ঘাতয়তঃ, ঘাতয়ন্তি।

৭০৮। ণিঁ পরে পা(৩), হ্বে, বে, ব্যে, ছো, শো, সো ধাতুর উত্তর য্ হয়। যথা, পায়য়তি, হ্বায়য়তি (৩৭৯) ইত্যাদি।

---

(১) স্বয়েতং ক্রিয়তামিতি ক্রিয়াসু নিয়োজনম্ প্রেরণমিতি প্রাহুঃ।

(২) ণিঁকে ণিচ্ বলে। (৩) পা পানে, পৈ শোষে (৩৭৯ সূত্র দ্বারা পৈ ধাতু পা হইলে) এই দুই পা ধাতু গ্রাহ্য।

৭০৯। ণ্ণি পরে অদাদিগণীয় পা ধাতুর উত্তর ল্ হয়। যথা, পালয়তি।

৭১০। ণ্ণি পরে (১) আকারান্ত ধাতুর উত্তর প্ হয়। যথা, খ্যাপয়তি, ঘ্রাপয়তি, জ্ঞাপয়তি, দাপয়তি, স্থাপয়তি।

৭১১। ণ্ণি পরে ঋ প্রভৃতি (২) ধাতুর উত্তর প্ হয়। যথা, অর্পয়তি, হ্রেপয়তি ইত্যাদি।

৭১২। ণ্ণি পরে ইঙ্, জি, ক্রী ধাতুর অন্ত্যস্বরের স্থানে আ হয়। যথা, অধ্যাপয়তি (৭১০), জাপয়তি, ক্রাপয়তি।

৭১৩। ণ্ণি পরে চি ও গর্ভগ্রহণার্থ বী ধাতুর অন্ত্যস্বরের স্থানে বিকল্পে আ হয়। যথা, চি—চাপয়তি (৭১০), চায়-য়তি (৩)। বী—পুরোবাতঃ (বায়ুবিশেষঃ) গাঃ বাপয়তি(৭১০) বায়য়তি বা (গর্ভং গ্রাহয়তীত্যর্থঃ)।

৭১৪। ণ্ণি পরে, অপারলৌকিকার্থে, সিধ ধাতুর ই স্থানে আ হয়। যথা, ঘটং সাধয়তি, পদং সাধয়তি। পারলৌ-কিকার্থে (৪) হয় না। যথা, যজ্ঞং সেধয়তি (পারলৌকিক-মঙ্গলার্থং যজ্ঞং সম্পাদয়তীত্যর্থঃ)।

৭১৫। ণ্যন্ত ধাতুর কর্ত্তা ভয়ের কারণ হইলে, ণ্ণি পরে ভী ধাতুর স্থানে বিকল্পে ভীষ্ হয়, এবং প্রয়োগকালে আত্মনে-পদ হয়। যথা, ভীষয়তে সর্ব্বং দণ্ডধরঃ।

---

(১) পরিবর্ত্তিত আকারান্ত হইলেও হয়। যথা, দেঙ পালনে—দাপ-য়তি ইত্যাদি।

(২) ঋ প্রভৃতি—ঋ, হ্রী, রী, ব্লী।

(৩) চপয়তি, চয়য়তি ইতি পদদ্বয়ং প্রক্রিয়ারত্নগ্রন্থসম্মতম্।

(৪) পরলোকসম্বন্ধীয় হিতসাধনার্থে।

৭১৬। ণ্যন্ত ধাতুর কর্ত্তা ভয় বা বিস্ময়ের কারণ হইলে, ণিচ পরে ভী ও স্মি ধাতুর অন্ত্যস্বরের স্থানে আ হয়, এবং প্রয়োগকালে আত্মনেপদ হয়। যথা, ভাপয়তে (৭১০) মত্তং গজেন্দ্রঃ; বিস্মাপয়তে শিশুং মুণ্ডিতমস্তকো জনঃ।

কর্ত্তা ভয় বা বিস্ময়ের কারণ না হইলে হয় না। যথা, কশ্চিৎ পুরুষো ধনুষা সর্পং ভায়য়তি। অপরঃ কশ্চিৎ কুঞ্চিকয়া সর্পং বিস্মায়য়তি।

৭১৭। ণিচ পরে কম্পনার্থ বা ধাতুর উত্তর জ হয়। যথা, বায়ুর্বৃক্ষং বাজয়তি (কম্পয়তীত্যর্থঃ)। অন্যত্র—কেশান্ বাপয়তি (পরিষ্করোতীত্যর্থঃ)।

*৭১৮। ঘৃত প্রভৃতি স্নেহপদার্থের দ্রবীকরণার্থে ণিচ পরে লা ধাতুর উত্তর বিকল্পে ল্ হয়। যথা, গোপো ঘৃতং বিলালয়তি, বিলাপয়তি (দ্রাবয়তীত্যর্থঃ)।

স্নেহপদার্থের দ্রবীকরণ না হইলে হয় না। যথা, লৌহং বিলাপয়তি (দ্রাবয়তি)।

৭১৯। ঘৃতাদি স্নেহপদার্থের দ্রবীকরণার্থে ণিচ পরে লী ধাতুর উত্তর বিকল্পে নঙ্ হয় (ন্ থাকে)। যথা, গোপো নবনীতং বিলীনয়তি (৬০৪), বিলাপয়তি, বিলায়য়তি (দ্রাবয়তীত্যর্থঃ)।

স্নেহ পদার্থের দ্রবীকরণ না হইলে হয় না। যথা, স্বর্ণং বিলাপয়তি (৬০৪), বিলায়য়তি বা (দ্রাবয়তি)।

৭২০। ণিচ পরে ক্নূয় ও ক্ষ্মায় ধাতুর য স্থানে প্ এবং উ স্থানে ও হয়। যথা, ক্নোপয়তি, ক্ষ্মাপয়তি (১)।*

(১) ক্নূয়ীঙ দুর্গন্ধে; ক্ষ্মায়ীঙ বিধূননে।

১২১। ণ্চি পরে রুহ ধাতুর হ স্থানে বিকল্পে প্ হয়। যথা, রোপয়তি, রোহয়তি।

১২২। ণিচ্ পরে শদ ধাতুর দ্ স্থানে ত্ হয় গমনার্থে হয় না। যথা, উদ্যানপালো বৃক্ষাৎ ফলং শাতয়তি (পাতয়-তীত্যর্থঃ)। গমনার্থে যথা—গোপো গাঃ শাদয়তি (গময়তী-ত্যর্থঃ)।

* ১২৩। ণিচ্ পরে স্ফায় ধাতুর য স্থানে ব্ হয়। যথা, স্ফাবয়তি।

১২৪। ণিচ্ পরে স্ফুর ধাতুর উ স্থানে বিকল্পে আ হয়। যথা, স্ফারয়তি, স্ফোরয়তি। *

১২৫। ণিচ্ পরে প্রী ও ধূ ধাতুর উত্তর বিকল্পে ন্ হয়(১)। যথা, প্রীণয়তি, প্রায়য়তি ; ধূনয়তি, ধাবয়তি।

১২৬। ণিচ্ পরে দুষ ধাতুর উকার দীর্ঘ হয়, চিত্তবিকা-রার্থে বিকল্পে। যথা, দুর্জ্জনঃ সতাং গুণং দূষয়তি। চিত্ত-বিকারার্থে—কামশ্চিত্তং দূষয়তি বা দোষয়তি (বিকৃতং করো-তীত্যর্থঃ)।

১২৭। ণিচ্ পরে জৄ (২), জন, ক্লস ধাতুর বৃদ্ধি হয় না। যথা, রোগঃ শরীরং জরয়তি ; লোভস্তৃষাং জনয়তি ; সূর্য্য-শ্চন্দ্রং ক্লসয়তি (উজ্জ্বলয়তি)।

১২৮। ণিচ্ পরে আখেটকার্থে(৩) রন্জ ধাতুর ন-লোপ হয়, বৃদ্ধি হয় না। যথা, রজয়তি মৃগান্ (মারয়তীত্যর্থঃ)।

---

(১) ন্ হইবার সম্ভাবনা থাকিলে গুণ বৃদ্ধি হয় না।

(২) দিবাদিগণীয় জৄ ধাতু।

(৩) আখেটক অর্থ মৃগয়া (পশুবধ)।

অন্যত্র—রঞ্জয়তি বিহগাঁল্লুব্ধকঃ (মারয়তি); রঞ্জয়তি বস্ত্রং লাক্ষাদ্রবেণ (লোহিতং করোতীত্যর্থঃ)।

৭২৯। ণিচ্ পরে ঘট প্রভৃতি ধাতুর (১) বৃদ্ধি হয় না। যথা, ঘটয়তি চলয়তি, প্রথয়তি, ব্যথয়তি, ধ্বনয়তি, ত্বরয়তি, প্রজ্বলয়তি।

৭৩০। ণিচ্ পরে অম, কম, চম, এবং সম্পূর্ব্বক ক্রম ভিন্ন অমন্ত ধাতুর বৃদ্ধি হয় না (২)। যথা, ক্ষম—ক্ষময়তি, গম—গময়তি, ভ্বাদিগণীয় যম—যময়তি, দিবাদিগণীয় শম—শময়তি, শ্রম—শ্রময়তি।

সখে! ইন্দ্রিয়চাপল্যং ন কথং নিয়ময়সি (নিবারয়সীত্যর্থঃ)। শময়তি রোগং ভিষক্। দুর্ভিক্ষে শ্রময়তি শ্রমজীবিনঃ পুরুষান্ নরেন্দ্রঃ।

অম প্রভৃতি ধাতুর বৃদ্ধি হয়। যথা, আময়তি, কাময়তি, চাময়তি, সংক্রাময়তি (৩)।

"জরাং শ্বেতাং ত্বমন্যস্মিন্ সংক্রাময়, যদীচ্ছসি"।

* ৭৩১। ণিচ্ পরে ক্ষণ, পরি ও অব পূর্ব্বক স্খদ ধাতুর

---

(১) ঘটাদি ধাতু—ঘট, নট, অগ, লগ, স্তগ, স্থগ, কণ, ক্ষণ, ক্রথ, ক্লথ, প্রথ, ব্যথ, শ্রথ, ক্লদ, ছদ, মদ, ম্রদ, স্খদ, ধ্বন, স্তন, স্বন, ক্রপ, ত্রপ, জ্বর, ত্বর, চল, জ্বল, হ্বল, হ্মল, চহ ইত্যাদি।

(২) অম্ভাগান্ত ধাতুর মধ্যে চুরাদিগণীয় যম ও শমধাতুর বিকল্পে বৃদ্ধি হয়। ইহা চুরাদিতে প্রদর্শিত হইয়াছে।

(৩) কেহ কেহ বলেন সংক্রামন্তং করোতীত্যর্থে সংক্রামৎ শব্দের উত্তর কৃতি অর্থে ণিচ্ প্রত্যয় এবং ণিচ্পরে অৎভাগের লোপে সংক্রামি (নামধাতু) + তিপ্ = সংক্রাময়তি (৮৬৩ সূত্র)।

বিকল্পে বৃদ্ধি হয়। ফাণয়তি, ফণয়তি ; পরিস্খাদয়তি, পরিস্খদয়তি। অন্যত্র—স্খদয়তি, প্রস্খদয়তি (১২৯)।*

১৩২। ণ্ঞি পরে উপসর্গহীন বন, নম, রম, জ্বল, হ্বল, হ্মল (১) ধাতুর বিকল্পে বৃদ্ধি হয়। যথা, বানয়তি বনয়তি, নাময়তি নময়তি, রাময়তি রময়তি, জ্বালয়তি জ্বলয়তি ইত্যাদি। উপসর্গপূর্ব্বক—প্রজ্বলয়তি (১২৯)।

১৩৩। ণ্ঞি পরে মারণার্থ, তোষণার্থ, তীক্ষ্ণীকরণার্থ, জ্ঞপনার্থ(২), ও দর্শনপ্রেরণার্থ(৩) জ্ঞা ধাতুর হ্রস্ব হয়। যথা, জ্ঞপয়তি শত্রুং শূরঃ (মারয়তীত্যর্থঃ) ; জ্ঞপয়তি গুরুং শিষ্যঃ (সন্তোষয়তি) ; জ্ঞপয়তি খড়্গং কর্ম্মকারঃ (শীশাংসতে—তীক্ষ্ণীকরোতীত্যর্থঃ) ; ভৃত্যঃ প্রভুং জ্ঞপয়তি (নিবেদয়তি) ; জ্ঞপয়তি রূপং কামিনী (স্বীয়গাত্রাণি দর্শয়তি)। অন্যত্র প্রভুর্ভৃত্যমাজ্ঞাপয়তি।

১৩৪। ণ্ঞি পরে উপসর্গহীন গ্লা, স্না ধাতুর বিকল্পে হ্রস্ব হয়। যথা, গ্লৈ—গ্লপয়তি, গ্লাপয়তি ; স্নপয়তি, স্নাপয়তি। উপসর্গপূর্ব্বক—প্রগ্লাপয়তি (১১০), প্রস্নাপয়তি।

১৩৫। স্বরবর্ণ পরে (৪) রভ ও লভ ধাতুর উপান্ত্য স্বরের পর ন্ হয়। যথা রম্ভয়তি, লম্ভয়তি।

---

(১) হ্বল, হ্মল কম্পে।

(২) জ্ঞপনার্থে মহাকবিপ্রয়োগ যথা, "বিজ্ঞপ্তিরেষা মম জীববন্ধো"।

(৩) দর্শনপ্রেরণ—দেখান।

(৪) বিভক্তি, ইম্, বা শিৎপ্রত্যয়ের স্বরবর্ণ পরে হয় না। যথা, রেভে, রেভিষে, রভতে, রভমানঃ।

লুঙ্ বিভক্তি।

লুঙ্ পরে ণ্যন্ত ধাতুর উত্তর অঙ্ হয় (৬৪৫ সূত্র দেখ)।

অঙ্ পরে ধাতুর দ্বিত্ব হয় (৩৮৩)।

ণিচের উত্তর বিহিত অঙ্ পরে ধাতুর উপান্ত্য স্বর হ্রস্ব হয় (৬৪৬)।

লঘুস্বরযুক্ত অসংযুক্ত বর্ণ পরে পূর্ব্বভাগের লঘুস্বর গুরু হয় (৬৪৮)।

আলু প্রভৃতি ভিন্ন প্রত্যয় পরে ণিচের লোপ হয় (৩৮২)।

[স্মরণার্থে কয়েকটী সূত্র পুনরুক্ত হইল।]

সিচ—অসীষিচৎ; নিজ—অনীনিজৎ; বিদ—অবীবিদৎ। লিপ—অলীলিপৎ; বিশ—অবীবিশৎ; রুদ—অরূরুদৎ। কুপ—অচূকুপৎ; বুধ—অবূবুধৎ; মুহ—অমূমুহৎ।

গুরুস্বরযুক্ত বর্ণ পরে থাকিলে পূর্ব্বভাগের লঘুস্বর গুরু হয় না (৬৪৮ সূত্র দেখ)। যথা—

নিন্দ (৩২২)	শিক্ষ	হিংস	কুস্থ
অনিনিন্দৎ	অশিশিক্ষৎ	অজিহিংসৎ	অচুকুস্থৎ

লঘুস্বরযুক্ত সংযুক্ত বর্ণ পরে থাকিলে পূর্ব্বভাগের লঘুস্বর গুরু হয় না (৬৪৮)। যথা, শ্রি—অশিশ্রিয়ৎ; হ্রী অজিহ্রিপৎ (৭১১)।

লুঙ্ বিভক্তিতে লঘুস্বরযুক্ত বর্ণ পরে দ্বিরুক্ত ণ্যন্ত ধাতুর পূর্ব্বভাগের অকারের স্থানে ই হয় (৬৪৭)। যথা, ভজ—অবীভজৎ; পদ—অপীপদৎ; জন—অজীজনৎ; গম—অজীগমৎ; চর—অচীচরৎ; চল—অচীচলৎ; হস—অজীহসৎ; সহ—

অদীধহৎ; কৃ—অচীকরৎ; হ্রি—অজীহ্রয়ৎ; ত্যজ—অতিত্যজৎ; জ্ঞা—অজিজ্ঞপৎ।

বহুস্বরযুক্ত ধাতুর পূর্ব্বভাগের অকার বিকল্পে ইকার হয় (৬৪৭)। যথা, চকাস ধাতু—অচীচকাসৎ, অচচকাসৎ।

ণ্রির উত্তর বিহিত অঙ্ পরে শাস ও ঋকারেৎ ধাতুর উপান্ত্যস্বর হ্রস্ব হয় না (৬৪৬)। যথা, শাস—অশশাসৎ। ম্লেষৃঙ স্নেহশ্বানাম্—অমিম্লেষৎ। ঢৌকৃঙ্ গত্যাম্—অডুঢৌকৎ।

লঘুস্বরযুক্ত বর্ণ পরে না থাকিলে পূর্ব্ব ভাগের অকার ইকার হয় না (৬৪৭)। যথা, কাশৃঙ দীপ্তৌ—অচকাশৎ; সন্ত্র—অসসন্ত্রৎ (৩২২); ভক্ষ অবভক্ষৎ; রভ—অররম্ভৎ (৭৩৫); লভ—অললম্ভৎ।

৭৩৬। ণ্রির উত্তর বিহিত অঙ্ পরে দ্বিরুক্ত স্মৃ প্রভৃতি ধাতুর (১) পূর্ব্বভাগের অকারের স্থানে ইকার, বা লঘুস্বর গুরু হয় না। যথা, স্মৃ—অসস্মরৎ (৬৪৬), স্তৃ—অতস্তরৎ ইত্যাদি।

* ৭৩৭। ণ্রির উত্তর বিহিত অঙ্পরে দ্বিরুক্ত ভ্রাজ প্রভৃতি(২) ধাতুর পরভাগের উপান্ত্য স্বর বিকল্পে হ্রস্ব হয়। যথা, ভ্রাজ—অবিভ্রজৎ(৬৪৭), অবভ্রাজৎ; লপ—অলীলপৎ (৬৪৭। ৬৪৮), অললাপৎ; লুপ—অলূলুপৎ (৬৪৮), অলুলোপৎ ইত্যাদি।

---

(১) স্মৃ প্রভৃতি ধাতু—স্মৃ, স্তৃ দৃ, ত্বর, প্রথ, ম্রদ, স্পশ।

(২) ভ্রাজ প্রভৃতি ধাতু—ভাজ, ভাস, ভাষ, ভাস, দীপ, জীব, মীল, পীড়, লপ, লুপ, কণ, বণ, ভণ, শ্রণ, লুঠ, হেঠ।

৭৩৮। ঞির উত্তর বিহিত অঙ্ পরে দ্বিরুক্ত চেষ্ট ও বেষ্ট ধাতুর পূর্ব্বভাগের ই স্থানে বিকল্পে অ হয়। যথা, অচচেষ্টৎ, অচিচেষ্টৎ; অববেষ্টৎ, অবিবেষ্টৎ।

৭৩৯। ঞির উত্তর বিহিত অঙ্ পরে স্থা ধাতুর আ স্থানে ই হয়, ঘ্রা ধাতুর বিকল্পে। যথা, অতিষ্ঠিপৎ (৭১০); অজিঘ্রিপৎ, অজিঘ্রপৎ (৬৪৬।৬৪৭)।

৭৪০। ঞির উত্তর বিহিত অঙ্ পরে উপান্ত্য ঋকার ও ঌকারের বিকল্পে যথাসম্ভব (১) গুণ বৃদ্ধি হয়। যথা, কৃত—অচকর্ত্তৎ, অচীকৃতৎ; নৃত—অননর্ত্তৎ, অনীনৃতৎ; বৃত—অববর্ত্তৎ, অবীবৃতৎ; বৃধ—অববর্দ্ধৎ, অবীবৃধৎ; কৢপ—অচকল্পৎ (৪২৯), অচীকৢপৎ; মৃজ—অমমার্জৎ, অমীমৃজৎ (৪৬১)।

৭৪১। ঞির উত্তর বিহিত অঙ্ পরে ভ্বাদিগণীয় দ্বিরুক্ত পা ধাতুর স্থানে পীপ্য হয়। যথা, অপীপ্যৎ। অন্যত্র, পৈ শোষণে—অপীপয়ৎ (৭১২।৭০৮); (পাল রক্ষণে—অপীপলৎ (৭০৯)।

৭৪২। ঞির উত্তর বিহিত অঙ্ পরে স্বপ ধাতুর স্থানে সুপ্ হয়। যথা, অসূষুপৎ (৬৪৮)।

৭৪৩। ঞির উত্তর বিহিত অঙ্ বা সন্ পরে অধ্যয়নার্থ ই ধাতুর স্থানে বিকল্পে গা হয়। যথা, অধ্যজীগপৎ (৭১০), অধ্যাপিপৎ (৭১৩।৭১০।৩৯৪)।

৭৪৪। ঞির উত্তর বিহিত অঙ্ বা সন্ পরে দ্বিরুক্ত জু,

---

(১) যথাসম্ভব অর্থাৎ যাহার গুণ সম্ভাবনা তাহার গুণ, যাহার বৃদ্ধি সম্ভাবনা তাহার বৃদ্ধি।

পূ, ভূ, মূ, যু, রু, নূ ধাতুর পূর্ব্ব ভাগের উ স্থানে ই হয়। যথা, জুঙ গতৌ—অজীজবৎ (১), পূ—অপীপবৎ, ভূ—অবীভবৎ, মূঙ বন্ধনে—অমীমবৎ, যু—অযীযবৎ, রু—অরীরবৎ, নূ—অনীনবৎ। অন্যত্র, কু—অচূকবৎ, নু—অনূনবৎ, সু—অসূষবৎ. হ্ব—অজূহবৎ (৪।১।৬৪৬।৬৪৮), শ্বি—অশূশবৎ, অশিশ্বয়ৎ।

৭৪৫। ণিচ্‌র উত্তর বিহিত অঙ্ বা সন্ পরে দ্বিরুক্ত শ্রু, স্রু, স্রু, দ্রু, প্রু, প্লু, চ্যুঙ ধাতুর পূর্ব্বভাগের উ স্থানে বিকল্পে ই হয়। যথা, শ্রু—অশিশ্রবৎ, অশুশ্রবৎ, ইত্যাদি।

ধ্বনি প্রভৃতি ধাতুর উত্তর বিকল্পে অঙ্ হয় (৬৪৯ সূত্র দেখ)। যথা, ধ্বন—অদিধ্বনৎ, অধ্বনয়ীৎ; ইল ঐলিলৎ, ঐলয়ীৎ; অর্দ্দ আর্দ্দিদৎ, আর্দ্দয়ীৎ; ঊন—ঔনিনৎ, ঔনয়ীৎ।

৭৪৬। অঙ্ পরে ণ্যন্ত ঈর্ষ্য ধাতুর যির দ্বিত্ব হয়। যথা, ঈর্ষ্য + ণিচ্ + দি = ঐর্ষ্যিয়ৎ। *

লিট্ প্রভৃতি বিভক্তিতে ণ্যন্ত ধাতু সকল চুরাদিগণীয় ধাতুর ন্যায় সাধ্য।

কারয়াম্বভূব, কারয়ামাস, কারয়াঞ্চকার। কার্য্যাৎ। কারয়িতা। কারয়িষ্যতি। অকারয়িষ্যৎ।

অণ্যন্ত বাক্য।	ণ্যন্ত বাক্য।
ব্রাহ্মণস্তিষ্ঠতি।	সজ্জনোব্রাহ্মণং(২)স্থাপয়তি।
শিশুঃ শেতে।	মাতা শিশুং শায়য়তি।
বায়ুর্বর্দ্ধতে।	মেঘো বায়ুং বর্দ্ধয়তি।

(১) ণি পরে দ্বিত্ব হইলে পশ্চাৎ বৃদ্ধি হয়।

(২) প্রয়োজ্যকর্ত্তুঃ কর্ম্মত্বম্।

অণ্যন্ত বাক্য।	ণ্যন্ত বাক্য।
৯৩২। গায়ত্র্যাদি দ্বারা উপাসনা বুঝাইলে কর্ত্তৃবাচ্যে উপ পূর্ব্বক স্থা ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, গায়ত্র্যা উপতিষ্ঠতেঽর্কম্(৩)। "যে সূর্য্যমুপতিষ্ঠন্তে মন্ত্রৈঃ সন্ধ্যাত্রয়ং দ্বিজাঃ।" গায়ত্র্যাদি দ্বারা উপাসনা না হইলে হয় না। যথা, তরুণী যৌবনেন পতিমুপতিষ্ঠতি (সেবতে,যৌবনদানেন পতিং সন্তোষয়তীত্যর্থঃ)। গায়ত্র্যাদি শব্দ করণ কারক না হইলে হয় না। যথা, গায়ত্রীমুপতিষ্ঠতি।

৯৩৩। মৈত্রীকরণ, সঙ্গ, আরাধনা অর্থে কর্ত্তৃবাচ্যে উপ পূর্ব্বক স্থা ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, মৈত্রীকরণার্থে—সন্তমুপতিষ্ঠতে সাধুঃ (৪)। সঙ্গার্থে—নারী পতিমুপতিষ্ঠতে(৫); গুরো! ভগবতঃ কণ্ঠধ্বনিমাকর্ণ্য ভবন্তমুপ-

---

(১) কর্ত্তৃপদস্য শতস্য চেষ্টায়া অভাবান্নাত্মনেপদম্।

(২) উপতস্থুর্গতবন্তঃ। গমনার্থতয়া স্থাধাতোঃ সকর্ম্মকত্বং, তেন আত্মনেপদং ন বিহিতম্।

(৩) গায়ত্র্যা করণেন সূর্য্যমুপাস্তে ইত্যর্থঃ।

(৪) সজ্জনং মিত্রং করোতি।

(৫) উপশ্লিষ্যতি, পত্যা সহ মিলতীত্যর্থঃ।

ভবেৎ (১)। আরাধনার্থে—ঈশ্বরমুপতিষ্ঠতে ভক্তঃ (২)।

"যস্য শস্ত্রপ্রতাপেন প্রণতাঃ সর্ব্বপার্থিবাঃ।

যজ্ঞে তব মহারাজ! ব্রাহ্মণানুপতস্থিরে (৩)॥"

৯৩৪। পথিবাচক শব্দ ক্রিয়ার কর্ত্তা হইলে কর্ত্তৃবাচ্যে উপ পূর্ব্বক স্থা ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, মার্গো-ঽয়ং বৃন্দারণ্যমুপতিষ্ঠতে (গচ্ছতীত্যর্থঃ); গঙ্গামুপতিষ্ঠতেঽয়ং পন্থাঃ (৪)। পথিবাচক শব্দ কর্ত্তা না হইলে হয় না। যথা, পথিকঃ পন্থানমুপতিষ্ঠতি (৫); স্নানার্থী নদীমুপতিষ্ঠতি।

৯৩৫। লিপ্সার্থে (৬) কর্ত্তৃবাচ্যে উপপূর্ব্বক স্থা ধাতুর উত্তর বিকল্পে আত্মনেপদ হয়। যথা, ভিক্ষুর্ধার্ম্মিকমুপতিষ্ঠতে বা উপতিষ্ঠতি (৭)।

৯৩৬। কর্ত্তৃবাচ্যে আ পূর্ব্বক প্রচ্ছ (৮) ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, সর্ব্বানাপৃচ্ছতে (সম্ভাষতে) সুশীলঃ; সুহৃজ্জনমাপৃচ্ছস্ব (আমন্ত্রয়)।

৯৩৭। কর্ত্তৃবাচ্যে সম্ পূর্ব্বক অকর্ম্মক প্রচ্ছ্, ঋচ্ছ্, স্বৃ, শ্রু, দৃশ্, ঋ, বিদ্ (৯), গম্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, সংপৃচ্ছতে; সমৃচ্ছতে; সংস্বরতে; সংশৃণুতে; ভ্বাদিগণীয় ঋ ধাতু

(১) উপতস্থে প্রাপ, ভবতা সহ মিলিতবানিত্যর্থঃ।

(২) ঈশ্বরং পুজয়তীত্যর্থঃ।

(৩) উপতস্থিরে—পরিচবন্তি স্ম।

(৪) গঙ্গাপর্য্যন্তং গচ্ছতি।

(৫) উপতিষ্ঠতি গচ্ছতি, গন্তুকামঃ সন্ পন্থানং প্রাপ্নোতীত্যর্থঃ।

(৬) লিপ্সা—লাভেচ্ছা।

(৭) ধনলিপ্সয়া ধার্ম্মিকং প্রাপ্নোতি, ধার্ম্মিকসমীপং গচ্ছতীত্যর্থঃ।

(৮) আ+প্রচ্ছ ধাতুর অর্থ—আমন্ত্রণ (প্রস্থানকালে সম্ভাষণ)।

(৯) অদাদিগণীয়।

—সমৃচ্ছ্‌তে, হ্বাদিগণীয় ঋ ধাতু—সমিয়ৃতে; সংপশ্যতে; সংবিত্তে (৩৬৭); সংগচ্ছতে (মিলতি)। সকর্ম্মক হইলে হয় না। যথা, গঙ্গাং সঙ্গচ্ছতি; শাস্ত্রং সংশৃণোতি।

৯৩৮। আত্মনেপদের অন্ত্‌ (১) পরে বিদ্‌ ধাতুর স্থানে বিকল্পে বিদ্র্‌ হয়। যথা, সম্‌ + বিদ্‌ + অন্তে—সংবিদ্রতে, সংবিদতে (৩৫৪)।

৯৩৯। লুঙ্‌ ও আশীর্লিঙের আত্মনেপদে গম ধাতুর মকারের বিকল্পে লোপ হয়। যথা, সমগত (৬৩৮), সমগংস্ত; সঙ্গসীষ্ট, সঙ্গংসীষ্ট।

* ৯৪০। কর্ত্তৃবাচ্যে উপসর্গের পরস্থিত অস (২) এবং উহ ধাতুর উত্তর বিকল্পে আত্মনেপদ হয়। যথা, অস—নিরস্যতে, নিরস্যতি; লুঙ্‌—নিরাস্থত (৮২৩।৮২৮), পক্ষে নিরাস্থৎ; লিট্‌—ইন্দুঃ সততং তিমিরমুদাসে (চিক্ষেপ, দূরীচকারেত্যর্থঃ)। উহ—সমূহতে, সমূহতি।

৯৪১। অগুণ য পরে, উপসর্গের পরস্থিত উহ ধাতুর হ্রস্ব হয়। যথা, আশীর্লিঙ্‌—সমুহ্যাৎ।

৯৪২। কর্ত্তৃবাচ্যে আ পূর্ব্বক অকর্ম্মক হন্‌ ও যম্‌ ধাতুর উত্তর আত্মনেপদ হয় (৩)। যথা, আহতে (পীড়িতো ভবতি)।

---

(১) লুঙের অন্ত্‌ ভিন্ন।

(২) দিবাদিগণীয়।

(৩) কখন কখন কর্ম্মপদের বিবক্ষা না থাকায় অকর্ম্মক বলিয়া স্বীকার করিতে হয়। এরূপ স্থলে অকর্ম্মক বলিয়া আ পূর্ব্বক হন্‌ ও যম্‌ ধাতুর উত্তর আত্মনেপদ হইবে। যথা,

আযচ্ছতে (বিস্তীর্ণো ভবতি); ব্যাযচ্ছতে (১) (ব্যায়ামং করোতীত্যর্থঃ)।

৯৪৩। স্বীয় অঙ্গ, আ পূর্ব্ব হন্ ও যম্ ধাতুর কর্ম্ম কারক হইলে, উভয় ধাতুর উত্তর কর্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা, উর আহতে (আত্মনো বক্ষঃ পীড়য়তি); পাদমাযচ্ছতে (স্বপদং বিস্তীর্ণং করোতি)। স্বীয় অঙ্গ না হইলে হয় না (২)। যথা, শত্রুমাহন্তি; পরশির আযচ্ছতি (শত্রোর্মস্তকং গৃহ্ণাতি)।*

৯৪৪। লুঙ্‌বিহিত সি পরে হন ধাতুর নকারের লোপ হয়। যথা, আহত (৬০৮); পক্ষান্তরে—আবধিষ্ট (৫৮৬)।

৯৪৫। লুঙের আত্মনেপদবিহিত সি পরে, যম্ ধাতুর ম্ লোপ হয়; উদ্বাহার্থে বিকল্পে। যথা, আয়ত(৩) (৯৪২।৬০৮)।

"হীয়মানস্ত* ততঃ সমীক্ষ্য পুরুষাদকম্† ।
নিষ্পিষ্য ভূমৌ জানুভ্যাং সমাজঘ্নে‡ বৃকোদরঃ ।"

কর্ম্মপদ বিবক্ষা না থাকায় অকর্ম্মক বলিয়া 'সমাজঘ্নে' আত্মনেপদ হইয়াছে।

(১) বি+আ+যম ধাতুর অর্থ—ব্যায়াম।

(২) কদাচিৎ স্বীয় অঙ্গ কর্ম্মকারক না হইলেও আত্মনেপদ দৃষ্ট হয়। যথা, "গাণ্ডীবী§ কনকশিলানিভং ভুজাভ্যামাজঘ্নে¶ বিষমবিলোচনস্য‖ বক্ষঃ," ইতি ভারবৌ। অত্র পরাঙ্গকর্ম্মত্বাদসাধুঃ প্রয়োগোঽয়মিতি জুমরকুলচন্দ্রাদয়ো বদন্তি। কেচিত্তু গাণ্ডীবী—বিষমবিলোচনম্ অনাদৃত্য ভুজাভ্যাং কনকশিলানিভং স্বকীয়ং বক্ষঃ আজঘ্নে (তমনাদৃত্য স্ববলাধিক্যং সূচিতমিত্যর্থঃ)।

(৩) বিস্তীর্ণোঽভূৎ; (অকর্ম্মকত্বাদাত্মনেপদম্)।

---

* হীয়মানং—প্রাণৈস্ত্যজ্যমানং, ম্রিয়মাণমিতি যাবৎ।

† পুরুষাদকং—নরভক্ষকং।

‡ সমাজঘ্নে—প্রজহার।

§ গাণ্ডীবী—অর্জ্জুনঃ।

¶ আজঘ্নে—প্রজহার।

‖ বিষমবিলোচনস্য—বিরূপাক্ষস্য, ত্রিলোচনস্যেতি যাবৎ।

২৪৬। কর্ত্তৃবাচ্যে বিবাহার্থ (১) উপপূর্ব্বক যম্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, বরঃ কন্যামুপযচ্ছতে (পরিণয়তি); উপযচ্ছন্তে(২) প্রায়েণাষ্টবর্ষদেশীয়াঃ কুমারীর্বঙ্গ্যাঃ(৩)। লুঙ্—রামঃ সীতামুপায়ত বা উপায়ংস্ত (পরিণীতবানিত্যর্থঃ); লিট্—রাঘবো বিশ্বামিত্রাদস্ত্রমুপযেমে (স্বীচকার)।

* ২৪৭। কর্ত্তৃবাচ্যে বি বা উৎ পূর্ব্বক অকর্ম্মক তপ্ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, গ্রীষ্মে জলং বিতপতে, বা উত্তপতে (উত্তপ্তং ভবতি)।

২৪৮। স্বীয় অঙ্গ, বি বা উৎপূর্ব্বক তপ্ ধাতুর কর্ম্মকারক হইলে, উহার উত্তর আত্মনেপদ হয়। যথা, শীতার্ত্তঃ পাণিং বিতপতে বা উত্তপতে (উত্তপ্তং করোতীত্যর্থঃ)। আপনার অঙ্গ কর্ম্ম না হইলে হয় না। যথা, অর্কো মহীং বিতপতি বা উত্তপতি (উত্তপ্তাং করোতি); সুবর্ণমুত্তপতি (সন্তাপয়তি বা বিলাপয়তি, দ্রবীকরোতীত্যর্থঃ)।

২৪৯। কর্ত্তৃবাচ্যে তপঃকর্ম্মক তপ ধাতুর উত্তর আত্মনেপদ হয়, এবং লট্ প্রভৃতি চারি বিভক্তিতে যক্ও হয়। যথা, মুনিস্তপস্তপ্যতে (অর্জ্জয়তি, তপঃ করোতীত্যর্থঃ)। অন্যস্থলে যক্ হয় না। যথা, লুঙ্—অতপ্ত(৫৯৩), অতপ্সাতাম্, অতপ্সত।

২৫০। কর্ত্তা শ্রদ্ধাযুক্ত বুঝাইলে কর্ত্তৃবাচ্যে সৃজ ধাতুর উত্তর আত্মনেপদ হয়, এবং লট্ প্রভৃতি চারি বিভক্তিতে যক্,

---

(১) এ স্থলে বিবাহ-(অর্থ) স্বীকারমাত্র।

(২) পরিণয়ন্তি।

(৩) বঙ্গদেশবাসিনঃ।

ও তন্ পরে ইণ্ হয় (১)। যথা, দেবক্রিয়াকৃতে (২) স্রজং সৃজ্যতে ভক্তঃ (গ্রথ্নাতি); তনি—অসর্জি (৫৯১)। কর্ত্তা শ্রদ্ধাযুক্ত না হইলে আত্মনেপদ হয় না। যথা, সৃজতি মালাং মালিকঃ। *

৯৫১। কর্ত্তৃবাচ্যে নি, সম্, বি, উপ পূর্ব্বক হ্বে ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, নিহ্বয়তে, সংহ্বয়তে, বিহ্বয়তে, উপহ্বয়তে। অন্য উপসর্গ পূর্ব্বে থাকিলে হয় না। যথা, প্রহ্বয়তি।

৯৫২। কর্ত্তৃবাচ্যে স্পর্দ্ধার্থে (৩) আ পূর্ব্বক হ্বে ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, কৃষ্ণশ্চাণূরমাহ্বয়তে স্ম (৪); মহাসেনো নাম কশ্চিন্নরপতিরঙ্গারকাখ্যং দৈত্যমুপেত্য রণায়াহ্বয়তে স্ম। স্পর্দ্ধা না হইলে হয় না। যথা, মিত্রমাহ্বয়তি।

৯৫৩। অপকার দ্বারা হিংসা-সূচন, তিরস্কার, সেবা, আখ্যান, সাহস অর্থ বুঝাইলে, কর্ত্তৃবাচ্যে কৃ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, অপকুরুতে (অপকৃত্যা শত্রোর্হিংসাং সূচয়তীত্যর্থঃ)। শ্যেনো (৫) বর্ত্তিকামপকুরুতে (ভর্ৎসয়তি)। ঈশ্বরং প্রকুরুতে (সেবতে)। গাথাঃ প্রকুরুতে (ছন্দোবিশেষরচিতান্ শ্লোকান্ প্রকর্ষেণ কথয়তি)। পরদারান্ প্রকুরুতে

(১) যক্ হইলে শপ্ এবং ইণ্ হইলে সি হয় না।

(২) দেবপূজার্থম্।

(৩) শত্রুপরাভবেচ্ছা স্পর্দ্ধা।

(৪) কৃষ্ণঃ স্পর্দ্ধমানঃ সন্ কংসস্য যোদ্ধৃপুরুষং চাণূরনামানমসুরং যোদ্ধুমাহ্বয়তে স্ম।

(৫) শ্যেনো—বাজপক্ষী; বর্ত্তিকা—পক্ষিবিশেষঃ, ভারুইপাখী ইতি ভাষা।

(সাহসাৎ তেষু প্রবর্ত্ততে); নরহত্যাং প্রকুরুতে (সাহসাৎ হত্যাকর্ম্মণি প্রবর্ত্ততে)।

৯৫৪। ধর্ম্মাদিনিমিত্ত দ্রব্যবিনিয়োগ বুঝাইলে, কর্ত্তৃবাচ্যে কৃ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, শতং প্রকুরুতে (শতং দ্রব্যাণি ধর্ম্মাদ্যর্থে বিনিযুঙ্‌ক্তে, অর্পয়তীত্যর্থঃ)।

৯৫৫। দ্রব্যের গুণান্তরাধান বুঝাইলে কর্ত্তৃবাচ্যে কৃ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, এধোদকস্য (১) উপস্কুরুতে (৫২৬); উপস্কুরুতে পানীয়বিশেষস্য (বহ্নিসংযোগেন উষ্ণত্বাদিগুণান্তরাধানং করোতীত্যর্থঃ)।

৯৫৬। ক্ষমা, অভিভব, ও উপেক্ষা বুঝাইলে অধিপূর্ব্বক কৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা, শত্রুমধিকুরুতে সাধুঃ (ক্ষমতে); মল্লো মল্লানধিকুরুতে (অভিভবতি), দৈত্যানধিকুরুতে কৃষ্ণঃ (অভিভবতি); ত্বামধিকুরুতে (উপেক্ষতে)। অন্যত্র—পররাষ্ট্রমধিকরোতি নরেন্দ্রদীপঃ।

৯৫৭। যদি শব্দবোধক শব্দ কর্ম্মকারক হয়, কর্ত্তৃবাচ্যে বি পূর্ব্বক কৃ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, স্বরান্ বিকুরুতে (বিশেষেণ করোতি)। অন্যত্র—চিত্তং বিকরোতি কামঃ (মনো বিকৃতং করোতি)।

৯৫৮। কর্ত্তৃবাচ্যে অকর্ম্মক বি পূর্ব্বক কৃ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, বায়ুর্বিকুরুতে (বিশেষেণ বর্ত্ততে)।

৯৫৯। জ্ঞান, অর্চ্চা, উৎক্ষেপণ, উপনয়ন, ভৃতিদান, ঋণপরিশোধ, ও ব্যয় অর্থে কর্ত্তৃবাচ্যে নী ধাতুর উত্তর আত্মনে-

(১) এধঃ কাষ্ঠং, তস্য উদকং রসঃ, বহ্নিসংযোগেন তস্য গুণান্তরাধানং করোতীত্যর্থঃ। এধোদকস্য—কর্ম্মণি ষষ্ঠী।

পদ হয়। যথা, শাস্ত্রে নয়তে (শাস্ত্রপ্রতিপাদ্যং নিশ্চিনোতি); ঈশ্বরং নয়তে (পূজয়তি); গেণ্ডুকমুন্নয়তে বালা (উৎক্ষিপতি); পুত্রমুপনয়তে পিতা (আচার্য্যঃ সন্ গায়ত্র্যধ্যয়নার্থং সমীপমানয়তি); ভৃত্যমুপনয়তে (ভৃতিদানার্থং সমীপমানয়তি); ঋণং বিনয়তে (পরিশোধয়তি); করং বিনয়তে (রাজ্ঞে দেয়ং ভাগং পরিশোধয়তীত্যর্থঃ); দ্রব্যং বিনয়তে (ধর্ম্মাদিবিষয়ে বিনিযুঙ্‌ক্তে)। অন্যত্র—গামরণ্যং নয়তি বা নয়তে।

৯৬০। যদি কর্ম্মপদ, মূর্ত্তিশূন্য অথচ কর্ত্তৃস্থ হয়, কর্ত্তৃবাচ্যে বি পূর্ব্বক নী ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, সাধুঃ ক্রোধং বিনয়তে (উপশময়তি)। কর্ম্মপদ মূর্ত্তিযুক্ত হইলে হয় না। যথা, গণ্ডং বিনয়তি (ব্রণং প্রতিকরোতি)। কর্ম্মপদ কর্ত্তৃস্থ না হইলে হয় না। যথা, গুরোঃ ক্রোধং বিনয়তি (নিবারয়তি)।

৯৬১। নক্ষত্রাদি তেজঃপদার্থের ঊর্দ্ধগমন (১) বুঝাইলে কর্ত্তৃবাচ্যে আ পূর্ব্বক ক্রম ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, আক্রমতেঽর্কঃ (ঊর্দ্ধং গচ্ছতি); অগ্নিবাক্রমতে দিবম্ (স্বর্গম্)। তেজঃপদার্থ ভিন্ন অন্য পদার্থের ঊর্দ্ধগতি বুঝাইলে হয় না। যথা, ধূমঃ খমাক্রামতি (৪৩৩) কুট্টিমাৎ (আকাশং ব্যাপ্নোতি)। ঊর্দ্ধগমন না হইলে হয় না। যথা, অগ্নিরিন্ধনমাক্রামতি (প্রাপ্নোতি)।

---

(১) তেজঃপদার্থের ঊর্দ্ধগমন ভিন্ন স্থলেও কখন কখন আপূর্ব্বক ক্রম ধাতুর উত্তর আত্মনেপদ দৃষ্ট হইয়া থাকে। যথা,

"ভাদ্রে কৃষ্ণচতুর্দ্দশ্যাং যাবদাক্রমতে জলম্।
তাবদ্গর্ভং বিজানীয়াৎ তদন্তস্তীরমুচ্যতে॥"

৯৬২। কর্ত্তার পাদক্ষেপ দ্বারা গমন সম্পন্ন হইলে কর্ত্তৃবাচ্যে বি পূর্ব্বক ক্রম ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, সাধু বিক্রমতে হংসী (শোভনং গচ্ছতি)। কর্ত্তৃভিন্ন অন্যের পাদক্ষেপ দ্বারা গমন সম্পন্ন হইলে হয় না। যথা, বাজিনা বিক্রামতি (অশ্বেন গচ্ছতি)।

৯৬৩। আরম্ভার্থে কর্ত্তৃবাচ্যে প্র বা উপ পূর্ব্বক ক্রম ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, ভোক্তুং প্রক্রমতে; গন্তুমুপক্রমতে (আরভতে ইত্যর্থঃ); শিশুরয়ং প্রাতরেব রোদিতুং প্রচক্রমে (আরেভে); আরম্ভ না বুঝাইলে হয় না। যথা, পূর্ব্বেদ্যুঃ প্রক্রামতি (গচ্ছতীত্যর্থঃ); পরেদ্যুরুপক্রামতি (আগচ্ছতীত্যর্থঃ)।

৯৬৪। অপ্রতিবন্ধ, উৎসাহ, ও স্ফীততা(১) বুঝাইলে কর্ত্তৃবাচ্যে উপসর্গহীন(২) ক্রম ধাতুর উত্তর আত্মনেপদ হয়; অন্য অর্থে বিকল্পে। যথা, ক্রমতেঽস্য বুদ্ধির্দর্শনশাস্ত্রেষু (অপ্রতিহতা ভবতি); ধর্ম্মায় ক্রমতে সাধুঃ (উৎসহতে, উদ্যমং করোতীত্যর্থঃ), অসিতপক্ষে পরধনং নেতুং ক্রমতে চৌরঃ (উৎসহতে, চেষ্টতে ইত্যর্থঃ); বাণিজ্যে বণিজাং ধনং ক্রমতে (উত্তরোত্তরং বর্দ্ধতে)। অপ্রতিবন্ধাদি ভিন্ন অর্থে যথা, ক্রমতে, ক্রামতি। উপসর্গ পূর্ব্বে থাকিলে হয় না। যথা, সংক্রামতি।

৯৬৫। অপহ্নব (৩) অর্থে কর্ত্তৃবাচ্যে জ্ঞা ধাতুর উত্তর

(১) স্ফীততা—(অর্থ) বৃদ্ধি।

(২) পরা এবং উপ পূর্ব্বে থাকিলেও হয়। যথা, ধর্ম্মায় পরাক্রমতে (উৎসহতে)।

(৩) অপহ্নব—(অর্থ) অপলাপ, গোপন।

আত্মনেপদ হয়। যথা, শতমপজানীতে (শতবারান্ অপহ্নুতে, অপলপতীত্যর্থঃ); সত্যমপজানীতে কূটসাক্ষী (গোপয়তীত র্থঃ)

৯৬৬। কর্ত্তৃবাচ্যে অকর্ম্মক জ্ঞা ধাতুর উত্তর আত্মনেপদ হয়(১)। যথা, সর্পিষো জানীতে(২) (সর্পিষা করণেন প্রবর্ত্ততে)

৯৬৭। কর্ত্তৃবাচ্যে সম্ বা প্রতি পূর্ব্বক জ্ঞা ধাতুর উত্তর আত্মনেপদ হয়, স্মরণার্থে হয় না। যথা, শতং সংজানীতে, শতং প্রতিজানীতে (অঙ্গীকরোতি); রাঘবো রক্ষসাং বধং প্রতিজজ্ঞে। স্মরণার্থে—পুত্রং সংজানাতি (স্মরতীত্যর্থঃ); শাস্ত্রার্থং সংজানন্তি শিষ্যাঃ (স্মরন্তি)।

৯৬৮। জ্ঞান (৩), যত্ন, প্রলোভ, সান্ত্বনা, ও বিবাদ অর্থে বদ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা, বদতে বশিষ্ঠঃ (বদিতুং জানাতি, কথনে বশিষ্ঠস্য জ্ঞানমস্তীত্যর্থঃ)। ক্ষেত্রে বদতে (যত্নং করোতি)। শিষ্যমুপবদতে (প্রলোভয়তি)। ক্লিষ্টমুপবদতে (৪) (সান্ত্বয়তি)। ক্ষেত্রে বিবদন্তে; বিবদন্তে শিশবঃ; বিবদন্তে শিষ্যাঃ শাস্ত্রেষু; "শতং দদ্যান্ন বিবদেতেতি বিজ্ঞস্য লক্ষণম্"।

৯৬৯। কর্ত্তৃবাচ্যে অকর্ম্মক অনু পূর্ব্বক বদ ধাতুর উত্তর আত্মনেপদ হয়(৫)। যথা, কমলাপতিরনুবদতে রঘুনন্দনস্য(৬)

---

(১) উপসর্গহীন সকর্ম্মক জ্ঞা ধাতুর উত্তর কখন কখন আত্মনেপদ হয়। যথা, "দেবি! নূনং ন জানীষে মহদ্ভয়মুপস্থিতম্।"

(২) সর্পিষোঽত্র জ্ঞাধাতোঃ করণে ষষ্ঠী।

(৩) জ্ঞানমত্র কথনায় বোধঃ।

(৪) উপাদ্‌বদঃ প্রলোভ-সান্ত্বনয়োঃ।

(৫) অব্যক্তকথনস্থলে হয় না। যথা, অনুবদতি বীণা।

(৬) অনুঃ সাদৃশ্যে, তেন তুল্যার্থযোগে ষষ্ঠী।

(রঘুনন্দনো যথাবদৎ, কমলাপতিরপি তথা বদতীত্যর্থঃ); অনুবদতে কঠঃ কালাপস্য (কলাপবিদা যদুক্তং, তৎ কঠ-নামা মুনিরপি বদতীত্যর্থঃ); গ্রন্থস্য অনুবদতে। সকর্ম্মক হইলে হয় না। যথা, পূর্ব্বোক্তমনুবদতি; "গিরমনুবদতি শুকস্তে"।

৯৭০। একদা মনুষ্যাদির স্পষ্টরূপে কথন বুঝাইলে বদ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা, বেদং সংপ্রবদন্তে (১) দ্বিজাঃ (স্পষ্টমেকদৈব কথয়ন্তীত্যর্থঃ)। অন্যত্র —সম্প্রবদন্তি বিহঙ্গাঃ (২)।

৯৭১। একদা মনুষ্যাদির স্পষ্ট কথনে বিরুদ্ধোক্তি বুঝা-ইলে বদ ধাতুর উত্তর বিকল্পে আত্মনেপদ হয়। যথা, বিপ্র-বদন্তে, বা বিপ্রবদন্তি (৩) ভিষজঃ (চিকিৎসকা মিলিতাঃ সন্তঃ নানাপ্রকারং স্পষ্টং ব্রুবন্তীত্যর্থঃ)।

৯৭২। কর্ত্তৃবাচ্যে অবপূর্ব্বক গৃ ধাতুর (৪) উত্তর আত্মনে-পদ হয়। যথা, মিষ্টান্নমবগিরতে (ভক্ষয়তি)।

৯৭৩। প্রতিজ্ঞা অর্থে কর্ত্তৃবাচ্যে সম্‌পূর্ব্বক গৃ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, শতং দ্রব্যাণি সংগিরতে (দাতুং স্বীকরোতি)। অন্যত্র—সংগিরতি গ্রাসম্ (ভুঙ্‌ক্তে ইত্যর্থঃ)।

৯৭৪। কর্ত্তৃবাচ্যে উৎপূর্ব্বক সকর্ম্মক চর ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, গুরুবচনমুচ্চরতে দুরাত্মা (উল্লঙ্ঘ্য

(১) সম্প্রাৎ বদঃ সহোচ্চারণে।
(২) পক্ষিণঃ অব্যক্তং শব্দায়ন্তে।
(৩) বিপ্রাদ্‌বদঃ বিরোধোক্তৌ।
(৪) তুদাদিগণীয়।

গচ্ছতীত্যর্থঃ); দুর্মতির্ধর্ম্মমুচ্চরতে (উল্লঙ্ঘ্য চলতি)। অকর্ম্মক হইলে হয় না। যথা, ভূপৃষ্ঠাদুচ্চরতি পক্ষী (উদ্গচ্ছতীত্যর্থঃ); উচ্চরতি ধূমঃ; তূর্য্যধ্বনিরুদচরৎ (উত্থিতঃ)।

৯৭৫। কর্ত্তৃবাচ্যে করণ কারকের সহিত সম্পূর্ব্বক চর ধাতুর প্রয়োগে আত্মনেপদ হয়। যথা, বাষ্পরথেন সঞ্চরতে; অশ্বেন সঞ্চরতে। হেতু প্রভৃতি করণের প্রয়োগে হয় না। যথা, পুণ্যেন স্বর্গং সঞ্চরতি। •

* ৯৭৬। চতুর্থীর অর্থে তৃতীয়ান্তপদের প্রয়োগে সম্পূর্ব্বক দান ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা, দাস্যা(১) ইষ্টং সংযচ্ছতে কামী। চতুর্থীর অর্থে তৃতীয়া না হইলে হয় না। যথা, দাস্যা সংযচ্ছতি ভিক্ষাং ভিক্ষবে। *

৯৭৭। ভোজন বা ভোগার্থে ভুজ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়, পালনার্থে হয় না। যথা, ভক্ষণার্থে—শালীন্ ভুঙ্‌ক্তে গৌঃ। উপভোগার্থে—দরিদ্রো দুঃখশতানি ভুঙ্‌ক্তে; সুখমুপভুঙ্‌ক্তে কৃতী; "বুভুজে পৃথিবীপালঃ পৃথিবীমেব কেবলাম্" ইতি কালিদাসঃ। পালনার্থে—পৃথ্বীং ভুনক্তি রাজা (পালয়তীত্যর্থঃ); "ভুবং ভূপবরোঽভৌক্ষীৎ (২) তুষ্ণীনো (৩) রঞ্জয়ন্ প্রজাঃ।"

৯৭৮। কর্ত্তৃবাচ্যে সম্পূর্ব্বক ক্ষ্ণু ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, অসিপুত্রিকাং (৪) সংক্ষ্ণুতে (তীক্ষ্ণাং করোতি)।

---

(১) সম্পূর্ব্বক দান ধাতুর অধর্ম্মসম্প্রদানে তৃতীয়া।
(২) পালয়ামাস।
(৩) তুষ্ণীনো নাম।
(৪) অসিপুত্রিকাং—ছুরিকাম্।

৯৭৯। কর্ত্তৃবাচ্যে উৎ বা স্বরান্ত উপসর্গের পরস্থিত যুজ্ (১) ধাতুর উত্তর আত্মনেপদ হয়, যজ্ঞপাত্রের প্রয়োগে হয় না। যথা, মুনয়ো যাগার্থমুদ্‌যুঞ্জতে; যস্ত ব্যাকরণে জ্ঞানমস্তি, স হি সাধুপদং প্রযুঙ্‌ক্তে; উপমন্যুগুরোরাদেশাৎ ফেনমপি নোপযুঙ্‌ক্তে (ন পিবতীত্যর্থঃ); ভৃতিং দত্ত্বা ভৃত্যং কর্ম্মণি নিযুঙ্‌ক্তে। যজ্ঞপাত্রপ্রয়োগে যথা, প্রযুনক্তি স্রুবম্ (যজ্ঞপাত্রম্)। স্বরান্ত উপসর্গ পূর্ব্বে না থাকিলে হয় না। যথা, সংযুনক্তি রজ্জুং রজ্জ্বা সহ।

* ৯৮০। ব্যতিহারার্থে (২) কর্ত্তৃবাচ্যে ধাতুর উত্তর আত্মনেপদ হয়; গত্যর্থ, হিংসার্থ (৩), শব্দার্থ, এবং হস ধাতুর উত্তর হয় না। যথা, ব্যতিলুনীতে ধান্যম্ (পরস্পরস্য ধান্যং ছিনত্তীত্যর্থঃ); "ধর্ম্মোঽস্তি সত্যং তব রাক্ষসায়ম্, অন্যো ব্যতিস্তে (৪৭২) তু মমাপি ধর্ম্মঃ (৪)।" গত্যর্থ ধাতু—ব্যতিসর্পন্তি, ব্যতিগচ্ছন্তি। হিংসার্থ—ব্যতিঘ্নন্তি (৪৭০)। শব্দার্থ—ব্যতিজল্পন্তি। হস ধাতু—ব্যতিহসন্তি। পরস্পরার্থ শব্দ প্রযুক্ত-

(১) যুজিধৌ ঞ যোজনে।

(২) পরস্পর একজাতীয়-ক্রিয়া-করণকে ব্যতিহার বলে; "পরস্পরস্যৈকজাতীয়ক্রিয়াকরণং ব্যতিহারঃ," ইতি প্রাঞ্চঃ।

(৩) বহ ও হৃ ধাতু গত্যর্থ, এবং সম্‌পূর্ব্বক হৃ ধাতু হিংসার্থ, হইলেও ব্যতিহারার্থে উহাদের উত্তর আত্মনেপদের প্রয়োগ হইয়া থাকে। যথা, ব্যতিবহন্তে ভারং কৃষকাঃ (পরস্পরং ভারং বহন্তি), ব্যতিসংবিবহন্তে গর্গাঃ (পরস্পরং পরিণয়ন্তি), ব্যতিহরন্তে ধান্যং চৌরাঃ (পরস্পরং অপহরন্তি), ব্যতিসংপ্রহরন্তে যোদ্ধারঃ (পরস্পরং প্রহরন্তি)। ব্যতি পূর্ব্বে না থাকিলেও ব্যতিহার অর্থ গম্যমানে আত্মনেপদ হয়। যথা, "প্রিয়ামুখং কিম্পুরুষশ্চুচুম্বে", ইতি কালিদাসঃ।

(৪) তব শিষ্টনিগ্রহরূপো ধর্ম্মঃ, মম তু অশিষ্টনিগ্রহরূপো ধর্ম্মঃ, অতো ব্যতিহারঃ।

মানে হয় না। যথা, পরস্পরং ব্যতিচ্ছিন্দন্তি ; পরস্পরং ব্যতি-লুনন্তি ; "সম্যগ্‌বিনিময়েনোভৌ দধতুর্ভুবনদ্বয়ম্" ইতি (অত্র বিনিময়শব্দস্য অন্যোন্যার্থত্বান্নাত্মনেপদম্)।

৯৮১। লটের এ পরে অদাদিগণীয় অস ধাতুর স্থানে হ্‌ হয়। যথা, বি+অতি+অস+এ—ব্যতিহে। *

৯৮২। কর্ত্তা ক্রিয়ার ফলভাগী হইলে, ঞিৎ (১) ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা, ঈশ্বরং যজতে মুনিঃ (আত্মার্থং পূজয়তি)। কর্ত্তা ফলভাগী না হইলে হয় না। যথা, যজতি যাজকঃ (পুরোহিতো যজমানার্থং পূজয়তীত্যর্থঃ)।

৯৮৩। কর্ত্তৃবাচ্যে প্রতীক্ষা অর্থে আ-পূর্ব্বক গমি ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, আগময়তে কালং গুরোরাগ-মনস্য (প্রতীক্ষতে ইত্যর্থঃ)। প্রতীক্ষা না বুঝাইলে হয় না। যথা, গামাগময়তি গোব্রজাৎ (আনয়তীত্যর্থঃ)।

৯৮৪। অণ্যন্ত ধাতুর কর্ম্ম, ণ্যন্তে কর্ত্তা হইলে, ণ্যন্ত ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয় ; স্মরণার্থে হয় না। যথা, দর্শয়তে প্রভুর্ভক্তান্ (২)। অণ্যন্তের কর্ম্ম, ণ্যন্তে কর্ত্তা না হইলে হয় না। যথা, দর্শয়তে প্রভুং ভক্তান্ ভক্তিঃ (৩)। স্মরণার্থে—স্মারয়তি ভক্তান্ প্রভুঃ।

* ৯৮৫। প্রতারণার্থে ণ্যন্ত বন্চ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা, স মাং বঞ্চয়তে (প্রতারয়তি)।

---

(১) যে সকল ধাতু গণপাঠে ঞানুবন্ধ থাকে, কিন্তু প্রয়োগকালে থাকে না, এইরূপ ঞিৎ গ্রাহ্য। যথা, যজোঞ দেবার্চ্চায়াম্।

(২) ভক্তা যং প্রভুং পশ্যন্তি, স প্রভুস্তান্ ভক্তানাত্মানং দর্শয়তে।

(৩) ভক্তাঃ প্রভুং পশ্যন্তি, ভক্তিস্তান্ ভক্তান্ প্রভুং দর্শয়তি।

প্রতারণা না হইলে হয় না। যথা, শ্যেনোঽহিং বঞ্চয়তি (১) (গময়তীত্যর্থঃ)।

৯৮৬। পূজা, অভিভব, ও প্রতারণা অর্থে লাপি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা, প্রভুং লাপয়তে (পূজয়তি); শ্যেনো বর্ত্তিকামুল্লাপয়তে (অভিভবতি); কুপুত্রমুল্লাপয়তে (প্রতারয়তি)। অন্যত্র—ঘৃতং বিলাপয়তি (দ্রবীকরোতীত্যর্থঃ)।

৯৮৭। অভ্যাসার্থে মিথ্যা শব্দের পরবর্ত্তী ণ্যন্ত কৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আত্মনেপদ হয়। যথা, পদং মিথ্যা কারয়তে (স্বরাদিদুষ্টং পদং পুনঃ পুনরুচ্চারয়তীত্যর্থঃ)। মিথ্যা শব্দ না থাকিলে হয় না। যথা, সাধু পদং কারয়তি (পুনঃ পুনরুচ্চারয়তি)। অভ্যাস অর্থ না হইলে হয় না। যথা, পদং সকৃৎ মিথ্যা কারয়তি (সকৃদুচ্চারয়তি)। *

৯৮৮। কর্ত্তৃবাচ্যে সনন্ত জ্ঞা ধাতুর উত্তর আত্মনেপদ হয়; অনু পূর্ব্বে থাকিলে হয় না। যথা, শাস্ত্রং জিজ্ঞাসতে; অনুজিজ্ঞাসতি।

৯৮৯। কর্ত্তৃবাচ্যে সনন্ত শ্রু ধাতুর উত্তর আত্মনেপদ হয়; আ বা প্রতি পূর্ব্বে থাকিলে হয় না। যথা, গুরুং শুশ্রূষতে; আশুশ্রূষতি, প্রতিশুশ্রূষতি।

৯৯০। কর্ত্তৃবাচ্যে সনন্ত স্মৃ ও দৃশ ধাতুর উত্তর আত্মনেপদ হয়। যথা, যঃ খলু পূর্ব্বপাঠং সুস্মূর্ষতে স হি উত্তমঃ শিশুঃ; পিতা পুত্রং দিদৃক্ষতে (৭৫১)। আত্মনেপদ সমাপ্ত।

---

(১) বন্চু গত্যাম্।

কর্ম্মবাচ্য ও ভাববাচ্য।

কর্ম্মবাচ্য (Passive Voice)।

৯৯১। যাহাতে কর্ম্মপদ প্রত্যয়ের বাচ্য (১), তাহাকে কর্ম্মবাচ্য বলে।

ভাববাচ্য (Intransitive-Passive Voice)।

৯৯২। যাহাতে ভাব (২) অর্থাৎ ধাত্বর্থ প্রত্যয়ের বাচ্য, তাহাকে ভাববাচ্য বলে।

৯৯৩। কর্ম্মবাচ্যে কর্ত্তায় তৃতীয়া এবং কর্ম্মে প্রথমা বিভক্তি হয়। যথা, তেন প্রচুরার্থো লভ্যতে। ইহা কারকে দ্রষ্টব্য; ছাত্রদিগের বোধসৌকর্য্যার্থে উল্লিখিত হইল।

৯৯৪। কর্ম্মবাচ্যে ক্রিয়া কর্ম্মপদের অনুসারিণী, অর্থাৎ কর্ম্মপদে যে পুরুষ ও যে বচন থাকে, ক্রিয়াতেও সেই পুরুষের বিভক্তি ও সেই বচন হয়। যথা—

তেন / তাভ্যাম্ / তৈঃ } চন্দ্রো দৃশ্যতে, চন্দ্রাকৌ দৃশ্যেতে, নক্ষত্রাণি দৃশ্যন্তে।

তেন / তাভ্যাম্ / তৈঃ } ত্বং দৃশ্যসে, যুবাং দৃশ্যেথে, যূয়ং দৃশ্যধ্বে।

তেন / তাভ্যাম্ / তৈঃ } অহং দৃশ্যে, আবাং দৃশ্যাবহে, বয়ং দৃশ্যামহে।

---

(১) বাচ্য—অভিধেয়, উল্লেখ্য।

(২) "ধাত্বর্থঃ কেবলো ভাবঃ" ইতি প্রাঞ্চঃ।

৯৯৫। দ্বিকর্ম্মকস্থলে কর্ম্মবাচ্য ক্রিয়া প্রথমাবিভক্তিযুক্ত কর্ম্মপদের অনুসারিণী হয়। যথা, বুভুক্ষিতেন কেনচিদ্ভিক্ষুণা বদান্যঃ কশ্চিত্তক্ষ্যাণি যাচ্যতে।

দ্বিকর্ম্মক ধাতু (Verbs with two Objects)।

৯৯৬। যাচ্ঞার্থ, দুহ্, চি, প্রচ্ছ, রুধ, ব্রূ, শাস, জি; নী, হৃ, বহ, দণ্ড, গ্রহ, কৃষ, মন্থ, মুষ, পচাদি, ধাতুর দুইটী কর্ম্ম থাকে। একটীর নাম মুখ্য (Direct) (১), অপরটীর নাম গৌণ (Indirect)।

৯৯৭। দ্বিকর্ম্মক ধাতু মধ্যে নী প্রভৃতি ধাতুর মুখ্য কর্ম্মে(২), এবং যাচ প্রভৃতি ধাতুর গৌণ কর্ম্মে, প্রথমা বিভক্তি হয়। যথা, অনন্তেন ভক্তো বৈকুণ্ঠং নিন্যে; গোপৈ-র্ধেনবো গোব্রজমহাবিষত (নীয়ন্তে স্ম); তৈঃ সায়ং তা ধেনবো গোশালামূহিরে (প্রাপয়াঞ্চক্রিরে); ধর্ম্মাধিকরণা-ধিষ্ঠিতেন মহীভৃতা অপরাধিনং প্রাণা দণ্ড্যন্তে (অপরাধিনঃ প্রাণগ্রহণরূপো দণ্ডো বিধীয়তে), দরিদ্রৈর্ব্বদান্যমর্থজাতমগ্রাহি; দস্যুভিরন্যান্ ধনং কৃষ্যতে (নীয়তে)। কৈকয্যা রাজা দশ-রথো রামস্য বনপ্রবাসনং যযাচে; একদা বশিষ্ঠেন কাম-

(১) ক্রিয়ার সহিত যাহার সাক্ষাৎ সম্বন্ধ থাকে, তাহাকে মুখ্য কর্ম্ম বলে, এবং যাহার সহিত পরম্পরা-সম্বন্ধ থাকে, তাহাকে গৌণ কর্ম্ম বলে।

(২) কেহ কেহ বলেন, দ্বিকর্ম্মক ধাতুর মধ্যে মন্থ, মুষ, পচ, ধাতুর কখন মুখ্য, কখন গৌণকর্ম্মে, প্রথমা বিভক্তি হয়। যথা, দেবাসুরৈরম্বুনিধিরমৃতং মমন্থে (অম্বুনিধিং বা); বাসুদেবেন অসুরান্ অমৃতং মুমুষে (অপহৃতম্), অথবা বাসুদেবেন অসুরা অমৃতং মুমুষিরে (অপহৃতাঃ); বাতপিত্তকফৈ-রপথ্যং রোগং পচ্যতে (পরিণম্যতে); লোকনাথেন লোকানাং পুণ্যপাপং সুখাসুখং পচ্যতে।

ধেনুরভীষ্টমদোহি; মালাকরেণ বৃক্ষঃ পুষ্পাণি অচায়ি; জ্ঞানলাভায় দৈত্যাধিপেন বলিনা পিতামহঃ প্রহ্লাদো ধর্ম্মমপৃচ্ছ্যত; শাস্তিরক্ষকৈরপরাধিনঃ কারাগৃহং রুরুধে; পুরা নিষধাধিপতিনা নলেন দময়ন্তী বহূনি মনোজ্ঞানি বচাংসি ঔচ্যত; বৎস! কেন ত্বমেবমনুশিষ্যসে (উপদিশ্যসে); মল্লেন বাহুযুদ্ধং মল্লান্ জিগ্যে।

৯৯৮। দ্বিকর্ম্মক ধাতুর একটীমাত্র কর্ম্মপদ প্রযুক্ত হইলে তাহাতেই প্রথমা বিভক্তি হয়। যথা, নীয়তে গ্রামঃ, যাচ্যতে ভূমিরিত্যাদি।

৯৯৯। সর্ব্বত্রেই ণ্যন্ত ধাতুর প্রযোজ্য কর্ম্মে প্রথমা বিভক্তি হয়; "সর্ব্বত্র ণ্যন্তানাং ধাতূনাং প্রযোজ্যকর্ম্মণ্যেবোক্তং ভবতীতি পাণিন্যাদয়ঃ প্রাহুঃ(১)।" যথা, অমুনা পরিহাসপটুনা নটেন সর্ব্বো জনঃ সমস্তাং রজনীমজাগরি(২);

---

(১) কৈশ্চিদুক্তম্—ণ্যন্তানাং—শব্দার্থানাম্ অশনার্থানাম্ গ্রহ দৃশ শ্রু স্ম কৃ প্রভৃতীনাঞ্চ—কদাচিন্মুখ্যকর্ম্ম, কদাচিদ্গৌণকর্ম্মৈবোক্তং ভবতীতি যথা, গুরুণা শিষ্যঃ শাস্ত্রমধ্যাপি (শিষ্যং বা); জনন্যা শিশুরন্নমভোজি (শিশুং বা); ধাত্র্যা শিশুর্দুগ্ধমপায়ি (শিশুং বা); অচ্যুতেন বিধিশ্চতুরো বেদান্ অগ্রাহ্যত, অথবা অচ্যুতেন বিধিং চত্বারো বেদা অগ্রাহ্যন্ত; ঐন্দ্রজালিকেন সর্ব্বে মানবা ইন্দ্রজালবিদ্যামদর্শ্যন্ত, অথবা সর্ব্বান্মানবানিন্দ্রজালবিদ্যা অদর্শ্যত; বৈশম্পায়নেন রাজা পরীক্ষিন্মহাভারতমশ্রাবি, অথবা বৈশম্পায়নেন রাজানং পরীক্ষিতং মহাভারতমশ্রাবি; রামেণ বারিধের্বন্ধনায় কপয়ঃ শৈলানহারিষত, অথবা রামেণ বারিধের্বন্ধনায় কপীন্ কপিভির্বা শৈলা অহারিষত; রামেণ তে কপয়ঃ সেতুমকারিষত, অথবা রামেণ তান্ কপীন্ (তৈঃ কপিভির্বা) সেতুরকারি।

(২) জাগৃধাতুঃ স্বভাবত এব অকর্ম্মকঃ, অতো রজনীমিত্যত্র অকর্ম্মকধাতুযোগেন অধিকরণস্থ কর্ম্মত্বম্।

রাজ্ঞা দশরথেন স্ত্রীকৃতে প্রিয়ঃ সুতো বনং প্রস্থাপয়াঞ্চক্রে; ভূপতিনা চিত্রবর্ণেন প্রণিধয়ঃ শতং যোজনমধ্যাব্যস্ত (প্রের্য্যন্তে স্ম); মিত্র! প্রিয়চিকীর্ষুণা ত্বয়াহং(১)মতীব উপকারমগমিষি (প্রাপিতঃ) (৭৩০); পিত্রা পুত্রো জ্ঞানং প্রাপি (প্রাপিতঃ); রে দুর্মতে! ত্রিলোকনাথং মামবজ্ঞায় শিশুরয়ং বিপক্ষস্তুতিসংযুতান্যসারাণি বাক্যানি ত্বয়া গ্রাহয়াঞ্চক্রে।

১০০০। ভাববাচ্যে কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়, কর্ম্মপদ থাকে না, ক্রিয়াপদে কেবল প্রথম পুরুষের একবচন হয়। যথা, তেন, বা তাভ্যাম্, বা তৈর্ভূয়তে; ত্বয়া, বা যুবাভ্যাম্, বা যুষ্মাভির্ভূয়তে; ময়া, বা আবাভ্যাম্, বা অস্মাভির্ভূয়তে। এইরূপ—জায়তে (৩৬৬), জন্যতে; শম্যতে, ইত্যাদি।

পদ-সাধন-বিধি।

১০০১। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ধাতুর উত্তর আত্মনেপদ হয়।

১০০২। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে লট্ প্রভৃতি চারি বিভক্তি ও শিৎ প্রত্যয় পরে ধাতুর উত্তর যক্ হয় (য থাকে)। যথা, ঘ্রায়তে, নীয়তে, (ণী ধাতু) শয্যতে (৮০০), হন্যতে।

১০০৩। য পরে দীধী ও বেবী ধাতুর অন্ত্য ঈকারের লোপ হয়। যথা, দীধ্যতে।

---

(১) সুতঃ, প্রণিধয়ঃ, অহমিত্যাদৌ প্রয়োজ্যকর্ম্মণি প্রথমা, এবং সর্ব্বত্র।

১০০৪। যক্ পরে, দা (১), ধা, পা (২), মা, স্থা, হাক, গৈ, সো ধাতুর অন্ত্য স্বরের স্থানে ঈ হয়। যথা, তন্নষ্টং, যন্ন দীয়তে; কেনৈতদভিধীয়তে? দেবৈরমৃতমপীয়ত; স্থপতিভির্হর্ম্ম্যাণি নির্মীয়ন্তে; পুণ্যবতা সুখেন স্থীয়তে; ভ্রাতঃ! পরিহীয়তামর্থলালসা; কৃষীবলকামিনীভিরিক্ষুচ্ছায়মুপবিশ্য রঘোর্গুণগ্রামোঽগীয়ত; প্রায়েণ যক্ষ্মিণা সীয়তে (ম্রিয়তে)।

১০০৫। যক্ পরে ধাতুর অন্ত্য ই উ দীর্ঘ হয়। যথা, ক্ষি—ক্ষীয়তে, চি—চীয়তে, জি—জীয়তে, শ্রি—শ্রীয়তে, হি—হীয়তে; নু—নূয়তে, শ্রু—শ্রূয়তে, স্তু—স্তূয়তে।

১০০৬। যক্ পরে অন্ত্য ঋ স্থানে রি হয়। যথা, ক্রিয়তে, ধ্রিয়তে, ম্রিয়তে, হ্রিয়তে। জাগৃ ধাতুর গুণ হয় (৬৯৬ সূত্র দেখ)। যথা, জাগর্য্যতে।

১০০৭। যক্ পরে, স্কৃ ভিন্ন সংযোগাদি হ্রস্ব ঋকারান্ত এবং ঋ ধাতুর গুণ হয়। যথা, স্তৃ—স্তর্য্যতে, স্মৃ—স্মর্য্যতে, হ্বৃ—হ্বর্য্যতে; ঋ—অর্য্যতে। স্কৃ ধাতুর হয় না। যথা, সম্ + কৃ + তে = সংস্ক্রিয়তে (৫২৫)।

১০০৮। যক্ পরে তন ধাতুর স্থানে বিকল্পে তা হয়। যথা, তায়তে, তন্যতে; কৃতিভির্বাঽস্পতাং প্রতায়তে।

পদাবলী।

কৄ—কীর্য্যতে (৩৬১), তৄ—তীর্য্যতে, পৄ—পূর্য্যতে; অজ্ ধাতু+তে—বীয়তে (৬০৫); অনঞ্জ—অজ্যতে (৩৫৯), সনঞ্জ—সজ্যতে, গ্রন্থ—গ্রথ্যতে, মন্থ—মথ্যতে, শন্স—শস্যতে।

---

(১) দৈপ্ ভিন্ন।

(২) ভ্বাদিগণীয় পা ধাতু।

ইকারেৎ ধাতুর ন লোপ হয় না (৩৫৯ সূত্র দেখ)। যথা, কুম্ব—কুম্ব্যতে, নিন্দ—নিন্দ্যতে, কনপ—কম্প্যতে, ইত্যাদি। খন—খায়তে (১৬৬), খন্যতে; সন—সায়তে, সন্যতে।

ব্যচ—বিচ্যতে(৩৯৯), জ্যা—জীয়তে(৪০১), ব্যধ—বিধ্যতে (৪০২), গ্রহ—গৃহ্যতে (৪০৪), ব্রস্চ—বৃশ্চ্যতে (৪০৫), প্রছ—পৃচ্ছ্যতে (৪০৬।৭৪). ভ্রস্জ—ভৃজ্জ্যতে, বে—উয়তে (৪০৭। ১০০৫), ব্যে—বীয়তে (৪০৭), যজ্—ইজ্যতে (৪০৮), বচ্—উচ্যতে (৪০৯). বদ্—উদ্যতে, বপ্—উপ্যতে, স্বপ্—সুপ্যতে, বশ্—উশ্যতে (৪০৩), বস্—উষ্যতে, বহ্—উহ্যতে, হ্বে—হূয়তে (৪১০), শ্বি—শূয়তে।

পা+ণ্ণি+তে—পায্যতে (৭০৮); পা+ণ্ণি+তে—পাল্যতে (৭০৯)। সম্+ঋ+ণ্ণি+তে—সমর্প্যতে (৭১১); প্র+তৄ+ণ্ণি+তে—প্রতার্য্যতে; শম+ণ্ণি+তে—শম্যতে (৭৩০)। মাত্রা শিশুর্দুগ্ধং পায্যতে; রাজ্ঞা প্রজা পাল্যতে; পুণ্যাহে সর্ব্বস্বং গুরবে সমর্প্যতে; বঞ্চকৈঃ সর্ব্বে প্রতার্য্যন্তে; মুকুন্দেন মোহঃ শম্যতে।

জি+সন্+তে—জিগীষ্যতে (৭৫৬।৭৫৩); কৃ+সন্+তে—চিকীর্ষ্যতে (৭৫৩।৩৬১); হন+সন্+তে—জিঘাংস্যতে (৭৫৪।৩৯৭)। ন কথং ত্বয়া শত্রুর্জিঘাংস্যতে।

লুঙ্ বিভক্তি।

১০০৯। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে তন্ পরে ধাতুর উত্তর ইণ্ হয় (১), ই থাকে।

---

(১) ইণ্ হইলে সি হয় না।

ধাতু	একবচন	দ্বিবচন	বহুবচন
বদ	অবাদি (৫৯১)	অবদিষাতাম্	অবদিষত(৩৫৪)
গদ	অগাদি	অগদিষাতাম্	অগদিষত
তন	অতানি	অতনিষাতাম্	অতনিষত
মন	অমানি	অমংসাতাম্	অমংসত
বচ	অবাচি	অবক্ষাতাম্(৩৬৮)	অবক্ষত
ভুজ	অভোজি(৫৯৪)	অভুক্ষাতাম্(৩৬৮)	অভুক্ষত

ভাববাচ্যে—অভাবি, অজাগারি (৬৯৬), অজনি (৫৯০।৫৯১)।

১০১০। ইণ্ পরে বধ এবং অমন্ত (১) ধাতুর বৃদ্ধি হয় না; অম, যম, বি পূর্ব্বক শ্রম, ধাতুর বিকল্পে। যথা, বধ +তন্—অবধি, ক্রম—অক্রমি, চম—অচমি, শম—অশমি। মা শব্দ যোগে অম+তন্—মা অমি, মা আমি; যম—অযমি, অযামি; বি+শ্রম—ব্যশ্রমি, ব্যশ্রামি।

১০১১। ইণ্ বা ইঞ্ পরে, আকারান্ত ধাতুর উত্তর য হয়। যথা, দা—অদায়ি, পা—অপায়ি, যা—অযায়ি, ইন— অগায়ি (৬১৫)।

১০১২। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে লুঙ্‌বিহিত সি এবং আশীর্লিঙাদি বিভক্তি পরে স্বরান্ত, ও হন, গ্রহ, দৃশ, ধাতুর উত্তর বিকল্পে ইঞ্ (২) হয়, (ই থাকে)। যথা, দা—অদায়িষাতাম্, অদিষাতাম্ (৬১৪); অদায়িষত, অদিষত; অদায়িষ্ঠাঃ, অদিথাঃ (৬১৪।৬০৮)।

---

(১) কম, বম, আ পূর্ব্বক চম, এবং অনিম্ অমন্ত, ভিন্ন। যথা, অকামি; অবামি; আচামি, অগামি, অনামি, ইত্যাদি।

(২) ইঞ্ হইলে ইম্ হয় না; বোপদেব ইঞ্‌কে মিণ্ বলিয়াছেন।

১০১৩। ইণ্ ও ইঞ্ পরে, হন ধাতুর হ স্থানে ঘ হয়। হন—অবধি (৫৮৬।১০০৯।১০১০।৫৯১), অঘানি (১০১৩) ; অবধিষাতাম্ (৫৮৬), অঘানিষাতাম্ (১০১২), অহসাতাম্ (৯৪৪) ; অবধিষত, অঘানিষত, অহসত। গ্রহ—অগ্রাহি ; অগ্রাহিষাতাম্ (১০১২), অগ্রহীষাতাম্ (৫৮৪) ; অগ্রাহিষত, অগ্রহীষত। দৃশ—অদর্শি ; অদর্শিষাতাম্, অদৃক্ষাতাম্ (৫৯৪।৩৭৩) ; অদর্শিষত, অদৃক্ষত।

১০১৪। ইণ্ বা চণম্ পরে, ভন্জ এবং উপসর্গহীন লন্ভ ধাতুর বিকল্পে ন্-লোপ হয়।

একবচন	দ্বিবচন	বহুবচন
ভন্জ—অভাজি (৫৯১), অভঞ্জি	অভঙ্ক্তাতাম্ (৩৬৮)	অভঙ্ক্ত
লভ—অলাভি (৭৩৫), অলম্ভি	অলপ্সাতাম্ (৩৬৭)	অলপ্সত

উপসর্গ পূর্ব্বে থাকিলে লভ ধাতুর ন্-লোপ হয় না। যথা, প্রালম্ভি।

১০১৫। অনুতাপ অর্থে তপ্ ধাতুর উত্তর ইণ্ হয় না। যথা, অনু+তপ+তন্—অন্বতপ্ত পূর্ব্ব-কৃত-কর্ম্মণা। অন্যত্র—অতাপি সূর্য্যেণ ভূমিঃ।

১০১৬। ক্রিয়ার উত্তর ইণ্, ইঞ্, বা চণম্ (১), হইবার সম্ভাবনা থাকিলে, জাগৃ ধাতুর বিকল্পে বৃদ্ধি হয়। যথা, অজাগারি (৫৯১।৩৮২), অজাগরি ; অজাগারিষাতাম্ (১০১২),

(১) চণম্প্রত্যয়ে যথা—গুরুঃ শিষ্যং জাগারং জাগারং শেতে, বা জাগরং জাগরং শেতে (গুরু শিষ্যকে জাগাইয়া শয়ন করিতেছেন)।

অজাগরিষাতাম্, অজাগরয়িষাতাম্। উপদেশব্যাজেন গুরুণা শিষ্যোঽজাগারি বা অজাগরি।

১০১৭। ঞির উত্তর ইণ্, ইঞ্, বা চণম্, হইবার সম্ভাবনা থাকিলে, জৄ, জন, ক্লস, এবং ঘট প্রভৃতি ধাতুর বিকল্পে বৃদ্ধি হয়। যথা, অজারি, অজরি; অজারিষাতাম্ (১০১২), অজরিষাতাম্, অজরয়িষাতাম্; অজারিষত, অজরিষত, অজরয়িষত। অজানি, অজনি; অজানিষাতাম্, অজনিষাতাম্, অজনয়িষাতাম্; অজানিষত, অজনিষত, অজনয়িষত।

১০১৮। ঞির উত্তর ইণ্, ইঞ্, বা চণম্, হইবার সম্ভাবনা থাকিলে, কম্, অম্, চম্ ভিন্ন অমন্ত ধাতুর বিকল্পে বৃদ্ধি হয়। যথা—

শম্ + ঞি—

অশামি(১০১৮), অশমি	অশামিষাতাম্, অশমিষাতাম্, অশময়িষাতাম্(৭৩০)	অশামিষত, অশমিষত, অশময়িষত

১০১৯। ঞির উত্তর ইণ্, ইঞ্, বা চণম্, হইবার সম্ভাবনা থাকিলে, মারণার্থ, তোষণার্থ, নিশানার্থ, নিশামার্থ, জ্ঞা ধাতুর বিকল্পে হ্রস্ব হয়। যথা, অজ্ঞপি, অজ্ঞাপি (৭১০।৫৯১)।

লিট্ বিভক্তি।

দা—দদে (৬৫১); শ্রি—শিশ্রিয়ে (৩৬২); স্তু—তুষ্টুবে; ভূ—বভূবে, বুভূবে (৩৮৯।৬৫১।৬১২); যাচ—যযাচে; ইন্দ—ইন্দাঞ্চক্রে (৬৮৮); তপ—তেপে (৬৭১); হন—জঘ্নে (৬৭৫।৩৯৭); দৃশ—দদৃশে; গ্রহ—জগৃহে (৪০৪); বহ—উহে (৬৮৭।৪০৯); ইত্যাদি।

আশীর্লিঙ্, লুট্, লৃট্, লৃঙ্।

দা—দায়িষীষ্ট (১০১২।১০১১), দাসীষ্ট; দায়িতা, দাতা; দায়িষ্যতে, দাস্যতে; অদায়িষ্যত, অদাস্যত। নী—নায়িষীষ্ট (৩৩৯), নেষীষ্ট; নায়িতা, নেতা; নায়িষ্যতে, নেষ্যতে; অনায়িষ্যত, অনেষ্যত। স্তু—স্তাবিষীষ্ট, স্তোষীষ্ট; স্তাবিতা, স্তবিতা (৫৭১), স্তোতা; স্তাবিষ্যতে, স্তোষ্যতে; অস্তাবিষ্যত, অস্তোষ্যত। কৃ—কারিষীষ্ট, কৃষীষ্ট (৭০৫); কারিতা, কর্ত্তা; কারিষ্যতে, করিষ্যতে (৫৬১); অকারিষ্যত, অকরিষ্যত। হন—বধিষীষ্ট (৭০৬); ঘানিতা (১০১২।১০১৩), হন্তা; ঘানিষ্যতে, হনিষ্যতে (৫৬২); অঘানিষ্যত, অহনিষ্যত। গ্রহ—গ্রাহিষীষ্ট, গ্রহীষীষ্ট (৫৮৪); গ্রাহিতা, গ্রহীতা; গ্রাহিষ্যতে, গ্রহীষ্যতে; অগ্রাহিষ্যত, অগ্রহীষ্যত। দৃশ—দর্শিষীষ্ট, দ্রক্ষীষ্ট (৫৯৭।৩৭৩); দর্শিতা, দ্রষ্টা (৩৭০); দর্শিষ্যতে, দ্রক্ষ্যতে; অদর্শিষ্যত, অদ্রক্ষ্যত।

কর্ম্মবাচ্য ও ভাববাচ্য সমাপ্ত।

কর্ম্মকর্ত্তৃবাচ্য (Passive-Active Voice)।

১০২০। যে ক্রিয়াতে (১) যে পদার্থ কর্ম্মকারক, যদি সেই ক্রিয়াতেই সেই পদার্থের কর্ত্তৃত্ব-বিবক্ষা হয়, তাহা হইলে

(১) ক্রিয়া দ্বিবিধা, কর্ম্মস্থা এবং কর্ত্তৃস্থা। পচাদির ক্রিয়া কর্ম্মস্থা, এবং গমাদির ক্রিয়া কর্ত্তৃস্থা। যে সকল ধাতুর ক্রিয়া কর্ম্মস্থা, কর্ম্মকর্ত্তৃবাচ্যে তাহাদেরই প্রয়োগ হয়; যে সকল ধাতুর ক্রিয়া কর্ত্তৃস্থা, কর্ম্মকর্ত্তৃবাচ্যে তাহাদের প্রয়োগ হয় না। যথা, গম্যতে গ্রামঃ স্বয়মেব, খাদ্যতে ওদনঃ স্বয়মেব, ইত্যাদি অপপ্রয়োগ হইবে না।

তাহাকে কর্ম্মকর্ত্তৃবাচ্য বলে। কর্ম্মকর্ত্তৃবাচ্যে কর্ত্তায় প্রথমা বিভক্তি হয় এবং ক্রিয়া কর্ত্তার অনুসারিণী।

"ক্রিয়মাণস্তু যৎ কর্ম্ম স্বয়মেব প্রসিধ্যতি (১)।
সুকরৈঃ স্বৈগুর্ণৈঃ কর্ত্তুঃ কর্ম্মকর্ত্তেতি তদ্বিদুঃ॥"

ইতি বোপদেবেন স্বয়মুক্তম্। যথা, সূদেন পচ্যমান ওদনঃ স্বয়মেব পচ্যতে; কেনচিদ্‌ভিদ্যমানং কাষ্ঠং স্বয়মেব ভিদ্যতে।

"ষট্‌কর্ণো ভিদ্যতে মন্ত্রস্তথা প্রাপ্তশ্চ বার্ত্তয়া।
ইত্যাত্মনা দ্বিতীয়েন মন্ত্রঃ কার্য্যো মহীভৃতা॥"

"চীয়তে বালিশস্যাপি সৎক্ষেত্রপতিতা কৃষিঃ।
ন শালেঃ স্তম্বকরিতা বপ্তুর্গুণমপেক্ষতে॥"

১০২১। কর্ম্মপদ বিদ্যমানে কর্ম্মকর্ত্তৃবাচ্যে প্রয়োগ হয় না (২)। যথা, যাচ্যতে রাজা স্বয়মেব ভূমিম্, এইরূপ প্রয়োগ হইবে না।

১০২২। কর্ম্মকর্ত্তৃবাচ্যে ক্রিয়াপদ কর্ম্মবাচ্যের ন্যায় সিদ্ধ হয় (৩)। যথা, পচ্‌+তে—পচ্যতেঽন্নং স্বয়মেব।

"কর্ম্মস্থঃ পচতের্ভাবঃ (পচধাতোরর্থঃ) কর্ম্মস্থাশ্চ ভিদাদয়ঃ।
বুধস্তু ভাবঃ(বুধধাতোরর্থঃ) কর্ত্তৃস্থঃ,কর্ত্তৃস্থাশ্চ গমাদয়ঃ॥" ইতি প্রাঞ্চঃ। পচতের্ভাবস্তণ্ডুলাদীনাং বিক্লিত্তিস্তণ্ডুলাদিষ্বেব ভাতি, ন তু পাককর্ত্তরি; ভিনত্ত্যাদের্ভাবো ভেদাদিঃ কাষ্ঠাদিষ্বেব, ন তু ভেদাদিকর্ত্তরি; বুধাতের্ভাবো জ্ঞানং শিষ্যেষ্বেব, ন তু গ্রন্থাদৌ; গমাদীনাং ভাবঃ পাদচলনাদির্গমনাদি-কর্ত্তৃষ্বেব, ন তু গ্রামাদৌ; ইত্যর্থঃ। (১) প্রসিধ্যতি—নিষ্পদ্যতে।

(২) পচ ও দুহ ধাতুর কর্ম্ম বিদ্যমান থাকিলেও হয়। যথা, গৌ-র্দুগ্ধম্ অদুগ্ধ (১০২৮ সূত্র দেখ)। গৌণকর্ম্মণ এব দুহাদেঃ কর্ত্তৃত্ববিবক্ষা, ন্যাদেস্তু মুখ্যকর্ম্মণ এব তথাত্বমিতি। যথা, দুগ্ধে গৌর্দুগ্ধমিতি, ন তু গাং দুগ্ধং দুগ্ধে। ন্যাদেস্তু—গাবো নীয়ন্তে বনং স্বয়মেব, ন তু বনং নীয়তে গাঃ স্বয়মেব।

(৩) অর্থাৎ কর্ম্মবাচ্যে বিহিত আত্মনেপদ, যক্, ইণ্,প্রভৃতি প্রত্যয় হয়।

১০২৩। কর্ম্মকর্ত্তৃবাচ্যে কুষ্ ও রন্জ্ ধাতুর উত্তর বিকল্পে লট্ প্রভৃতি চারি বিভক্তির পরস্মৈপদ হয়।

১০২৪। কর্ম্মকর্ত্তৃবাচ্যে লট্ প্রভৃতি চারি বিভক্তির পরস্মৈপদে কুষ্ ও রন্জ্ ধাতুর উত্তর শ্য হয় (য থাকে)। যথা, কুষ্যতি, বা কুষ্যতে, পণ্যং স্বয়মেব (১); রজ্যতি, বা রজ্যতে (৩৫৯), বস্ত্রং স্বয়মেব (২)। অন্যত্র—অকোষি; চুকুষে। অরঞ্জি; ররজে, ররঞ্জে (৬৭৮)।

১০২৫। কর্ম্মকর্ত্তৃবাচ্যে স্বরান্ত ধাতুর উত্তর বিকল্পে ইণ্(৩) হয়। যথা অকারি, অকৃত (৬০৭।৬০৮), তৎ কর্ম্ম (৪)।

১০২৬। কর্ম্মকর্ত্তৃবাচ্যে দুহ ধাতুর উত্তর বিকল্পে ইণ্ হয়। যথা, অদোহি, অধুক্ষত (৬৩৬।৩৭৫।৩৭৭।৩৬৭), অদুগ্ধ, গৌঃ স্বয়মেব।

১০২৭। কর্ম্মকর্ত্তৃবাচ্যে সকর্ম্মক দুহ ধাতুর উত্তর যক্ ও ইণ্ হয় না। যথা, দুগ্ধে (৫) গৌর্দুগ্ধম্; অদুগ্ধ (৩৭৫। ৩৭৪।৩৬৭) গৌর্দুগ্ধম্ (৬)।

১০২৮। কর্ম্মকর্ত্তৃবাচ্যে তপ ও রুধ এবং সকর্ম্মক পচ ধাতুর উত্তর ইণ্ হয় না। যথা, সিকতা (৭) অতপ্ত (৪৯৩);

---

(১) ব্যবসায়ী যৎ পণ্যং কুষ্ণাতি (পরিমাতি), তৎ পণ্যং স্বয়মেব কুষ্যতি বা কুষ্যতে।

(২) রজকঃ কষায়েণ যদ্বস্ত্রং রজতি (রঞ্জয়তি), তদ্বস্ত্রং স্বয়মেব রজ্যতি বা রজ্যতে (রক্তং ভবতি)। (৩) পূর্ব্ববিহিত ইণ্।

(৪) যৎ কর্ম্ম করোতি, অকারি বা অকৃত তৎ কর্ম্ম স্বয়মেব।

(৫) গোপো গাং দুগ্ধং দোগ্ধি, গৌর্দুগ্ধে দুগ্ধং স্বয়মেব।

(৬) গোপো গাং দুগ্ধম্ দোগ্ধি, গৌশ্চ স্বয়মেব দুগ্ধম্ অদুগ্ধ।

(৭) আতপো যাং সিকতাং তপতি (তাপয়তি, অন্তর্ভূতণ্যর্থঃ), অতপ্ত সা সিকতা স্বয়মেব।

অরুদ্ধ স বালকঃ (১); অপক্ব (৫৯৩।৩৮৭) আম্রঃ ফলম্ (২)।

১০২৯। কর্ম্মকর্ত্তৃবাচ্যে স্নু, শ্রি, আত্মনেপদে অকর্ম্মক, এবং ঞ্যন্ত, ধাতুর উত্তর যক্ বা ইণ্ হয় না, ইঞ্ হয় বিকল্পে (৩)। যথা, স্নুতে গৌঃ স্বয়মেব; অস্নাবিষ্ট, অস্নোষ্ট (৫৫৬)। শ্রয়তে; অশ্রায়িষ্ট, অশ্রয়িষ্ট। আহতে শত্রুঃ স্বয়মেব; আবধিষ্ট (৫৮৬), আঘানিষ্ট, আহত। কারয়তে তৎ কর্ম্ম স্বয়মেব; অকারিষ্ট, অকারয়িষ্ট।

১০৩০। কর্ম্মকর্ত্তৃবাচ্যে নম, ব্রূ, কৄ, গৄ, গ্রন্থ, শ্রন্থ, সনন্ত, এবং ভূষার্থ, এই সকল ধাতু হইতে নিষ্পন্ন ক্রিয়াপদ সকল(৪) কর্ত্তৃবাচ্যের ন্যায় সিদ্ধ হয়(৫)। যথা, নমতে শাখা(৬), "সর্ব্বভূতানি চাপ্যস্য ন নমন্তে কদাচন" (৭); ব্রূতে শ্লোকঃ (৮); কিরতে লোষ্ট্রম্ (৯); গিরতেঽন্নম্ (১০);

---

(১) গৃহে যং বালকং রুণদ্ধি, অরুদ্ধ স বালকঃ স্বয়মেব।

(২) কাল আম্রং (আম্রবৃক্ষমিত্যর্থঃ) ফলং পচতি, তত আম্রঃ স্বয়মেব ফলং অপক্ব।

(৩) শ্রি ও ঞ্যন্ত ধাতুর উত্তর অঙ্ও হয়। যথা, অশিশ্রিয়ত, অচীকরত।

(৪) কিন্তু ঐ সকল ক্রিয়াপদে কর্ত্তৃবাচ্যের ন্যায় পরস্মৈপদ হয় না।

(৫) কর্ত্তৃবাচ্যের ন্যায় সিদ্ধ হয়, অর্থাৎ কর্ম্মবাচ্যে বিহিত যক্, ইণ্, ইঞ্, হয় না।

(৬) শিশুর্যাং শাখাং নমতি (অর্থাৎ নময়তি, নমতিরিতি অন্তর্ভূতঞ্যর্থঃ), সা শাখা নমতে স্বয়মেব ইত্যর্থঃ।

(৭) নিত্যক্ষমাশীলো ভূপতির্যানি ভূতানি ন নমতি (অন্তর্ভূতঞ্যর্থঃ) ন নময়তীত্যর্থঃ, তানি সর্ব্বাণি ভূতানি অস্য (নিত্যক্ষমিণঃ) সকাশে কদাচন স্বয়ং ন নমন্তে প্রণতা ভবন্তি, নৈনমাশ্রিয়ন্তে ইত্যর্থঃ।

(৮) যং শ্লোকং শিষ্য আহ, স শ্লোকঃ স্বয়মেব ব্রূতে।

(৯) শিশুর্যল্লোষ্ট্রং কিরতি (নিক্ষিপতি), তল্লোষ্ট্রং স্বয়মেব কিরতে।

(১০) বালকো যদন্নং গিরতি (ভক্ষয়তি), তদন্নং স্বয়মেব গিরতে।

গ্রথ্নীতে (৩৫৯ সূত্র) স্রক্ (১) ; শ্রথ্নীতে দুর্গতো দুঃখাৎ (২), শ্রথ্নীতে কাঞ্চী (৩) ; চিকীর্ষতে কর্ম্ম (৪) ; তংসতে কণ্ঠঃ (৫)।

কর্ম্মকর্ত্তৃবাচ্য সমাপ্ত।

ত্যাদিবিভক্তিনির্ণয় (বা লকারার্থনির্ণয়)।

কাল (Tense)।

১০৩১। কাল নিত্য, কিন্তু পূর্ব্বতন আচার্য্যগণ ক্রিয়ার বোধসৌকর্য্যার্থে সেই নিত্যকাল প্রথমতঃ তিন অংশে বিভক্ত করিয়া ব্যবহার করিয়াছেন। উহার একাংশের নাম বর্ত্তমান, একাংশের নাম অতীত, ও একাংশের নাম ভবিষ্যৎ।

বর্ত্তমান কাল (Present Tense)।

১০৩২। আরব্ধক্রিয়ার অসমাপ্তিকালকে বর্ত্তমান বলে(৬)।

---

(১) পুষ্পজীবী (মালাকরঃ) যাং স্রজং (মালাং) গ্রথ্নাতি, সা স্রক্ গ্রথ্নীতে স্বয়মেব।

(২) দয়ালুর্যং দুর্গতং দুঃখাৎ শ্রথ্নাতি (মোচয়তি), শ্রথ্নীতে (মুক্তো-ভবতি) স দুর্গতস্তস্মাদ্দুঃখাৎ স্বয়মেব।

(৩) নারী যাং কাঞ্চীং শ্রথ্নাতি (রচয়তি), শ্রথ্নীতে সা কাঞ্চী স্বয়মেব।

(৪) কর্ম্মঠো জনঃ যৎ কর্ম্ম চিকীর্ষতি, চিকীর্ষতে তৎ কর্ম্ম স্বয়মেব।

(৫) কামিনী হারেণ যং কণ্ঠং তংসতি (ভূষয়তি), তংসতে স কণ্ঠঃ স্বয়মেব।

(৬) আরব্ধক্রিয়ায়া অসমাপ্তিকালো বর্ত্তমানঃ।

বর্ত্তমান কালে লট্ বিভক্তি হয় (১)। যথা, মহাভারতং পঠতি; বাণিজ্যং কুর্ম্মো বয়ম্।

বর্ত্তমান চতুর্বিধ (২)—১। প্রবৃত্তোপরত; ২। বৃত্তাবিরত; ৩। নিত্যপ্রবৃত্ত; ৪। সামীপ্য।

* ১। প্রবৃত্তোপরত (৩)।

কর্ম্মে প্রবৃত্ত থাকিয়া পশ্চাৎ যে কালে নিবৃত্ত হয়, তাহাকে প্রবৃত্তোপরত বলে। যথা, অধুনা স মাংসং ন খাদতি (সে অগ্রে মাংস খাইত, এইক্ষণে খায় না); ইদানীং ন পঠতি।

২। বৃত্তাবিরত (৪)।

অতীত ক্রিয়ার বর্ত্তমানতা-জ্ঞানকে বৃত্তাবিরত বলে। যথা, ইহ কুমারাঃ ক্রীড়ন্তি (এই স্থানে কুমার সকল ক্রীড়া করে)—এই বাক্য প্রয়োগকালে তদানীন্তন ক্রীড়ার অভাবেও পূর্ব্ব ক্রীড়ার নৈরন্তর্য্যজ্ঞান জন্য বর্ত্তমান হয়।

৩। নিত্যপ্রবৃত্ত।

অবিচ্ছেদে যে বর্ত্তমানতার জ্ঞান হয়, তাহাকে নিত্য-প্রবৃত্ত বলে। যথা, পর্ব্বতাস্তিষ্ঠন্তি (পর্ব্বত সকল নিত্যই আছে); চন্দ্র উদেতি (চন্দ্র প্রতিদিন উদিত হইতেছে); গ্রামং গচ্ছতি (অবিচ্ছিন্ন গতিতে গ্রামে যাইতেছে)।

---

(১) বর্ত্তমান কালে কখন কখন ইচ্ছার্থ ধাতুর উত্তর লটের পরিবর্ত্তে বিধিলিঙ্ হয়। যথা, অধ্যেতুমিচ্ছতি বা অধ্যেতুমিচ্ছেৎ।

(২) "প্রবৃত্তোপরতশ্চৈব বৃত্তাবিরত এব চ।
নিত্যপ্রবৃত্তঃ সামীপ্যো বর্ত্তমানশ্চতুর্বিধঃ" ॥

(৩) কর্ম্মণি প্রবৃত্তো ভূত্বা পশ্চাদ্‌যত্র বিরতঃ।

(৪) যত্র অতীতক্রিয়ায়া বর্ত্তমানতাজ্ঞানং, ক্রিয়াসাতত্যজ্ঞানমিতি যাবৎ।

৪। সামীপ্য।

ইহা দুই প্রকার—ভূতসামীপ্য ও ভবিষ্যৎসামীপ্য।

ভূতসামীপ্য।

যে কালে বর্ত্তমানতার ধ্বংসমাত্র অর্থাৎ ক্রিয়ার সমাপ্তি-মাত্র বোধ হয়, কিন্তু ক্রিয়ার কোনরূপ ফল বর্ত্তমান থাকে, সেই কালকে ভূতসামীপ্য বলে। যথা, কদা আগতোঽসীতি প্রশ্নে এষোঽহমাগচ্ছামীতি (১) (কখন আসিলে? এই প্রশ্নে, এই আসিতেছি)—এই উত্তরদান-সময়ে তাহার আগমন-ক্রিয়ার সমাপ্তিমাত্র বোধ হয়, কিন্তু আগমনজন্য অধ্বশ্রম বর্ত্তমান থাকায় ভূতসামীপ্য বর্ত্তমান হয়।

ভবিষ্যৎসামীপ্য।

ক্রিয়ার প্রবৃত্তি না হইলেও যে সময়ে উহার বর্ত্তমানতা জ্ঞান হয়, তাহাকে ভবিষ্যৎসামীপ্য বলে। যথা, কদা গমিষ্যসীতি প্রশ্নে এষোঽহং গচ্ছামি (২) (কবে যাইবে? এই প্রশ্নে, এই যাইতেছি)—এই উত্তরদান-সময়ে গমনক্রিয়ার আরম্ভ না হইলেও, ক্রিয়ার অনুষ্ঠানে প্রবৃত্ত হইল এইরূপ জ্ঞান হয়, সুতরাং ভবিষ্যৎসামীপ্য বর্ত্তমান হইয়া থাকে। *

অতীত কাল (৩) (Past Tense)।

১০৩৩। যে কালে সম্পূর্ণরূপে ক্রিয়ার সমাপ্তি হয়, সেই কালকে অতীত কাল বলে। অতীত কালে লঙ্, লুঙ্, লিট্,

---

(১) ভূতসামীপ্যে অতীতকালোক্ত লুঙেরও প্রয়োগ হয়। যথা, এষোঽহম্ আগমম্।

(২) ভবিষ্যৎসামীপ্যে ভবিষ্যৎকালোক্ত বিভক্তিরও প্রয়োগ হয়। যথা, এষোঽহং গমিষ্যামি। (৩) যস্মিন্ কালে ক্রিয়াসমাপনমভূৎ, সোঽতীতকালঃ।

হয়। যথা, স হ্যো বারাণসীমগচ্ছৎ; অদ্য চট্টোপাধ্যায়োপাধিকস্য রামগোপালস্য পুত্রোঽভূৎ; রামো বহুদিনং দশগ্রীবং জঘান।

* কোন কোন আচার্য্যের মতে অতীত কাল তিনপ্রকার—
১। অদ্যতন; ২। অনদ্যতন; ৩। পরোক্ষ।

১। অদ্যতন অতীত।

যে ক্রিয়াটী অদ্য ঘটিয়াছে, সেই ক্রিয়ার কালকে অদ্যতন বলে। অদ্যতন অতীতে লুঙ্ হয় (১)। যথা, ত্বমদ্যাভূঃ; অদ্যাভূদবলোকনং মম পিতুঃ।

২। অনদ্যতন অতীত।

ইহাকে হ্যস্তনও বলে। যে ক্রিয়াটী গত দিন বা অল্প দিন ঘটিয়াছে, সেই ক্রিয়ার কালকে অনদ্যতন বলে। অনদ্যতন অতীতে লঙ্ হয়। যথা, স হ্যোঽবলোকনমকরোৎ; "অকরোদচিরেশ্বরঃ ক্ষিতৌ দ্বিষদারম্ভফলানি ভস্মসাৎ"।

৩। পরোক্ষ অতীত।

যে ক্রিয়াটী আধুনিক লোকের অক্ষিগোচর হয় নাই (অর্থাৎ বহুদিন ঘটিয়াছে), সেই ক্রিয়ার কালকে পরোক্ষ অতীত বলে। পরোক্ষ অতীতে লিট্ হয়। যথা, "যশোধনো (২) ধেনুমৃষের্মুমোচ"; "বলিঃ পপ্রচ্ছ দৈত্যেন্দ্রং প্রহ্লাদং পিতরং পিতুঃ"।

মহাকবিগণ অদ্যতন, অনদ্যতন, পরোক্ষ, ভেদে লুঙ্, লঙ্, লিট্, বিভক্তির প্রয়োগ করেন নাই। তাঁহারা সকল

(১) অতীতসামান্যে লুঙ্, ইতি পাণিনিঃ।
(২) যশোধনোঽত্র রাজা দিলীপঃ।

প্রকার অতীত কালেই ঐ তিন বিভক্তির প্রয়োগ করিয়াছেন। যথা, "অভূন্নৃপো বিবুধসখঃ পরন্তপঃ শ্রুতান্বিতো দশরথ ইত্যুদাহৃতঃ"; "স্বংস্তদত্তে মুনিরাসনে মুনিশ্চিরন্তনস্তাবদভিন্যবীবিশৎ" ইতি—এই সকল স্থানে অনদ্যতন অতীত কালে লুঙের প্রয়োগ করিয়াছেন। "অদ্যাবদঙ্কশমুখৈর্দশকন্ধরোঽসৌ" ইতি ভট্টিঃ—এ স্থলে অদ্যতন অতীত কালে লঙের প্রয়োগ করিয়াছেন। "ব্যাতেনে কিরণাবলীমুদয়নঃ স ত্বর্কতেজোময়ীম্" ইত্যাচার্য্যঃ—এ স্থলে অপরোক্ষ অতীত কালেও লিটের প্রয়োগ করিয়াছেন। এজন্য বোপদেব অদ্যতন, অনদ্যতন, পরোক্ষ, ভেদ না করিয়া, সামান্যতঃ অতীতকালে লঙ্, লুঙ্, লিট্, এই তিন বিভক্তির প্রয়োগের ব্যবস্থা দিয়াছেন। অতএব চিরাতীত, নিকটাতীত, পরোক্ষাতীত, সর্ব্বপ্রকার অতীত কালেই লঙ্ লুঙ্, লিট্, বিভক্তি হয়।*

ভবিষ্যৎ কাল (১) (Future Tense)।

১০৩৪। যে উত্তর কালে ক্রিয়া সম্পন্ন হইবে, তাহাকে ভবিষ্যৎ কাল বলে। ভবিষ্যৎ কালে লুট্ ও লৃট্ হয়। যথা, অচিরেণ তব পুত্রো ভবিতা; ত্বং নৃপতির্ভবিষ্যসি।

* মতান্তরে ভবিষ্যৎ কাল ত্রিবিধ—১। অদ্যতন ভবিষ্যৎ; ২। অনদ্যতন ভবিষ্যৎ; ৩। দূর ভবিষ্যৎ। অদ্যতন ভবিষ্যৎ কালে আশীর্লিঙ্ হয় (২)। যথা, অদ্য ভূয়াৎ। অনদ্যতন

(১) যস্মিন্ কালে ক্রিয়া ভবিষ্যতি, স ভবিষ্যৎকালঃ।

(২) অদ্যতন, অনদ্যতন, এবং দূর, ভবিষ্যৎ ভেদে আশীর্লিঙ্, লুট্, লৃট্, ব্যবহৃত হয় না। সকলপ্রকার ভবিষ্যৎ কালেই লুট্ ও লৃট্ হয়; কেবল ভবিষ্যৎ কাল বুঝাইবার জন্য আশীর্লিঙের প্রয়োগ প্রায় দৃষ্ট হয় না।

ভবিষ্যতে লুট্ হয়। যথা, শ্বো ভবিতা। দূর ভবিষ্যতে লৃট্ হয়। যথা, বৎসরান্তে সুখং ভবিষ্যতি *

১০৩৫। গর্হার্থ বুঝাইলে অপি শব্দের যোগে কালত্রয়ে লট্ হয়। যথা, অপি ত্বং মাং নিন্দসি ; অপি জায়াং ত্যজসি, গর্হিতমেতৎ।

১০৩৬। স্ম শব্দের যোগে অতীত কালে লট্ হয়। যথা, হন্তি স্ম রাবণং রামঃ ; দুর্য্যোধনাদয়ঃ পাণ্ডবান্ জিঘাংসন্তি স্ম ; তাতো মামেবং ব্রবীতি স্ম ; যজতি স্ম যুধিষ্ঠিরঃ।

১০৩৭। যে ক্রিয়া দ্বারা প্রশ্নের উত্তর হয়, অব্যয় ননু-শব্দের যোগে অতীত কালে তাহাতে লট্ হয়। যথা, অভূৎ কিং ঘটঃ ? (ঘট কি হইয়াছে ?) ; ননু ভবতি (হাঁ, হইয়াছে)। অকার্ষীঃ কিম্?(করিয়াছ কি?) ; ননু করোমি (হাঁ,করিয়াছি)।

১০৩৮। পুরাশব্দ-যোগে অতীতকালে বিকল্পে লট্ হয় ; স্মশব্দ-প্রয়োগে হয় না। যথা, বসন্তীহ পুরা ছাত্রাঃ ; পক্ষে—অবসন্, অবাৎসুঃ, ঊষুর্বা। স্ম প্রয়োগে—যজতি স্ম পুরা।

১০৩৯। অব্যয় যাবৎ বা পুরা শব্দের যোগে ভবিষ্যৎ কালে লট্ হয়। যথা, যাবৎ কল্কী ভবতি, পুরা জনৈঃ কল্কী দৃশ্যতে(১) ; যাবদীশ্বরঃ কৃপয়া ভক্তানাত্মানং দর্শয়তে (৯৮৪), তাবত্তৈর্দ্রক্ষ্যতে (২) ; স যাবদ্গৃহাদানয়তি, তাবদহং তত্রোপস্থাস্যে (৯৩১) (৩)। অব্যয় না হইলে হয় না। যথা, যাবদ্দাস্যতে, তাবদ্ভোক্ষ্যতে (৪)।

---

(১) যখন কল্কী অবতার হইবেন, অগ্রে মনুষ্যে দেখিবে।

(২) যখন ঈশ্বর কৃপা করিয়া ভক্তদিগকে আত্মা দেখাইবেন, তখন তাহারা দেখিবে। (৩) সে যত ক্ষণে গৃহ হইতে আনিবে, আমি তত ক্ষণে তথায় উপস্থিত হইব। (৪) যত দিবে, তত খাইবে।

১০৪০। কদা ও কর্হি যোগে ভবিষ্যৎ কালে বিকল্পে লট্ হয়। যথা, কদা আমাম্ দেবেশং, কদা আস্যামি বা আতাস্মি দেবেশম্; কর্হি ভুঙ্ক্তে, কর্হি ভোক্ষ্যতে বা ভোক্তা।

* ১০৪১। লাভেচ্ছা বুঝাইলে কতর, কতম, বা বিভক্ত্যন্ত কিম্ শব্দের যোগে ভবিষ্যৎ কালে বিকল্পে লট্ হয়। যথা, কতরো জনঃ (অনয়োর্মধ্যে কঃ) মে ধনং দদাতি, দাস্যতি, বা দাতা; কতমো জনঃ (এষাং মধ্যে কঃ) ভিক্ষবে মে ভিক্ষাং রাতি, রাস্যতি, বা রাতা; অপরঃ কো বা দরিদ্রায় মে দ্রবিণমর্পয়তি, অর্পয়িষ্যতি, বা অর্পয়িতা; আবয়োঃ কতরং, অস্মাকং কতমম্, অপরং কং বা ভোজয়সি (পক্ষে ভোজয়িষ্যসি, বা ভোজয়িতাসি)। লাভেচ্ছা না হইলে হয় না। যথা, কঃ পাটলিপুত্রং গমিষ্যতি।

১০৪২। অন্নাদি দ্বারা স্বর্গাদির সিদ্ধি বর্ণিত হইলে, ভবিষ্যৎ কালে বিকল্পে লট্ হয় (১)। যথা, যো ভিক্ষাং দদাতি, বা দাতা, বা দাস্যতি,—স স্বর্গং যাতি, বা যাতা, বা যাস্যতি।

১০৪৩। আশংসা (২) বুঝাইলে ভবিষ্যৎ কালে বিকল্পে লট্ ও লুঙ্ হয় (৩)। যথা, দেবশ্চেদ্ বর্ষতি, অবর্ষীৎ, (পক্ষে বর্ষিষ্যতি),—ধান্যং বপামঃ, অবাপ্স্ম, (পক্ষে বপ্স্যামঃ); স

---

(১) ক্রিয়াদ্বয়ের বর্ণন ব্যতিরেকে অন্নাদি দ্বারা স্বর্গাদির সিদ্ধি বর্ণনা করা যায় না, সুতরাং উভয় ক্রিয়াতেই বিকল্পে লট্ হয়।

(২) আশংসা—অভিলষিত-কথন।

(৩) কখন কখন আশংসা বুঝাইলে লোটের প্রয়োগও দৃষ্ট হয়। যথা, গুরুশ্চেদায়াতি,—ত্বং তর্কমধীষ্ব, অহং বেদমধ্যয়ৈ (যদি গুরু আসেন, তুমি তর্কশাস্ত্র অধ্যয়ন করিবে,আমি বেদ অধ্যয়ন করিব, এই আমার অভিলাষ)।

চেদায়াতি, বা আয়াসীৎ, (পক্ষে আয়াস্যতি),—তদাহং তস্মৈ সর্ব্বমেতদ্দদামি, বা অদাম্, (পক্ষে দাস্যামি); উপাধ্যায়শ্চেদা-গচ্ছতি বা আগমৎ, (পক্ষে আগমিষ্যতি),—ত্বং তর্কমধীষে—বা অধ্যৈষ্ঠাঃ, (পক্ষে অধ্যেষ্যসে)। সৌমিত্রে! মামুপায়ংস্থাঃ, ইতি ভট্টী। (হে লক্ষ্মণ! ত্বং মাং পরিণয়, ইত্যভিলাষো-মে), অত্র আশংসায়াং লুঙ্বিভক্তির্দর্শিতা।

১০৪৪। কার্য্যে ত্বরা থাকিলে আশংসার্থে ভবিষ্যৎ কালে কেবল লৃট্ হয়। যথা, বৃষ্টিশ্চেদায়াস্যতি, ক্ষিপ্রং ক্ষেত্রে ধান্যং বপ্স্যামি।

১০৪৫। আশংসাবাচক পদের প্রয়োগে ভবিষ্যৎকালে বিধিলিঙ্ হয়। যথা,গুরুশ্চেদুপেয়াৎ,আশংসে,ক্ষিপ্রমধীয়ীয়।*

১০৪৬। কার্য্যকারণভাবে প্রযুজ্যমান ধাতুদ্বয়ের উত্তর ভবিষ্যৎ কালে বিকল্পে বিধিলিঙ্ হয়। যথা, চেত্তবান্ ভগবন্তমর্চ্চয়েৎ, তদা কল্যাণং গচ্ছেৎ (যদি আপনি ভগবানের অর্চ্চনা করেন, তাহা হইলে কল্যাণ প্রাপ্ত হইবেন) (১), (অত্র ভগবদর্চ্চনা হেতুঃ, কল্যাণপ্রাপ্তিঃ ফলম্); পক্ষান্তরে—ভগবন্তমর্চ্চয়িষ্যতি চেৎ, তদা কল্যাণং প্রাপ্স্যতি। চেদ্ধর্ম্মং চরেৎ, তদা সুখী ভবেৎ (ধর্ম্মচরণহেতুনা তস্য সুখং ভবি-ষ্যতীত্যর্থঃ)। চেদ্যাগং কুর্য্যাৎ, তদা স্বর্গং লভেত। নিরা-কাঙ্ক্ষশ্চেদ্ভগবতঃ প্রিয়ং সম্পাদয়েস্তদা ত্বং মোক্ষং প্রাপ্নুয়াঃ।

---

(১) যদি আপনি ভগবানের অর্চ্চনা করিতেন, তাহা হইলে কল্যাণ প্রাপ্ত হইতেন; আপনি অর্চ্চনা করেন নাই, কল্যাণও প্রাপ্ত হন নাই। প্রশ্নটী এইরূপ হইলে অতীতকালবোধক ক্রিয়াদ্বয়ের অনিষ্পত্তি জন্য লৃঙ্ হয়, বিধিলিঙ্ হয় না। যথা, চেত্তগবন্তমার্চ্চয়িষ্যৎ, তদা কল্যাণমগমিষ্যৎ।

যদি বাল্যে নাধীয়ীথাস্তদা চিরং ক্লেশমনুভবেঃ ।
যদি দেবো ভূশং বর্ষেৎ ধান্যসম্পন্নবেদ্ধ্রুবম্ ।
"যঃ কুর্য্যাৎ সচিবায়ত্তাং শ্রিয়ং, তদ্ব্যসনে সতি ।
সোঽন্ধবজ্জগতীপালঃ সীদেৎ সঞ্চারকৈর্বিনা ॥"

বিধি (Poteutial Mood)।

১০৪৭। বিধি (১) অর্থে বিধিলিঙ্ ও লোট্ হয়। যথা, সদা যাগং কুর্য্যাৎ, ন হি চৌর্য্যম্; মা হিংস্যাৎ; ন নক্তং দধি ভুঞ্জীত; মাংসং ন ভক্ষয়েৎ; গুরুনিন্দাং ন কুর্ব্বীত। শতং দদ্যান্ন বিবদেত (৯৬৮)।

"সত্যং ব্রূয়াৎ প্রিয়ং ব্রূয়াৎ, ন ব্রূয়াৎ সত্যমপ্রিয়ম্"।
"নানিবেদ্য প্রকুর্ব্বীত ভর্ত্তুঃ কিঞ্চিদপি স্বয়ম্।"
"অলব্ধঞ্চৈব লিপ্সেত, লব্ধং রক্ষেদবেক্ষয়া (২)।
রক্ষিতং বর্দ্ধয়েৎ সম্যক্, বৃদ্ধং তীর্থেষু (৩) নিক্ষিপেৎ ॥"

১০৪৮। নিমন্ত্রণ (৪) ও আমন্ত্রণ (৫) অর্থে বিধিলিঙ্ বা লোট্ হয়। নিমন্ত্রণ যথা, ত্বমদ্য মধ্যাহ্নে মদ্ভবনে ভুঞ্জীথাঃ, অথবা ভুঙ্ক্ষ্ব। আমন্ত্রণ (অর্থ—অনুরোধ) যথা, ইহ শয়ীত ভবান্, বা শেতাম্; ত্বমিহাসীথাঃ, বা আস্স্ব; অদ্য রজন্যামস্মদ্গেহে নটীনর্ত্তনং ভবিতা, সানুকম্পমুপস্থায় ক্লেশং স্বীকৃত্য চ পশ্যন্তু তাবন্তবন্তঃ, বা পশ্যেয়ুঃ।

---

(১) অজ্ঞাতজ্ঞাপকো বিধিরিতি প্রাঞ্চঃ।
(২) অবেক্ষয়া—অবধানেন, যত্নেনেতি যাবৎ।
(৩) তীর্থেষু নিক্ষিপেৎ—সৎপাত্রেষু দদ্যাৎ।
(৪) স্বেচ্ছয়া বস্তাকরণে প্রত্যবায়স্তন্নিমন্ত্রণম্।
(৫) স্বেচ্ছয়া বস্তাকরণে প্রত্যবায়ো ন স্যাৎ, তদামন্ত্রণম্।

১০৪৯। সংপ্রশ্ন (১) বা প্রার্থনা (২) বুঝাইলে, বিধিলিঙ্ বা লোট্ হয়। সংপ্রশ্ন যথা, ভো গুরো! কিমহং বেদমধীয়ীয়, উতাহো (৩) তর্কশাস্ত্রমধ্যয়ৈ; কিমগ্রে ভুঞ্জীয় (ভুনজৈ বা), উত গ্রামং গচ্ছেয়ম্ (গচ্ছানি বা)। প্রার্থনা যথা, ভো বিপ্র! অদ্যাহং তব গৃহে ভোজনং লভেয় (অথবা লভৈ); ভো আচার্য্য! বেদান্তমধ্যাপয় মাম্; (বা অধ্যাপয়েঃ); রাজন্! পুণ্যশ্লোকস্য (৪) নলস্য মার্গণে তব প্রেষ্যাঃ (ভৃত্যাঃ) প্রযতন্তাম্, মমেয়ং প্রার্থনা।

* ১০৫০। বক্তার ইচ্ছা প্রকাশ পাইলে, ইচ্ছার্থ ধাতুর যোগে কালত্রয়ে বিধিলিঙ্ বা লোট্ হয়। যথা, কাময়েঽহম্, ভবান্ যোগিধ্যেয়মবাঙ্মনসগোচরং ভগবন্তং সেবেত, (বা সেবতাম্); ইচ্ছামি, ভবান্ ভুঞ্জীত (ভুঙ্ক্তাং বা)। বক্তার ইচ্ছা প্রকাশ না থাকিলে হয় না। যথা, ইচ্ছন্ করোতি (ইচ্ছাবিশিষ্টো যঃ, স করোতীত্যর্থঃ), (অত্র বক্তুরিচ্ছা নাস্তীত্যস্মাৎ বিধিলিঙ্ বা লোট্ নাভূৎ)।

১০৫১। ইচ্ছার্থ ধাতুর প্রয়োগ ব্যতীত, বক্তার ইচ্ছা প্রকাশ পাইলে, কালত্রয়ে কেবল বিধিলিঙ্ হয়, কচ্চিৎ শব্দের প্রয়োগে হয় না। যথা, ভবান্ কামং ভর্গং ভজেৎ (ইত্যহমিচ্ছামীত্যর্থঃ); ত্বং সাভিনিবেশমধীয়ীথাঃ (মমায়মভিলাষইত্যর্থঃ)। ভবান্ কচ্চিৎ (৫) দেবমর্চ্চিষ্যতে।

---

(১) সংপ্রশ্ন—জিজ্ঞাসা; সংপ্রধারণম্।
(২) প্রার্থনা—যাচ্ঞা।
(৩) উতাহো—অথবা।
(৪) পুণ্যঃ পবিত্রঃ শ্লোকঃ কীর্ত্তির্যস্য তস্য।
(৫) কচ্চিচ্ছব্দেনাত্র বক্তুরিচ্ছা ব্যজ্যতে।

১০৫২। বর্ত্তমান কালে ইচ্ছার্থ ধাতুর উত্তর বিধিলিঙ্ বা লট্ হয়। যথা, ইচ্ছেৎ, বা ইচ্ছতি ; কাময়েত, বা কাময়তে।*

১০৫৩। কথম্ শব্দের যোগে কালত্রয়ে বিকল্পে বিধিলিঙ্ বা লট্ হয় (১)। যথা, রে মূঢ়! কথং রাজানমধিক্ষিপেঃ বা অধিক্ষিপসি, (পক্ষে—অধিচিক্ষেপিথ বা অধিক্ষেপ্স্যসি) ; কথং ধর্ম্মং ত্যজেঃ বা ত্যজসি, (পক্ষে তত্যজিথ, তত্যক্থ, বা ত্যক্ষ্যসি) ; কথং ত্বামেবমপ্রিয়ং ব্রূয়াম্ বা ব্রবীমি ; দেবি! রামস্য বনপ্রবাসনং কথং রোচয়সে বা রোচয়েঃ।

* ১০৫৪। নিন্দা বুঝাইলে, অব্যয় জাতু শব্দের যোগে কালত্রয়ে লট্ হয়। যথা, ত্বং জাতু গোবিন্দং নিন্দসি।

১০৫৫। অশ্রদ্ধা (২) বা অমর্ষ (৩) বুঝাইলে, অব্যয় জাতু শব্দের যোগে কালত্রয়ে বিধিলিঙ্ হয়। যথা, ন শ্রদ্দধে (ন সম্ভাবয়ামি), ন মর্ষয়ে (ন ক্ষমে), ভবানীশ্বরং ন জাতু ভজেৎ। অন্যত্র—শান্তনবো ভীষ্মঃ পুনা রাজ্যং প্রত্যাখ্যায় (পরিত্যজ্য) ন জাতু গ্রহীষ্যতি।

১০৫৬। নিন্দা বুঝাইলে, কতর, কতম, বা বিভক্ত্যন্ত কিম্ শব্দের যোগে কালত্রয়ে বিধিলিঙ্ বা লৃট্ হয়। যথা, কতরঃ (অনয়োর্মধ্যে কঃ) জন ঈশ্বরং নিন্দেৎ বা নিন্দিষ্যতি, ঝটিতি তস্য শিরশ্ছিন্ধি।

---

(১) মতান্তরে—নিন্দা বুঝাইলে, কথম্ শব্দের যোগে ভবিষ্যৎ কালে নিত্য লৃঙ্ হয়, অতীত কালে বিকল্পে। যথা, কথং নাম তত্রভবান্ ধর্ম্মমত্যক্ষ্যৎ। (২) শ্রদ্ধা—সম্ভাবনা ; অশ্রদ্ধা—শ্রদ্ধার অভাব।

(৩) অমর্ষ—অসহন।

১০৫৭। অশ্রদ্ধা বা অমর্ষ বুঝাইলে, কতর, কতম, বিভক্ত্যন্ত কিম্ বা অন্যবিধ শব্দের যোগে কালত্রয়ে বিধিলিঙ্ বা লৃট্ হয়। অশ্রদ্ধার্থে যথা, ন সম্ভাবয়ামি (ন শ্রদ্দধে), কতমো জনো নিত্যানন্দং গর্হেত; ন মর্ষয়ে, যৎ ত্বং মে প্রিয়ং প্রমথনাথং গর্হিষ্যসে।

১০৫৮। অশ্রদ্ধা বা অমর্ষ বুঝাইলে, অব্যয় কিম্ শব্দের পর অব্যয় কিল শব্দের প্রয়োগে কালত্রয়ে লৃট্ হয়। যথা, ন শ্রদ্দধে ন মর্ষয়ে বা, কিংকিল (১) ত্বং শূদ্রান্নং ভোক্ষ্যসে।

১০৫৯। অশ্রদ্ধা বা অমর্ষ বুঝাইলে, অস্ত্যর্থ ধাতুর (অস্তি, ভবতি, বিদ্যতে) যোগে কালত্রয়ে লৃট্ হয়। যথা, ত্বং ভগবন্তং ন মংস্যসে, অস্ত্যেবং, তদহং ত্বাং ন শ্রদ্দধে, ন মর্ষয়ে।*

১০৬০। যদি, যদা ও যদ্ শব্দের যোগে ভবিষ্যৎ কালে বিধিলিঙ্ হয়। যথা, দর্শয়িষ্যামি, যদি স উপতিষ্ঠেত; যদি তৎ সুদুর্লভং স্যাৎ, তথাপি দাস্যামি তে; যদি ত্বাদৃশো জনঃ পরমেশং নিন্দেৎ, তদহং ন শ্রদ্দধে। সর্ব্বং দাস্যামি যদা সত্যং বদেৎ। ত্বং মাং যন্নিন্দেস্তদহং ন মর্ষয়ে।

*১০৬১। চিত্রার্থ গম্যমানে যদি শব্দের যোগে কালত্রয়ে বিধিলিঙ্ হয়। যথা, অন্ধো জনো গোপালং যদি পশ্যেৎ, তচ্চিত্রম্; মহদাশ্চর্য্যং, যদি স শাস্ত্রমধীয়ীত।

১০৬২। চিত্রার্থ গম্যমানে যদি-ভিন্ন শব্দমাত্রের যোগে কালত্রয়ে লৃট্ হয়। যথা, অচক্ষুর্বালকো জননীং দ্রক্ষ্যতি নাম, তচ্চিত্রম্।

---

(১) কিংকিলেতি ক্রোধদ্যোতকমুপপদম্।

১০৬৩। চিত্রার্থ বা গর্হার্থ গম্যমানে যচ্চ বা যত্র শব্দের যোগে কালত্রয়ে বিধিলিঙ্ হয়। যথা, চিত্রার্থে—ত্বং যচ্চ বিভুং নিন্দেস্তচ্চিত্রম্। (গর্হার্থে)—যত্র ত্বং শূদ্রং যাজয়েঃ, অন্যায্যমেতৎ।*

১০৬৪। সামর্থ্য হেতু ক্রিয়াতে যোগ্যতা বুঝাইলে, কালত্রয়ে বিধিলিঙ্ হয়। যথা, ত্বং ভারং বহেঃ (ভারবহনে সমর্থ ইত্যর্থঃ); অপি গিরিং শিরসা ভিন্দ্যাৎ (সামর্থ্যেন গিরিভেদে যোগ্য ইত্যর্থঃ); জগৎপতির্হি মহাপাতকপঞ্চকং হিংস্যাৎ (সামর্থ্যাৎ পঞ্চমহাপাতকহিংসায়াং যোগ্য ইত্যর্থঃ); অহং পিনাকপাণেরপি ধৈর্য্যচ্যুতিং কুর্য্যাম্ (সামর্থ্যাদহং পিনাকধারিণোঽপি হরস্য ধৈর্য্যচ্যুতিকরণে যোগ্য ইত্যর্থঃ)।

১০৬৫। সামর্থ্যহেতু ক্রিয়াতে যোগ্যতা বুঝাইলে, শ্রদ্ধার্থ (১) ধাতুর যোগে কালত্রয়ে বিকল্পে বিধিলিঙ্ হয়, যদ্ শব্দের প্রয়োগে হয় না। যথা, সম্ভাবয়ামি, ভুঞ্জীত ভবান্ (ভোজনে সমর্থ ইত্যর্থঃ); পক্ষে—ভোক্ষ্যতে, বা বুভুজে। শ্রদ্দধেঽহং, ত্বং প্রাণৈরীশ্বরং ভজেঃ (বিশ্বসিমি ত্বং সামর্থ্যাদীশ্বরভজনে যোগ্য ইত্যর্থঃ); পক্ষে—বভক্থ বা ভক্ষ্যসে। যদ্‌শব্দপ্রয়োগে—সম্ভাবয়ামি যদ্ভুঞ্জীথাস্ত্বম্ (১০৬৪) (তর্কয়ামি ত্বং ভোজনে সমর্থঃ)।

অনুজ্ঞা বা অনুমতি (Imperative Mood)।

১০৬৬। অনুমতি বুঝাইলে, কালত্রয়ে লোট্ হয়। যথা,

---

(১) শ্রদ্ধা—সম্ভাবনা।

শ্রাদ্ধং কুরুষ; পুত্র! বেদমধীষ; ভৃত্য! ভক্ষ্যমানেতুং বিপণ্যাং ব্রজ।

১০৬৭। সমর্থনা (১) অর্থে লোট্ হয়। যথা, পর্ব্বতমুৎপাটয়ানি (পর্ব্বতমুৎপাটয়িতুং সমর্থঃ); ভুবনস্য ভারং ধারয়াণি (ভুবনস্য ভারং বোঢুং সমর্থঃ); সিন্ধুমপি শোষয়াণি (অহং সমুদ্রং শোষয়িতুং ক্ষমঃ)।

১০৬৮। আশীর্ব্বাদ (২) অর্থ বুঝাইলে, লোট্ বা আশীর্লিঙ্ হয়। যথা, দাতা শতং জীবতু, বা জীব্যাৎ; কুশলং তে ভবতু, বা ভূয়াৎ; রাজন্! সর্ব্বথা চক্রবর্ত্তিলক্ষণোপেতং পুত্রমাপ্নুহি, বা আপ্যাৎ।

*১০৬৯। আশীর্ব্বাদ অর্থে বিহিত লোটের তু ও হি স্থানে বিকল্পে তাৎঙ্ হয় (তাৎ থাকে)। যথা, প্রভুস্ত্বাং পাতাৎ, বা পাতু; রাজন্ত্বং কুরুতাদ্ভবান্, বা করোতু; ভোঃ শঙ্কর! মাং পাতাৎ, বা পাহি।

১০৭০। মুহুর্মুহুঃ বা অতিশয় বুঝাইলে, সকল কালে, সকল পুরুষে, সকল বিভক্তির সকল বচনেই, লোটের হি, ত, স্ব, ধ্বম্, এই চারি বিভক্তির প্রয়োগ হয়। যথা, মুহুর্মুহুঃ বা লুনাতি, লুলাব, লবিষ্যতি বা ইত্যর্থে—লুনীহি, লুনীত, লুনীষ, লুনীধ্বম্।*

১০৭১। মা শব্দের যোগে কালত্রয়ে বিকল্পে লুঙ্ ও লোট্ হয়। যথা, সুখং মা বিরংসীৎ, মা বিরমতু (৯১৬); পক্ষে—

---

(১) অবর্ত্তমানেঽপি যোগ্যত্বে, অশক্যে (অসাধ্যবিষয়ে) অধ্যবসায়ঃ সমর্থনা, ইতি প্রাঞ্চঃ।

(২) ইষ্টার্থ কামনাকে আশীর্ব্বাদ বলে। ইষ্টার্থস্যাশংসনমাশীরিতি প্রাঞ্চঃ।

(অতীত কালে) মা বিররাম, (ভবিষ্যৎ কালে) মা বিরংস্যতি। ধনজনযৌবনগর্ব্বং মা কার্ষীঃ, বা মা কুরু, পক্ষে—(অতীতে) মা চকর্থ, (ভবিষ্যৎ কালে) মা করিষ্যসি। "ভরস্ব পুত্রং দুষ্মন্ত! মাবমংস্থাঃ শকুন্তলাম্;" (পক্ষে—অবমংস্যসে)।

১০৭২। মাস্ম শব্দের যোগে কালত্রয়ে লঙ্ বা লুঙ্ হয়। যথা, দুর্মতির্মাস্ম ভবৎ, দুঃখং মাস্ম ভবৎ; শোকো মাস্মভূৎ।

১০৭৩। স্মরণার্থ ধাতুর যোগে অতীত কালে লৃট্ হয়। যথা, স্মরসি মিত্র! ত্বং গুরুং নংস্যসি (অনম ইত্যর্থঃ); স্মরসি কৃষ্ণ! গোকুলে বৎস্যামঃ, (অবসামেত্যর্থঃ); স্মরসি মাধব! ভবান্ দাশরথিঃ সন্ বনিতাপহারিণং দশগ্রীবং হনিষ্যতি, (অহন্ বা হন্তি স্ম ইত্যর্থঃ)।

১০৭৪। যদ্-শব্দ-প্রয়োগে স্মরণার্থ ধাতুর যোগে অতীত-কালে কেবল লঙ্ হয়। যথা, ত্বং গোবিন্দং যদানমঃ (নমসি স্ম ইত্যর্থঃ), তদতীতনমনং স্মরসি; অভিজানাসি নারায়ণ! যদ্বৃন্দারণ্যে অভুঙ্ক্ষ্মহি।

১০৭৫। স্মরণীয় বিষয় একের অধিক হইলে, স্মরণার্থ ধাতুর যোগে অতীতকালে বিকল্পে লৃট্ হয় (১)। যথা, ত্বং যৎ পরমাত্মানং দ্রক্ষ্যসি স্তোষ্যসে চ, এতদ্দ্বয়ং ধ্যায়সি (স্মরসীত্যর্থঃ); ত্বং যৎ তর্কশাস্ত্রমধ্যেষ্যসে অভ্যসিষ্যসি চ, এতদ্দ্বয়ং চিন্তয়সি (স্মরসি)।

---

(১) লৃটের বিকল্প পক্ষে অতীতকালোক্ত বিভক্তি হইবে। আর একাধিক-স্মার্য্য-বিষয় পরস্পর সাকাঙ্ক্ষ না হইলে হয় না। যথা, স্মরসি যৎ তর্কমপঠঃ, কাশীমগচ্ছঃ। এস্থলে পাঠ ও গমন, এই দুই ক্রিয়ার পরস্পর আকাঙ্ক্ষা না থাকায়, লৃট্ হইল না।

ক্রিয়ার অনিষ্পত্তি (Conditional Mood)।

১০৭৬। ক্রিয়াদ্বয়ের অনিষ্পত্তি বুঝাইলে অতীতকালে লৃঙ্ হয় (১)। যথা, পুত্রশ্চেদপঠিষ্যৎ, তদা তস্য জ্ঞানমভবিষ্যৎ (পুত্র যদি পড়িত; তাহা হইলে তাহার জ্ঞান হইত; পড়ে নাই, জ্ঞানও হয় নাই)। জ্ঞানঞ্চেদভবিষ্যৎ, তদা সুখমভবিষ্যৎ (যদি জ্ঞান জন্মিত, তাহা হইলে সুখ হইত; অর্থাৎ জ্ঞান জন্মে নাই, সুখও হয় নাই)। ত্বঞ্চেদীশ্বরমভক্ষ্যথাঃ, তদা তত্ত্বজ্ঞানমলপ্স্যথাঃ (যদি ঈশ্বরকে ভজিতে, তাহা হইলে তত্ত্বজ্ঞান লাভ করিতে পারিতে)। স চেদকরিষ্যৎ, তদাহমকরিষ্যম্ (সে যদি করিত, তাহা হইলে আমিও করিতাম)।

ত্যাদি বিভক্তি সকল, তিন তিন বচনে বিভক্ত হইয়া, প্রথম মধ্যম উত্তম পুরুষের একত্ব দ্বিত্ব বহুত্বানুসারে ধাতুর উত্তর প্রযুজ্যমান হয়। যথা—

যা ধাতু।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	স যাতি	তৌ যাতঃ	তে যান্তি
মধ্যম পুরুষ	ত্বং যাসি	যুবাং যাথঃ	যূয়ং যাথ
উত্তম পুরুষ	অহং যামি	আবাং যাবঃ	বয়ং যামঃ

(১) ক্রমদীশ্বরাদি পণ্ডিতগণ বলেন, ক্রিয়ার অনিষ্পত্তি বুঝাইলে ভূত ও ভবিষ্যৎ উভয় কালেই লৃঙ্ হয়। অতীত কালে যথা, যদ্যন্নার্থী পথিকো দৃষ্টোঽভবিষ্যৎ, তদাত্র সোঽভোক্ষ্যত (যদি অন্নার্থী পথিক নয়নগোচর হইত, তাহা হইলে সে এই স্থানে ভোজন করিত)। ভবিষ্যৎ কালে যথা, যদি ভবান্ মৎসমীপমাগমিষ্যৎ, তদা সঘৃতমন্নমভোক্ষ্যত; (যদি আপনি আমার সমীপে আগমন করেন, তাহা হইলে ঘৃতের সহিত অন্ন ভোজন করিবেন)।

এইরূপ সর্ব্বত্র।

কর্ত্তৃবাচ্যে কর্ত্তৃপদে যে পুরুষ ও যে বচন থাকে, এবং কর্ম্ম-বাচ্যে কর্ম্মপদে যে পুরুষ ও যে বচন থাকে, ক্রিয়াতেও সেই পুরুষের বিভক্তি এবং সেই বচন হয়। ভাববাচ্যে কর্ত্তা যে পুরুষ ও যেবচনান্ত হউক না কেন, ক্রিয়াপদ প্রথম পুরুষের একবচনান্ত হয়। (স্মরণার্থ পুনরুক্ত হইল)।

১০৭৭। যে স্থানে উদ্দেশ্য ও বিধেয়, উভয়ের উল্লেখ হইবে, তথায় ক্রিয়াপদ কখন উদ্দেশ্যের, কখন বিধেয়ের, সংখ্যা গ্রহণ করিবে। যথা, ভবন্তোঽত্রৈব প্রমাণমাসন্; লক্ষং সুবর্ণানি তে বর্ত্তনং ভবতু।

১০৭৮। যে স্থানে প্রকৃতি ও বিকৃতি, উভয়ের উল্লেখ হইবে, তথায় ক্রিয়াপদ প্রকৃতির সংখ্যা গ্রহণ করিবে (১)। যথা, একো বৃক্ষঃ পঞ্চ নৌকা ভবতি; পঞ্চ বৃক্ষা একা নৌকা ভবন্তি।

১০৭৯। যে স্থানে নানা-বচন-যুক্ত প্রথম-পুরুষ-বোধক নানাবিধ শব্দ কর্ত্তা হয়, তথায় পরস্থিত শব্দের বচনানুসারে ক্রিয়াপদে একত্ব, দ্বিত্ব, বহুত্বের প্রয়োগ হয়। যথা, স্ত্রিয়ো ধনং সুতৌ জাতৌ; এবং স্ত্রিয়ঃ সুতৌ ধনং জাতম্। এ স্থলে শেষ পদের দ্বিত্ব ও একত্বানুসারে, জাতৌ ও জাতম্ এই দুই ক্রিয়াপদে দ্বিত্ব ও একত্ব হইয়াছে।

১০৮০। যে স্থানে প্রথম ও মধ্যম পুরুষের যুগপৎ প্রয়োগ হয়, তথায় ক্রিয়াপদে মধ্যম পুরুষের নিরূপিত বিভ-

(১) "প্রকৃতের্বিকৃতের্বাপি যত্রোক্তত্বং দ্বয়োরপি।
বাচকঃ প্রকৃতেঃ সংখ্যাং গৃহ্লাতি, বিকৃতের্ন তু॥" ইতি প্রাঞ্চঃ।

ক্তির ব্যবহার হয়; কিন্তু সমুদায়ের সংখ্যানুসারে ক্রিয়াপদে দ্বিবচন বা বহুবচন হইয়া থাকে। যথা, স চ ত্বঞ্চ চন্দ্রং পশ্যথঃ; ত্বঞ্চ স চ চন্দ্রং পশ্যথঃ।

১০৮১। যে স্থানে প্রথম বা মধ্যম পুরুষের সহিত অথবা ঐ উভয়ের সহিত উত্তম পুরুষের প্রয়োগ হয় (১), তথায় ক্রিয়াপদে উত্তম পুরুষের নিরূপিত বিভক্তির ব্যবহার হয়। যথা, স চ অহঞ্চ চন্দ্রং পশ্যাবঃ, অহঞ্চ স চ চন্দ্রং পশ্যাবঃ; ত্বঞ্চ অহঞ্চ চন্দ্রং পশ্যাবঃ, অহঞ্চ ত্বঞ্চ চন্দ্রং পশ্যাবঃ। স চ ত্বঞ্চ অহঞ্চ চন্দ্রং পশ্যামঃ। অহঞ্চ ত্বঞ্চ স চ চন্দ্রং পশ্যামঃ। কর্ম্মবাচ্যে রামেশ্বরেণ স চ ত্বঞ্চ দৃশ্যেথে; তেন স চ অহঞ্চ দৃশ্যাবহে; তেন ত্বঞ্চ অহঞ্চ দৃশ্যাবহে; তেন স চ ত্বঞ্চ অহঞ্চ দৃশ্যামহে।

তথাচ—"অহঞ্চ ভাষ্যকারশ্চ কুশাগ্রীয়ধিয়াবুভৌ।
নৈব শব্দাম্বুধেঃ পারং, কিমন্যে জড়বুদ্ধয়ঃ (২)॥"

১০৮২। সর্ব্বনাম শব্দের অন্তর্গত ভবৎ শব্দ, যুষ্মদ্ শব্দের সহিত সমানার্থ হইলেও, উহার ক্রিয়ায় প্রথম পুরুষের নির্দ্দিষ্ট বিভক্তির প্রয়োগ হয়। যথা, বেদং পঠতু ভবান্; আগচ্ছতু ভবান্; ইহ ভুঞ্জীত ভবান্।

বিভক্তিনির্ণয় সমাপ্ত।

---

(১) উত্তম পুরুষ—প্রথমে, মধ্যে, শেষে, যে স্থানেই প্রযুক্ত হউক না কেন, ক্রিয়াতে উত্তম পুরুষের বিভক্তিরই প্রয়োগ হইবে।

(২) অহঞ্চ ভাষ্যকারশ্চ কুশাগ্রীয়ধিয়ৌ আবাম্ উভৌ শব্দাম্বুধেঃ পারং ন ঐব ন প্রাপ্তবন্তৌ (ই ধাতু + (লঙ্) ব = ঐব)।

দ্বিতীয় খণ্ড সমাপ্ত।

মবপ্রবেশিকা।

কৃৎপ্রকরণ।

তব্যাদি।

১০৮৩। কারকবাচ্যে (১) ও ভাববাচ্যে (২) ধাতুর উত্তর তব্যপ্রভৃতি অনপর্য্যন্ত যে সমস্ত প্রত্যয় হয়, তাহাদিগকে কৃৎ বলে (৩)।

১০৮৪। এক ধাতুর উত্তর, সমান-অর্থ সমান-অবয়ব দুই তিনটী কৃৎপ্রত্যয় হয় না। যথা, য, ঘ্যণ্, ক্যপ্ (৪) ইত্যাদি।

---

(১) বাচ্য—অভিধেয়। যখন কোন কারক, প্রত্যয়বিশেষের বাচ্য হয়, তাহাকে কারকবাচ্য বলে। যে কারক যে কৃৎপ্রত্যয়ের বাচ্য, সেই কৃৎপ্রত্যয়ান্ত পদ সেই কারকের বিশেষণ হয়, অথবা তৎস্বরূপ হয়। যথা, কর্ত্তৃবাচ্যে—পচতীতি পাচকঃ। কর্ম্মবাচ্যে—ভক্ষ্যতে যৎ তৎ ভক্ষ্যম্। করণবাচ্যে—নীয়তে অনেন নেত্রম্। সম্প্রদানবাচ্যে—দীয়তে যস্মৈ দানীয়ঃ (ব্রাহ্মণঃ)। অপাদানবাচ্যে—প্রভবত্যস্মাৎ প্রভবঃ। অধিকরণবাচ্যে—নিলীয়তেঽস্মিন্ নিলয়ঃ।

(২) ভাববাচ্য—যখন ভাব (অর্থাৎ ধাতুর অর্থমাত্র) প্রত্যয়ের বাচ্য হয়, তখন তাহাকে ভাববাচ্য বলে। যথা, শয়নম্।

(৩) ক্রিয়তে(বিধীয়তে)ঽসৌ ইত্যর্থে কৃ+ক্বিপ্—কৃৎ।

(৪) ঘ্যণ্ ও ক্যপ্ উভয়েরই য থাকে, সুতরাং য, ঘ্যণ্, ক্যপ্ এই

তব্য ও অনীয়।

১০৮৫। ভবিষ্যৎকালে কর্ম্মবাচ্যে বা ভাববাচ্যে ধাতুর উত্তর তব্য বা অনীয় হয় (১)। যথা, অধ্যেতব্যম্ বা অধ্যয়নীয়ম্ শাস্ত্রম্; নৃশংসেভ্যঃ শঙ্কিতব্যম্ বা শঙ্কনীয়ম্।

তব্য ও অনীয় প্রত্যয়ান্ত পদাবলি।

দাতব্যম্, দানীয়ম্, স্নাতব্যম্, স্নানীয়ম্, জেতব্যম্, জয়নীয়ম্, নেতব্যম্, নয়নীয়ম্, শ্রোতব্যম্, শ্রবণীয়ম্, কর্ত্তব্যম্, করণীয়ম্, বরীতব্যম্ (৬০৯) বরিতব্যম্, বরণীয়ম্, বক্তব্যম্, বচনীয়ম্, ভোক্তব্যম্ (৩৬৮), ভোজনীয়ম্, ছেত্তব্যম্ (৩৬৭), ছেদনীয়ম্, গন্তব্যম্, গমনীয়ম্, দ্রষ্টব্যম্ (৫৯৭), দর্শনীয়ম্, প্রবেষ্টব্যম্, প্রবেশনীয়ম্, বেদিতব্যম্, বেদনীয়ম্, এধিতব্যম্, এধনীয়ম্, জীবিতব্যম্, জীবনীয়মিত্যাদি।

তিনেরই অবয়ব সমান এবং ঐ তিনটী প্রত্যয়ই ভবিষ্যৎ কালে বিহিত। অতএব যে স্থলে ঘ্যণ্ হয়, তথায় য বা ক্যপ্ প্রত্যয় হয় না; কিন্তু তব্য ও অনীয়াদি প্রত্যয় হয়। সমান-অবয়ব দুই তিনটী কৃৎপ্রত্যয় তুল্য অর্থে প্রযুক্ত না হইলে এক ধাতুর উত্তর সকলগুলিই হইতে পারে। যথা, পচঃ, পাকঃ।

(১) স্থলবিশেষে অন্যান্য বাচ্যেও তব্যাদি প্রত্যয় হয়। যথা, বিভেত্যস্যা ইতি ভেতব্যা রজনী, অত্র অপাদানে তব্যঃ। দদাত্যস্মৈ ইতি দানীয়ো বিপ্রঃ। স্নায়তেহনেনেতি স্নানীয়ং জলম্। রম্যতেহস্মিন্ ইতি রমণীয়ং গৃহম্ ইত্যাদি।

* কৃৎপ্রকরণোক্ত ণত্ববিধি।

১০৮৬। ধাতুর পূর্ব্বে অন্তর্ শব্দ অথবা দুর্ ভিন্ন রযুক্ত কোন উপসর্গ থাকিলে স্বরবর্ণের পরস্থিত কৃৎপ্রত্যয়ের দন্ত্য ন মূর্দ্ধন্য হয় (১)। যথা, অন্তর্যাণীয়ম্, প্রযাণীয়ম্। দন্ত্য ন স্বরবর্ণের পর না থাকিলে হয় না। যথা, প্রভগ্নঃ, প্রভুগ্নঃ।

১০৮৭। অন্তর্ শব্দ অথবা দুর্ ভিন্ন রযুক্ত কোন উপসর্গের পরস্থিত ণ্যন্ত ধাতু এবং ই-প্রভৃতি স্বরোপান্ত ব্যঞ্জনবর্ণাদি ধাতুর উত্তর বিহিত কৃৎপ্রত্যয়ের ন, স্বরবর্ণের পরবর্ত্তী হইলে, বিকল্পে মূর্দ্ধন্য হয়। যথা, প্রযাপণীয়ম্, প্রযাপনীয়ম্। প্রকোপণীয়ম্, প্রকোপনীয়ম্।

১০৮৮। খ্যা, ভা, ভূ, পূ, কম, গম, প্যায়, বেপ, এবং ইদিৎ (২) ধাতুর পরস্থিত কৃৎপ্রত্যয়ের ন মূর্দ্ধন্য হয় না (৩)। যথা, প্রখ্যানীয়ম্, প্রখ্যাপনীয়ম্, প্রভানীয়ম্, প্রভাপনীয়ম্, প্রভবনীয়ম, প্রভাবনীয়ম্, প্রপবনীয়ম্, প্রপাবনীয়ম্, প্রকমনীয়ম্, প্রকামনীয়ম্, প্রগমনীয়ম্ (৪), প্রপ্যায়নীয়ম্, প্রবেপনীয়ম্, প্রকম্পনীয়ম্। ইদিৎ ধাতুর আদিতে ইকারাদি স্বরবর্ণ থাকিলে ণত্ব হয়। যথা, প্রেঙ্খণীয়ম্। *

---

(১) র এবং নকারের মধ্যে স্বরবর্ণ, কবর্গ, পবর্গ, য ব হ ভিন্ন বর্ণ থাকিলে হয় না। যথা, প্রতিপালনীয়ম্।

(২) যে সকল ধাতু হইতে হ্রস্ব ইকার যায়।

(৩) ণ্যন্ত ও অণ্যন্ত উভয়বিধ খ্যাদি ধাতুর পরস্থিত ন ণত্ব হয় না।

(৪) গম প্রভৃতি ধাতুর ণ্যন্ত, অণ্যন্ত উভয়েরই উদাহরণ সমান।

ঘ্যণ্ (বা ণ্যৎ)।

১০৮৯। ভবিষ্যৎকালে আবশ্যক অর্থে কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে উবর্ণান্ত (১) ধাতুর উত্তর ঘ্যণ্ হয় (য থাকে)। যথা, তপস্বিনা পরমেশঃ স্তাব্যঃ (৩৩৯।৮৩৫)। যাজ্ঞিকেন শুচিনা ভাব্যম্।

১০৯০। ভবিষ্যৎকালে কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে যু এবং আপূর্ব্বক সু (২) ধাতুর উত্তর ঘ্যণ্ হয়। যথা, যাব্যম্, আসাব্যম্ (৩৩৯।৮৩৫)।

১০৯১। ভবিষ্যৎকালে কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ঋবর্ণান্ত ধাতুর উত্তর ঘ্যণ্ হয়। যথা, স্মার্য্যম্, উত্তার্য্যম্, বিদার্য্যম্।

১০৯২। ভবিষ্যৎকালে কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ব্যঞ্জনবর্ণান্ত ধাতুর উত্তর ঘ্যণ্ হয় (৩)। যথা, ত্যাজ্যম্, নিবেদ্যম্, অনুবাদ্যম্, ঘাত্যম্ (৩৯৮), বাহ্যম্।

১০৯৩। কৃৎসম্বন্ধীয় ণিৎ বা ঞিৎ প্রত্যয় পরে বধ, জন, এবং অমন্ত (৪) ধাতুর বৃদ্ধি হয় না। অম, যম, বিপূর্ব্বক শ্রম ধাতুর বিকল্পে (৫)। যথা, বধ্যঃ, জন্যঃ (৩)।

---

(১) উবর্ণ শব্দে হ্রস্ব উ এবং দীর্ঘ ঊ বুঝায়।

(২) স্বাদিগণীয়।

(৩) কখন কখন কর্ত্তৃবাচ্যেও ঘ্যণ্ হয়। যথা, জায়তে ইতি জন্যঃ, নিয়োক্তুমর্হতি ইতি নিয়োগ্যঃ প্রভুঃ ইত্যাদি।

(৪) কম, বম, আপূর্ব্বক চম এবং অনিম্ অমন্ত ভিন্ন। যথা, কাম্যঃ, রাম্যঃ ইত্যাদি।

(৫) অম্যঃ, আম্যঃ, যম্যঃ, যাম্যঃ, ইত্যাদি।

১০৯৪। ঘ-ইৎ কৃৎপ্রত্যয় পরে ধাতুর অন্ত্য চ্ স্থানে ক্ এবং জ্ স্থানে গ্ হয়। যথা, (পচ)—পাক্যম্, (রুজ) (১) —রোগ্যম্, (সঞ্জ)—সঙ্গ্যম্ ইত্যাদি।

১০৯৫। ক্ত প্রত্যয়ে যে সকল ধাতুর উত্তর ইম্ হয়, ঘ-ইৎ কৃৎপ্রত্যয় পরে তাহাদের চ্ স্থানে ক্ এবং জ্ স্থানে গ্ হয় না। যথা, অর্চ্চ্যঃ, যাচ্যঃ, রোচ্যম্, (ব্রজ ধাতু) ব্রাজ্যম্।

১০৯৬। ঘ ইৎ কৃৎপ্রত্যয় পরে গমনার্থ বন্চ ধাতুব চ্ স্থানে ক্ হয় না। যথা, বঞ্চ্যো গ্রামঃ (গ্রামো গন্তব্য ইত্যর্থঃ)। অন্যত্র বঙ্ক্যং কাষ্ঠং (কুটিলীকার্য্যমিত্যর্থঃ)।

১০৯৭। ঘ্যণ্ পরে আবশ্যক অর্থে, ধাতুর অন্ত্য চ্ স্থানে ক্ এবং জ্ স্থানে গ্ হয় না। যথা, পাচ্যম্ (অবশ্যং পচনীয়ম্), রোজ্যম্ (১) (অবশ্যং ভঞ্জনীয়ম্)।

১০৯৮। ঘ্যণ্ পরে মুচ্ ও শুচ্ ধাতুর চ্ স্থানে ক্ হয় না। যথা, মোচ্যঃ, শোচ্যঃ।

১০৯৯। ঘ্যণ্ পরে বাক্যভিন্নার্থে বচ্ ধাতুর চ্ স্থানে ক্ হয় না। যথা, বাচ্যম্ (অভিধেয়মিত্যর্থঃ)। অন্যত্র বাক্যম্ (অন্বিতপদসমুদায় ইত্যর্থঃ)।

১১০০। ঘ্যণ্ পরে ত্যজ্ ও যজ্ ধাতুর জ্ স্থানে গ্ হয় না। যথা, ত্যাজ্যং (বস্তু); যাজ্যঃ (যাগঃ)।

---

(১) রুজো লোৗভঙ্গে।

১১০১। ঘ্যণ্ পরে ভক্ষ্যার্থ ভুজ্ ধাতুর জ্ স্থানে গ্ হয় না। যথা, ভোজ্যম্ (খাদ্যদ্রব্যমিত্যর্থঃ)। অন্যত্র ভোগ্যা ভূঃ (পৃথিবী ভোগযোগ্যা)।

১১০২। ঘ্যণ্ পরে শক্যার্থে নি বা প্র পূর্ব্বক যুজ ধাতুর জ্ স্থানে গ্ হয় না। যথা, নিযোক্তুং শক্য ইত্যর্থে নিযোজ্যঃ, প্রযোক্তুং শক্যঃ প্রযোজ্যঃ (সেবক ইত্যর্থঃ)। অন্যত্র নিয়োক্তুমর্হতীত্যর্থে—নিয়োগ্যঃ (১) (প্রভুরিত্যর্থঃ)।

১১০৩। ঘ্যণ্ পরে খন ধাতুর স্থানে খে হয়। যথা, খেয়ম্।

য (বা যৎ)।

১১০৪। ভবিষ্যৎকালে কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ঋবর্ণ-ভিন্ন স্বরান্ত ধাতুর উত্তর য হয়। যথা, সঞ্চেয়ম্ (পুণ্যম্), ভব্যম্ (৮৩৫) ইত্যাদি।

১১০৫। যপ্ভিন্ন কৃতের য পরে ধাতুর অন্ত্য আ স্থানে এ হয়। যথা, দেয়ম্, পেয়ম্, গেয়ম্, ধেয়মিত্যাদি।

১১০৬। ভবিষ্যৎকালে কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ব্যঞ্জনবর্ণান্ত ধাতুর মধ্যে শক, শস, সহ প্রভৃতি (২) ধাতুর উত্তর য হয়। যথা, শক্যম্, শস্যম্, সহ্যম্।

---

(১) নিয়োগ্যঃ—কর্ত্তরি ঘ্যণ্ প্রত্যয়ঃ।

(২) সহ প্রভৃতি—সহ, তক, চত, যত।

১১০৭। ভবিষ্যৎকালে কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে উপসর্গহীন গদ, মদ, যম, চর(১) ধাতুর উত্তর য হয়। যথা, গদ্যম্, মদ্যম্, যম্যম্, চর্য্যম্। উপসর্গ পূর্ব্বে যথা, প্রগাদ্যম্, বিচার্য্যম্।

১১০৮। ভবিষ্যৎকালে কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে পবর্গান্ত ধাতুর উত্তর য হয়, ত্রপ প্রভৃতি ধাতুর হয় না (২)। যথা, শপ্যঃ, কব্যঃ (স্তুত্যঃ), লভ্যঃ, গম্যঃ, রম্যঃ। ত্রপ প্রভৃতি—ত্রাপ্যম্, আলাপ্যম্, আচাম্যমিত্যাদি।

১১০৯। য পরে (৩) আপূর্ব্বক লভধাতুর স্থানে লম্ভ হয়। যথা, আলম্ভ্যা গৌঃ (যজ্ঞে মারণীয়েত্যর্থঃ)।

* ১১১০। য পরে প্রশংসার্থে উপপূর্ব্বক লভধাতুর স্থানে লম্ভ হয়। যথা, উপলম্ভ্যঃ সাধুঃ (প্রশংসনীয় ইত্যর্থঃ)। অন্যত্র উপলভ্যমস্মাৎ কিঞ্চিৎ (প্রাপ্তব্যমিত্যর্থঃ)। *

১১১১। ভবিষ্যৎকালে কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ভজ, যজ, জপ, এবং আপূর্ব্বক নম ধাতুর উত্তর বিকল্পে য হয়। যথা, ভজ্যম্, ভাগ্যম্ (৪) (অদৃষ্টম্)। যজ্যম্, যাজ্যম্ (১১০০)। জপ্যম্, জাপ্যম্। আনম্যম্, আনাম্যম্।

---

(১) কিন্তু আপূর্ব্বক চরধাতুর উত্তর য হইয়া থাকে। যথা, আচর্য্যো দেশঃ (গন্তব্যো দেশ ইত্যর্থঃ)।

(২) ত্রপ, রপ, লপ, বপ, দন্ভ, চম ধাতুর উত্তর হয় না। যথা, ত্রাপ্যমিত্যাদি। অপিচ ঘ্যণ্ পরে দন্ভ ধাতুর ন লোপ হয়, ইহা পূর্ব্বাচার্য্যসম্মত। অতএব দাভ্যম্।

(৩) পবর্গান্ত ধাতুর উত্তর বিহিত য পরে।

(৪) ঘ্যণ্ পরে ভাগার্থ ভজ ধাতুর জ্ স্থানে গ্ হয় না। যথা, ভাজ্যম্।

ক্যপ্।

১১১২। ভবিষ্যৎকালে কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে স্বরান্ত ধাতুর মধ্যে কেবল ই (১), স্তু, দৃ, ভৃ, বৃঞ ধাতুর উত্তর ক্যপ্ হয় (য থাকে)।

১১১৩। প-ইৎ কৃৎপ্রত্যয় পরে ধাতুর অন্তেস্থিত হ্রস্ব স্বরের পর ত্ হয়। যথা, ইত্যঃ, স্তুত্যঃ, আদৃত্যঃ, ভৃত্যঃ, বৃত্যঃ।

১১১৪। ভবিষ্যৎ কালে কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ব্যঞ্জনবর্ণান্ত ধাতুর মধ্যে জুষ, শাস এবং উপান্তে ঋকারযুক্ত ধাতুর উত্তর ক্যপ্ হয়। যথা, জুষ্যঃ, শিষ্যঃ (৪৭৫), নৃত্যম্, বৃত্যম্, বৃধ্যম্, দৃশ্যম্।

১১১৫। উপান্তে ঋকারযুক্ত ধাতুর মধ্যে ঋচ প্রভৃতি (২) ধাতুর উত্তর ক্যপ্ হয় না। যথা, (ঋচ+ঘ্যণ্)—অর্চ্চ্যঃ (স্তবনীয়ঃ), (কৃপ) কল্প্যম্ (৪২৯), (চৃত) চর্ত্ত্যম্ (বধ্যম্, গ্রথনীয়ং বা)। পাণিভ্যাং সৃজ্যতেঽসৌ পাণিসর্গ্যা রজ্জুঃ।

১১১৬। ভবিষ্যৎকালে কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে মৃজ, কৃ এবং সম্পূর্ব্বক ভৃ ধাতুর উত্তর বিকল্পে ক্যপ্ হয়। যথা, মৃজ্যম্, মার্গ্যম্ (৪৬০।১০৯৪)। কৃত্যম্ (১১১৩), কার্য্যম্। সংভৃত্যঃ, সংভার্য্যঃ (৩৩৯)।

---

(১) ইন্ ণ গতৌ।

(২) ঋচ প্রভৃতি—ঋচ, কৃপ, চৃত, পাণিপূর্ব্বক সৃজ, সমবপূর্ব্বক সৃজ।

১১১৭। ভবিষ্যৎকালে কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে শন্স, বৃষ, গুহ, দুহ, প্রতি বা অপি পূর্ব্বক গ্রহ ধাতুর উত্তর বিকল্পে ক্যপ্ হয়। যথা, শস্যম্, শংস্যম্। বৃষ্যম্, বর্ষ্যম্। গুহ্যম্, গোহ্যম্। দুহ্যম্, দোহ্যম্। প্রতিগৃহ্যম্ (৪০৪), প্রতিগ্রাহ্যম্। অপিগৃহ্যম্, অপিগ্রাহ্যম্।

১১১৮। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে উপপদের পরবর্ত্তী (১) বদ ধাতুর উত্তর ক্যপ্ এবং য হয়। যথা, ব্রহ্মণা উদ্যতে কথ্যতে ইত্যর্থে বর্ত্তমানকালে—

(ব্রহ্মন্ + বদ + ক্যপ্) (৪০৯) = ব্রহ্মোদ্যা, } (২) কথা,
(ব্রহ্মন্ + বদ + য) = ব্রহ্মবদ্যা } ব্রহ্মবাক্যমিত্যর্থঃ।

১১১৯। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে মৃষা শব্দের পরবর্ত্তী বদ ধাতুর উত্তর ক্যপ্ হয়। যথা, মৃষা উদ্যতে ইত্যর্থে মৃষোদ্যম্ (মিথ্যাবাক্যম্)।

১১২০। ভাব অর্থে ভূ ও হন ধাতুর উত্তর ক্যপ্ এবং ন্ স্থানে ত্ হয়। যথা, ব্রহ্মণো ভাব ইত্যর্থে ব্রহ্মভূয়ম্ (ব্রহ্মত্বমিত্যর্থঃ)। ব্রহ্মণো হননমিত্যর্থে ব্রহ্মহত্যা (৩) (ব্রহ্মবধ ইত্যর্থঃ)।

---

(১) উপসর্গ উপপদে থাকিলে হয় না। যথা, অনুবাদ্যম্, অপবাদ্যম্।

(২) স্যাদ্যন্তোপপদস্য কৃদন্তেন ধাতুনা সমাসো বক্তব্যঃ। যথা, আশুগঃ, গিরিশঃ, বরাহঃ, ব্রহ্মোদ্যা ইত্যাদি।

(৩) অভিধানাৎ স্ত্রীত্বম্।

ঘ্যণ্‌প্রত্যয়ান্ত নিপাতন।

উপপদ—প্রকৃতি—প্রত্যয়—পদ—— অর্থ।

(পা + ঘ্যণ্‌) = পায্যম্‌— পরিমাণম্‌। অন্যত্র পেয়ম্‌।

(প্র + নী + ঘ্যণ্‌) = প্রণায্যঃ— প্রিয়ঃ, বা অভিলাষ-বর্জ্জিতো জনঃ, সাধুরিত্যর্থঃ। অন্যত্র প্রণেয়ঃ।

(কুণ্ড + পা + ঘ্যণ্‌) = কুণ্ডপায্যঃ (১)—ক্রতুঃ। অন্যত্র কুণ্ডপেয়ং দুগ্ধম্‌।

(রাজন্‌ + সু + ঘ্যণ্‌) = রাজসূয়ঃ (২)—ক্রতুঃ।

(সম্‌ + নী + ঘ্যণ্‌) = সান্নায্যং— হবিঃ।

(নি + চি + ঘ্যণ্‌) = নিকায্যঃ— নিবাসঃ। অন্যত্র নিচেয়ম্‌।

(অমা + বস + ঘ্যণ্‌) = অমাবস্যা, অমাবাস্যা }—তিথিবিশেষঃ(৩)।

---

(১) কুণ্ডৈঃ পাত্রবিশেষৈঃ পীয়তে সোমঃ (লতাবিশেষস্য রসঃ) অস্মিন্‌।

(২) রাজ্ঞা সূয়তে মঙ্গলপূর্ব্বকং স্নায়তেঽস্মিন্‌। কেচিত্তু,—রাজা (সোমরসেন) সূয়তে যত্র, সোমরসনিষ্পাদিতযজ্ঞবিশেষঃ। রাজন্‌শব্দঃ সোমবাচীতি জুমরঃ।

(৩) অমা (অর্থাৎ সহ) বসতোঽস্যাং তিথৌ চন্দ্রার্কৌ ইতি। "অমাব্যয়ং সহার্থে চ নিকটেঽপীতি শাসনম্‌"। অথবা অমা—চন্দ্রস্য আদ্যা কলা, তয়া সহ বসতোঽস্যাং তিথৌ চন্দ্রার্কৌ।

যপ্রত্যয়ান্ত নিপাতন।

উপপদ—প্রকৃতি—প্রত্যয়—পদ —— অর্থ।

(পণ + য) = পণ্যম্—বিক্রেয়ং বস্তু। অন্যত্র পাণ্যাঃ (স্তুত্যাঃ)।

(ন[ঞ্] + বদ + য) = অবদ্যম্—পাপং নিন্দনীয়ম্ বা। অন্যত্র (১১১৮।৪০৯) অনুদ্যং গুরুনাম (বচনানর্হম্) (১)।

(বৃ + য) = বর্য্যা— পুরুষাণাং প্রার্থনীয়া কন্যা।

(বৃ + য) = বর্য্যম্— শ্রেষ্ঠম্। অন্যত্র বার্য্যঃ (২)।

(আ + চর + য) = আচার্য্যঃ—গুরুঃ, উপদেষ্টা ইত্যর্থঃ। অথবা, আশ্চর্য্যম্—অদ্ভুতম্। অন্যত্র আচর্য্যম্।

(বহ + য) = বহ্যম্ (৩)—শকটম্। অন্যত্র বাহ্যম্।

(জি + য) = জয্যম্— জেতুং শক্যম্। অন্যত্র জেয়ম্।

---

(১) "আত্মনাম গুরোর্নাম নামাতিকৃপণস্য চ।
শ্রেয়স্কামো ন গৃহ্লীয়াৎ জ্যেষ্ঠাপত্যকলত্রয়ো"রিতি স্মৃতিঃ।

(২) ঋত্বিগ সম্বন্ধো (সেবা)।

(৩) উহ্যতে অনেন ইতি বহ্যম্। অত্র করণে যঃ।

উপপদ—প্রকৃতি—প্রত্যয়—পদ—— অর্থ।

(ক্রী + য) = ক্রয্যম্—ক্রেতুং শক্যম্, বিক্রয়ার্থং হট্টে প্রসারিতং বস্তু ইত্যর্থঃ। অন্যত্র ক্রেয়ম্।

(ক্ষী + য) = ক্ষয্যম্— ক্ষেতুং শক্যম্। অন্যত্র ক্ষেয়ম্।

(ঋ + য) = অর্য্যঃ— স্বামী, বা বৈশ্যঃ। অন্যত্র আর্য্যঃ।

(উপ+ সৃ + য) = উপসর্য্যা—গৌঃ (গর্ভাধানার্থং বৃষভেণোপগন্তুংযোগ্যেত্যর্থঃ)।অন্যত্র উপসার্য্যা কাশী (প্রাপ্তব্যেত্যর্থঃ)।

(নঞ্ + জৄ + য) = অজর্য্যম্—(সঙ্গতমুচিতমিত্যর্থঃ)। অন্যত্র অজার্য্যম্।

ক্যপ্ প্রত্যয়ান্ত নিপাতন।

উপপদ—প্রকৃতি—প্রত্যয়—পদ——— অর্থ।

(ভৃ + ক্যপ্)=ভার্য্যা(১)— বধূঃ, ক্ষত্রিয়া চ।

(কৃষ্ট+ পচ + ক্যপ্ =কৃষ্টপচ্যঃ(২)—ব্রীহিঃ (ধান্যম্)।

(অনু+অজ+ ক্যপ্)=আজ্যম্(৩)—ঘৃতম্।

(যুজ + ক্যপ্)=যুজ্যম্ (৪)— বাহনম্।

---

(১) ভ্রিয়তেঽসৌ। (২) কৃষ্টে (ক্ষেত্রে) স্বয়ং পচ্যতে ইতি।
(৩) অজ্যতে ম্রক্ষ্যতে অনেনেতি। (৪) যুজ্যতে যৎ।

নিম্নলিখিত পদসকল কর্ত্তৃবাচ্যবিহিত
ক্যপ্‌প্রত্যয়ান্ত নিপাতনসিদ্ধ।

উপপদ—প্রকৃতি—প্রত্যয়—পদ——— অর্থ।

(সৃ + ক্যপ্‌) = সূর্য্যঃ (১)— দিবাকরঃ।

(রুচ + ক্যপ্‌) = রুচ্যঃ (২)— প্রীতিজনকঃ।

(নঞ্‌ + ব্যথ + ক্যপ্‌) = অব্যথ্যঃ (৩)—অননুভূতক্লেশঃ।

(ভিদ + ক্যপ্‌) = ভিদ্যঃ (৪)— নদঃ।

(পুষ + ক্যপ্‌) = পুষ্যঃ (৫)— নক্ষত্রবিশেষঃ।

(তুষ + ণিঃ + ক্যপ্‌) = তিষ্যঃ (৬), } এতৌ পুষ্য-
(সিধ + ণিঃ + ক্যপ্‌) = সিধ্যঃ (৭) } নক্ষত্রবাচকৌ।

কেলিম।

১১২১। কর্ম্মকর্ত্তৃবাচ্যে ধাতুর উত্তর কেলিম হয়; (ক ইৎ, এলিম থাকে)। যথা, (পচ)—পচেলিমাঃ (৮) তণ্ডুলাঃ। (মুচ)—মুচেলিমম্‌ বারি। (ভিদ)—ভিদেলিমম্‌ কাষ্ঠম্‌। (বপ)—উপেলিমাঃ মাষাঃ।*

১১২২। পূর্ব্বে তব্যাদি যেসকল প্রত্যয় ভবিষ্যৎকালে

(১) সরতি গচ্ছতি আকাশে যঃ। যদ্বা (ষূ প্রেরণে) সুবতি কর্ম্মণি লোকং প্রেরয়তীত্যর্থে সূর্য্যঃ। (২) রোচতে যঃ।

(৩) ন ব্যথতে যঃ। (৪) কূলং ভিনত্তি যঃ।

(৫) কার্য্যং পুষ্ণাতি যঃ, যদ্বা—পুষ্যন্ত্যস্মিন্নর্থা ইত্যর্থে অধিকরণে ক্যপ্‌। (৬) কার্য্যং তোষয়তি যঃ।

(৭) কার্য্যং সাধয়তি যঃ (৭১৬), যদ্বা সিধ্যন্ত্যস্মিন্নিতি অধিকরণে ক্যপ্‌।

(৮) পাচকেন পচ্যমানাস্তণ্ডুলাঃ স্বয়মেব পচ্যন্তে। অপিচ কর্ম্মণি কেলিমঃ স্যাদিতি ভাষ্যকারমতম্‌। তেন, পচেলিমাঃ—(পক্তব্যাঃ), মুচেলিমম্‌—(মোক্তব্যম্‌), ভিদেলিমম্‌—(ভেত্তব্যম্‌), উপেলিমাঃ—(বপ্তব্যাঃ), ইত্যাদয়ঃ কর্ম্মণি প্রয়োগা উচ্যন্তে।

উক্ত হইয়াছে, সেই সকল প্রত্যয় শক্য (১), ঔচিত্য এবং অনুজ্ঞা অর্থেও প্রযুক্ত হয়। যথা, (শক্যার্থে)—বোঢ়ব্যঃ, বহনীয়ঃ, বাহ্যঃ, (স্বল্পো ভারো বোঢ়ুং শক্য (১) ইত্যর্থঃ)। (ঔচিত্যার্থে)—সত্যং বক্তব্যম্, বচনীয়ম্, বাচ্যম্। পরস্বং নাপহর্ত্তব্যম্, নাপহরণীয়ম্, নাপহার্য্যম্। (অনুজ্ঞার্থে)— অদ্য ত্বয়া পক্তব্যম্, পচনীয়ম্, পাচ্যম্।

১১২৩। তব্যাদি-প্রত্যয়নিষ্পন্ন শব্দসকল ক্রিয়ার ন্যায় ব্যবহৃত হইলে, ভাববাচ্যে ক্লীবলিঙ্গ ও প্রথমার একবচনান্ত হয়; এবং কর্ম্মবাচ্যে কর্ম্মের বিশেষণ হয়, সুতরাং কর্ম্মের সমান লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়। যথা, (ভাবে)— ত্বয়া শয়িতব্যম্। (কর্ম্মণি)—ত্বয়ৈতৎ সম্পাদনীয়ম্। ত্বয়ৈতে সম্পাদনীয়ে। ত্বয়ৈতানি সম্পাদনীয়ানি।

১১২৪। তব্যাদি-প্রত্যয়ান্ত শব্দসকল যখন ক্রিয়ার ন্যায় অর্থ সমাপ্ত না করিয়া কেবল বিশেষণ হয়, তখন বিশেষ্যের সমান লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়। যথা, ত্বয়া গন্তব্যং নগরং পুরতো ভাতি। ভবতা দ্রষ্টব্যং দেবমহমপি দ্রক্ষ্যামি। ময়ার্চ্চ্যেন শঙ্করেণ ত্রিপুরো বিনাশিতঃ। পূজয়িতব্যেভ্যো দ্বিজেভ্যো দেয়মেতৎ। রামেশ্বরেণ গ্রহীতব্যাদ্‌গ্রামাদ্‌বয়ং পুরা বহূনি দ্রব্যাণি লেভিমহে। ত্বয়া ক্রেতব্যস্য কেয়ূরস্য কিং মূল্যমবধারিতম্? অহমপি ভবতো নিবস্তব্যে (২) নগরে বৎস্যামি। তব্যাদি সমাপ্ত।

---

(১) শক্যতেঽসৌ – শক্যঃ সাধ্য ইত্যর্থঃ। কর্ম্মণি যঃ প্রত্যয়ঃ।
(২) অত্র অকর্ম্মকধাতোঃ প্রয়োগে অধিকরণস্য কর্ম্মত্বাৎ কর্ম্মণি তব্যো বিহিতঃ। ভবতোঽত্র কর্ত্তরি ষষ্ঠী।

ক্তাদি।

ক্ত।

১১২৫। অতীতকালে সকর্ম্মক ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে ক্ত হয় (ক ইৎ, ত থাকে)। যথা, ময়া শাস্ত্রং পঠিতম্, শিষ্যেণ গুরুঃ পৃষ্টঃ (৩৭০), রামেণ রাবণো হতঃ (৩৮৫)।

১১২৬। অতীতকালে অকর্ম্মক ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ও ভাববাচ্যে ক্ত হয় (১)। যথা, (কর্ত্তরি)—শিশুঃ শয়িতঃ (১১৯৩), স হি স্বপদাদ্‌ভ্রষ্টঃ (ভ্রন্‌শ + ক্ত)। (ভাবে)—ভ্রমরৈং র্গুঞ্জিতম্, শিশুনা রুদিতম্।

১১২৭। অতীতকালে শী, স্থা, আস, বস, জন, জৄ, শ্লিষ, রুহ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ক্ত হয় (২)। যথা, শয্যামধিশয়িতঃ (২), রাজা সিংহাসনমধিষ্ঠিতঃ, ভক্তঃ পরমেশ্বরমুপাসিতঃ, কৃষ্ণো নন্দালয়মধ্যাসিতঃ, হরির্বৈকুণ্ঠমধ্যুষিতঃ, লক্ষ্মণো রামমনুজাতঃ (৩), অনন্তো বিশ্বমনুজীর্ণঃ, স মিত্রমাশ্লিষ্টঃ, মহাদেবো বৃষমারূঢ়ঃ।

---

(১) কর্ম্মবিবক্ষা না থাকিলে সকর্ম্মক ধাতুর উত্তরও ভাববাচ্যে ক্ত হয়। যথা, ময়া কৃতম্, ত্বয়া সম্পাদিতম্, তেন ভুক্তমিত্যাদি (প্রসজ্+ক্ত, ৩৬৯।১৮২)।

(২) অধিকরণের কর্ম্মত্ব নিবন্ধন অকর্ম্মক শী প্রভৃতি ধাতু সকর্ম্মক হইলেও উহাদের উত্তর সর্ব্বদা কর্ত্তৃবাচ্যেই ক্ত হয়। কখন কখন কর্ম্মবাচ্যেও হইয়া থাকে।

(৩) "জন, জৄ—অনুপূর্ব্বয়োরেতয়োঃ প্রয়োগে, যস্য পশ্চাৎ জননম্, যস্য পশ্চাৎ জরণঞ্চ, তস্য কর্ম্মত্বং স্যা"দিতি প্রাঞ্চঃ।

১১২৮। অতীতকালে কর্ত্তৃবাচ্যে গত্যর্থ ধাতুর উত্তর ক্ত হয়। যথা, স্নাতুং গঙ্গাং যাতঃ, পরীক্ষাং দাতুম্ ইংলণ্ডনগরং গতঃ (৩৬৫), ভক্ত্যা পরমেশং প্রাপ্তঃ।

১১২৯। অতীতকালে অধিকরণবাচ্যে গত্যর্থ (১), ভোজনার্থ ও নিশ্চলার্থ ধাতুর উত্তর ক্ত হয় (২)। যথা, মাধবস্য (৩) গৃহমিদং যাতম্ (মাধবেন অস্মিন্ গৃহে গতমিত্যর্থঃ)। তস্য চৈতদ্ভুক্তম্ (তেন চ অত্র ভুক্তমিত্যর্থঃ)। পুনস্তস্য চেদমাসিতম্ (পুনস্তেন চ ইহ উপবিষ্টম্)।

১১৩০। ক্রিয়ার আরম্ভ বুঝাইলে অতীতকালে ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে, কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ক্ত হয়। যথা, স কটং প্রকৃতঃ (কটং কর্ত্তুমারব্ধবানিত্যর্থঃ)। তেন কটঃ প্রকৃতঃ (কটঃ কর্ত্তুমারব্ধঃ)। তেন প্রকৃতম্ (আরব্ধম্)।

১১৩১। বর্ত্তমানকালে (৪) কর্ম্মবাচ্যে, ভাববাচ্যে ও কর্ত্তৃ-

---

(১) গত্যর্থ ধাতু নির্দ্দিষ্ট করিয়া যে সমস্ত কার্য্য বিহিত হয়, ঐ সকল কার্য্য প্রাপ্ত্যর্থ ধাতুর উত্তরও বিহিত হইয়া থাকে। কেবল অধিকরণবাচ্যে প্রাপ্ত্যর্থ ধাতুর উত্তর ক্ত প্রত্যয় হয় না।

(২) উক্ত গত্যর্থাদি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে, কর্ম্মবাচ্যে এবং ভাববাচ্যেও ক্ত হয়। কর্ত্তৃবাচ্যে যথা—শ্যামো গৃহং গতঃ, অন্নং ভুক্তঃ, পল্যঙ্কে আসিতশ্চ (উপবিষ্টশ্চ)। কর্ম্মবাচ্যে যথা—শ্যামেন নগরী যাতা, অন্নং ভুক্তম্, পল্যঙ্কমধ্যাসিতঞ্চ। ভাববাচ্যে যথা—রামেণ গতম্ (৩৬৫), ভুক্তম্, আসিতঞ্চ।

(৩) মাধবস্য—কর্ত্তরি ষষ্ঠী। গৃহমত্র অধিকরণস্য কর্ম্মত্বম্, পশ্চাৎ উক্তে কর্ম্মণি প্রথমা। এবং সর্ব্বত্র।

(৪) এভ্যোঽতীতেঽপি ক্তঃ স্যাৎ। যথা, "স পুণ্যকর্ম্মা ভুবি পূজিতো নৃপৈঃ"। ন চাত্র বর্ত্তমানে ক্তপ্রত্যয়ঃ, যতঃ কর্ত্তরি ন ষষ্ঠী।

বাচ্যে জ্ঞানার্থ, পূজার্থ, ইচ্ছার্থ, ঞীৎ(১) এবং শীল প্রভৃতি(২) ধাতুর উত্তর ক্ত হয়। যথা, রামেশ্বরস্য শাস্ত্রং বিদিতম্ (রামেশ্বরেণ শাস্ত্রং জ্ঞায়তে ইত্যর্থঃ)। তস্য পরমেশঃ পূজিতঃ (তেন পরমেশঃ পূজ্যতে)। সর্ব্বেষা(৩)মর্থো বাঞ্ছিতঃ (সর্ব্বৈরর্থো বাঞ্ছ্যতে)। ইদ্ধা ওষধয়ো রজন্যাম্ (দীপ্যন্তে ইত্যর্থঃ)। পান্থো গন্তুং ত্বরিতঃ (ত্বরতে ইত্যর্থঃ)। ছাত্রস্য পাঠঃ শীলিতঃ (ছাত্রেণ পাঠশ্চিন্ত্যতে)। কৃপণস্য ধনং রক্ষিতম্ (কৃপণেন ধনং রক্ষ্যতে)।

ক্তবতু।

১১৩২। অতীতকালে কর্ত্তৃবাচ্যে ধাতুর উত্তর ক্তবতু হয় (তবৎ থাকে)। যথা, প্রভুঃ পরমেশ্বরো বিশ্বং কৃতবান্।

১১৩৩। ক্ত-ক্তবতু-প্রত্যয়ান্ত শব্দসকল ক্রিয়ার ন্যায় ব্যবহৃত হইলে উহারা কর্ম্মবাচ্যে কর্ম্মপদের ও কর্ত্তৃবাচ্যে কর্ত্তৃপদের বিশেষণ হয়; সুতরাং কর্ম্ম ও কর্ত্তৃপদের সমান লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়। যথা,(কর্ম্মণি)—ময়া রামো দৃষ্টঃ, রামলক্ষ্মণৌ দৃষ্টৌ,রামাদয়শ্চত্বারো ভ্রাতরো দৃষ্টাঃ। আনীতা ত্বয়ৈষা মনোরমা হরিণী, আনীতে মনোরমে হরিণ্যৌ, আনীতা মনোরমা হরিণ্যঃ। অতিথিভ্যো মুনিভিঃ ফলমেতদাহৃতম্, এতে ফলে (৪৩) আহৃতে, ফলান্যেতান্যাহৃতানি। (কর্ত্তৃবাচ্যে)—হরকুমারস্য পুত্রো জাতঃ (৩৬৬), দুহিতা জাতা, ক্রমেণ বহবঃ সুতা উৎপন্নাঃ। অস্য বৃক্ষস্য ফলমেকং পক্বম্,

---

(১) যাহা হইতে ঞি ইৎ হয়, তাহাকে ঞীৎ বলে।

(২) শীল, ক্ষম, রক্ষ ইত্যাদি। (৩) কর্ত্তরি ষষ্ঠী।

ফলে পক্বে, ফলানি পক্কানি। স পুরাণং শ্রুতবান্, তৌ শ্রুতবন্তৌ, তে শ্রুতবন্তঃ। চৌরস্তব ধনং হৃতবান্, চৌরৌ হৃতবন্তৌ, চৌরা হৃতবন্তঃ। কৃপানাথঃ সর্ব্বত্র খ্যাতিং লব্ধবান্, কৃপানাথো রামনাথশ্চ উভাবপি খ্যাতিং লব্ধবন্তৌ, কৃপানাথো রামনাথো হরিনাথশ্চ সর্ব্বে খ্যাতিং লব্ধবন্তঃ। দময়ন্তী বহূনি শাস্ত্রাণ্যধীতবতী, সা সর্ব্বং বৃত্তান্তং জ্ঞাতবতী, তে জ্ঞাতবত্যৌ, তা জ্ঞাতবত্যঃ।

১১৩৪। ক্ত-ক্তবতু-প্রত্যয়ান্ত শব্দসকল ক্রিয়ার ন্যায় ব্যবহৃত না হইয়া কেবল বিশেষণ হইলে বিশেষ্যের সমান লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়। যথা, ময়া জিজ্ঞাসিতোঽসৌ সর্ব্বং বৃত্তান্তমবদৎ। ময়া প্রেষিতং চূতফলং ভবান্ কিং ভুক্তবান্? প্রজ্বলিতং হুতাশনং(১) নিকষা (সমীপে) মা যাহি। ত্বয়োক্তেনৈব বচসা সর্ব্বং সম্পন্নম্। পতিতৈঃ পর্ণৈঃ স্থানমেতদাবৃতম্। বুভুক্ষিতেভ্যো বিপ্রেভ্যো ভক্ষ্যাণি দেহি। অহো কুপিতাদ্বিশ্বামিত্রাৎ শঙ্কতেঽসৌ রাজা হরিশ্চন্দ্রঃ। সদা অসন্তুষ্টস্য জনস্য ধর্ম্মো নশ্যতি। অলিচুম্বিতেষু কুসুমেষু ক মকরন্দসম্ভবঃ। সৈবমুক্তবতী গৃহং প্রতস্থে। সর্ব্বমেতদ্দৃষ্টবতীং মাতঙ্গকুমারীং পৃচ্ছ। তয়া পুত্রশোকেন ব্যথিতবত্যা ভৃশং রুরুদে, ইত্যাদি।

১১৩৫। ভাববাচ্যে বিহিত ক্তপ্রত্যয়ান্ত শব্দসকল ক্রিয়ার ন্যায় ব্যবহৃত হইলে ক্লীবলিঙ্গ ও প্রথমা বিভক্তির একবচনান্ত হয়; কিন্তু বিশেষ্যের ন্যায় ব্যবহৃত হইলে,

(১) নিকষাশব্দযোগে দ্বিতীয়া।

উহাতে সকল বিভক্তির প্রয়োগ হয়। যথা, (ক্রিয়া)—মুনিনা স্নাতম্, মুনিভ্যাম্ স্নাতম্, মুনিভিঃ স্নাতম্। (ক্তপ্রত্যয়ান্ত বিশেষ্য)—ধ্বনিতম্, ধ্বনিতে, ধ্বনিতানি, ধ্বনিতেন, ধ্বনিতাভ্যাম্, ধ্বনিতৈরিত্যাদি।

পদসাধনবিধি।

১১৩৬। ক্তের অগুণ ত পরে দা (১) ধাতুর স্থানে দৎ হয়। যথা, দত্তঃ, দত্তবান্।

* ১১৩৭। ক্তের অগুণ ত পরে স্বরান্ত উপসর্গের পরস্থিত দা (১) ধাতুর স্থানে বিকল্পে ত্ হয়। যথা, (প্র+দা+ক্ত) =প্রত্তঃ, প্রদত্তঃ ; প্রত্তবান্, প্রদত্তবান্। স্বরবর্ণান্ত উপসর্গ পূর্ব্বে না থাকিলে হয় না। যথা, নির্দত্তঃ।

১১৩৮। দা ধাতুর স্থানে জাত ত পরে উপসর্গের ইকার উকার দীর্ঘ হয়। যথা, (নি+দা+ক্ত)=নীত্তঃ, নীত্তবান্। (অনু+দা+ক্ত)=অনূত্তঃ, অনূত্তবান্। *

১১৩৯। ক্তের অগুণ ত পরে ধাঞ ধাতুর স্থানে হি হয়। যথা, হিতঃ, হিতবান্।

১১৪০। ক্তের অগুণ ত পরে ধে ধাতুর স্থানে ধী হয়। যথা, ধীতঃ, ধীতবান্।

১১৪১। ক্তের অগুণ ত এবং যপ্ পরে ক্রিয়াপদত্বে প্রযুজ্যমান অদ ধাতুর স্থানে জগ্ধ হয় (২)।

---

(১) দৈপ ধাতুর হয় না।

(২) ক্তপরে ক্তৌ জগ্ধাদেশো ন স্যাৎ। তেন অন্নং পিতৃভুক্তমেব কৃতম্, অতো নাত্র জগ্ধম্।

১১৪২। ধকার পরে গকারের পরস্থিত ধকারের লোপ হয়। যথা, (অদ্+ক্ত)=জগ্ধম্ (৩৭৪), জগ্ধবান্। তেন ফলং জগ্ধম্ (খাদিতমিত্যর্থঃ)।

১১৪৩। পচ ধাতুর পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে ব হয়। যথা, পক্বম্ (৩৬৮), পক্ববান্।

১১৪৪। শুষ ধাতুর পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে ক হয়। যথা, শুষ্কঃ, শুষ্কবান্।

১১৪৫। ক্তের অগুণ ত পরে ধাতুর অন্তেস্থিত ব্ স্থানে ঊ হয় (১)। যথা, (ষ্ঠিব)—ষ্ঠ্যূতঃ, ষ্ঠ্যূতবান্। (সিব)—স্যূতঃ, স্যূতবান্।

১১৪৬। দিব্ ধাতুর পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে ন হয়। যথা, আদ্যূনঃ (২)। জিগীষার্থে হয় না। যথা, দ্যূতম্ (অক্ষৈঃ ক্রীড়িতমিত্যর্থঃ)।

১১৪৭। ক্তের অগুণ ত পরে ধাব(৩) ধাতুর স্থানে ধৌ হয়। যথা, (ধাব+ক্ত)=ধৌতম্(৪)।

১১৪৮। ক্ত, ক্তবতু পরে অকর্মক ক্ষি ধাতুর ই দীর্ঘ হয়।

১১৪৯। দীর্ঘ-ঈকার-যুক্ত ক্ষী ধাতুর পরস্থিত ক্ত, ক্তব-

---

(১) ব্যবধান থাকিলে হয় না। যথা (সেব+ক্ত)=সেবিতঃ।

(২) আদ্যূনঃ স্যাদৌদরিকঃ।

(৩) ধাবু গত্যে শুদ্ধৌ। ধাতুরেষ উদিত্বাৎ ক্ত্বাচ্ প্রত্যয়ে বেট্ (১২৩৬)। তেন ক্তপ্রত্যয়ে অনিট্ (১১৭৬ সূত্র দেখ)।

(৪) গমনার্থে ধাবিত ইতি পদমাত্রঃ। পশ্চাদ্ধাবিতোঽচিন্তয়ৎ ইতি হিতোপদেশঃ।

তুর ত স্থানে ন হয়। যথা, ক্ষীণঃ, ক্ষীণবান্। কর্ম্ম বিদ্যমানে দীর্ঘ হয় না। যথা ক্ষিতঃ কামো ময়া (হিংসিত ইত্যর্থঃ)।

* ১১৫০। ক্ত, ক্তবতু পরে ভাব, দৈন্য, আক্রোশ (১), অর্থে ক্ষি ধাতুর ই বিকল্পে দীর্ঘ হয়। ভাবার্থে যথা—তেন প্রক্ষীণম্ (দুর্ব্বলেন ভবিতুমারব্ধমিত্যর্থঃ)। পক্ষে প্রক্ষিতম্। দৈন্যার্থে যথা—ক্ষীণোঽয়ং তপস্বী (দীনো ভবতীত্যর্থঃ)। পক্ষে ক্ষিতঃ। আক্রোশার্থে যথা—ত্বং ক্ষীণায়ুর্ভব। পক্ষে ক্ষিতায়ুঃ।

১১৫১। দৃ ও গৃ ধাতুর পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে ন হয়, ঐ নং পরে উকার দীর্ঘ হয়। যথা, দূনঃ, গূনঃ।

১১৫২। নাশার্থে বর্ত্তমান পূ ধাতুর পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে ন হয়। যথা পূনঃ (নষ্ট ইত্যর্থঃ)। অন্যত্র পূতঃ।

১১৫৩। লূধাতুর পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে ন হয়। যথা লূনঃ, লূনবান্।

১১৫৪। অন্চ ধাতুর পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে ন হয় (২)। যথা, (সম্+অন্চ্+ক্ত) (৩)=সংক্নঃ (৩৫৯।৩৬৮)। অপাদান কারকের প্রয়োগে হয় না। যথা, কূপাদুদকমুদক্তম্ (উদ্গতমিত্যর্থঃ)।

১১৫৫। ব্রশ্চ ধাতুর পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে ন

(১) ভাবো ধাত্বর্থঃ। দৈন্যং দীনতা। আক্রোশঃ ক্রোধঃ।

(২) কোন বর্ণ ব্যবধানে হয় না। যথা, অঞ্চিতঃ (পূজিতঃ)।

(৩) সমক্নঃ সঙ্গতে স্মৃতঃ। ক্তপ্রত্যয়ে (১২৩৬) বেমন্তাদিম্ নিষেধঃ (১১৭৬)।

হয়, ঐ ন পরে চ্ স্থানে ক্ হয় (১)। যথা, বৃক্ণঃ (৪০৫। ১১৫৫।১৮২)। *

১১৫৬। ওকারেৎ ধাতুর পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে ন হয়, ঐ ন পরে জ্ স্থানে গ্ হয়। যথা, (দীধাতু)—দীনঃ, (লী)—লীনঃ, (দূ)—দূনঃ, (দিবাদিগণীয় সূ)—সূনঃ, (ভন্‌জ)—ভগ্নঃ, (ভুজ)—ভুগ্নঃ, (মস্‌জ)—মগ্নঃ (১৮২), (রুজ)—রুগ্ণঃ, (উৎ+বিজ)—উদ্বিগ্নঃ। এইরূপ ক্তবতু।

১১৫৭। মদ ভিন্ন দকারান্ত ধাতুর পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে এবং ধাতুর দ স্থানে ন হয়। যথা, ক্লিন্নঃ, ক্লিন্নবান্। ছিন্নঃ, ছিন্নবান্। ভিন্নঃ, ভিন্নবান্। প্রসন্নঃ, প্রসন্নবান্ ইত্যাদি। (মদ+ক্ত)=মত্তঃ।

১১৫৮। রেফের পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে ন হয়; পৃ ও মুর্চ্ছ ধাতুর হয় না। যথা, (চূর)—চূর্ণম্ (দগ্ধমিত্যর্থঃ) (২), (পূর) (১১৭৭)—পূর্ণঃ, (জৄ) (১১৭৪)—জীর্ণঃ (৩৬১।২০৯), (উৎ+তৄ)—উত্তীর্ণঃ, (বি+দৄ)—বিদীর্ণঃ, ইত্যাদি। (পৃ+ক্ত)—পূর্ত্তঃ (৩৬১)।

* ১১৫৯। অগুণ ত পরে রেফের পরস্থিত ছকার এবং বকারের লোপ হয়। যথা, মুর্চ্ছ+ক্ত=মূর্ত্তঃ (৩), ধুর্ব +ক্ত=ধূর্ণঃ(৪) (হত ইত্যর্থঃ) (২০৯।১১৫৮)।

---

(১) ৬১০ সূত্রে ব্রস্চ ধাতুর চ্ স্থানে ষ্ হইবার বিধি থাকায় পুনর্ব্বার ক্ হইবার বিধি হইল।

(২) চুর ব ভ্ দাহে-(লট্) চূর্য্যতে কাষ্ঠম্ (দহ্যতীত্যর্থঃ)।

(৩) মুর্চ্ছা মোহে।

(৪) ধুর্বী হিংসে। কিতবার্থে-ধুর্ব+ক্ত (নিপাতনে)=ধূর্ত্তঃ।

১১৬০। স্পর্শ বা ঘন বুঝাইলে ক্ত, ক্তবতু পরে শ্যৈ ধাতুর স্থানে শী হয়। যথা, জলং শীতম্ (স্পর্শশীতলমিত্যর্থঃ)।

১১৬১। শ্যৈ ধাতুর পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে ন হয়, স্পর্শার্থে হয় না। যথা, ঘৃতং শীনম্ (ঘনীভূতমিত্যর্থঃ)। সংশ্যানো বৃশ্চিকঃ (১) (শীতাৎ সঙ্কুচিত ইত্যর্থঃ)। স্পর্শার্থে—জলং শীতমিতি পূর্ব্বসূত্রে উক্তম্।

১১৬২। ক্ত, ক্তবতু পরে প্রতি পূর্ব্বক শ্যৈ (২) ধাতুর স্থানে শী হয়, অভি বা অব পূর্ব্বে থাকিলে বিকল্পে। যথা, প্রতিশীনঃ। অভিশীনঃ, অভিশ্যানঃ। অবশীনঃ, অবশ্যানঃ (৩৭৯)।

১১৬৩। গ্রাস বুঝাইলে কর্ম্মকর্ত্তৃবাচ্যে ষি ধাতুর (৩) পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে ন হয়। যথা, গ্রাসঃ স্বয়মেব সিনঃ (বদ্ধ ইত্যর্থঃ)। অন্যত্র চৌরঃ স্বয়মেব সিতঃ (বদ্ধঃ)। কর্ম্মকর্ত্তৃবাচ্য না হইলে হয় না। যথা, সিতো গ্রাসো দেবদত্তেন। *

১১৬৪। খ্যা ও ধ্যা ভিন্ন য, র, ল সংযুক্ত আকারান্ত ধাতুর পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে ন হয়। যথা, (জ্যা)—জীনঃ (৪০১) জীনবান্, (পৈ্য)—প্যানঃ, (ষ্ট্যৈ)—ষ্ট্যানঃ, (স্ত্যৈ)—স্ত্যানঃ। (দ্রা)—দ্রাণঃ, (শ্রা এবং শ্রৈ)—শ্রাণঃ। (গ্লৈ)—গ্লানঃ, (ম্লৈ)—ম্লানঃ। এইরূপ ক্তবতু। উপসর্গের সহিত মিলিত হইয়া য, র, ল সংযুক্ত আকারান্ত হইলে ন হয় না। যথা, নির্যাতঃ।

---

(১) স্পর্শ বা ঘন অর্থ না হওয়ায় শী হইল না।

(২) শ্যৈঙ গতৌ। (৩) ষিনগঞ্চ বন্ধে।

* ১১৬৫। ম্রা, ত্রৈ, হ্রী, উন্দ (১), নুদ, বিদ ধাতুর পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে বিকল্পে ন হয়, এবং ঐ ন পরে দ স্থানে ন হয়। যথা, ম্রাণঃ, ম্রাতঃ। ত্রাণঃ, ত্রাতঃ। হ্রীণঃ, হ্রীতঃ। উন্নঃ, উত্তঃ। নুন্নঃ, নুত্তঃ। বিন্নঃ, বিত্তঃ (২) (মীমাংসিতঃ)।

১১৬৬। ক্ষৈ ধাতুর পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে ম হয়। যথা, ক্ষামঃ (৩১৯)।

১১৬৭। ক্ত, ক্তবতু পরে প্রপূর্ব্বক স্ত্যৈ ধাতুর স্থানে স্তী হয়।

১১৬৮। প্রপূর্ব্বক স্ত্যৈ ধাতুর পরস্থিত ক্ত, ক্তবতুর ত স্থানে বিকল্পে ম হয়। যথা, প্রস্তীমঃ, প্রস্তীতঃ (৩)। প্র পূর্ব্বে না থাকিলে ম হয় না। যথা, সংস্ত্যানঃ (১১৬৪)। *

১১৬৯। ক্তের অগুণ ত পরে, গৈ, পা (৪), হাক (৫), ধাতুর আ স্থানে দীর্ঘ ঈ হয়। যথা, গীতম্, পীতম্, হীনঃ (১১৫৬)।

১১৭০। ক্তের অগুণ ক্ত পরে দো, সো (৬), মা, স্থা ধাতুর আ স্থানে হ্রস্ব ই হয়। যথা, দিতঃ, সিতঃ, মিতঃ, স্থিতঃ।

---

(১) উন্দধী ক্লেদে। নুদশোঞ প্রেরণে। ধৌ বিদঙ মীমাংসে।
(২) অদাদিগণীয় বিদ – বিদিতঃ। দিবাদিগণীয় বিদ – বিন্নঃ।
(৩) স্ত্যৈ শব্দসংঘাতয়োঃ।
(৪) ভ্বাদিগণীয় পা।
(৫) ক্তি পরে হাক ধাতুর আ স্থানে ঈ হয় না। যথা, হা + ক্তি = হানিঃ (১৪০৬)।
(৬) ক্তি পরে সো ধাতুর আ স্থানে ই হয় না। যথা, সো + ক্তি = সাতিঃ।

* ১১৭১। ক্তের অগুণ ত পরে ছো এবং শো ধাতুর আ স্থানে বিকল্পে ই হয়। যথা ছিতঃ ছাতঃ, শিতঃ শাতঃ।

১১৭২। ব্রত বাচ্য হইলে ক্ত পরে শো ধাতুর আ স্থানে নিত্য ই হয়। যথা, সংশিতং ব্রতম্ (সম্যক্ সম্পাদিত-মিত্যর্থঃ), সংশিতো ব্রাহ্মণঃ (ব্রতবিষয়কযত্নবানিত্যর্থঃ)।

১১৭৩। ক্ত, ক্তবতু পরে সম্, নি, বি পূর্ব্বক অর্দ ধাতুর উত্তর ইম্ হয় না। যথা, (সম্+অর্দ+ক্ত)=সমর্ণঃ (পীড়িতঃ), (নি+অর্দ+ক্ত)=ন্যর্ণঃ, (বি+অর্দ+ক্ত)=ব্যর্ণঃ। অন্যত্র অর্দ্দিতঃ। *

১১৭৪। কিৎ প্রত্যয় পরে শ্রি, উবর্ণান্ত, বৃ এবং দীর্ঘ ঋকারান্ত ধাতুর উত্তর ইম্ হয় না। যথা, শ্রিতঃ, যুতঃ, সুতঃ (১), স্নুতঃ, স্তুতঃ, নূতঃ (২), ভূতঃ, সূতঃ (৩), বৃতঃ, উদ্গীর্ণঃ, বিশীর্ণঃ, বিস্তীর্ণঃ (৩৬১ ১১৫৮)।

১১৭৫। ক্ত, ক্তবতু পরে শ্বি এবং ডী ধাতুর উত্তর ইম্ হয় না। যথা, শূনঃ (৪১০।১১৫৫।১১৭০), উড্ডীনঃ।

১১৭৬। ক্ত, ক্তবতু পরে বিকল্পিতেম্ (৪) ধাতুর উত্তর ইম্ হয় না (৫)। যথা, (অন্জ) অক্তঃ (৩৫৯।৩৬৮), (মৃজ) মৃষ্টঃ,

---

(১) যুঙ প্রসবৈশ্বর্য্যয়োঃ (সৌতি)। (২) নুশি স্তবনে।

(৩) অদাদি ও তুদাদি গণীয় সূ ধাতু।

(৪) বিকল্পিতেম্ ধাতু—যে সকল ধাতুর উত্তর যে কোন প্রত্যয়ে বিকল্পে ইম্ হয়।

(৫) পত, নিক্ষুভ, (ঊর্ণু ভিন্ন) একাধিকস্বরবিশিষ্ট ধাতু বেম্ হইলেও (৭৭৬।৫৫৫।৭৭০ সূত্র দেখ), উহাদের উত্তর ইম্ হয়। যথা, পতিতঃ, নিক্ষু-ভিতঃ, দরিদ্রিতঃ (৪৪৬); ঊর্ণুতঃ।

(রুধ) রুদ্ধঃ, (সিধ) সিদ্ধঃ (৩৭৪।৩৬৭), (তন) ততঃ (৩৬৪), (গুপ) গুপ্তঃ, (তৃপ) তৃপ্তঃ, (দৃপ) দৃপ্তঃ, (অশ) অষ্টঃ (৩৭০), (ইষ) ইষ্টঃ, (তক্ষ) তষ্টঃ (১৮২।৫০), (গুহ) গূঢ়ঃ (৩৭৫।৩৭৪।৪৮।৫২), (তৃহ) তৃঢ়ঃ, (মুহ) মুগ্ধঃ (৩৭৬) মূঢ়ঃ, (সহ) (৫৯৯) সোঢ়ঃ, (স্নিহ) স্নিগ্ধঃ।

১১৭৭। ক্ত, ক্তবতু পরে দীর্ঘ ঈকারেৎ (১) ধাতুর উত্তর ইম্ হয় না। যথা, (পৃচ) পৃক্তঃ, (বিজ) বিগ্নঃ (১১৫৬), (কৃত) কৃত্তঃ, (চিত) চিত্তম্, (যত) যত্তঃ, (মদ) মত্তঃ, (ইন্ধ) ইদ্ধঃ, (জন) জাতঃ (৩৬৬), (দীপ) দীপ্তঃ, (ঘূর) ঘূর্ণঃ (১১৫৮), (চূর) চূর্ণঃ, (তুর) তূর্ণঃ, (ধূর) ধূর্ণঃ, (পূর) পূর্ণঃ (ত্রস) ত্রস্তঃ ইত্যাদি।

১১৭৮। ক্ত, ক্তবতু পরে স্ফায় ধাতুর স্থানে বিকল্পে স্ফী হয়। যথা, স্ফীতঃ, স্ফাতঃ। স্ফীতবান্, স্ফাতবান্।

* ১১৭৯। ক্ত, ক্তবতু পরে উপসর্গহীন প্যায় ধাতুর স্থানে পী হয়, স্বাঙ্গভিন্নার্থে বিকল্পে। যথা, পীনং মুখম্। পীনঃ প্যানঃ স্বেদঃ (১১৫৬)।

১১৮০। কূপ, বা গবাদির স্তন বুঝাইতে আঙ্পূর্ব্বক প্যায় ধাতুর স্থানে পী হয়। যথা, আপীনোঽন্ধুঃ (২), আপীনং মূধঃ।

১১৮১। ক্ত, ক্তবতু, ক্তি পরে হ্লাদ ধাতুর হ্রস্ব হয়। যথা, প্রহ্লন্নঃ (৩) (১১৫৭)।

---

(১) যে সকল ধাতু হইতে দীর্ঘ ঈ যায়। যথা, কৃতীশপ ছিদি, চিতী সংজ্ঞানে ইত্যাদি। (২) অন্ধুঃ—কূপঃ। ঊধঃ—গোস্তনঃ।
(৩) হ্লাদীঙ মোদনে।

১১৮২। ক্ত, ক্তবতু পরে আকারেৎ ধাতুর উত্তর ইম্ হয় না। যথা, (মিদ্) মিন্নঃ (১১৫৭)।

১১৮৩। ভাবে বা ক্রিয়ারম্ভে বিহিত ক্ত পরে (১) আকারেৎ ধাতুর উত্তর বিকল্পে ইম্ হয় না: ভাবে যথা—(ক্ষ্বিদ্)—ক্ষ্বিণ্ণং ক্ষ্বেদিতং তেন (১১৯৩) (স্নিগ্ধমিত্যর্থঃ)। ক্রিয়ারম্ভে যথা—প্রমিন্নঃ প্রমেদিতঃ সঃ (১১৩০) (স্নেহং কর্তুমারব্ধবানিত্যর্থঃ)।

১১৮৪। কর্ম্মবাচ্যে বিহিত ক্ত পরে, শক ধাতুর উত্তর বিকল্পে ইম্ হয় না। যথা, তেনেদং কর্ত্তুং শকিতম্ বা শক্তম্। অন্যত্র শক্তঃ (১১৭৬)। *

১১৮৫। ক্ত, ক্তবতু পরে রুষ, হৃষ, সম্পূর্ব্বক ঘুষ ধাতুর উত্তর বিকল্পে ইম্ হয় না। যথা, রুষ্টঃ, রুষিতঃ। হৃষ্টঃ, হৃষিতঃ। সংঘুষ্টম্, সংঘুষিতম্ (৪৬৫)।

১১৮৬। ক্ত, ক্তবতু পরে ত্বর ধাতুর উত্তর বিকল্পে ইম্ হয় না।

১১৮৭। অগুণ ত পরে, ত্বর ধাতুর স্থানে তূর্ হয়, ব্যবধান থাকিলে হয় না। যথা, তূর্ণঃ। ব্যবধানে—ত্বরিতঃ।

১১৮৮। কৃতের অগুণ ত পরে, মান্ত ও নান্ত ধাতুর উপান্ত্য অকার, আকার হয় (২)। যথা, (কম)—কান্তঃ (১১৭৬), (ক্লম)—ক্লান্তঃ, (ক্রম)—ক্রান্তঃ, (ক্ষম)—ক্ষান্তঃ,

---

(১) ভাবে বা ক্রিয়ারম্ভে ক্তবতু হয় না। সুতরাং কেবল ক্ত গৃহীত হইয়াছে।

(২) ন, ম লোপের সম্ভাবনা বা ইম্ ব্যবধান থাকিলে হয় না। যথা, হতঃ, গতঃ, অমিত ইত্যাদি।

(তম)—তান্তঃ, (দম)—দান্তঃ, (ভ্রম)—ভ্রান্তঃ, (শম)—শান্তঃ, ইত্যাদি।

১১৮৯। ক্ত ক্তবতু পরে, অম এবং আপূর্ব্বক স্বন ধাতুর উত্তর বিকল্পে ইম্ হয় না। যথা, (অম) আন্তঃ, অমিতঃ। (স্বন) আস্বান্তঃ, আস্বনিতঃ।

১১৯০। ক্ত, ক্তবতু, ক্ত্বাচ্ পরে ক্ষুধ, বস, পূজার্থ অন্চ (১), এবং আকাঙ্ক্ষা-ভিন্নার্থ লুভ ধাতুর উত্তর ইম্ হয়। যথা, ক্ষুধিতঃ, উষিতঃ (৭০৯), অঞ্চিতঃ, লুভিতঃ (বিমুগ্ধ ইত্যর্থঃ)। পূজা-ভিন্নার্থে—(অন্চ + ক্ত) (১১৭৬) = অক্তঃ (গত ইত্যর্থঃ)। আকাঙ্ক্ষার্থে—(লুভ + ক্ত) = লুব্ধো ধনেষু।

১১৯১। ক্ত, ক্তবতু পরে জপ, বম, ক্লিশ, বি অথবা আ পূর্ব্বক শ্বস ধাতুর উত্তর বিকল্পে ইম্ হয়। যথা, জপিতঃ, জপ্তঃ। বমিতঃ, বান্তঃ (১১৮৮)। ক্লিশিতঃ, ক্লিষ্টঃ। বিশ্বসিতঃ, বিশ্বস্তঃ; আশ্বসিতঃ, আশ্বস্তঃ।

১১৯২। ক্ত, ক্তবতু পরে পূ ধাতুর উত্তর বিকল্পে ইম্ হয়।

১১৯৩। ক্ত, ক্তবতু পরে ইম্ হইলে পূ, ক্ষ্বিদ, মিদ, স্বিদ, ধৃষ, শী, ক্ষমার্থ মৃষ ধাতুর গুণ হয়। যথা, পবিতঃ, পূতঃ। ক্ষ্বেদিতম্, ক্ষ্বিণ্ণম্ (২)। মেদিতম্, মিন্নম্। স্বেদিতম্,

---

(১) ঔকারেৎ প্রযুক্ত ক্ষুধ, বস ধাতু অনিম্, এবং ক্ত্বা প্রত্যয়ে অন্চ ও লুট্ বিভক্তিতে লুভ ধাতু বিকল্পিতেম্ বলিয়া, ক্ত, ক্তবতু প্রত্যয়ে অনিম্ (১১৭৬ সূত্র দেখ); তজ্জন্য পুনর্ব্বার ইমের বিধি হইল।

(২) আকারেৎ বলিয়া ক্ষ্বিদ, মিদ, স্বিদ, ধৃষ ধাতুর উত্তর বিকল্পে ইমের নিষেধ আছে (১১৮৩)।

ম্বিন্নম্। ধর্ষিতম্, ধৃষ্টম্। শঙ্কিতম্। মর্ষিতম্ (৫৪১) (ক্ষান্ত-মিত্যর্থঃ)। ক্ষমা-ভিন্নার্থে—অপমৃষিতম্ বাক্যম্ (নিন্দিতং বাক্যমিত্যর্থঃ)।

* ১১২৪। ভাব বা ক্রিয়ারম্ভ বাচ্যে বিহিত ক্ত পরে ইম্ হইলে ভ্বাদি, অদাদি এবং হ্বাদি গণীয় ধাতুর উপান্ত্য উকা-রের বিকল্পে গুণ হয়। ভাবে যথা, দ্যোতিতম্, দ্যুতিতম্ তেন। শোভিতম্, শুভিতম্ তেন। রোদিতম্, রুদিতম্ তেন। তোরিতম্, তুরিতম্ (১)। ক্রিয়ারম্ভে যথা, স প্রদ্যোতিতঃ, প্রদ্যুতিতঃ (দ্যোতিতুমারব্ধবানিত্যর্থঃ) (১১১০)। ভাব বা ক্রিয়ারম্ভ বাচ্যে না হইলে হয় না। যথা, দ্যুতিতঃ সূর্য্যঃ (১১২৬)। ভ্বাদি, অদাদি বা হ্বাদি গণীয় না হইলে হয় না। যথা, ক্ষুধিতম্ (১১৯০)। ইম্ না হইলে হয় না। যথা, (গুপ) গুপ্তম্, (দুহ্) দুগ্ধম্।

১১২৫। নির্ব্বাণ, ভিত্ত, ঋণ, বিত্ত, ফুল্ল, উৎফুল্ল, সংফুল্ল, প্রফুল্ল, ক্ষীব, কৃশ, পরিকৃশ, উল্লাঘ—ইহারা অর্থবিশেষে ক্ত প্রত্যয়ান্ত নিপাতনসিদ্ধ। (নিঃ+বা+ক্ত)—নির্ব্বাণঃ (শান্তঃ), নির্ব্বাণম্ (মুক্তিঃ); অন্যত্র নির্ব্বাতঃ। [অগ্নির্নির্ব্বাণঃ, মুনির্নির্ব্বাণং (মুক্তিং) লেভে।] (ভিদ+ক্ত)—ভিত্তম্ (খণ্ডম্), অন্যত্র ভিন্নম্ (১১৫৭)। (ঋ+ক্ত)—ঋণম্ (বিশোধ্যম্), অন্যত্র ঋতম্। (বিদ (২)+ক্ত)—বিত্তম্ (ধনম্), বিত্তঃ (খ্যাতঃ); অন্যত্র বিন্নঃ (বিদিত ইতি কেচিৎ)। (ফল বা ফুল্ল+ক্ত)—ফুল্লঃ, উৎফুল্লঃ, সংফুল্লঃ, প্রফুল্লঃ (ইহাদের অর্থ—

(১) তুরিস বেগে।

(২) বিদলাভে।

বিকসিতঃ); অন্যত্র (ফলধাতু)—ফলিতঃ, (ফুল্লধাতু)—ফুল্লিতঃ। (ক্ষীব+ক্ত)=ক্ষীবঃ (মত্তঃ), অন্যত্র প্রক্ষীবিতঃ (গর্ব্বিতঃ)। (কৃশ+ক্ত)=কৃশঃ এবং পরিকৃশঃ (অর্থ—তনুঃ), অন্যত্র পরিকৃশিতঃ। (উৎ+লাঘ+ক্ত)=উল্লাঘঃ (রোগামুক্তঃ), অন্যত্র পরিলাঘিতঃ (শক্তঃ)।

১১৯৬। শৃত, লগ্ন, অভ্যর্ণ, ধ্বান্ত, ক্ষুব্ধ, ধূর্ত্ত, কষ্ট, ধৃষ্ট, বিশস্ত, দৃঢ়, বৃত্ত।—অর্থবিশেষে শৃত প্রভৃতি উক্ত শব্দসকল নিপাতনসিদ্ধ। যথা, (শ্রা+ক্ত)=শৃতম্ (অর্থ—পক্বম্), অন্যত্র শ্রাণম্ (১১৬৪) (অন্নম্)। (লগ+ক্ত)=লগ্নম্ (সক্তম্), অন্যত্র লগিতম্। (অভি+অর্দ্দ+ক্ত)=অভ্যর্ণম্ (সমীপম্), অন্যত্র অভ্যর্দ্দিতঃ। (ধ্বন+ক্ত)=ধ্বান্তম্ (তমঃ), অন্যত্র ধ্বনিতম্। (ক্ষুভ+ক্ত)=ক্ষুব্ধঃ(আলোড়িতঃ), অন্যত্র ক্ষুভিতম্। (ধুর্ব্ব+ক্ত)=ধূর্ত্তঃ (কিতবঃ), অন্যত্র ধূর্ণঃ (হতঃ) (১১৫৯।১১৫৮।২০৯)। (কষ+ক্ত)=কষ্টম্ (কৃচ্ছ্রম্), অন্যত্র কষিতম্। (ধৃষ+ক্ত) =ধৃষ্টঃ (প্রগল্ভঃ); অন্যত্র (১১৮৩।১১৯৩) ধর্ষিতম্, ধৃষ্টম্। (বি+শস+ক্ত)=বিশস্তঃ (প্রগল্ভঃ), অন্যত্র বিশসিতঃ। (দৃন্হ+ক্ত)=দৃঢ়ঃ (বলী), অন্যত্র দৃংহিতং (বৃদ্ধম্)। (বৃত+ঞি+ক্ত)=বৃত্তঃ (অধীতঃ), অন্যত্র বর্ত্তিতঃ (১১৯৭)। *

১১৯৭। ক্ত, ক্তবতু পরে ইম্ হইলে ঞির লোপ হয়। যথা, ভাবিতঃ, ভাবিতবান্। ঘোষিতঃ, ঘোষিতবান্। বর্দ্ধিতঃ, বর্দ্ধিতবান্। ভক্ষিতঃ, ভক্ষিতবান্, ইত্যাদি।

১১৯৮। ঞ্যন্ত ছদ প্রভৃতি ধাতুর উত্তর ক্ত প্রত্যয় করিলে ছন্ন, জ্ঞপ্ত, দান্ত, শান্ত, পূ[illegible] প্রভৃতি শব্দ বিকল্পে নিপাতনে সিদ্ধ হয়। যথা, (ছদ+ঞি+ক্ত)=ছন্নঃ, পক্ষে—

ছাদিতঃ। (জ্ঞপ+ণিচ্+ক্ত)=জ্ঞপ্তঃ, পক্ষে—জ্ঞপিতঃ। (দম+ণিচ্+ক্ত)=দান্তঃ, পক্ষে—দমিতঃ। (শম+ণিচ্+ক্ত)=শান্তঃ, পক্ষে—শমিতঃ। (পূর+ণিচ্+ক্ত)=পূর্ণঃ, পক্ষে—পূরিতঃ।

ক্বসু ও কান (বা কানচ্)।

১১৯৯। অতীতকালে পরস্মৈপদী ধাতুর উত্তর ক্বসু এবং আত্মনেপদী ধাতুর উত্তর কান হয় (বস্ এবং আন থাকে)।

১২০০। ক্বসু ও কান প্রত্যয় করিলে লিট্ বিভক্তির ন্যায় দ্বিত্বাদি কার্য্য হয় (১)। যথা, (শ্রু+ক্বসু) শুশ্রুবান্, (স্থ) সস্থবান্, (ভন্জ) বভজ্বান্ (৩৫৯)।

১২০১। কৃৎ প্রত্যয়ের ব, ম, ত্র, তি পরে ইম্ হয় না (২)। যথা, (যু) যুযুবান্, (কৃ) চকৃবান্ ইত্যাদি।

১২০২। ক্বসু প্রত্যয় পরে বিকল্পে ছ স্থানে শ্ এবং ব স্থানে ঊ হয়। যথা, (বিচ্ছ) (১২০১) বিবিশ্বান্, বিবিচ্ছ্বান্। (দিব) দুদ্যূবান্, দিদিব্বান্ (৩৮১)।

১২০৩। ক্বসুপ্রত্যয় পরে ইন্, ঋ, আকারান্ত, এবং ঘস ধাতুর উত্তর ইম্ হয়। যথা, (ইধাতু) ঈয়িবান্ (৪৪৯।৬৫২)। (ঋ) আরিবান্ (৬১৮)। (দা) (৬৫১) দদিবান্। (ধ্যা) দধ্যিবান্। (অদ) জক্ষিবান্ (৬৭৬)।

১২০৪। দ্বিত্বাদি কার্য্যের পর, যে সকল হসন্ত ধাতুর একমাত্র স্বর দৃষ্ট হয়, ক্বসু প্রত্যয় পরে তাহাদের উত্তর ইম্

(১) কিন্তু আম্ বা [illegible] ন লোপ হয় না।

(২) (ছাদি+মন্)=ছদ্ম। (ছাদি+ত্র)=ছত্রম্। (ভূ+ক্তি)=ভূতিঃ। পশ্চাৎ দ্রষ্টব্য।

হয়। যথা, (অদ) আদিবান্। (পত) পেতিবান্ (৬৭১)। (বচ) ঊচিবান্ (৪০৯)। (বদ) ঊদিবান্। (বস) ঊষিবান্।

১২০৫। ক্বসু প্রত্যয় পরে বিদ (১), হন, গম, দৃশ, বিশ ধাতুর উত্তর বিকল্পে ইম্ হয়। যথা বিবিদিবান্, বিবিদ্বান্। জঘ্নিবান্ (৩৯৭।৬৭৫), জঘন্বান্ (৩৯৭)। জগ্মিবান্ (৬৭৫), জগন্বান্ (৬৬৮)। দদৃশিবান্, দদৃশ্বান্। বিবিশিবান্, বিবিশ্বান্।

কানপ্রত্যয়—(বৃত) ববৃতানঃ, (ব্যথ) বিব্যথানঃ (৬৮৫), (বুধ) বুবুধানঃ, (দীপ) দিদীপানঃ, (শুভ) শুশুভানঃ, (সেব) সিসেবানঃ, (শিক্ষ) শিশিক্ষাণঃ, (পদ) পেদানঃ (৬৭১), (লভ) লেভানঃ, (সহ) সেহানঃ।

১২০৬। ক্বসু ও কান প্রত্যয় পরে জাগৃ ধাতুর বিকল্পে গুণ হয়। যথা, জজাগর্বান্, জজাগৃবান্।

১২০৭। উভয়পদী ধাতুর উত্তর ক্বসু ও কান, উভয়েরই প্রয়োগ হয়। যথা, (শ্রি) (১২০১) শিশ্রিবান্, শিশ্রিয়াণঃ। (স্তু) তুষ্টুবান্, তুষ্টুবানঃ (৩৬২)। (ব্রূ) ঊচিবান্ (১২০৪), ঊচানঃ। (কৃ) চকৃবান্, চক্রাণঃ। (পচ) (১২০৫) পেচিবান্, পেচানঃ। (ভজ) ভেজিবান্, ভেজানঃ। (যজ) ঈজিবান্, ঈজানঃ। (বপ) ঊপিবান্, ঊপানঃ। (বহ) ঊহিবান্, ঊহানঃ।

১২০৮। আত্মনেপদী ধাতুর উত্তর কান বিহিত হওয়ায় কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে কেবল কান প্রত্যয় হয়। যথা, কুম্ভকারেণ কুম্ভশ্চক্রাণঃ, পাণ্থেন মাসো (২) জজাগরাণঃ,

(১) বিদজ্ঞানে লাভে। (২) কালবাচিনোঽধিকরণস্য কর্ম্মসংজ্ঞা। ততঃ সকর্ম্মকত্বাৎ কর্ম্মণি কানপ্রত্যয়ঃ।

জজাগ্রান: (১)। (ভাবে)—ছাত্রেণ জজাগরাণম্ (১২০৬); জজাগ্রাণম্।

শতৃ ও শান (বা শানচ্)।

১২০৯। বর্ত্তমানকালে পরস্মৈপদী ধাতুর উত্তর শতৃ ও আত্মনেপদী ধাতুর উত্তর শান হয় (অৎ ও আন থাকে)।

শতৃ।

(ভ্বাদিগণীয় ধাতু)—পিবন্, তিষ্ঠন্, কূজন্, গচ্ছন্।

(অদাদিগণীয়)—অদন্, যান্, নিঘ্নন্ (৭৭০), জাগ্রৎ।

(হ্বাদিগণীয়)—দদৎ (৪৮১), জুহ্বৎ, বিভ্রৎ।

(দিবাদিগণীয়)—দীব্যন্(২০৯), জীর্য্যন্ (৩৬১), বিধ্যন্(৪০১)।

(স্বাদিগণীয়)—শৃণ্বন্, শক্নুবন্, আপ্নুবন্।

(তুদাদিগণীয়)—বৃশ্চন্ (৪০৫), পৃচ্ছন্ (৪০৬।৭৪), ইচ্ছন্।

(রুধাদিগণীয়)—ভঞ্জন্, ভিন্দন্, হিংসন্।

(ক্র্যাদিগণীয়)—জানন্, ক্লিশ্নন্।

(চুরাদিগণীয়)—অর্চ্চয়ন্, কীর্ত্তয়ন্, ভক্ষয়ন্।

(সনন্ত)—জিহীর্ষন্ (৭৫৩।৩৬১), জিঘাংসন্, জিঘৃক্ষন্।

১২১০। শানপ্রত্যয় পরে অকারের পর ম্ হয়।

শান।

(ভ্বাদিগণীয়)—শ্লাঘমানঃ, তিতিক্ষমাণঃ (৪১৮), বর্ত্তমানঃ, কম্পমানঃ, স্পর্দ্ধমানঃ, কল্পমানঃ (৪২৯), লভমানঃ।

---

(১) কানপ্রত্যয়ান্তপদং সদৈব বিশেষণম্। অত্র তু বিশেষণত্বেঽপি ক্রিয়ার্থং সমাপয়তি।

(দিবাদিগণীয়)—উৎপদ্যমানঃ, বিদ্যমানঃ, যুধ্যমানঃ, জায়মানঃ (৪৯৫), পূর্য্যমাণঃ।

(তুদাদিগণীয়)—আদ্রিয়মাণঃ (৫০৮।৩৬০), ম্রিয়মাণঃ, উদ্বিজমানঃ।

(চুরাদিগণীয়)—আকারয়মাণঃ, বঞ্চয়মানঃ, প্রার্থয়মানঃ।

(সনন্ত)—শুশ্রূষমাণঃ, অধিজিগাংসমানঃ (৭৫৯)।

(যঙন্ত)—চেক্রীয়মাণঃ, দেদীপ্যমানঃ, চঙ্ক্রম্যমাণঃ।

অকার না থাকিলে ম্ হয় না। যথা, অধীয়ানঃ, শয়ানঃ, বসানঃ, অশ্নুবানঃ, ভুঞ্জানঃ।

১২১১। আস ধাতুর পরস্থিত শানপ্রত্যয়ের আ স্থানে ঈ হয়। যথা, আসীনঃ।

